উবিবেতি। দেবরূপেণ দেবতুল্যেন, ভাষতা তেজখিনা অনেনৈবার্জ্নেনেতি শেবং, ঘরীর্ঘা-দেব, মামুবেষু অন্তুতং মামুবান্তুতম, অন্তুষোগং পাশুপতান্ত্রসম্বন্ধম, সমাসান্ত শিবাৎ প্রাণ্য, সহস্রাক্ষন্ত ইন্দ্রন্ত বেশ্মনি পঞ্চ বর্ষাণি, উবিদ্ধা বাসং কৃষা, দিব্যানি ঘর্ণীয়াণি অন্ত্রাণি, অবাপ্তানি লক্ষানি। বটুপাদোহয়ং শ্লোকঃ। ন চায়মসাম্প্রদাষিক ইতি বাচ্যম্, "শেবং গাথা ত্রিভিঃ ষড্ভিশ্চরবৈশ্চোপলক্ষিতা" ইতি বৃত্তরত্মাকরোক্তেঃ মাঘ্টীকায়াং মল্লিনাথেনোদাহতত্মান্ত ।২০1

যমিতি। যম, খাদশং কল্পম্ একাদশানাং কল্পাণামগুতমতুল্যমিতার্থ: মল্পে। এবমগু-আপি। খাদশানামাদিত্যানাং এবোদশম্, অষ্টানাং বস্থনাং নবমম্, তথা নবানাং গ্রহাণাঞ্চ

ভীম। সেই প্রতাপশালিপ্রভৃতি বিভিন্ন শ্রেণীৰ মধ্যে এই সূর্য্যপ্রভৃতি বেমন শ্রেষ্ঠ, তেমন সকল ধনুর্দ্ধর যোদ্ধার মধ্যে অর্জুনই শ্রেষ্ঠ ॥১৮॥

ভরতনন্দন। ইন্দ্র ও কৃষ্ণ হইতে অন্যূন এবং গাণ্ডীবধনুদ্ধারী ও শ্বেতাশ্বশালী এই অর্জ্জন বিবাটনগরে কি কার্য্য কবিবেন ? ॥১৯॥

দেবতার তুল্য তেজমী এই অর্জুনই আপন বলে মানুষের মধ্যে আশ্চর্য্য পাশুপত অন্ত্র লাভ করিয়া তৎপবে দেববাজেব ভবনে পাঁচ বৎসব থাকিয়া সমস্ত স্বর্গীয় অন্ত্র লাভ করিয়াছেন ॥২০॥

⁽১৮)---এবং ধুবা গুড়াকেশ:—বা ব বা ভা। (১৯) সোহয়মিন্দ্রাদনব্য:—ভা,---বাহদেবা-মহাত্যতি:—বা ব রা। (২•)---দিব্যাক্তমাণি চাপ্তানি—বা ব রা।

যন্ত বাহু সমৌ দীযোঁ জ্যাঘাতকঠিনত্বচোঁ।
দক্ষিণে চৈব সব্যে চ গবামিব বহঃ ক্বতঃ ॥২২॥
হিমবানিব শৈলানাং সমুদ্রঃ সরিতামিব।
ব্রিদশানাং যথা শক্রো বসূনামিব হব্যবাট্ ॥২৩॥
মুগাণামিব শার্দ্ধূলো গরুত্মান্ পক্ষিণামিব।
বরঃ সমন্ত্রমানানাং সোহর্জ্জ্বঃ কিং করিয়তি ॥২৪॥ (কলাপকম্)
অর্জ্বন উবাচ।

প্রতিজ্ঞাং ষণ্ডকোহস্মীতি করিয়ামি মহীপতে!। জ্যাবাতো হি মহান্তো মে সংবর্ত্ত্বং নৃপ! ছফরো ॥২৫॥

ভারতকোমূদী

দশমং মত্তে। তথা যন্ত বাহু, সমৌ সমানো দীঘোঁ, জ্যাঘাতেন ধম্পুণাঘাতেন কঠিনা দূটাভূতা থক্ চর্ম ঘনোস্তো। দক্ষিণে হস্তে চ, সব্যে বামে হস্তে চ, সব্যসাচিত্বাদিত্যাশমঃ, গবাং শকটাদি-বাহিনাং ব্যভাণাং ক্ষম্ভে ইব, বহুঃ কিণঃ কঠিনত্তক্তিহ্নিত্যথঃ, ক্বতঃ জ্যাঘাতেনৈব বিহিতঃ। তথা যঃ, শৈলানাং মধ্যে হিমবানিব, সবিতাং প্রোভোবহানাং মধ্যে সমূল্র ইব, ত্রিদশানাং দেবানাং মধ্যে যথা শক্র ইক্র ইব, বস্থনাং মধ্যে হব্যবাট্ তদাখ্যো বহুরিব। তথা মুগাণাং পশ্নাং মধ্যে "পশবোহিণি মুগাঃ" ইত্যমরঃ, শার্দ্ধ লো ব্যাদ্র ইব, পক্ষিণাং মধ্যে গরুত্মান্ গরুড় ইব চ, সমহ্মানানাং যুদ্ধসজ্জাং ক্র্বিতাং যোদ্ধ গাং মধ্যে বরঃ, সোহর্জ্নঃ বিরাটনগবে কিং কর্ম করিয়তে ॥২১—২৪॥

ভারতভাবদীপঃ

মূলং প্রষ্টব্যম্ ॥ ৯— ১৩॥ বাহ্নকে: স্বদাবম্দৃপীং জ্বতবান্ সৌন্দর্ব্যেণেতি শেষ: ॥ ১৪॥ সর্পাণাং দরীস্পাণাম, আনীবিষো দংষ্ট্রাবিষ: ॥ ১৫— ১৯॥ মান্নবেষু ক্ষম্ভূতং মান্নবাদ্ভূতম্ ॥ ২০— ২১॥ গবাং বৃষভাণাং ক্ষমে ইব বহু: যুগ্ধর্বপঞ্জ: কিণঃ ক্বতঃ। এতপ্রিব গোপনং কঠিনমিতি ভাবঃ

আমি বাঁহাকে—দ্বাদশ কন্ত্ৰ, ত্ৰয়োদশ আদিত্য, নবম বস্থু একং দশম গ্ৰহ বলিয়া মনে কবি; বাঁহার বাহুযুগল সমান দীর্ঘ এবং তাহার চর্ম ধনুর গুণেব আঘাতে আঘাতে কঠিন হইয়া গিয়াছে একং দক্ষিণ ও বামহন্তে ভারবাহী গরুর স্কন্ধদেশেব স্থায় কিণ (কড়, মাড়ুয়া) পড়িয়াছে; আর পর্ববতের মধ্যে হিমালয়ের স্থায়, আোতোবাহীর মধ্যে সমুজের স্থায়, দেবতার মধ্যে ইল্রেব স্থায়, বস্তুর মধ্যে হব্যবাটের স্থায়, পশুর মধ্যে ব্যাজ্বর স্থায় এবং পক্ষীব মধ্যে গরুড়ের স্থায়, বিনি যোদ্ধার মধ্যে শ্রেষ্ঠ, সেই অর্জুন বিরাটনগরে কি কার্য্য কবিবেন ?" ॥২১—২৪॥

1

⁽২৪) বর: সন্নহমানানামৰ্জ্বন:—প্র। (২৫) প্রকৃত্যা বণ্ডকোহন্দীতি চবিস্থামি মহামতে ।—প্র,
••• চরিস্থামি মহীপতে । —ভা।

বিরাট-৩ (১২)

বলবৈশ্ছাদয়িঝামি বাহু কৃতকিণাবৃতৌ।
কর্নয়াঃ প্রতিমৃচ্যাহং কুগুলে জ্বনোপমে ॥২৬॥
পিনদ্ধকন্মঃ পাণিভ্যাং তৃতীয়াং প্রকৃতিং গতঃ।
বেণীকৃতশিরা রাজন্! নালা চৈব রহমলা ॥২৭॥
পঠমাখ্যায়িকাঞ্চৈব স্ত্রীভাবেন পুনঃ পুনঃ।
রময়িয়ে মহীপালমন্তাংশ্চান্তঃপুরে জনান্ ॥২৮॥ (যুগ্যকম্)

ভারতকৌমুদী

প্রতিজ্ঞামিতি। হে মহীপতে ! অহং বন্দক: ক্লীবঃ অস্মি, ইতি প্রতিজ্ঞাং লোকসন্নিধামাত্ম-পরিচয়ং করিক্রামি। কিন্তু হে নৃপ ! মহাস্কৌ, মে মম, জ্ঞাদাতো হস্তত্বধন্ত্র্ত্রপদর্গ্তিক্ববম, সংবর্ত্ত্বং গোপবিতৃৎ ছন্দরৌ ॥২৫॥

তচ্চিহ্নসংবরণোপানং স্বয়মেবাহ—বল্ধৈরিতি। স্বহম্, কর্ণরোঃ জ্বনোপমে স্বয়িবহুজ্জনে, কুণ্ডলে স্বর্ণকুন্তুন্নম্, প্রতিমূচ্য পরিধায়, কুডঃ কিণো জ্যাঘাতচিহ্ন যযোক্তো তাদৃশো উভাবেব বাহু, বল্ধিস্ছাদয়িক্সামি। এবঞ্চ ন জ্যাঘাতচিহ্নদর্শনমিতি ভাবঃ ।২৬।

প্রথমা প্রকৃতিঃ স্থান্টঃ স্ত্রী, বিভীয়া প্রকৃতিঃ পুমান্, তৃতীয়া প্রকৃতিশ্চ নপুংসকম্। তথা চামরঃ—"তৃতীয়া প্রকৃতিঃ বন্দঃ ক্রীবঃ পণ্ডো নপুংসকম্"। তরপুংসকঞ্চ বিবিধম্—স্ত্রীপ্রকাবং পৃংপ্রকাবঞ্চ। তত্রাত্মনঃ স্থবিধার্থং স্ত্রীপ্রকারনপুংসকত্মেব গ্রহণীয়মিত্যাহ—পিনদ্ধেতি। হে রাজন্। তৃতীয়াং প্রকৃতিং গতঃ নপুংসকত্বং প্রাপ্তঃ, অন্ত্রশিক্ষার্থস্থর্গবাসকালে উর্বল্ঞা অভিস্পাতাৎ ইক্রেণ চাজ্ঞাতবাসকালে তন্ত নিয়মিতত্বাদিতি ভাবঃ, পাণিভ্যাং হস্তযোরিত্যর্থং, পিনদ্ধা গৃতাঃ কম্ববঃ শন্ধবলয়ানি যেন সঃ, তথা বেণী কৃতা যত্র তত্তাদৃশং শিরো যত্ম স বেণী-

ভারতভাবদীপঃ

া২২—২০। পততাং পঞ্চিণাম্ ॥২৪। কচকোহমীতি। বদো গোপতি: শ্রীগোপালন্তক্ত প্রতিকৃতিরবতারান্তরং কতক: কৃষ্ণস্থাম্মীতার্থ:। পক্ষে ক্লীব:। "বদো বর্ষবরে ক্লীবে গোপতো বদ্ধাপ্রুবন" ইতি বিশ্ব:। সংবর্ত্ত্বং পিধাতুম্ ॥২৫—২৬। পিনদ্ধা: কম্বব: শশ্ব-বলয়ানি যেন দ পিনদ্ধকম্ম, তৃতীয়াং প্রকৃতিং স্ত্রীপ্র্যাণেক্ষমা ক্লীবন্ধং তৃতীয়ং গতঃ প্রাপ্তঃ, নর ইতি রলযোর্ডস্যোশ্চাভেদারর: বৃহংশ্চার্মো নরশ্চেতি নাবায়ণ্যপ আছো নর ইতার্থ:।

অর্জুন বলিলেন—"রাজা! আমি সেখানে লোকের নিকট নপুংসক বলিয়া আত্মপরিচয় দিব। তবে, রাজা। তুই হাতের তুইটা বিশাল কিণ (কড়্, মাড়ুয়া) গোপন কবা তুক্তর হইবে ॥২৫॥

আমি কর্ণযুগলে অগ্নির স্থায় উজ্জ্বল স্বর্ণকুগুলযুগল পরিধান করিয়া জ্যাঘাত-চিহ্নযুক্ত বাহুদ্বয়কে বলয়দারা আযুত করিব ॥২৬॥

রাজা। তা'র পর আমি নপুংসক হইয়া, ছই হাতে শাঁখা পড়িযা, মাথায়
(২৬) পূর্বান্ধং ভা নাস্তি। ক্রতিকাবিমো—বা ব রা। (২৭) পূর্বান্ধং ভা ন বর্ততে।
(২৮) প্রবাধাামিকা নাম—ভা।

গীতং নৃত্যং বিচিত্রঞ্চ বাদিত্রং বিবিধং তথা।
শিক্ষয়িয়াম্যহং রাজন্! বিরাটভবনে দ্রিয়ঃ ॥২৯॥
প্রজানাং সমুদাচাবং বহুকর্মাকৃতং বদন্।
ছাদয়িয়ামি কোন্তেয়! মায়য়াত্মানমাত্মনা ॥৩০॥
যুধিন্তিরস্ত গেহে বৈ দ্রোপত্যাঃ পরিচারিকা।
উবিতাম্মীতি বক্ষ্যামি পৃষ্টো রাজ্ঞা চ ভারত!॥৩১॥

ভাবতকোমুদী

কৃতশিবাং, নামা, বৃহম্নলা চ ভবন্, বৃহতো নলস্মেব দীর্ঘাকৃতিত্বাদিত্যাশয়ং, আখ্যায়িকাং পঠংশ্চাহম্, স্বীভাবেন স্ত্রীনপুংসকত্বা, মহীপালং বিরাটম্, তস্থাস্তঃপুবে অক্সান্ জনাংশ্চ পুনঃ পুনঃ রম্যিয়ে নৃত্যাদিভিস্তোহ্যিয়ে ॥২ ৭—২৮॥

গীতমিতি। হে রাজন্! তথা অহম, বিরাটভবনে দ্বিয়া, বিচিত্রমাশ্চর্যাৎ বিবিধঞ্চ, গীতং নৃত্যং বাদিজং বাছঞ্চ শিক্ষয়িস্থামি, স্বর্গবাদকালে দেববাজাদেশেন চিত্রসেনগন্ধর্কান্তিকে তেখামপি ময়াশিক্ষিত্তাদিত্যাশযঃ ॥২০॥

প্রজানামিতি। হে কোন্তেয় ! অহম্, প্রজানাং জনানাং সমীপে, "প্রজা তাৎ সন্তর্জো জনে" ইত্যমরঃ, বছষু কর্মস্থ প্রাচীনেঃ ক্রতম্, সম্পাচাবং সমীচীনব্যবহারম্, বদন্ সন্, মারয়া ব্যাজেন, আত্মনৈব আত্মানম্, ছাদ্যিয়ামি গোপয়িয়ামি ॥৩০॥

ভাবতভাবদীপঃ

ত্রীবং শরণগোপনার্থম্ ॥২ १॥ আখ্যাযিকা: পূর্বরাজচরিতানি ॥২৮—২০॥ সমূদাচারং সমীচীনমৃৎকৃষ্টতরং মহাবদান্তজাদিরপং তাভি: কৃতং বছকর্ম চ বদন্, ময়যা কপটক্লীববেষেণ আত্মানং
শরীরম্, আত্মনা বৃদ্ধ্যা ॥০০॥ পবিতশ্চার্যিতৃং শীলং যত্তা: সা পরিচারিণী সৈব পরিচারিকা,
ক্রোপত্যা: ভর্ত্তেতি গুঢ়োহভিসন্ধি:। প্রকে পবিচাবিকা সেবাকর্ত্রী ॥০১—৩২॥

ইতি শ্রীমহাভারতে বিবাটপর্বাণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দিতীযোহধ্যায়ঃ ॥২॥

বেণী বাঁধিয়া, 'বৃহন্নলা'-নাম করিয়া, গল্প বলিয়া স্ত্রীলোকের ভাবে (কায়দায়) বিরাট-রাজাকে এবং তাঁহাব অন্তঃপুবস্থ অন্তান্ত লোকদিগকে বাব বার আনন্দিত কবিব ॥২৭—২৮॥

আব, বাজা! আমি বিবাটবাজাৰ বাড়ীতে দ্ৰীলোকদিগকে আশ্চৰ্য্য ও নানা-বিধ নৃত্যু, গীত ও বাছ্য শিক্ষা কবাইব ॥২৯॥

কুষ্টীনন্দন! প্রাচীনকালের লোকেবা নানাকার্য্যের সময়ে যেরূপ ব্যবহার করিতেন, সেই সকল ব্যবহারের কথা তত্রত্য লোকের নিকট বলিয়া আমি কপট-ভাবে নিজেই নিজেকে আযুত বাখিব ॥৩০॥

⁽২৯)···বিরাটান্ত:পুরে রাজন্ ! রমবিশ্বাসাহং জ্রিবঃ —ভা, ···বিরাটন্ত পুবজ্রিয়ঃ —বা ব বা । (৩১)···বছরপক্ষতম্—ভা। (৩১)···বেহছন্তি —ভা, ···রাজ্ঞা চ পাণ্ডব ! —বা ব বা ।

এতেন বিধিনা চ্ছন্নঃ ক্বতকেন যথা নলঃ।
বিহরিয়ামি বাজেন্দ্র ! বিরাটভবনে হুথম্ ॥৩২॥
ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বিরাটপর্বাণি
পাগুবপ্রবেশে যুধিষ্ঠিরাদিমন্ত্রণে দ্বিতীয়োহধ্যায়ঃ॥०॥ *

—:*:— তৃতীয়োহধ্যায়ঃ।

যুধিষ্ঠির উবাচ। ণ

কিং সং নকুল ! কুর্বাণস্তত্র তাত ! চরিয়াসি । কর্ম্মিতন্নঃ সমাচক্ষ্ব রাষ্ট্রে তত্ম মহীপতেঃ। স্নুক্মারশ্চ শ্রশ্চ দর্শনীয়ঃ স্থথোচিতঃ ॥১॥

ভাবতকৌমুদী

ষ্ধীতি। হে ভারত। বাজ্ঞা বিবাটেন 'ক্ষ পূর্ব্বং কুজাদী:' ইতি পৃষ্ট: দন্, ইতাহং বক্ষামি যৎ, অহং যুধিষ্টিরশু গেহে শ্রোপতাঃ পরিচাবিকা সতী উবিতা স্থিতান্মি এ০১॥

এতেনেতি। হে বাজেন্ত্র। নলো রাজা ফথা ঋতুপর্ণরাজগৃহাদে কতকেন বাছকনামক-সারথিরপেণ বিশ্বতবান্, তথা অহমপি এতেন উক্তবিধেন, কৃতকেন কৃত্রিমেণ, বিধিনা রূপেণ, বিরাটভবনে, স্থাং ফথা স্থান্তথা বিহরিক্সামি ॥৩২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ব্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্ব্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকোমূদীসমাখ্যাঘাং বিরাটপর্ববি পাশুবগ্রবেশে

বিতীযোহধাাব: ।।।

--:*:---

কিমিতি। হে তাত। অহকম্পা। বংসেত্যর্থ:, "তাতঃ পিত্রহ্নকম্পায়োঃ" ইতি
আর, ভরতনন্দন। "তুমি পূর্ব্বে কোথায় ছিলে ?" এইরূপে বিরাটবাজা
জিজ্ঞাসা করিলে, আমি বলিব যে, আমি পূর্ব্বে যুধিষ্ঠিরের বাড়ীতে জৌপদীর
পরিচারিকা হইয়া ছিলাম ॥৩১॥

বাজশ্রেষ্ঠ। পূর্বকালে নলরাজা যেমন কৃত্রিম বাতুকবেশে প্রচ্ছন্ন হইয়া ঋতু-পর্ণবাজা ও বিদর্ভরাজার বাড়ীতে ছিলেন, আমিও সেইরূপ এই কৃত্রিম বেশে প্রচ্ছন্ন হইয়া বিবাটবাজার বাড়ীতে সুখেই থাকিব" ॥৩২॥

^{* ···} অর্জুনমন্ত্রণং নাম—ভা। ক ইতি বাক্যাৎ পূর্বাষ্ 'বৈশম্পায়ন উবাচ। ইত্যেবমৃত্যা পূক্ষপ্রবীরস্তথার্জুনো ধর্মভূতাং বরিষ্ঠঃ। বাক্যং তথাকো বিররাম ভূয়ো নূপোহপরং লাতর-মাবভাবে ॥"—বা রা। বঙ্গবাসিপুস্তকে ত্ব্যং শ্লোকঃ পূর্বাধ্যায়ান্তে পঠ্যতে। (১)···কর্ম তত্ত্বম্ ···বা ব রা, ···স্থোবিতঃ—প্র। ভূতীয়ার্জং ভা নান্তি।

নকুল উবাচ।

অশ্বন্ধো ভবিষ্যামি বিবাটনূপতেরহম্।
গ্রান্থিকো নাম নালাহং কর্মোতৎ স্থপ্রিয়ং মম ॥২॥
কুশলোহস্যাশ্বরক্ষায়াং তথৈবাশ্বচিকিৎসিতে।
প্রিয়াশ্চ সততঃ মেহশ্বা কুরুবাজ! যথা তব ॥৩॥
যে মাং চামন্ত্রয়িষ্যন্তি বিরাটনগবে জনাঃ।
তেভ্য এবং প্রবক্ষ্যামি বিহবিষ্যাম্যহং যথা ॥৪॥

ভাবতকোমুদী

ত্রিকাণ্ডশেষ:। নকুল। স্থকুমার: কোমলশ্চ, শূবো বীর:, দর্শনীষ: স্থন্দব:, স্থোচিত: স্থ-ভোগযোগ্যশ্চ ত্বম্, তত্ত্ব তত্ত্ব বিরাটত সহীপতে: বাষ্ট্রে বাজ্যে, কিং কর্ম ক্র্বোণ: সন্ চরিক্রসি, ন:
স্থান্ এতং সমাচক্ষ্ব ক্রহি। ষ্ট্পাদোহয়ং শ্লোক: ॥১॥

অখেতি। অহম্, নাম প্রকাশে, নামা গ্রন্থিকঃ দন্, গ্রন্থঃ অশ্বশান্ত্রীয়পুস্তকমন্ত্রান্তীতি বৃংপত্তেরিতি ভাবঃ। ইন্বিবয়ে ইকো মন্তর্থে। বিবাটনুপতেঃ, অশ্ববদ্ধঃ অশ্বক্ষকো ভবিক্যামি। যেন; এতং কর্ম মম স্থপ্রিয়ম্ অতীবপ্রিয়ম্ ॥২॥

অথ কথং তৎ কর্ম কর্ছ্যু শক্ষ্যদীত্যাহ—কুশল ইতি। অহম্, অশ্বরক্ষায়াং তথৈব অখানাং চিকিৎসিতে চিকিৎসায়াম, কুশলো নিপুণোহশ্মি। বিশেষতক্ষ হে কুরুবাজ ! অখা যথা তব সততং প্রিয়াং, তথা মে মমাপি সততং প্রিযাঃ ।ে।

ভারতভাবদীপ:

কিং স্বমিতি ॥১॥ (পাঠাস্কবে) পরিবন্ধনে স্বধানামিতি শেব:। গ্রন্থান্ স্বাযুর্ব্বেদম্ স্বধর্ষ্যবঞ্চ বেন্দ্রীতি গ্রন্থিকোংখিনো: স্বত্থাৎ। "স্বশ্বিনো বৈ দেবানাং ভিষন্ধাবন্ধিনাক্ষর্যু" ইতি শ্রুতে: ॥২—৬॥ (পাঠাস্করে) সম্বেষ্ নাস্তি যো যেবাং তে শ্রা:, নমবে ভ্নীক্বতপ্রাণাস্তেষ্ স্বধিক্তো

যুথিষ্ঠির বলিলেন—"বংস নকুল। তুমি—কোমলাঙ্গ, অথচ বীর এবং সুন্দব ও। স্থভোগের যোগ্য; অতএব তুমি সেই বিবাটবাজাব বাজ্যে কি কার্য্য করিতে থাকিয়া বিচরণ করিবে, তাহা আমাদিগকে বল"॥১॥

নকুল বলিলেন—আমি 'গ্রন্থিক'-নাম খারণ কবিয়া বিরাটবাজার অখরক্ষক ইইব ; ইহাই আমাব অত্যন্ত প্রিয় কার্য্য ॥২॥

এবং আমি অশ্ববক্ষায় ও অশ্বচিকিৎসায় নিপুণ; বিশেষতঃ হে কুরুবাজ। আপনারও যেমন অশ্ব সর্ববদা প্রিয়, আমারও তেমন অশ্ব সর্ববদা প্রিয়॥৩॥

⁽২) অশু লোকশু মধ্যে 'সর্বাধা জ্ঞানসম্পন্ন: কুশলং পবিব্রক্ষণে' ইতি পাদ্ধযং—বা ব রা প্র।
(৪) শোকাৎ পবম্—'পাণ্ডবেন পুবা ভাত ! অশেষধিক্ষতঃ পুবা। বিরাটনগবে চ্ছন্নদ্বিয়ামি
মহীপতে ! ।''—বা ব রা। প্রাপিতামহপুস্তকে তু অক্তবিধং লোকত্রযমধিকং দুইতে।

যুধিষ্ঠির উবাচ।

সহদেব! কথং তস্ত সমীপে বিহরিয়সি।
কিং বা ত্বং তাত! কুর্ববাণঃ প্রচছমো বিচরিয়সি॥৫॥
সহদেব উবাচ।

- গোসংখ্যাতা ভবিষ্যামি বিরাটস্থ মহীপতেঃ। প্রতিষেদ্ধা চ:দোগ্ধা চ সংখ্যানে কুশলো গবাম্ ॥৬॥ তন্ত্রিপাল ইতি খ্যাতো নাম্না বিদিতমস্ত তে। নিপুণস্ক চরিষ্যামি ব্যেতু তে মানসো জ্বঃ॥৭॥

ভারতকৌমুদী

য ইতি। বিরাটনগরে যে চ জনা:, মাম, আমন্ত্রবিশ্বস্তি আমন্ত্র্য কুত্র তং পূর্ব্বমাসীবিতি প্রক্রান্ত্রীতার্থ:, তেভা:, এবং ভবদাদিবং মুধিপ্রিরশ্ব ক্ষর্যবন্ধ আসমিতি প্রবক্ষ্যামি। ক্ষহং যথা বিহরিক্সামি, তদেতত্বজমিতি শেষ: ISI

সহেতি। হে তাত বংস সহদেব। বং বা কিং কর্ম কুর্বাণঃ সন্, তক্ত বিবাটক সমীপে বিহরিক্সসি; কথং বা প্রচ্ছর আবৃত্তরপ্রণঃ সন্ বিচরিক্সসি ॥৫॥

গবিতি। গবাং ধেন্নাম্, প্রতিষেদ্ধা ইন্ধিতমাত্রেণৈর বিপথগমনাদিবাবযিতা, দোগ্ধা অধিক-ছয়ানাং দোহনক্ষম:, সংখ্যানে শুভাশুভজ্ঞানে, কুশলো নিপুণশ্চাহম্, বিরাটশু মহীপতেঃ, গোসংখ্যাতা গবাং শুভাশুভশরীক্ষকঃ, ভবিক্সামি ।ঙা

তন্ত্ৰীতি। হে রাজন্। তে তব বিদিতমন্ত , যদহম, তন্ত্ৰিপাল ইতি নামা খ্যাতঃ সন্, তন্ত্ৰিং গুড়্চীং পালযতি গোচিকিৎসাৰ্থং বক্ষতীতি বৃৎপত্তেবিত্যাশরঃ "গুড্চী তন্ত্ৰিকাহমুতা" ইত্যমবঃ, নিপুণং স্বকৌশলং যথা ভাত্তথা চবিক্সামি। অতএব তে মানসো মনোবৰ্ত্তী, জবঃ—মামপরো জাভতীত্যাশকানিবন্ধনঃ সন্তাপঃ, ব্যেতু অপগচ্ছতু । ।

তা'র পর, বিরাটনগরে যে সকল লোক আমাকে ডাকিয়া জিজ্ঞাসা করিবে যে, "তুমি পূর্বেক কোথায় ছিলে ?" তখন আমি তাহাদিগকে আপনাদের মতই বলিব যে, "আমি যুধিষ্ঠিবেব অশ্বরক্ষক ছিলাম।" আমি যেভাবে বিচরণ করিব, তাহা এই বলিলাম" এ৪॥

যুখিষ্ঠির বলিলেন—"বংস সহদেব। তুমিই বা কি কার্য্যে প্রবৃত্ত হইয়া বিরাট-রাজার নিকটে অবস্থান করিবে এবং কিপ্রকারেই বা আত্মগোপন করিয়া চলিবে ?" ॥৫॥

সহদেব বলিলেন—"আমি ইঙ্গিত করিয়াই গরুগুলিকে বিপথগমন হইতে নির্ত্ত করিতে পারি, প্রচুর তৃগ্ধ দোহন করিতে সক্ষম এবং শুভাশুভ পরীক্ষা কবিতেও সমর্থ ; স্মৃতবাং আমি বিবাটরাজার গো-পরীক্ষক হইব ॥৬॥

⁽a) --- अन्हारता विश्विकामि — क्ष वा व दा। (१) --- निश्रुवस्स हितकामि — क्ष वा व दा।

আহং হি ভবতা গোষু সততং প্রহিতঃ পুরা।
তত্র মে কোশলং সর্বমববুদ্ধং বিশাংপতে! ॥৮॥
রুষভানপি জানামি বাজন্! পূজিতলক্ষণান্।
যেষাং মূত্রমুপান্ত্রায় অপি বন্ধ্যা প্রসূত্রত ॥৯॥
সোহহমেবং কিবিয়ামি প্রীতিবত্র হি মে পরা।
ন চ মাং বেৎস্ততে কশ্চিত্রোষয়িয়ে চ তং নৃপম্॥১০॥

ভাবতকৌমুদী

আত্মনৈপুণ্যং শ্ববিত্যাহ— অহমিতি। হে বিশাংপতে ! নবনাথ ! হি যশ্মাৎ, পুবা ভবতা, অহম, সভতমেব, গোষু স্বকীয়ানাং গবাং পবীক্ষাস্থ, প্রহিতঃ প্রেবিতঃ। তত্ত্ব চ মে সর্বাং কৌশলং নৈপুণ্যম্, অববৃদ্ধং ভবতৈব জ্ঞাতম্ ॥॥

বৃষভানিতি। হে বান্ধন্। অহম্, পৃঞ্জিতলক্ষণান্ প্রশস্তচিহ্নান্ বৃষভানপি, জানামি পবিচিনোমি। যেবাং মৃত্তমূপাভ্রায বন্ধ্যাপি প্রস্থাতে সন্তানং প্রসোতি ॥>॥

স ইতি। সোহহম্, এবং গোসংখ্যাতৃভাবেন চবিষ্ণামি। হি যশাৎ, অত্র গোসংখ্যাতৃভাবে, মে মম, পরা পবমা প্রীতির্বর্ত্ততে। ইথক কশ্চিদপি মাং ন বেৎস্ততে সহদেবভয়া ন জ্ঞাস্ততি, তং বিবাটং নুপং তোষবিয়ে চ নিগুণেনেতি ভাবঃ ॥>•॥

ভাবতভাবদীপঃ

ম্থ্য ইতি গূঢ়াশব:। পকে স্পষ্টোহর্থ: 18—৫॥ সংখ্যানে পরীক্ষাযান্ ॥৬॥ তন্তিপাল: তন্তির্বলীবন্ধা যন্তাং দীর্ঘন্থনবন্ধাং বণিগ্ভিবদ্বৈর্দামভির্বধ্যন্তে না প্রক্রতোপযোগিনী। গূঢ়াভি-সন্ধে তু ভন্তির্বিক্। "তন্ত বাক্তন্তির্নামানি দামানী" ইতি শ্রুতের্বাক্পাল:, যুম্বচনার্থান্ম্র্চা-

আব, রাজা। আপনি জানিয়া রাখুন যে, আমি 'তন্ত্রিপাল'-নামে প্রসিদ্ধ হইয়া সাবধানে বিচরণ করিব; অতএব আপনার মনেব উদ্বেগ দূর হউক ॥৭॥

নবনাথ! আপনি পূর্বের আমাকে সর্ববদাই নিজের গকগুলিকে পরীক্ষা করিবাব জন্ম পাঠাইতেন এবং তখন তাহাতে আমাব সর্বব্রেকাব নৈপুণ্যও বৃথিতে পাবিতেন ॥৮॥

এবং বাজা। আমি প্রশস্ত-লক্ষণ-যুক্ত বৃষগুলিকেও চিনিতে পাবি, যেগুলির যুত্ত আদ্রাণ করিয়া বন্ধ্যা নারীও প্রসব করিয়া থাকে॥১॥

আমি এইভাবে বিচরণ করিব। কাবণ, ইহাতে আমার অত্যন্ত আনন্দ

⁽৮) তেত্র মে কেশিলং কর্ম হ্যুবৃদ্ধ্—প্র। ইতঃ প্রম্ 'লক্ষণং চবিতঞাপি গবাং ঘচাপি মঙ্গলম্। তৎ সর্ব্ধ মে স্থবিদিতমগুচ্চাপি মহীপতে।।'—প্র বা ব বা। (১০) মে সদা—বা ব বা ভা,—ন চ মাং বেংশুভি প্রঃ—ভা।

যুধিন্তির উবাচ।

ইয়ঞ্চ নঃ প্রিয়া ভার্য্যা প্রাণেভ্যোহপি গরীয়সী।
মাতেব পরিপাল্যা চ পূজ্যা জ্যেষ্ঠেব চ স্বসা॥>>॥
কেন স্ম জ্রোপদী কৃষ্ণা কর্দ্মণা বিচরিয়তি।
ন হি কিঞ্চিদ্বিজ্ঞানাতি কর্দ্ম কর্ত্ত্ব্যুং যথা দ্রিয়ঃ॥>২॥
স্থক্মারী চ বালা চ রাজপুত্রী যশস্বিনী।
পতিব্রতা মহাভাগা কথং মু বিচরিয়তি॥>৫॥

ভারতকোমুদী

ইয়মিতি। কিঞ্চেতি চার্থ:। ইয়ং ন: অস্মাকং ভার্যা শ্রোপদী, প্রাণেভ্যোহণি গরীষনী প্রিষা, মাতেব পবিপাল্যা সাদবং রক্ষণীষা, জ্যেষ্ঠা স্বদা ভগিনীব চ পূজ্যা মাননীয়া, উভয়ত্রাণি পতিব্রতারপ্রাদিতি ভাব: 8>>8

কেনেতি। শ্বেতি পাদপ্রণে। শ্রোপদী ক্রপদরাজনন্দিনী ক্রঞা, কেন কর্মণা বিচরিয়তি। হি ফ্যাৎ, অস্তা: প্রিয়:, যথা কর্ম সেবাদিকং নানাবিধং কার্য্য: কর্ছ্যুং বিজ্ঞানন্তি, ইয়ং তথা কিঞ্চি-দপি কর্ম কর্ছ্যুং ন বিজ্ঞানতি; রাজাপত্যত্বাৎ রাজপত্মীত্বাক্ত ॥১২॥

স্বিতি। স্থকুমারী কোমলাঙ্গী, বালা শিশুবৎ সরলা, রাজপুত্রী, যশন্ধিনী, পতিব্রতা, মহাভাগা উদাবস্বভাবা চ দ্রোপদী, কথং কেন প্রকারেণ বিচরিক্সতি মুখ্যতা

ভারতভাবদীপ:

তেতার্থ: ॥ ৭— ১ • । ইবং হীতি। মাতা কুলবৃত্তিঃ আদিভূমিঃ গোর্বা। "মাতা গোর্বাদি-জননীগোরাহ্মণ্যাদিভূমিবৃ" ইতি মেদিনী। স্বসা অম্বিকা পার্মতীবংপ্জ্যেতার্থ:। "এব তে কন্দ্রভাগ: সহ স্বমাধিকবা সং জুবস্থ। শরবা অস্থাধিকা স্বসা" ইতি মন্ত্রহাদ্ধণদর্শনাৎ "জাবা গার্হপতাঃ পুত্রোহশ্বাহার্যঃ পচন" ইতি তক্তা অপি দেবতাত্বেন সংস্করাৎ। "মাতা সতাবতী

হইবে। আর ইহাতে আমাকে কেহ চিনিতেও পাবিবে না, আমিও বিবাটবাজাকে সম্ভষ্ট করিতে পারিব"॥১•॥

যুখিষ্ঠির বলিলেন—"আমাদের এই ভার্য্যা প্রাণ অপেক্ষাও গুরুতর প্রিয়তমা এবং মাতার স্থায় পরিপাল্যা ও জ্যেষ্ঠা ভগিনীর স্থায় মাননীয়া ॥১১॥

স্তরাং এই জ্ঞপদরাজনন্দিনী কৃষ্ণা কোন্ কার্য্যে প্রবৃত্ত হইয়া বিবাটনগবে বিচরণ করিবেন ? অন্ম স্ত্রীলোকেরা যেমন সেবাপ্রভৃতি নানা কার্য্য জ্বানেন, ইনি তেমন কোন কার্য্যই জ্বানেন না ॥১২॥

ইনি কোমলাঙ্গী, বালিকার স্থায় সরলা, রাজপুত্রী, যশস্বিনী, পতিব্রতা ও উদাব-স্বভাবা ; স্থতবাং ইনি কিপ্রকারে বিচরণ করিবেন ? ॥১৩॥

⁽১১) ইয়ং ডু—ভা। (১২) কেন দা—ভা। (১৩) স্থকুমারা চ—ভা।

মাল্যগন্ধানলস্কাবান্ বস্ত্ৰাণি বিবিধানি চ। এতান্মেবাভিজানাতি যতো জাতা হি ভাষিনী ॥১৪॥ দ্ৰৌপত্মবাচ।

সৈরিক্র্যোহরক্ষিতা লোকে ভুজিষ্যাঃ সন্তি ভারত!। নৈবমন্যাঃ স্ত্রিয়ঃ সন্তি ইতি লোকস্থা নিশ্চয়ঃ ॥১৫॥

ভারতকৌমুদী

মাল্যেতি। যতো যশ্মিন্ কালে জাতা, তদবধীতি শেষ:, ভামিনী ছবিনীতং প্রতি কোপনা ক্রোপদী, মাল্যর্গদান্ অলম্বারান্ বিবিধানি বস্তানি চ, এতান্তেব অভিজানাতি পবিধাতুমিতি শেষ:। অতোহস্তা: পরগৃহবাসো ত্বৰ এবেতি ভাব: 1>81

নৈরিদ্ধ্য ইতি। হে ভারত। লোকে লোকসমান্দে, অরন্দিতা বেতনাদিভিবপালিতাং, অথ চ ভূজিয়াঃ পরগৃহে দানীভূতাং, নৈরিদ্ধাঃ নৈরিদ্ধীনায়াঃ প্রিয়ঃ নন্ধি, জয়াঃ দ্রিয়ন্ত এবম্ দিল্টো ন সন্তি; ইতি লোকস্থ নিশ্চয়ঃ হিরধারণা বর্ততে। সীরঃ তর্য্য ইব ইন্ধে স্বাধীনত্বাদ্দীপ্যত ইতি নৈরিদ্ধা প্রোদরাদিত্বাদ্দিপাতঃ। "সীবোহর্কহলবোঃ প্রেদি" ইতি মেদিনী, "নৈরিদ্ধী পরবেশ্বস্থা স্ববশা শিল্পকারিকা" ইত্যমরঃ ৪১৫॥

ভারতভাবদীপঃ

ভূমির্মের্জ্যেষ্ঠা স্বসা ভবেং" ইত্যপ্যালাহবন্তি ॥১১—১২॥ বালা নিত্যন্তনা ॥১৩॥ যতো যশ্মিন্
দিনে জাতা তত আরভ্য মাল্যাদীন্ ভোগানেব বেন্তি ন ক্লেশানিত্যর্থ: ॥১৪॥ সৌরস্কীতি।
সীরং প্রতি সীরাস্তঃপট: ব্রিয়তেহন্যাস্তৈবেতি সীরক্ষা সৈব সৈরক্ষী ভার্থে তদ্ধিতঃ, অন্তঃপূবপরিচারিকা বাজভার্যা বা। "সৈরক্ষী পরবেশ্মস্থা শিল্পকুৎম্ববশা দ্বিল্লাম্। বর্ণসকরসভ্তস্ক্রীমহিল্লিকযোবপি ॥" ইতি বিশ্বঃ। "মতল্লিকযোঃ" ইতি মেদিনীপাঠঃ। আতা মহিল্লিকা
রাজদারাঃ। দিতীয়ে মতল্লিকাঃ প্রশন্তদ্বিষ ইতি। দাসীপক্ষে অরক্ষিতা ইতি চ্ছেদঃ, স্ববশা
ইত্যুক্তেং পক্ষে বক্ষিতা ইত্যেব। ভূজিক্সা পালনীযা পাল্যিত্রী চ। ভূজপালনাভ্যবহাবযোরিত্যন্ত রূপম্। নৈবমন্তাঃ দ্বিয়ো রূপবতীর্যান্তি প্রাপ্ন, বৃদ্ধি পশ্মন্তীতবে ইত্যর্থঃ। দাসী ইতি

ইনি যে সময়ে জন্মিয়াছিলেন, তদবধিই ছুর্জ্জনেব প্রতি কোপনা এবং ইনি মাল্য, গন্ধ, অলঙ্কার ও নানাবিধ বস্ত্র—এই সকল পরিধান কবিতেই জানেন" ॥১৪॥

জৌপদী বলিলেন—"ভরতনন্দন। লোকেব এইরপ ধারণা আছে যে, লোক-সমাজে 'সৈরিক্সী'-নামে জীলোকেরা বেতনাদি না!লইয়া পরের ঘরে দাসীভাবে থাকে; অন্ত জীলোকেরা এ ভাবে থাকে না ॥১৫॥

⁽১৪) মাল্যং গন্ধান্—প্র। (১৫)---সম্ভি ভূভূতাম্—ভা। পূর্বাদ্ধাৎ পরম্ 'ন বৈমাত্তং ব্রিয়ো যান্তি ষ্ণাত্তাঃ প্রাক্তন্ত্রিয়ং। একপত্নীত্রতাকৈতা ইতি লোকশু নিশ্চয়ং ॥'---প্র। বিরাট-৪ (১২)

সাহং ক্রবাণা সৈরিক্ত্রী কুশলা কেশকর্মণি।

যুধিন্তিরস্থ গেহে বৈ দ্রোপতাঃ পরিচারিকা ॥>৬॥

উবিতাস্মীতি বক্ষ্যামি পৃষ্টা রাজ্ঞা চ ভারত!।

আত্মগুপ্তা চরিষ্যামি ষন্মাং ত্বং পরিপৃচ্ছিদি ॥>৭॥ (যুগ্মকম্)

স্থানেষ্ণাং প্রত্যুপস্থাস্থে রাজভার্য্যাং ষশস্বিনীম্।

সা রক্ষিষ্যতি মাং প্রাপ্তাং মা ভূত্তে হুঃখমীদৃশম্ ॥>৮॥

যুধিন্তির উবাচ।

কল্যাণং ভাষদে কৃষ্ণে! কুলে জাতাসি ভাবিনি!। ন পাপমভিজানাসি সাধু সাধ্বীব্ৰতে স্থিতা॥১৯॥

ভারতকৌমূদী

সেতি। নাহম্, কেশকর্মনি কেশসংস্কাবকার্য্যে, কুশলা নিপুণা সৈবিদ্ধী ইতি ব্রুবাণা, বাজ্ঞা বিবাটেন 'বং পূর্ব্বং কাসী:' ইতি পৃষ্টা চ সতী, মুধিষ্টিরক্ত গেহে শ্রোপড়াঃ পবিচাবিকা সতী উবিতা কৃতবাসা আন্দ্র ইতি বক্ষ্যামি। প্রঞ্চ আত্মনৈব গুপ্তা বক্ষিতা সতী চবিক্সামি। বং যন্মাং পরিপুচ্ছিদি, তদেতত্ত্তমিতি শেষঃ ॥১৬—১৭॥

তত্ত্ব তৃ কিং করিক্ত্রদীত্যাহ—স্থদেফামিতি। স্থদেফাং নাম যশন্ধিনীং বাজভার্যাস্, প্রত্যূপ-দ্বান্তে নেবিক্সে। তথাত্বে চ দা প্রাপ্তাং তত্ত্ব গতাং মাং বন্দিক্সতি। অতএব তে তব ঈদৃশং ক দ্বাস্থামি কিং করিক্সামি বেত্যাদিকণম্, তৃংখম্বেগঃ মা ভূৎ ॥১৮॥

প্রশংসতি — কল্যাণমিতি। হে ভাবিনি। সংস্বভাবে। ক্কফে। সং কল্যাণং যুক্তিযুক্ত-ভাবতভাবদীপঃ

ভাব:। পক্ষে নৈবং প্রকাশে যান্তি সঞ্চরন্তীতার্থ: ১২৪ ক্রোপছা: পবিচাবিকেতি ''বাহো: শিব:'' ইতিবদভেদেহপি ভেদোপচাব:। ক্রোপদীরপা যুধিষ্টিবস্ত পবিচারিকেতার্থ: ॥১৬—২০॥ ইতি শ্রীমহাভাবতে বিরাটপর্কণি নৈলক্ষ্ঠীয়ে ভাবতভাবদীপে তৃতীযোহধ্যায: ॥৩॥

'আমি কেশসংস্থারকার্য্যে নিপুণ সৈরিক্সী' এই কথা বলিয়া আত্মপবিচয় দিব এবং বাজা জিজ্ঞাসা কবিলে বলিব যে, আমি জৌপদীর পবিচারিকা হইয়া যুধিষ্টিবেব বাড়ীতে ছিলাম। এইভাবে আমি আপনিই আপনাকে রক্ষা করিতে থাকিয়া চলিব। ভবতনন্দন। আপনি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, ্ই তাহা বলিলাম ॥১৬—১৭॥

এবং আমি—যশস্বিনী রাজমহিষী স্থদেফাদেবীব পরিচর্য্যা করিব; তাহা হইলেই তিনি আমাব বক্ষণাবেক্ষণ করিবেন; অতএব রাজা। আমাব বিষয়ে আপনার যেন একপ উদ্বেগ হয় না"॥১৮॥

⁽১৬)---গেহেহস্তি —ভা। (১৯)---জাতাদি ভামিনি !—বা ব রা।

যথা ন তুর্হ দঃ পাপা ভবন্তি স্থানঃ পুনঃ।
কুর্য্যান্তথা ত্বং কল্যাণি! লক্ষ্যেয়ুর্ন তে যথা॥২০॥
তি শ্রীমহাভারতে শতদাহন্দ্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বিরাটপর্বাণি
পাণ্ডবপ্রবেশে যুর্ঘিষ্ঠিবাদিমন্ত্রণে তৃতীয়োহধ্যায়ঃ॥০॥

---:#---

চতুর্থোঽধ্যায়ঃ।

-:*:--

যুধিষ্ঠির উবাচ। কর্মাণ্যুক্তানি যুম্মাভির্যানি যানি করিষ্যথ। মম চাপি যথাবুদ্ধি রুচিতানি বিনিশ্চয়াৎ॥১॥

ভারতকোমূদী

ষাম্ভক্তং ভাষসে। যেন হি স্বং কুলে সন্বংশে জাতাসি, বিশেষতশ্চ স্বং সাধু সমাগেব সাধনীত্রতে সাধনীনিয়মে স্থিতা। অভএব চ স্বং পাপং কর্ছ্যুং নাভিজ্ঞানাসি ॥১৯॥

উপদিশতি—যথেতি। হে কল্যাণি। পাপা হুহু দঃ শত্রবো হুর্যোধনাদয়, যথা পুনর্ন স্থাথনো ভবস্তি। হেতৃগর্ভমূক্তার্থমেব স্পষ্টযতি—তে যথা তাং ন লক্ষ্যেযূর্ন জানীয়ুং, তং তথা কুর্যাঃ ॥২০॥ ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্দভূষণ-শ্রীহরিদাসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাযাং মহাভাবতটীকায়াং ভারতকোমুদীসমাখ্যায়াং বিবাটপর্কণি পাণ্ডবপ্রবেশে তৃতীযোহধ্যায়ঃ ॥০॥

--:4:--

কর্মাণীতি। যুদ্ধং যানি থানি কর্মাণি করিক্সথ, তানি তানি কর্মাণি যুমাভিকজানি। মমাপি চ যথাবৃদ্ধি বিনিশ্চযাৎ তেখেচিত্যাবধারণাৎ ক্ষচিতানি তাক্তেবাভিপ্রেতানি। অতঃ সর্বেধা-মেবাভিমতখান্তাক্তেবাম্মাকমিদানীং কর্ত্বব্যানীতি ভাবঃ ॥১॥

যুখিষ্ঠিব বলিলেন—"সংস্বভাবে! জৌপদি। তুমি সহংশে জন্মিয়াছ, তা'ব পর, আবাব যথাযথভাবে সাধ্বীর নিয়মে বহিয়াছ এবং কোন পাপকার্য্য জানই না। তাই তুমি ভাল কথাই বলিয়াছ॥১৯॥

সে যাহা হউক, কল্যাণি। পাপাত্মা শক্ররা যেন আবাবও স্থুখী হয় না—
অর্থাৎ তাহারা যাহাতে তোমাকে জানিতে না পাবে, তুমি তাহাই কবিওঁ ॥২০॥

⁽২০) ক্যান্তবং হি—বা ব বা ভা। (১)---মম চাপি মথা বৃদ্ধিটতা বিধিনি-চমাৎ – বা ব दा।

পুবোহিতোহয়মস্মাকময়িহোত্রাণি রক্ষতু।
সূতপোবোগবৈঃ সার্দ্ধং দ্রুপদস্থ নিবেশনে ॥২॥
ইন্দ্রেসনাদয়শ্চেমে রথানাদায় কেবলান্।
যাস্ত দ্বারবতীং শীঘ্রমিতি মে বর্ত্ততে মতিঃ ॥৩॥
ইমাশ্চ নার্য্যো জৌপত্যাঃ সর্ব্বাশ্চ পরিচারিকাঃ।
পাঞ্চালানেব গচ্ছস্ত সূদপোবোগবৈঃ সহ ॥৪॥
সর্ব্বৈরপি চ বক্তব্যং ন প্রাক্তায়ন্ত পাশুবাঃ।
গতা ছস্মানপাকীর্য্য সর্ব্বে দ্বৈত্বনাদিতি ॥৫॥

ভাবতকৌমূদী

পুর ইতি। অবং পুরোহিতো ধোমাঃ, স্তাঃ দাবথমঃ পোরোগবাঃ পূর্ববিদ্যাখ্যানাৎ পাক-স্থানাধ্যক্ষান্দ তৈঃ সার্দ্ধং গত্তেতি শেষঃ, জ্ঞপদশু বাজ্ঞঃ, নিবেশনে গৃহে অম্মাক্ময়িহোত্রাণি বক্ষতৃ যথাবিধি হোমাদিনা নির্বর্ত্তবৃত্ত, পুরোহিতশু প্রধানপ্রতিনিধিত্বাৎ ৪২॥

ইল্রেডি। ইনে ইল্রেসনাদ্যক প্রধানা: সারথয়, কেবলান্ আবোহিশ্র্যান্ বথান্ আদায শীল্রং ঘারবতীং দারকাং নগরীং যাস্ক। ইতি মে মতিরিচ্ছা বর্ততে । আ

ইয়া ইতি। ইয়াঃ সর্কা শ্রোপত্যাঃ পবিচাবিকা নার্যন্দ, স্থদাঃ পাচকাঃ পোবোগবা অপবে পাকস্থানাধ্যক্ষান্দ তৈঃ সহ পাঞ্চালান্ দেশানেব গচ্ছস্ক , জ্রুপদনিবেশনে বস্তুমিতি ভাবঃ ॥৪॥

ভাবতভাবদীপঃ

কর্মাণীতি ॥১॥ অগ্নিহোত্রাণি অগ্নিহোত্রাপাত্রাণ্যরণীসহিতানি হোমসাধনভূতা ধেহর্বা।
॥২—৪॥ ন প্রাক্তাবত্তেতি যথার্থমেব। রহক্ষেব তৈর্মৎস্তদেশে বস্তব্যমিতি মন্ত্রিত্যাৎ

যুধিষ্ঠির বলিলেন—"তোমরা যে যে কার্য্য করিবে, তাহা বলিয়াছ; আমারও বুদ্ধি অনুসাবে সঙ্গত বোধ হওয়ায় এইগুলিই অভিপ্রেত হইল ॥১॥

এখন এই পুবোহিত ধৌম্যঠাকুব সার্যধিগণ ও প্রধান পাচকগণের সহিত যাইরা ত্রুপদরাজার বাড়ীতে থাকিয়া আমাদেব অগ্নিহোত্রযাগ সম্পাদন করিতে থাকুন ॥২॥

এবং ইন্দ্রসেনপ্রভৃতি এই সার্থিরা আরোহিশৃত্য রথগুলি লইয়া সত্তর দারকা-নগরে গমন করুক; ইহাই আমার ইচ্ছা ॥৩॥

আব, এই সকল দ্রৌপদীব পরিচাবিকা নারীবা পাচকগণ ও অন্য প্রধান পাকস্থানাধ্যক্ষগণের সহিত পাঞ্চালরাজের বাড়ীতেই গমন ককক ॥৪॥

⁽৩) ইক্রসেনম্থান্চমে—বা ব রা ভা। (৪) ন্দর্বশঃ পরিচারিকা: ন্দ্রতপোরোগবৈঃ
সহ—প্র ভা বা ব রা। (৫) ন্দর্গতি ক্রমানপাহার—রা। ইতঃ পরম্ 'বৈশন্পায়ন উবাচ।
এবং তেহন্টোন্তমামন্ত্র কর্মাণ্যক্তর পৃথক্। ধোম্যমান্তরামান্তর স্ব চ তান্ মন্ত্রমত্রবীং।'
—প্র বা ব রা।

ধোম্য উবাচ।

বিদিতং পাগুবাঃ! সর্বাং ব্রাক্ষণেরু স্থহুৎস্থ চ।
যানে প্রহরণে চৈব তথৈবাগ্নিয়ু ভারত!॥৬॥

ত্বয়া রক্ষা বিধাতব্যা কৃষ্ণারাঃ কাল্পনেন চ।
বিদিতং বো যথা সর্বাং লোকর্ত্তমিদং নূপ!॥৭॥
বিদিতে চাপি বক্তব্যং স্ক্রন্তিরন্মবাগতঃ।
ভাতোহ্হমপি বক্যামি হেতুমাত্রং নিবোধত॥৮॥

ভারতকোমুদী

ইন্ত্রনোদীমুপদিশতি—নর্বৈবিতি। পাগুবাং ক বর্ত্তক্তে ইতি কেনাপি পৃষ্টে যুখাভিং নর্বৈরপি চ ইতি বক্তব্যম্, যৎ, অম্মাভিং পাগুবা ন প্রাজায়ন্ত। হি যম্মাৎ, নর্বে পাগুবাং, অম্মান্, অপাকীর্য্য অপহায়, বৈত্তবনাদেব গতাং ॥৫॥

বিদিতমিতি। হে ভারত ! যুখিষ্ঠিব ! হে অপরে পাগুবাশ্চ ! ব্রাহ্মণেয়ু স্বস্থাংস চ, যানে রথাছাবোহনে, প্রহরণে যুদ্ধে, ভথৈব অগ্নিয়ু অগ্না পোতেষু চ, যৎ যৎ কর্ত্তব্যমিতি শেবঃ, তৎ সর্বমেব যুদ্মাভিবিদিতম্ ॥৬॥

ষমেতি। হে নুপ! ষমা ফাল্কনেন অর্জ্নেন চ, ক্লফায়া ক্রোপভাঃ, রক্ষা বিধাতব্যা, তব সভাবতিষ্মেন রাজসন্নিধানাৎ অর্জ্কনত চাল্ডঃপ্রন্থায়িষ্মেন ক্রোপভা এব সান্নিধ্যাদিতি ভাবঃ। প্রাধান্তেনেদম্পদিশু সাধারণ্যনোপদেষ্ট্রং প্রসাদরতি—বিদিতমিতি। ইদং সর্বাং লোকবৃত্তং লোকিকব্যবহাবো যথা যথার্থমেব বো মুমাকং বিদিতমন্তি ১৭৪

ভারতভাবদীপঃ

াং। বিহিতং শাস্ত্রোক্তং ব্রাহ্মণাদিয়ু উপস্থিতেয়ু পরিচর্য্যাদিকং পাগুবা: সর্বাং জানস্তীতি শেবং। যানে বিজয়যাত্রায়াম্, প্রহরণে যুদ্ধে। যগুপোবং তথাপি কিঞ্চিত্বস্যামীতি ভাবং ॥৬॥ তদেবাহ—স্বয়েতি। ত্বয়া যুধিষ্টিবেণ, ইদং লোকবৃত্তং প্রাক্তজনশীলম্, অরক্ষ্যমাণাস্থ স্ত্রীযু

কেহ জিজ্ঞাসা করিলে তোমরা সকলেই ইহা বলিবে যে, পাগুবদের সংবাদ আমবা জানি না। কারণ, তাঁহারা সকলেই আমাদিগকে পবিত্যাগ করিয়া হৈতবন ইইতেই চলিয়া গিয়াছেন" ॥৫॥

ধৌম্য বলিলেন—"যুধিষ্ঠির! অপর পাশুবগণ। ব্রাহ্মণগণ, বন্ধুগণ, যানারোহণ ও যুদ্ধপ্রভৃতিবিষয়ে এবং অগ্নিপ্রভৃতির উৎপাতে যাহা যাহা কর্তব্য, সে সমস্তই তোমাদেব জানা আছে ॥৬॥

প্রধানতঃ তুমি ও অর্জুন দ্রৌপদীকে রক্ষা করিবে। বাজা! এই দৌকিক ব্যবহার সকলই তোমাদেব যথাযথভাবে জানা আছে ॥৭॥

⁽৬) বিহিতম্—বা ব রা ভা, ---পাগুবা: দর্ব্বে—প্র। (৭)---বিদিতং বো ষথান্তায়ম্ —প্র। (৮) উভয়ার্দ্ধয়োর্মধ্যে 'এব ধর্মক কামক অর্থকাপি ন সংশয়:' ইত্যব্ধিং —প্র।

হস্তেমাং রাজবদতিং রাজপুত্রা ত্রবীমি বং।

যথা-রাজকুলং প্রাপ্য সর্ববান্ দোষাংস্তরিষ্যথ ॥৯॥

. তুর্ববসং ত্বেব কোরব্যা জানতাং রাজবেশানি।

অমানিতৈর্মানিতৈর্বা অজ্ঞাতিঃ পরিবৎসরম্ ॥১০॥

দ্বিষ্টদ্বারো লভেদ্দ্রেফীং ন চ রাজস্থ বিশ্বসেৎ।

তদেবাসনমন্বিচ্ছেদ্যত্র নাভিষ্তজ্বং পরঃ ॥১১॥

ভাবতকৌমুদী

তর্হি ভবান্ নিবর্দ্বতামিত্যাহ—বিদিত ইতি। বিদিতে চাপি, স্বৃহস্কিং, অন্থরাগতঃ মেহাদেব, পুনর্বক্তবাং তল্লোকবৃত্তমিতি শেষ:। অতঃ অহমপি, হেতুমাত্রং অবণকাবণমাত্রং কেবলম্মবণার্থ-মিত্যর্থঃ তৎ বক্ষ্যামি, নিবোধত যুয়ং তৎ শূণুত ॥৮॥

হম্বেতি। হস্কেতি খেদে। হে বাজপুতা:। বো যুমান্, ইমাং বাজবসতিং রাজপুলে বাসপ্রকাবং ব্রবীমি। যথা যেন, বাজকুলং বিরাটবাজভবনং প্রাপ্য সর্কান্ দোষান্ তবিষ্কাণ অতিক্রমিষ্কাণ ॥ না

তৃর্ব্বসমিতি। হে কৌরব্যা:। জানতাং সর্বান্ বিষয়ান্ ব্ধ্যমানানামপি জনানান্, বাজবেশ্মনি, তৃঃখেনোক্সত ইতি তৃর্ব্বসং ভাবে থল্, তৃঃখেনের বাসঃ কর্ত্বব্য ইত্যর্থ:। অতএব মুমাভিঃ পরেণ অমানিতৈর্বা দিউ:, অজ্ঞাতৈবেব, পবিবংসরমিমং সংবংসরং বস্তব্যমিতি শেবঃ, তথৈব প্রতিজ্ঞাতত্বাদিতি ভাবঃ। অত্যক্তসংযোগে বিতীয়া ॥১•॥

ভাবতভাবদীপঃ

সাধনীষপি অন্তায্যকল্পনম্, অতঃ কুষ্ণা বলৈগবেতার্থ: ॥ ৭॥ বিদ্বাংসোহপি স্থন্তন্তি: প্রীত্যাবশ্যং বোধনীয়া এবেত্যাহ—বিদিতে চাপীতি। এবং সোহাদিপ্রদর্শনেন ধর্মাদল্লোহনুস্তা ভবন্তীতি ভাব: ॥৮॥ হন্তেতানুকম্পাযাম্, বাজবসতিং রাজকুলে বাসং তদ্বিধিমিতার্থ: ॥২॥ ত্র্বসং

জানা থাকিলেও, স্নেহবশতঃ বন্ধুজনের আবাবও তাহা বলা উচিত। তাই আমিও কেবল স্মবণ করিবাব জন্মই বলিতেছি; তোমরা শ্রবণ কব ॥৮॥

বাজপুত্ৰগণ। আমি তোমাদেব নিকটে বাজভবনে বাস করিবাব বীতি বলিতেছি; যাহাতে তোমরা বাজভবনে থাকিষা সমস্ত দোষ হইতে উত্তীর্ণ হইবে ॥२॥

কুকবংশীয়গণ! অভিজ্ঞ লোকদেব পক্ষেও রাজভবনে বাস করা তৃষ্কব; অতএব অস্তা লোক তোমাদেব সম্মান কক্ষক বা না-ই কক্ষক, এই এক বংসব তোমাদের অজ্ঞাতভাবে বিরাটবান্ধার ভবনে বাস করিতেই হইবে ॥১০॥

⁽১•) ··· জনতা রাম্ববেশ্বস্থ — ভা। উভয়ার্দ্ধযোর্মধ্যে 'পাণ্ডবান্নিবয়ং লোকে সর্বশস্ত্রময়ো মহান্। ভর্তা গোপ্তা চ ভূতানাং রাজা পুরুষবিগ্রহঃ।' ইত্যধিকঃ শ্লোকঃ—প্র।··· 'অমানিতাঃ স্থমানার্হাণ ব্যক্রাতাঃ পরিবৎসরম্'।—প্র। 'তভন্চভূর্দ্ধশে বর্ষে চরিক্সথ যথা স্থ্যম্'—প্র বা ব রা। (১১) ··· রহন্তের্ ন বিশ্বদেং—প্র।··· যচ্চ নাভিষঞ্জেৎ পরঃ—ভা।

যো ন যানং ন পর্য্যক্ষং ন পীঠং ন গজং রথম্। আরোহেৎ সম্মতোহস্মীতি স রাজবসতিং বসেৎ ॥>২॥ অথ যত্ত্রৈনমাসীনং শক্ষেরন্ চুফ্টচারিণঃ। ন তত্ত্রোপবিশেদ্ যো বৈ স রাজবসতিং বসেৎ ॥>৩॥

ভারতকৌমুদী

বাদপ্রকারম্পদেষ্ট্যাবভতে—দিষ্টেতি। প্রবেশেক্ছাযাং জ্ঞাপিতাযাং দিষ্টং দারপালেন প্রবেষ্ট্রম্পদিষ্টং দারং যক্ত স তাদৃশো জন এব, রাজানং ক্রষ্ট্রং লভেৎ প্রাপ্নরাৎ। বাজস্ক চ ন বিশ্বসেৎ,
তেখামস্থিবচিত্তত্বাৎ। তদাসনমেব অন্বিক্ষেৎ উপবেষ্ট্রং মার্সমেৎ, যত্র পবো জনঃ ন অভিবজেৎ
চিবোপবেশনার সংস্ক্রেছে ॥১১॥

য ইতি। সন্মতঃ অহং রাজ্ঞঃ প্রিষোহন্দীতি মত্বা যো জনঃ, রাজ্ঞো যানং নোঁকাদিকং ন, পর্যাঙ্কং থটাং ন, পীঠমাসনং ন, গজং হস্তিনং ন, বথঞ্চ ন আবোহেৎ, স জন এব, বাজ্ঞো বসতিং গৃহম্, বদেং বস্তুং শক্লুযাৎ, অন্তথা তু রাজৈব বিবক্ত্যা তং নিকাশয়েদিতি ভাবঃ। বসেঃ সকর্মকত্ব-মার্বম্। "বসতী বাজিবেশ্মনোঃ" ইত্যামবঃ ॥১২॥

অথেতি। অথ তৃষ্টচাবিণো তৃজ্জনাং, যত্র আসীনস্পবিষ্টম, এনং বাসাভিলাবিণং জনম, শঙ্কেরন্ অথং মৎপদমাদাতৃমিচ্ছতীতি সন্দিহীবন্, তত্ত্ব আসনে যো নোপবিশেৎ, স এব রাজ-বসতিং বসেৎ, অন্যথা তে তৃজ্জ না এব তং বহিছুর্ ্বিত্যাশবং ॥১৩॥

ভাবতভাবদীপঃ

ছাথেন বস্তাং শক্যম্ ॥১০॥ দৃষ্টবার: প্রতীহারবারা নিবেছের রাজানং প্রষ্টুমিচ্ছের বনমুজ্ঞাত ইতার্থ:। দিষ্টেত্যপি পাঠ:। পাঠান্তবে বহস্তের্মজ্ঞকার্য্যের ন বিশ্বসেৎ সম্প্রতাহশীতি বৃদ্ধা তত্ত্ব ন গচ্ছেৎ। পূর্তাদিষপি অবিশ্বস্তা রাজানো মন্ত্রবিপ্রবস্ত্যাৎ সভো মার্যেয়্রিতি ভাব:। তদেবেতি পরেণ সহ বৈরং মা ভূদিতি পরাসনং নাম্বিচ্ছেৎ ॥১১॥ যানং প্রকীযমিতি শেষ: ॥১২॥ তৃষ্টচারিণো তৃষ্টাচারা: যত্ত্ব যত্ত্ব দৃত্যমন্তবেশ্বাদিস্থানের্ অনগরস্থপবকীয়চাব্যশুলে বা আসীন্যেনং দৃতোদিপ্রিযোহ্যং প্রৈভেদিতোহয়মিতি শঙ্কের:স্তত্ত্ব নোপরিশেৎ। রাজ-

অতএব প্রতিহারী দ্বাব ছাড়িয়া দিলেই বাজদর্শন পাইবে, বাজাদেব উপরে বিশ্বাস কবিবে না এবং যে আসনে অন্ত লোকেব উৎপাত না হয়, সেই আসনেই উপবেশন কবিবার চেষ্টা কবিবে ॥১১॥

'আমি রাজাব প্রিয় হইয়াছি' ইহা মনে কবিয়া যে লোক রাজার যান, পর্যাঙ্ক, আসন, হস্তী ও বথে আবোহণ কবে না, সেই লোকই বাজভবনে বাস কবিতে পাবে ॥১২॥

যেখানে উপবেশন করিলে তুর্জ্জনেবা আশঙ্কা কবে, সেইথানে যে উপবেশন কবে না, সেই লোকই রাজভবনে বাস কবিতে পাবে ॥১৩॥

^{(&}gt;७) यव यदेवनमानीनम्-वा व ज्ञा।

ন চাকুশিষ্যাদ্রাজানমপৃচ্ছন্তং কদাচন।
তৃষ্ণীং ছেনমুপাদীত কালে দমভিপূজ্যন্॥১৪॥
অদুয়ন্তি হি রাজানো জনাননৃতবাদিনঃ।
তথৈব চারমন্মন্তে মন্ত্রিণং বাদিনং মুষা॥১৫॥
নৈষাং দারেষু কুবর্নীত মৈত্রীং প্রাজ্ঞঃ কদাচন।
অন্তঃপুরচরা যে চ দেপ্তি যানহিতাশ্চ যে॥১৬॥
বিদিতান্মস্থ কুবর্নীত কার্য্যাণি স্থলঘূম্যপি।
এবং বিচরতো রাজ্ঞি ন ক্ষতির্জায়তে কচিৎ॥১৭॥

ভারতকোমুদী

নেতি। অত কিং কর্ত্তব্যমিত্যাদিরপেণ অপৃচ্ছস্তং রাজানম্, কদাচনাপি ন অহুশিষ্মাত্বপ-দিশেং। কিঞ্চ কালে যথাসময়ম্, সমভিপৃজয়ন্ অভিবাদনাদিনা সম্মান্যন্, এনং রাজানম্, তুঞ্জীং নীর্বম্, উপাসীত লক্ষ্যীকৃত্য সমীপে উপবিশেং ॥১৪॥

অস্থস্তীতি। বাজান:, অনুতবাদিনো মিথ্যাবাদিনো জনান্, অস্থস্তি হি দোবাবিফাবেণ বিদ্বিস্ত্যেব , তবৈব চ মুবা মিথ্যাবচনশু বাদিনং মন্ত্রিণম্বমন্ততে ।১৫।

নেতি। প্রাক্তো বৃদ্ধিমান জনা, এবাং রাজ্ঞাং দারেষু ভার্যান্ত, তথা যে চ জনা রাজ্ঞামন্তঃপুবচরা:, যাংশ্চ জনান্ রাজা বেষ্টি, যে চ জনা:, রাজ্ঞামহিতাঃ শত্রবং, তেষু জনেষু চ, কদাচনাপি
মৈত্রীং প্রণয়ং ন কুর্বীত ।১৬।

ভারতভাবদীপঃ

গামিপৈণৃক্তভাদিতার্থ: ॥১৬॥ নাছশিক্সাৎ ইদমিখং কুর্নিতি নাজ্ঞাপরেৎ, তৃঞ্চীং মোনেন কালে পরাক্রমসমযে সমভিপূদ্ধেৎ স্তবীত ॥১৪॥ স্ততিরপাভূতার্থা ন কর্তব্যেত্যাহ—অস্মন্তীতি। দুবয়ন্তীতার্থ: ॥১৫॥ যেহন্ত:পুবচরা: যাংশ্চ রাজা বেষ্টি যে চ রাজ্ঞাহহিতা ছেটারকৈ:

রাজা জিজ্ঞাসা না করিলে কখনও তাঁহাকে উপদেশ দিবে না এবং যথাসময়ে রাজার সম্মান করিয়া তাঁহার নিকটে নীরবে বসিয়া থাকিবে ॥১৪॥

রাজারা মিথ্যাবাদী লোকদিগেব প্রতি বিদ্বেষ করেন এবং মিথ্যাবাদী মন্ত্রণা-দাতার প্রতি অবজ্ঞা করিয়া থাকেন ॥১৫॥

যাহাবা রাজার অন্তঃপুরে বিচবণ কবে, বাজা যাহাদের প্রতি বিদ্বেষ কবেন এবং যাহারা বাজাব শক্র, তাহাদের সঙ্গে কিংবা বাজাব ভার্য্যাদের সঙ্গে বৃদ্ধিমান্ লোক কখনও মিত্রতা করিবে না ॥১৬॥

⁽১৪) ন চামুশিয়েং—ভা। (১৫) অত্যন্তীহ—ভা। (১৬)--প্রান্তঃ কথক্ষন—ভা। (১৭) বিদিতে চাশ্য—প্র বা ব রা, ---রাজ্ঞঃ –প্র, ---ন ক্ষিডির্জায়তে ক্ষ্যিং—ভা। ইতঃ পরম্ 'গচ্ছমণি পরাং ভূমিমপৃষ্টো হ্যনিযোজিতঃ। জাত্যদ্ধ ইব মন্তেত মর্ব্যাদামস্চিত্তয়ন্। নহি পুরেং ন নপ্তারং ন লাতরমরিন্দমাঃ। সমডিক্রান্তমর্ঘাদং পুজরুত্তি নরাধিপাঃ।' ইতি ক্ষোক্ত্যমধিকম্—প্র বা ব রা।

যত্নাচ্চোপচবেদেনমগ্নিবদ্দেববচ্চ হ।
অনৃতেনোপচীর্ণো হি হন্যাদেনমদংশগ্নগ্ন ॥১৮॥
যচ্চ রাজান্মযুঞ্জীত তদেবাভ্যন্মবর্ণয়েৎ।
প্রমাদমবলেপঞ্চ ক্রোধঞ্চ পরিবর্জ্জয়েৎ ॥১৯॥
সমর্থনাস্থ সর্ববাস্থ হিতঞ্চ প্রিয়মেব যৎ।
সংবর্ণয়েত্তদেবাস্থ প্রিয়াদিপ হিতং বদেৎ ॥২০॥

ভারতকৌমুদী

বিদিতানীতি। স্থলঘূভপি স্বত্যন্নাভপি কার্য্যাণি, অক্স রাজ্ঞা বিদিতাভেত কুর্বীত। এবমিখম্, রাজ্ঞি রাজভবনে, বিচরতো জনভ, ফচিদপি ক্ষতির্ন জায়তে ৪১৭৪

যত্নাদিতি। বিষ্ণ, এনং রাজানম্, অগ্নিবৎ দেববচ্চ, উপচরেৎ সেবেত। হশবাং পাদপুরণে। হি যাঝাৎ, অনুতেন মিথ্যাভক্তিপ্রদর্শনেন, উপচীর্ণ: সেবিতো রাজা, এনম্ উপচারকং সেবকম্, অসংশয়ং হক্তাৎ, তাং মিথ্যাভক্তিং জানন্ ॥১৮॥

যদিতি। কিঞ্চ, বাজা যদম্যুদ্ধীত পৃচ্ছেৎ। "প্রশ্নোহ্মযোগঃ পৃচ্ছা চ" ইত্যমরঃ। তদেব অভ্যন্তবর্ণয়েৎ বিবৃত্য বদেৎ। "ন চামশিদ্যান্তাজানন্" ইত্যাদিনা অপৃষ্টে উপদেশনিবেধঃ, অত্ত ত্বানিবেধ ইতি ভেদঃ। প্রমাদং সম্মানপ্রদর্শনাদাবনবধানতাম্, অবলেপং গর্কম্, জোধঞ্চ, পরিবর্জ্জয়েৎ ॥১৯॥

ভারতভাবদীপঃ

দর্বৈ: সহ মৈত্রীং ন কুর্যাৎ ॥১৬॥ রাজ্ঞি রাজসরিধো বিচরতো বিচারপূর্বকং বদতো ন ক্ষতিমানহান্তাদির্জায়তে ॥১৭॥ (পাঠান্তরে) গল্ডরিতি। পরাম্ উৎকুষ্টাং ভূমিং নিতাং গল্ডন্ আসনার্থং প্রাপ্নুবন্ বাজ্ঞা অপৃষ্টোহসভাবিতোহনিয়োজিতঃ বে স্থানে উপবিশেতানাজ্ঞপ্তো জাত্যক্ষ
ইব তৎস্থানমপশ্রন্তমিবাত্মানং মত্যেত, যাবপ্রাক্ষা ন সভাবতে নাপা।সনং দিশতি তাবং প্রতীক্ষেতৈবেতার্থ: ॥১—২॥ অন্তথা দোবমাহ—ন হীতি। মত্মাদিতি। অতিসারিধ্যাদয়িরিব রাজ্ঞা
দহতি অবজ্ঞানাদেব ইব সর্বাং হরতীতার্থ:। অনুতেন কৃটকার্যাপণাদিনা উপচীর্ণ আরাধিতঃ
হন্তাদেব ॥১৮॥ ভর্জা বাজা, অমুষ্টাত আজ্ঞাপবেৎ প্লেছবা। অমুবর্জবেৎ কুর্যাদ্বদেশা।

আর, অতিসাধাবণ কার্য্য হইলেও, তাহা রাজাব বিদিত অবস্থাতেই করিবে। এইভাবে রাজভবনে যে লোক অবস্থান কবে, তাহাব কখনও ক্ষতি হয় না॥১৭॥

যত্নপূর্ববৈক অগ্নির স্থায় এবং দেবতাব স্থায় বাঙ্গাব সেবা করিবে; কিন্তু মিথ্যা-ভাবে বাজার সেবা কবিলে, তিনি নিশ্চয়ই সেবককে বিনষ্ট করেন ॥১৮॥

বাজা যাহা জিজ্ঞাসা করিবেন, তাহাই বর্ণনা করিবে এবং অসাবধানতা, গর্ব্ব ও কোধ পবিত্যাগ কবিবে ॥১৯॥

⁽১৮)--- হন্যাদেব ন সংশয়:—বা ব রা। '(১৯) যচ ভর্তা—প্র, যদ্যন্তর্তা--- অভাস্থ-বর্ত্তরেৎ—বা ব রা ভা,---প্রমাদমবহেলাঞ্চ— ভা। (২০)---প্রিয়মেব চ।---হিতাদপি প্রিয়ং বদেৎ—ভা।

বিয়াট-৫ (১২)

অনুকৃলো ভবেচ্ছাস্থ দৰ্বাস্ত্ৰ চ কথাস্থ চ।
অপ্ৰিয়ঞ্চাহিতং যথ স্থান্তদম্ম নানুবৰ্ণয়েথ ॥২১॥
নাহমস্থ প্ৰিয়োখস্মীতি মন্বা দেবেত পণ্ডিতঃ।
অপ্ৰমন্তশ্চ যক্তশ্চ হিতং কুৰ্য্যাথ প্ৰিয়ঞ্চ যথ ॥২২॥
নাস্থানিষ্টানি দেবেত নাহিতৈঃ দহ সংবদেথ।
স্বন্থানাম বিকম্পেত দ বাজবদ্যতিং বদেথ ॥২৩॥

ভারতকৌমুদী

সমিতি। সর্বাহ্ন সমর্থনাস্থ কর্ষব্যাকর্ষব্যালোচনাস্থ, অস্ত রাজ্ঞা, যৎ হিতং যচ্চ প্রিযম, তদেব সংবর্গযেৎ বদেৎ। হিতপ্রিয়যোকভয়োঃ কথনাসম্ভবে কিং বদেদিত্যাহ—প্রিযাদিতি। প্রিয়াদিপি প্রিয়ং পরিত্যাজ্যাপি, ল্যব্লোপে পঞ্চমী, হিতং বদেৎ। হিতাসম্ভবে তু নীবব এব তিঠেদিতি ভাবঃ । ২০।

অবিতি। সর্বাস্থ কথাস্থ আলোচনাম্বের, অস্ত রাজ্ঞ: অমুকূল: পক্ষপাতী ভবেৎ। রাজ্ঞা যৎ অপ্রিযমহিতঞ্চ স্থাৎ, অন্মৈ রাজ্ঞে, তৎ নামুবর্ণযেৎ ন বড়েৎ ।২১॥

নেতি। পণ্ডিতো বৃদ্ধিমান্ জন:, অহমশু রাজ্ঞ: প্রিযোহশ্বি ইতি মছা রাজানং ন সেবেত, তথাত্বে কদাচিৎ সেবাশৈথিল্যমণি আদিতি ভাব:। তথা অপ্রমন্ত: সাবধানশ্চ, যত্তো বছবাংশ্চ সন্, রাজ্ঞো যৎ হিতং প্রিয়ঞ্চ আৎ তদেব কুর্যাৎ ॥২২॥

ভারতভাবদীপঃ

প্রমাদম অনবধানতাম, অবলেপং শৌর্ঘাদিগর্কাম্ ॥১৯॥ সমর্থনাম্ম, কার্ঘাকার্যপরীক্ষাম্ম হিজৎ পরিণামম্ব্যং প্রিয়ং শ্রুতিম্ব্যক্ষ বদেৎ। উভযোঃ সমূচ্যাসম্ভবে প্রিয়াদিণি হিজৎ ভবেৎ প্রিয়ং ত্যক্তাপি যদ্ধিতং ভবেৎ তদেব বদের তু হিতবিবাধি প্রিয়ং বদেদিতার্থঃ॥২০॥ অস্ত্র্যার্থির্ম্বর্মের্ম্বর্মাধনেয় অমুক্লো যত্মবান্ ভবেৎ, ন তু প্রাতিক্ল্যমালস্তং বা কুর্ঘাদিতার্থঃ
॥২১॥ পণ্ডিতঃ পবিহাসকঃ। "পণ্ডিতঃ সিহলকে করোঁ" ইতি বিশ্বঃ। থণ্ডিত ইতি পার্টে বিচ্ছিত্য ন সেবেড কিং ভবিচ্ছেদেনের সেবেডেতার্থঃ। অপ্রমন্তোহবহিতঃ ॥২২॥ অস্থানাৎ

সর্বপ্রকাব কর্ত্তব্য ও অকর্ত্তব্যেব আলোচনাব সময়ে—যাহা বাজার হিত ও প্রিয় হইবে, তাহাই বলিবে এবং উভয়েব অসম্ভবস্থলে প্রিয় পরিত্যাগ করিয়াও হিতই বলিবে ॥২০॥

সমস্ত আলোচনাতেই নাজার পক্ষপাতী হইবে; কিন্তু যাহা রাজার অহিত ও অপ্রিয, তাহা রাজার নিকট বলিবে না ॥২১॥

'আমি বাজার প্রিয়' ইহা মনে করিয়া বৃদ্ধিমান্ লোক রাজসেবা কবিবেন না এবং সাবধান ও যত্নবান্ হইয়াই—যাহা রাজাব হিত ও প্রিয়, তাহা কবিবেন ॥২২॥

⁽২১)···অপ্রিয়ঞ্চ হিতং যৎ স্থাৎ – ভা। (২)···সহ সংবদেৎ—বা ব রা, সহ সংবিশেৎ—ভা।

দক্ষিণং বাথ বামং বা পার্শ্বমাসীত বাগ্যতঃ।
বক্ষিণাং ছাত্তশস্ত্রাণাং স্থানং পশ্চাদ্বিধীয়তে ॥২৪॥
নিত্যং বিপ্রতিষিদ্ধং হি পুরস্তাদাসনং মহৎ।
ন চ সন্দর্শনে কিঞ্চিৎ প্রবৃত্তমণি সংজ্পেৎ ॥২৫॥

ভাবতকৌমুদী

নেতি। যা খলু অস্তা রাজ্ঞা অনিষ্টানি ন সেবেত ন কুর্য্যাৎ, অস্তা অহিতৈঃ শক্রতিঃ সহ ন সংবদেৎ ন সংস্কারেণ, স্বস্থানাৎ সভাদো বাজনির্দ্দিষ্টাত্মস্থানাৎ ন বিকম্পেত ন বিচলেৎ স্থানান্তরং নাশ্রবেদিতার্থা, স এব রাজবস্তিং বসেৎ ॥২৩॥

দক্ষিণমিতি। বৃদ্ধিমান্ জনং, বাগ্যতো নীববং দন্, রাজ্ঞা দক্ষিণং বা বামং বা পার্থ-মাশ্রিত্য আসীত উপবিশেৎ। হি যশ্মাৎ, আন্তশস্ত্রাণাং গৃহীতাস্ত্রাণাং রক্ষিণাং বাজ্ঞঃ শরীররক্ষকাণাম্, স্থানমেব রাজ্ঞঃ পশ্চাদেশে বিধীযতে নীতিবিস্তিঃ। অতন্তত্র নাসীত ইত্যাশয়ঃ ॥২৪॥

অথ তর্হি রাজ্ঞঃ পুবস্তাদাসীতেত্যাহ—নিত্যমিতি। পুরস্তাৎ রাজ্ঞঃ সমূথে, আসনম্ উপবেশনম্, নিত্যং হি সর্কদৈব, মহৎ সাতিশবং যথা আত্তথা, বিপ্রতিবিদ্ধং বিশেবেণ নিবিদ্ধং নীতিবিদ্ধিং, বাদিপ্রতিবাদিস্থানত্বাৎ অন্তাগমননিবোধাচেতি ভাবঃ। কিঞ্চ সন্দর্শনে প্রত্যক্ষে, প্রবৃত্তং জাতমপি, কিঞ্চিৎ গোপনীবং মন্ত্রণাদিকম্, ন সংজ্ঞপেৎ অন্তত্ত্ব গুপ্তভাবেনাপি ন বদেৎ ॥২৫।

ভাবতভাবদীপঃ

যাজনতার বিকম্পেত ন চলেৎ ॥>৩॥ পণ্ডিতো বিভাবান, বাজানং কথাভী রময়ন্ পার্থে ডিঠেৎ বক্ষিণাং রাজগোপ্ত,গাং তু স্থানং পৃষ্ঠতঃ ॥২৪॥ শূবেণ পণ্ডিতেন বা, পুরস্তাৎ আসনম্ উপবেশনং ন কর্ষব্যমিতার্থঃ। রাজ্ঞাং সন্দর্শনে সমক্ষং প্রস্তুত্তমণি ভক্তবেতনাদিদানম্ অহংপূর্বিকয়ানা-

যিনি রাজাব অনিষ্ট করেন না, রাজার শক্রদের সহিত মিলিত হন না এবং আপন স্থান হইতে অক্সস্থানে যান না, তিনিই রাজভবনে বাস কবিতে পাবেন ॥২৩॥

বৃদ্ধিমান্ লোক নীরব হইয়া রাজার দক্ষিণপার্শ্বে বা বামপার্শ্বে বিসবেন। কেন না, নীভিজ্ঞ পণ্ডিভেরা অন্ত্রধারী রক্ষিপুক্ষদের জন্মই বাজার পশ্চান্তাগেব স্থান বিধান করিয়াছেন ॥২৪॥

নীতিজ্ঞ পণ্ডিতেবা বাজাব সম্মুখে উপবেশনটাকে সর্ববদাই নিষেধ কবিয়াছেন। আর, নিজের সমক্ষে কোন গুপ্ত আলোচনা হইলেও, তাহা অহাত্র গুপ্তভাবেও বলিবে না ॥২৫॥

⁽২৪)---আসীত পণ্ডিতঃ--বা ব বা ভা,---বক্ষণা শত্রুণন্তাণাং স্থানং পশ্চাবিধীয়তে--ভা। (২৫) নিতাং বিপ্রতিধিদ্ধং তু---প্রবৃদ্ধমপি--প্র,---সংক্ষয়েৎ--বা ব রা।

অপি হেতদ্বিদ্রোণাং ব্যলীকস্থানমূত্তমন্।
ন মুয়াভিহিতং রাজ্ঞা মনুষ্যেরু প্রকাশয়েৎ ॥২৬॥
শ্রোহস্মীতি ন দৃপ্তঃ স্থাদ্বুদ্ধিমানিতি বা পুনঃ।
প্রিয়মেবাচরন্ রাজ্ঞঃ প্রিয়ো ভবতি ভোগবান্॥২৭॥
শ্রম্যাং প্রাপ্য তুপ্রাপং প্রিয়ং প্রাপ্য চ রাজতঃ।
অপ্রমত্তো ভবেদ্রাজ্ঞঃ প্রিয়েয়ু চ হিতেয়ু চ ॥২৮॥
যন্ত কোপো মহাবাধঃ প্রসাদস্ত মহাফলঃ।
কন্তম্য মনসাপীচেছদনর্থং প্রাজ্ঞদন্মতঃ॥২৯॥

ভারতকৌমূদী

নহ কুতো ন সংস্কপেদিতাহ—অপীতি। হি যশাৎ, এতৎ গুপ্তমন্ত্রণাদিপ্রকাশনম্, দরিজাণা-মপি, উত্তমং মহদেব, ব্যলীকস্থানম্ অপ্রিষবিষয়ঃ। "ব্যলীকং ব্যঙ্গবৈলক্ষ্যাপ্রিয়াকার্য্যেষ্ পীড়নে" ইতি হেমচক্রঃ। কিঞ্চ রাজ্ঞা মুবা মিখ্যা অভিহিতমূক্ত বাক্যং মন্থ্যেষু ন প্রকাশয়েৎ ১২৬।

শূব ইতি। অহং শূবো বীরোথশ্বি ইতি রুস্বা, পুন:, বুদ্ধিমানশ্বি ইতি রুস্বা বা, দৃষ্টো রাজ্ঞা সমক্ষ গর্লিতো ন স্থাৎ। কিন্দ রাজ্ঞা প্রিয়াং কার্য্যম, আচরন্ কুর্বায়েব, রাজ্ঞা প্রিয়া, তদ্মগ্রহাৎ ভোগবাংশ্চ ভবতি ॥২৭॥

ঐশ্ব্যমিতি। রাজতো রাজ্ঞা সকাশাৎ, ত্প্রাপং ত্র্লভম্, ঐশ্ব্যং ভূম্বামিমাদিকম্, প্রিয়ং ধনাত্যপায়নঞ্চ প্রাপ্যাপি রাজ্ঞা প্রিয়েষ্ চ হিতেষ্ চ অপ্রমন্তঃ সাবধান এব ভবেৎ, চিরমেব তদক্রাগবর্তনার্থমিতি ভাবঃ ॥২৮॥

ভাবতভাবদীপঃ

কারিত: দন্, ন সম্ববেৎ স্বীকুর্ঘ্যাৎ ।২৫। এতৎ তু ধার্ষ্ট্যং দরিব্রাণামপি ব্যলীক্স্থানমপ্রিয়পদং কিন্ত বাজামিতি ভাব:। উত্তমং পরমং নেতি রাজ্ঞোদিতমনৃতং বহির্ন প্রকাশয়েৎ ।২৬। (পাঠাস্তরে) হি যন্মাৎ অনৃতবাদিনো নূপান হি যতোহক্তে রাজানোহন্দ্রম্ভি দৌষবন্দ্রেন

কারণ, এই গুপ্ত আলোচনা প্রকাশ কবাটা দরিত্তেরও অত্যস্ত অপ্রীতিকর হইয়া থাকে। আর, রাজা কোন মিথ্যা কথা বলিলে, তাহা মানুষেব নিকট প্রকাশ করিবে না ॥২৬॥

'আমি বীব কিংবা আমি বৃদ্ধিমান্' ইহা উল্লেখ কবিয়া রাজাব সমক্ষে গর্ক করিবে না এবং প্রিয়কার্য্য করিয়াই রাজার প্রিয় ও ভোগী হইতে পারে ॥২৭॥

বাজার নিকট হইতে তুর্লভ প্রভূষ কিংবা প্রিয় বস্তু পাইয়াও তাঁহার প্রিয়ে ও হিতে অবহিতই থাকিবে ॥২৮॥

(২৬)---রাজ্ঞ:—ভা। ইতঃ পরম্ 'বস্যুস্তি হি রাজানো জনাননূতবাদিনঃ। তবৈ চাবমক্ততে জনান্ পণ্ডিতমানিনঃ।' ইতি পুনুক্জার্থকঃ শ্লোক:—প্র বা ব রা। (২৮) প্রিয়ং প্রাপা চ ভারত।—প্র। (২৯)---প্রমাদশ্চ মহাক্সঃ—বা ব রা,---প্রমাদঃ স্বুমহাক্সঃ—ভা। ন চোঠো ন ভূজো জানু ন চ বাক্যং সমাক্ষিপেৎ। সদা বাতঞ্চ বাচঞ্চ জীবনঞ্চাচরেচ্ছনৈঃ ॥৩০॥ হাস্থ্যবস্তুষু চাপ্যস্থ বর্ত্তমানেষু কে্ষুচিৎ। নাতিগাঢ়ং প্রস্থান্ত ন চাপ্যুম্মত্তবদ্ধসেৎ॥৩১॥

ভারতকোমুদী

নম রাজ্ঞ দিদৃশামুগত্যে কিং প্রযোজনমিত্যাহ—যক্তেতি। যশু রাজ্ঞ কোপ:, মহতী বাধা বিপত্তির্বন্মাৎ দ তাদৃশ:, প্রদাদ: অমুগ্রহন্ত, মহৎ ফলমূপকাবো ফমাৎ দ তাদৃশ: ভাৎ; প্রাজ্ঞসমতো বৃদ্ধিমান কো জন: মনসাপি তন্তু বাজ্ঞ: অনর্থং কর্ত্তুমিচ্ছেৎ ? ॥২৯॥

নেতি। ওঠে ন, ভূজো জান্ চ ন, সমান্ধিপেৎ প্রদাবণাদিনা বিকৃতীকরণেন নিন্দিতে ন কুর্যাৎ, বাক্যঞ্চ ন সমান্ধিপেৎ বিকটোচ্চাবণাদিনা নিন্দিতং ন কুর্যাৎ। তথা দদিব, বাতং খাসবায়ং পায়বাযুঞ্চ, গ্রীবনঞ্চ মুখতঃ শ্লেমাদিনিক্ষেপঞ্চ, শনৈর্মন্দমাচরেৎ বাজ্ঞঃ সমক্ষং কুর্যাৎ, যথা শন্ধো ন আদিতি ভাবং, বাচং বাক্যঞ্চ শনৈরাচরেৎ, যথা উচ্চতাদিনা পরত্য বিরক্তিন আদিত্যাশয়ঃ 1001

হান্তেতি। অপি চ অশু রাজ্ঞ সমীপে, কেষ্টিৎ হাস্যবস্তম্ অভ্তবেশাদিষ্ বর্ত্তমানেষ্
লৎস্থ, অভিগাঢ়মভান্তম্, ন প্রস্তান্ত নানলেৎ, উন্মন্তবক্তাপি নাতিগাঢ়ং হসেৎ অট্টহাস্যং ন
কুর্যাৎ ৪০১৪

ভাবতভাবদীপঃ

কীর্তমন্তি। তন্তাৎ স্বামিনোহকীর্তিকরং ন বদেদিত্যর্থ:। অবমক্তন্তে রাজান ইতি শেব:। প্রিয়ো ভোগবাংশ্চ ভবতীতি সম্বন্ধ: ॥২৭—২০॥ ন চেতি। ক্রোধচাপলয়োঃ ফুচকমোষ্ঠাদীনাং সমাক্ষেপং প্রচালনং ন কুর্যাদিত্যর্থ:। বাতং মুখজম্ অধস্তনং বা শনৈবিতবেণাজ্ঞানং যথা ভবেত্তথা কুর্যাদিত্যর্থ: ॥২০॥ হাম্মেতি। অক্তন্ত রাজনেবকন্ত হাত্ত্যবস্তম্ হাস্তাম্পদেম্ অযথা-স্থিতের্ উন্ধীবাদিষ্ বর্তমানেষ্ নিমিত্তের্ তদীয়বৈকল্যেনাতিগাচং ন প্রহারেৎ নাপি হসেং। তাবতৈব বাজান এনং ক্ষুধং মন্তন্ত ইতি ভাবঃ। ন চৈবভূতে নিমিত্তে সতি ধৈর্যোণ কাষ্ঠবং

কারণ, যাঁহাব ক্রোধে গুকতব অনিষ্ট এবং অনুগ্রহে গুকতর ইষ্ট হইতে পাবে, কোন্ বৃদ্ধিমান্ লোক মনে মনেও তাঁহার অনিষ্ট করিবাব ইচ্ছা কবে ? ॥১৯॥

রাজার সমক্ষে ওর্চযুগল, বাহুযুগল ও জানুযুগলকে বিস্তার কবিয়া বিকৃত করিবে না এবং বিকটভাবে বাক্যোচ্চারণ কবিবে না , আর সর্ববদাই কণ্ঠবায়, পাযুবায় ও শ্লেমনিক্ষেপ ধীরে ধীবে করিবে এবং বাক্যোচ্চারণও আস্তে করিবে ॥৩০॥

বাজাব নিকটে কোন হাস্তকব ঘটনা উপস্থিত হইলে, অত্যন্ত আনন্দিত হইবে না, কিংবা উন্মন্তেব ন্থায় অট্টহাস্ত করিবে না ॥৩১॥

⁽৩·) ন চোটো নিভূজেজাতু—ভা বা।

ন চাতিথৈর্য্যেণ চরেদ্গুরুতাং হি ব্রজ্বেগা।
স্মিতস্ত মৃত্বপূর্বেণ দর্শয়েদপ্রমাদজম্ ॥৩২॥
লাভেন হর্ষয়েদ্বস্ত ন ব্যথেদ্যোহ্বমানিতঃ।
অসংমূদ্রু যো নিত্যং স রাজ্বস্তিং বসেৎ ॥৩৩॥
রাজানং রাজপুত্রং বা সংবর্ণয়তি যঃ সদা।
অমাত্যঃ পণ্ডিতো ভূষা স চিবং তিন্ঠতি শ্রিয়া ॥৩৪॥

ভারতকৌমুদী

নেতি। অতিথৈর্ব্যেণ যথা মৃত্বাস্থাদিকমপি ন স্থাৎ তাদৃশেনাতিধীরভাবেন চ ন চরেৎ,
হি যত্মাৎ, তথা সতি, গুরুতাং ভাববস্তাং জড়তামিতার্থং, রজেৎ প্রাপ্ন মাং লোকো জডমের
মন্ত্রেতেতার্থং। তথা কোতৃকাদো মৃত্ম ত্তিতব পূর্বাং যত্ম তেন ভাবেন, অপ্রমাদজং সাবধানতাজাতম,
ত্মিতম্ দিবদ্ধাত্মং দর্শয়েৎ; যথা তৎকোতৃকাদিকং প্রতি আত্মনোহনবধানতাপ্রকাশেন রাজানং
প্রত্যেপি অবজ্ঞান স্থাদিত্যাশরঃ। ১২।

লাভ ইতি। যো জনঃ, লাভে সত্যপি আত্মানং ন হর্ষদ্রেৎ নাধিকমানন্দ্রেৎ, যঃ অবমানিতঃ সম্মপি ন ব্যথেৎ ক্লেশং নাম্নভবেৎ, যশ্চ নিত্যং সর্বাদ্ধব অসংস্চঃ আলাপাদাববহিতন্তিষ্ঠতি, স এব বাজবস্তিং বঙ্গেৎ ।৩৩।

বাজানমিতি। যা পণ্ডিতঃ প্রাজ্ঞা জনঃ অমাত্যো ভূতা, সদৈব রাজানং রাজপুঞ্জ বা, সংবর্ণয়তি স্তৌতি, স জনঃ শ্রিয়া সম্পদা অহিতঃ সন্ চিবং তিষ্ঠতি ॥৩৪॥

ভারতভাবদীপঃ

স্থেমনিত্যাহ—নাতীতি ॥ ২১॥ গুকতাং জড়তাং কিমপায়ং ন জানাতীতি বদেয়্বিতি ভাবঃ।
অতএব স্মিতং মৃত্পূর্বাং কিঞ্চিদর্শবেদেব ॥ ২১॥ ন হর্ষষেৎ হয়েছং জনংমৃচঃ সেবায়ামেকাগ্রঃ
॥ ২০॥ রাদ্রা তদান্ত্রিতাক্ষ ভোতবা। এবেত্যাহ—বাজানমিতি। সংবর্জয়তীতি পাঠেহস্থ

অতি ধীব হইয়া চলিবে না। কেন না, তাহাতে লোকে নির্বোধ বলিয়াই মনে করিয়া থাকে। আব কৌতুকের সময়ে—সে দিকে যে মন আছে, তাহা জানাইবার জন্ম মৃত্ততাবে ঈষৎ হাস্ম দেখাইবে ॥৩২॥

যে লোক লাভে অধিক আনন্দিত হয় না, যে লোক অপমানিত হইয়াও ছংখ বোধ কবে না এবং যে লোক আলাপপ্রভৃতি বিষয়ে মনোযোগী থাকে, সেই লোকই রাজভবনে বাস করিতে পাবে ॥৩৩॥

যে বিচক্ষণ লোক অমাত্য হইয়া সর্ব্বদাই বাজার বা রাজপুত্রের স্তুতিবাদ করেন, তিনিই রাজার অন্তুত্রহে সম্পন্ন হইয়া চিবকাল রাজভবনে থাকেন ॥৩৪॥

⁽७२) नाटिरेशं हरस्ख्य-छा, ... हर्गराय श्रमानसम्-वा व द्या।

প্রগৃহীতশ্চ যোহমাত্যো নিগৃহীতশ্চ কারণৈঃ।
ন নির্বদতি রাজানং লভতে সম্পদং পুনঃ ॥৩৫॥
প্রত্যক্ষঞ্চ পরোক্ষঞ্চ গুণবাদী বিচক্ষণঃ।
উপজীবী ভবেদ্রাজ্ঞো বিষয়ে বাপি যো বসেৎ ॥৩৬॥
ভামাত্যো হি বলাভোক্ত্যুং রাজানং প্রার্থয়েত্যু যঃ।
ন স তিঠেচিবং স্থানে গচ্ছেচ্চ প্রাণসংশয়ম্ ॥৩৭॥
প্রোয়ঃ সদাত্মনো দৃষ্ট্যা পবং বাজ্ঞা ন সংবদেৎ।
বিশেষয়েচ্চ বাজানং যোগ্যভূমিষু সর্বদা ॥৩৮॥

ভারতকৌমূদী

প্রেতি। যা অমাত্যা, কারণৈ বাজ উন্নতিপ্রদর্শ নৈঃ, প্রগৃহীতশ্চ পূর্ব্বাপেক্ষযা উচ্চপদে আরোণিতক, কারণৈবপবাধৈঃ নিগৃহীতক পুনর্দণ্ডিতক সন্, রাজানং ন নির্বদ্ধি ন নিন্দতি, নোহমাত্যঃ পুনরণি সম্পদং লভতে, তদপবাধিবস্থত্যা রাজাত্মগ্রহাপাতাদিতি ভাবঃ ॥৩৫॥

প্রত্যক্ষমিতি। যো বিচক্ষণঃ, বাজ্ঞ উৎজীবী আপ্রিডো ভবেৎ, যো বাপি জনঃ রাজ্ঞা বিষয়ে রাজ্যে বনেৎ, স চ স চ জনঃ, বাজ্ঞঃ প্রত্যক্ষণ পবোক্ষণ গুণবাদী ভবেৎ। অন্তথা রাজ্ঞঃ কোপাদনিষ্টং ভবেদিতি ভাবঃ ॥৬৬॥

অমাত্য ইতি। যা অমাত্যা, বলাৎ বৃদ্ধিদামর্থ্যাৎ প্রতিষ্ঠাশক্তেশ্চ, রাজানং ভোক্তঃ, ঘাষত্তীকর্ত্ব, প্রার্থমেদিচ্ছেৎ, সা অমাত্যা, স্থানে আত্মপদে, চিবং ন তিষ্ঠেৎ, প্রাণসংশয়ঞ্চ গচ্ছেৎ প্রাপ্ত্রাধ্য রাজ্য কোপাদিত্যাশয় ॥৩৭॥

ভাবতভাবদীপঃ

শরতি, তিষ্ঠতে প্রকাশতে ১০৪। ন নির্বদৃতি ন নিন্দতি, দণ্ডিতোহপামাতাঃ পুনরভাূদয়-কামো রাজানং ন নিন্দেদিতার্থ: ১০৫। যো রাজ্ঞা বিষয়ে ভবেৎ দেশে বদেৎ যো বা রাজ্ঞ উপজীবী স বাজ্ঞা গুণবাদী ভাদিতি সম্বদ্ধ: ১০৬। বলাষ্ঠাৎ ভোল্কুং কুটিলীকর্জুং যেন কেনচিন্যান্দেন লোকান্ দণ্ডযেতি শিক্ষবন্ যঃ প্রার্থবেৎ স বাজ্ঞঃ প্রিযোহপি বছঙ্গনবিবোধাৎ চিরং স্থানং পদং ন ভিষ্ঠেৎ নামিতিষ্ঠেৎ। অবশ্রুং পদ্চাতো ভবেদিতার্থ:। ভোকুমিতি

যে মন্ত্রী রাজাব উন্নতি দেখাইয়া উচ্চপদে উঠিয়া আবার অপরাধবশতঃ দণ্ডিত হইয়াও বাজাব নিন্দা করেন না, তিনি পুনবায় সম্পদ লাভ কবেন ॥৩৫॥

যে-বিচক্ষণ লোক বাজাব আন্সিত হন, কিংবা যিনি বাজাব রাজ্যে বাস কবেন, তাঁহাবা উভয়েই রাজার সমক্ষে বা পবোক্ষে তাঁহাব গুণই বলিবেন ॥৩৬॥

যে মন্ত্রী বলপূর্বক বাজাকে নিজের আয়ন্ত কবিবাব ইচ্ছা কবেন, ডিনি চিবকাল আপন পদে থাকিতে পাবেন না, প্রত্যুত প্রাণসংশয়ই প্রাপ্ত হন ॥৩৭॥

⁽৩৪)---ন নির্বয়াতি বাজানম্--প্র,-- লভতে চ প্রিবং পুনঃ--ভা। (৩৮)---বিশেষযের রাজানং যোগ্যাভূমিযু সর্বাদা - প্র।

অমানো বলবান্ শ্রশ্ছায়েবামুগতঃ সদা।
সত্যবাদী মূহুর্দান্তঃ স রাজবসতিং বসেৎ ॥৩৯॥
অন্যন্মিন্ প্রেয়মাণে তু পুরস্তাদ্যঃ সমূৎপতেৎ।
অহং কিং করবাণীতি স রাজবসতিং বসেৎ ॥৪০॥

ভারতকৌমুদী

শ্রের ইভি। আজুন:, পরম্ত্রমম্, শ্রেষ: সম্পদং জাযমানং দৃষ্ট্রা, রাজ্ঞা সহ সদা ন সংবদেৎ সমানভাবেন মিলিতো ন ভবেং। কিন্ত সর্কদৈব যোগ্যভূমির রাজযোগ্যোচ্চন্থানের, রাজানম্, বিশেষযেৎ তাপেক্ষয়া প্রাধান্তেন স্থাপরেং ।০৮।

অমান ইতি। যা গদৈব, অমানা অবিষয়া, বলবান্, শৃর উৎসাহী, ছাষা ইব রাজ্ঞা অমুগতা, সত্যবাদী, মৃত্যু কোমলম্বভাবা, দাস্ত ইন্সিয়দমনশীলন্চ, স এব রাজবস্তিং বসেৎ। অম্রথা নেত্যভিপ্রায়া ।৩১।

অক্তশিরিতি। অন্তশিন্ জনে, প্রেক্তাৎ কার্জ্য কর্মণার রাজ্য প্রের্থ্যমাণে সতি, যঃ 'অহং কিং করবাণি' ইতি বদন্, প্রস্তাৎ রাজ্ঞঃ সমূপে সমূৎপতেৎ উপতিষ্ঠেৎ, স এব রাজবস্তিৎ বলেং ॥৪০॥

ভারতভাবদীপঃ

ভূজকেটিলো ইডাত রুণন্ ॥৩৭। শ্রেষ ইতি। রাজ্য সকাশাদাত্মনঃ স্বত্ত শ্রেরো ধনমানাদিলাভং দৃট্বা পরমন্তং নদা সর্বাদা রাজ্যা সার্জ্য ন সংবদের সংবাদয়েৎ কিন্তু মহারাজ্যা ন ভবাদৃশাদায়ের লক্ষ্মতীত্যের লোকে পরং দর্শবেৎ। যোগাভূমির যুদ্ধে পররাষ্ট্রিকৈঃ সহ সংলাপে বা রাজানং বিশেষয়েৎ রাজ্যাহপেক্ষমা স্বীয়ং শৌর্যাং যৌজিকজং বাধিকং দর্শয়েৎ। তেন রাজা প্রীয়ত ইতি ভাবঃ ॥৬৮। অমানঃ উৎসাহী। বলবান্ ধীবলযুক্তঃ। মৃত্যু অনিষ্ঠ্রঃ। দাজে। জিতেন্দ্রিয়ঃ স্পিক্তিতা বা ॥৩৯। অন্তব্দিন্ পুংসি কন্সচিৎ কার্যান্তার্থে। প্রেয়্যমাণে এটি ইদং কুর্বিভ্যাচামানে সতি যজ্যাগমনাৎ পূর্বাং সমুৎপতেন্তং ভার্যাং কর্ছ্যু সাম্ব্রকারী রাজ-

নিজের অত্যন্ত সম্পদ্ দেখিয়া রাজার সহিত সর্বাদা সমানভাবে মিলিত হইবে না ; কিন্তু সর্বাদাই বাজাকে তাঁহাব যোগ্য উচ্চস্থানেই প্রধানভাবে রাখিবে ॥৩৮॥

যে লোক সর্বাদা অবিষয়, বলবান্, বীর, ছায়ার স্থায় রাজাব অনুগত, সভ্যবাদী, কোমলস্বভাব এক জিতেন্দ্রিয়, সেই লোকই রাজভবনে বাস করিতে পারে ॥১৯॥

বাজা কার্য্যবিশেষে অন্তলোককে পাঠাইতে লাগিলে, যে লোক 'আমি কি করিব' বলিয়া রাজার সম্থা উপস্থিত হয়, সেই লোকই বাজভবনে বাস করিতে পাবে ॥৪০॥

⁽৪•) অক্তবিন্ প্রেক্সমাণে তৃ—ভা।

অভারে চৈব ভারে চ রাজ্ঞা যশ্চৈব সর্বনা।
আদিটো ন বিকম্পেত স রাজবসতিং বসেৎ ॥৪১॥
যো বৈ গৃহেভ্যঃ প্রবসন্ প্রিয়াণাং নানুসংশ্বরেৎ।
ছঃখেন স্বথমন্থিচেছৎ স রাজবসতিং বসেৎ ॥৪২॥
সমবেশং ন কুবর্বীত নাভ্যুচেচঃ সমিধে হসেৎ।
ন মন্ত্রং বহুধা কুর্য্যাদেবং রাজ্ঞঃ প্রিয়ো ভবেৎ ॥৪৩॥

ভারতকোমুদী

অভার ইতি। যন্ত জনঃ, রাজ্ঞা, জভারে লয়্নি কর্মনি, ভারে জন্মনি কর্মনি চ, আদিষ্টঃ সন্, ন বিকম্পেত ছন্ধরস্থাবনয়া ন বিচলেৎ, স এব বাজরসতিং বসেৎ ৪৪১।

য ইতি। যো জনঃ, গৃহেভ্যো নিজভবনেতাঃ, প্রবসন্ রাজভবনন্থিতা। বিদেশে ডিষ্ঠন্ সন্, প্রিয়াণাং নিজগৃহস্থিতানাং ভার্যাদীনাং প্রিযজনানাম্, নাম্নংশ্মরেৎ রাজকার্যাতৎপরতয়া ন চিন্তবেং। "শ্বত্যর্থকর্মনি" ইতি কর্মনি ষষ্ঠী। তঃখেন রাজকার্য্যসম্পাদনকষ্টেনের অভেদে ফুতীয়াবিধানাং তদাত্মকমেবেতার্থঃ স্থেম, জনিচ্ছেৎ অভিলবেৎ, স এব রাজবস্তিং বসেৎ 18২1

সমেতি। সমবেশং সম্ভবেহণি রাজ্ঞ: সমানং বেশং ন কুর্ব্বীত, তথা রাজ্ঞ: সন্নির্ধো অত্যুক্তর্ন হলেৎ রাজ্ঞো মন্ত্রং অসন্নির্ধো কৃতামণি মন্ত্রণাম্, বছধা রাজাত্মীয়ানামণি বছজনানাং কর্ণগোচরং ন কুর্যাৎ। এবং সতি রাজ্ঞ: প্রিয়ো ভবেৎ ৪৪৩।

ভাবতভাবদীপঃ

বসতিং বসেৎ 18 • । আন্তবে ধনদারসংরক্ষণাদে বাছে সামগুলয়ে আদিট আন্তপ্তো নৈব কম্পেড সংশয়ং ভয়ং বা কুর্যাৎ অনিঃসংশবো নির্ভয়ন্চ তৎকার্যাং কুর্যাদেবেতার্থঃ 18 ১। প্রিয়াণাং প্রিয়াণি জীপুতানপানাদিত্যখানি ছঃখেন প্রবাসাদিনা 18 ২॥ সমবেবং বজ্ঞালভারা-দিবং রাজ্ঞা সমানং ন কুর্যাৎ । উচ্চৈঃ অভিশয়েন বহুগা বছপ্রকাবং ন কুর্যাৎ ন ভিন্যাদি-

রাজা কোন ক্ষুত্র কার্য্য বা গুরুতর কার্য্য করিবার জন্ম আদেশ করিলে, যে লোক তাহাতে বিচলিত হয় না. সেই লোকই রাজভবনে বাস করিতে পাবে ॥৪১॥

যে লোক আপন ভবন হইতে বাজভবনে যাইয়া রাজকার্য্য-ভৎপরতানিবন্ধন স্বভবনস্থিত প্রিয়জনের স্মরণ করে না এবং বাজকার্য্য-সম্পাদনত্বঃখকেও সুখ বলিয়াই মনে করে, সেই লোকই রাজভবনে বাস করিতে পাবে ॥৪২॥

সম্ভব হইলেও রাজার সমান বেশ কবিবে না, রাজার নিকটে অট্টহাস্থ করিবে

⁽৪১) অভাবে চৈব ভাবে চ—প্র, আস্তবে চৈব বাছে চ—বা ব রা। (६৩)---নাত্যুচিচ: সমিতে বিশেৎ—ভা,---নোচৈচ: সমিতি বশেৎ—বা ব রা,---ক্য্যাৎ স রাজবসতিং বসেৎ—ভা।

বিবাট-৬ (১২)

ন কর্মানি নিযুক্তঃ সন্ ধনং কিঞ্চিত্ততঃ স্পৃশেৎ।
প্রাপ্নোতি হি হরন্ দ্রব্যং বন্ধনং যদি বা বধম্ ॥৪৪॥
যানং বস্ত্রমলক্ষারং যক্ষান্তৎ সংপ্রয়চ্ছতি।
তদেব ধারয়েমিত্যমেবং রাজ্ঞঃ প্রিয়ো ভবেৎ ॥৪৫॥
সংবৎসরমিমং তাত! তথাশীলা বুভূষবঃ।
তথা স্ববিষয়ং প্রাপ্য যথাকামং চরিশ্বরথ ॥৪৬॥
যুধিষ্ঠির উবাচ।

অনুশিষ্টাঃ স্ম ভদ্রং তে নৈতদক্তান্তি কশ্চন। কুন্তীমূতে মাতরং নো বিছুবং বা মহামতিম্ ॥৪৭॥

ভারতকৌমুদী

নেতি। কর্মনি ধনবক্ষণকার্য্যে বাজ্ঞা নিযুক্ত: সন্, ততো রাজধনাৎ কিঞ্চিদিপি ধনম, ন
স্পূশেৎ ন হবেৎ। হি যত্মাৎ, রাজ্ঞো জব্যং ধনং হবন্, বন্ধনং কারাগাবে প্রেরণম্, যদি বা
অথবা বধমেব প্রাপ্নোতি, জানতা বাজৈব বিধানাদিতি ভাব: 1881

যানমিতি। রাজা, যৎ ধানং শকটাদিকং বস্ত্রমলন্ধারম্ অক্তৎ পাচ্কাদিকঞ্চ, সংপ্রায়ছতি দদাতি, তদেব নিত্যং ধার্যেৎ, এবং সতি বাজ্ঞঃ প্রিয়ো ভবেৎ ॥৪৫॥

সংবৎসরমিতি। হে তাত। বৎস। যুধিষ্ঠিব। যুযম, ইমং সংবৎসবম, তথা তাদৃশানি উক্তপ্রকারাণি শীলানি স্বভাবা যেষাং তে তাদৃশাঃ, বুভূষবো ভবিত্মিচ্ছবো ভবত। অথ তদনস্তরম, স্ববিষয় নিজদেশং প্রাণ্য, যথাকামং চরিয়াখ ॥৪৬॥

ভারতভাবদীপঃ

তার্থ: ॥৪৩॥ ধনম্ উৎকোচাদিনা প্রাপ্তং কিঞ্চিদিপি অত্যন্তমপি ন স্পৃশেৎ ॥৪৪। খৎ সম্প্রমন্ততি রাজা তদেব রাজদন্তং যানাদিকং ধাবযেৎ ন তু তদন্তশৈ দন্তাদিতার্থ: ॥৪৫॥ সংগমা না এবং রাজাব মন্ত্রণাকে বহু লোকের কর্ণগোচর কবিবে না , এইরূপ হইলেই মামুষ রাজার প্রিয় হইতে পাবে ॥৪৩॥

বাজার ধনবক্ষাকার্য্যে নিযুক্ত হইয়া তাহা হইতে কোন ধনই হরণ করিবে না। কাবণ, রাজাব ধন হবণ করিলে, মানুষ—হয় কাবাগারে প্রেরিভ, না হয় প্রাণদণ্ডে দণ্ডিত হইযা থাকে ॥৪৪॥

বাদ্রা যে যান, বস্ত্র, অলঙ্কাব এবং অন্ত বস্তু দান কবেন, ভাহাই সর্ব্বদা ধারণ করিবে ; এইবাপ হইলেই রাজার প্রিয় হইতে পারে ॥৪৫॥

বংস যুধিষ্ঠির ৷ তোমরা এই একটা বংসর উক্তপ্রকার হইবার ইচ্ছা কর; তাহাব পব নিজ্ঞ দেশে যাইয়া ইচ্ছানুসাবে চলিবে" ॥৪৬॥

⁽৪৪) প্রাপ্নোতি চাহরন্ দ্রবাম্—ভা। (৪৬)---ভথাশীলা বৃভ্ষত—বা ব রা। (৪৭)--মাতরঞ্ বিত্বক মহামতিম্—ভা।

যদেবানন্তরং কার্য্যং তদ্ভবান্ কর্ত্ত্ব্যুষ্ঠি।
তারণায়ান্ত ত্বংখন্ত প্রস্থানায় জয়ায় চ ॥৪৮॥
বৈশম্পায়ন উবাচ।
এবমুক্তন্ততো রাজ্ঞা ধোম্যোহথ দ্বিজসত্তমঃ।
অকরোৎ বিধিবৎ সর্ববং প্রস্থানে যদিধীয়তে ॥৪৯॥
তেষাং সমিধ্য তানগ্রীন্ মন্ত্রবচ্চ জুহাব সঃ।
সমৃদ্ধির্দ্বিলাভায় পৃথিবীবিজয়ায় চ ॥৫০॥

ভাবতকোমুদী -

অন্বিতি। হে আর্যা! তে ওয়া, ভক্তং সাধ্বেব ব্যম্, অন্থশিষ্টা: উপদিষ্টা: দ্বঃ। বিসর্গলোপ আর্বঃ, পাদপূরণে দ্বশব্দো বা। নঃ অস্বাকং মাতবং কুস্তীম্, মহামতিং বিত্তং বা, ঋতে বিনা, কশ্চনাপি জনঃ, অস্বাকং সম্বদ্ধে, এতেষাং হিতানাং বক্তা নাস্তি ॥৪ ৭॥

যদিতি। অনম্বন্ ইতঃ পবন, অস্ত অজ্ঞাতবাসসম্ভবক্ত তৃংখল্ঞ তাবণাম, প্রস্থানায় অজ্ঞাতবাসার্থপ্রযাণায়, ভাবিনে জয়াম চ, মৎ কার্য্যং কর্ত্ব্যম্, ভবান্, তদেব স্বস্তায়নাদিকং কর্ত্ব্যহিতি ॥৪৮॥

এবমিতি। অথেতি বাক্যাবন্তে। বাজা ষ্থিষ্টিবেণ এবমুক্তো বিদ্দসক্তমো ধৌমা:, ততঃ প্রসানে যাত্রাকালে যবিধীয়তে, তৎ সর্বাং স্বস্তায়নাদিকং বিধিবৎ অকরোৎ ॥৪০॥

তেষামিতি। স ধৌন্যাং, তেষাং পাগুবানান্, সমৃদ্ধির্ধনসম্পৎ বৃদ্ধিং কীর্ত্তিধর্মাদেং তয়োলাভায় পৃথিবীবিজয়ায চ, তান্ পাগুবসম্বিদ্ধন এব অগ্নীন্, সমিধ্য প্রজ্ঞান্ত, মন্ত্রবৎ শান্তিকপৌষ্টিকমন্ত্রান্বিতং হবিজুহাব 1৫ • 1

ভাবতভাবদীপঃ

নিগৃত্ ইমং এবোদশং সংবৎসবম, হে তাত। বৃষিষ্টিব। বৃষং সর্বে তথাশীলাঃ যথোকসদ্বৃত্তাঃ
শস্তো বৃভূষত ঐশব্যং প্রাপ্ত, মিচ্ছত। অথ অনস্তবং স্থবিষয়ং অদেশং প্রাপ্য যথাকামং যথেষ্টং
ক্রিয়থ ক্রীডামিতি শেবঃ ॥৪৬—৪৭॥ অনস্তবম্ অভূপদং কার্য্যং শাস্তিকং পৌষ্টক্ষ। অস্ত অজ্ঞাতবাসত্থেক্ত তাবণায় প্রস্থানায় শক্রন্ প্রতি যোদ্ধং গমনায় জ্বায় চ যৎকর্ম প্রভবতি তৎ-

যুখিষ্টির বলিলেন—"আর্যা! আপনি আমাদিগকে উৎকৃষ্ট উপদেশ দিয়াছেন। আমাদের মাতা কুস্তীদেবী বা মহামতি বিহুব ব্যতীত আমাদেব এইবাপ উপদেষ্টা অক্স কোন লোকই নাই ॥৪৭॥

সে যাহা হউক, ইহার পরে এই অজ্ঞাতবাসফুঃখ হইতে উত্তীর্ণ হইবার জন্ত, যাত্রার জন্ত এবং ভাবী জ্বলাভেব জন্ত যাহা কর্ত্তব্য, তাহাই আপনি এখন কবিতে পারেন" ॥৪৮॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা যুখিষ্টির এইরূপ বলিলে, ত্রাহ্মণশ্রেষ্ঠ ধৌস্য যাত্রার সময়ে যাহা বিহিত আছে, সেই সকল কার্য্য যথাবিধানে করিলেন ॥৪৯॥ অগ্নীন্ প্রদক্ষিণং কৃত্বা ব্রাহ্মণাংশ্চ তপোধনান্।
যাজ্ঞসেনীং পুরস্কৃত্য ষড়েবাথ প্রবব্রজুঃ ॥৫১॥
গতেষু তেষু বীরেষু ধোম্যোহপি জপতাং বরঃ।
অগ্নিহোত্রাণ্যুপাদায় পাঞ্চালানভ্যগচ্ছত ॥৫২॥
ইন্দ্রসেনাদয়শ্চৈব যথোক্তাঃ প্রাশ্য যাদবান্।
রথানশ্বাংশ্চ রক্ষন্তঃ হুথমূয়ুঃ হুসংরুতাঃ ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং নংহিতারাং বৈয়াদিক্যাং বিরাটপর্বাণ পাণ্ডবপ্রবেশে ধোম্যোপদেশে চতুর্থোহধ্যারঃ । ।। 🛊

--:*:---

ভারতকোমুদী

ষয়ীনিতি। অথানম্ভবম পাণ্ডবাং পঞ্চ ক্রোপদী চৈকেতি বড়েব জনাং, ষয়ীন্ তপোধনান্ বাদ্মণাংশ্চ প্রদক্ষিণং কৃষা যাজ্ঞদেনীং পুরস্কৃত্য প্রবব্দস্থ 1628

গতেষিতি। তেষু বীরেষু গতেষু সংস্ক, জপতাং বরো ধোঁম্যোহপি, পাওবানাময়িহোজাণি তত্বপকরণানি উপাদায় পাঞ্চালান অভ্যগচ্ছত ॥৫২॥

ইদ্রেতি। উক্তা যুধিষ্টিরেণ প্রাগাদিষ্টা ইদ্রসেনাদয়ক বাবকায়াং যাদবান্ প্রাণ্য, পাওবানাং রথানখাংক, যথা অষ্ঠু রক্ষয়ং, "যথা তুল্যার্থমানয়োঃ। প্রশংসায়াম্" ইতি মেদিনী, স্থনংবৃতাঃ গোপিতপাওববৃত্তান্তাঃ সন্তঃ স্থম্মুঃ ৪৫৩।

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতারাং মহাভারতটীকারাং ভারতকৌম্দীসমাখ্যাযাং বিরাটপর্ব্ববি পাণ্ডবপ্রবেশে চতুর্থোহধ্যায়ঃ I•I

ভাবতভাবদীপঃ

কর্ত্মহতি ।৪৮—৪০। সমিধ্য উদ্দীপ্য, সমৃদ্ধির্জনাভিসম্পত্তি। বৃদ্ধিযুঁদ্ধে বিশেষ:। লাভো রাদ্যস্ত। লন্ধায়া অপি পৃথিব্যা বিজ্ঞযায় বশীকরণায় ।৫০। বট্ রোপড়া সহিতা: ।৫১—৫০। ইতি শ্রীমহাভারতে বিরাটপর্কণি নৈল্কন্তীয়ে ভারতভাবদীপে চতুর্পোহধ্যায়ঃ ।৪।

-:*:-

এবং তিনি পাণ্ডবগণের ধনসমৃদ্ধি ও কীর্ত্তি-ধর্মপ্রভৃতি বৃদ্ধিব জন্ম এবং পৃথিবী-জয়ের জন্ম তাঁহাদেরই অগ্নি প্রজ্ঞলিত করিয়া তাঁহাতে মন্ত্রপাঠপূর্ব্বক হোম করিলেন ॥৫০॥

তাহার পর পঞ্চ পাণ্ডব ও জৌপদী—এই ছয় জনই অগ্নি ও তপস্বী ব্রাহ্মণ-দিগকে প্রদক্ষিণ করিয়া জৌপদীকে সম্মুখে লইয়া প্রস্থান করিলেন ॥৫১॥

সেই বীরেরা প্রস্থান কবিলে, জপিত্রেষ্ঠ ধৌম্যও পাশুবগণেব অগ্নিহোত্র লইয়া পাঞ্চালদেশেই চলিয়া গেলেন ॥१२॥

ইন্দ্রদেনপ্রভৃতি ভৃত্যগণও যুধিষ্টিরের আদেশ অনুসারে দ্বারকায় যাদব-

⁽৫১)---পাওবান্তে প্রবন্তর্হ;—ভা। (৫৩)---যথোজান্—ভা। * যাবস্ত: পুস্তকভেদান্তাবন্ধ এবাত্র পাঠভেদা: সন্থীতি প্রতীয়তে।

পঞ্চাইধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

তে বীরা বন্ধনিন্তিংশান্ততায়ুধকলাপিনঃ।
বন্ধগোধাঙ্গুলিত্রোণাঃ কালিন্দীমভিতো যয়ঃ॥>॥
ততন্তে দক্ষিণং তীবমন্বগচ্ছন্ পদাতয়ঃ।
নির্তা বনবাসাধি স্বরাষ্ট্রং প্রেম্পবন্তদা॥২॥

ভারতকোমুদী

ত ইতি। তে বীরাঃ পাগুবাং, বন্ধাঃ কটাদেশেষ্ যুতা নিজিংশাঃ কুপানা যৈতে, তভানি বিভূতানি আয়ুধানি বাণাদীক্সজ্ঞানি যেবু তে তাদৃশাঃ কলাপাতৃণীরা এবাং সন্তীতি তে তথোকাঃ। বছরীহিবিববেহণি মন্বর্ণীরো ভবতীতি প্রদর্শিতসম্মাভিনেধ্যচিরিতটীকায়াম। বন্ধানি মণিবন্ধ-দেশান্থ্লিয় যুতানি গোধা জ্যাঘাতবারকচর্মাবরণানি অন্ধ্লিজাণানি চর্মনির্দ্মিতান্থলিবক্ষণানি চ যেতে তাদৃশাশ্চ সন্তঃ, কালিন্দীং যম্নাং নদীম, অভিত আভিম্থ্যেন যয়ঃ। "তসোভয়াভিপরিসর্বৈং" ইতি বিতীয়া। প্রাক্রমণবাবণায় যোজুবেশঃ।

তত ইতি। তদা বনবাসানিবৃত্তাং, অতএব স্বরাষ্ট্রং নিজবাল্যম্, প্রেম্পবং প্রাপ্ত,মিচ্ছবং, তে পাণ্ডবাং, পদাত্যং পাদচারিবং সম্ভ এব, অতন্তজাং কালিন্দ্যাং, দক্ষিণং তীরম্, অহ লক্ষীকৃত্য শগচ্ছন্ ।২।

ভারতভাবদীপঃ

ভে বীরা ইতি। নিজ্ঞশং থড়াঃ। কলাপিনত্ববন্ধঃ। ততার্ধেতি পাঠে সজ্জীকতবহুবং, ততার্ধান্চ তে কলাপিনশ্চেতি বিগ্রহঃ। বন্ধ গোধাতলং জ্যাঘাতবারণাথ্যমঙ্গুলিঞ্জাণং চ

গণের নিকট উপস্থিত হইয়া পাগুবগণের রথ ও অশ্বগুলিকে যথানিয়মে রক্ষা কবিতে পাকিযা তাঁহাদের বৃত্তাস্ত গোপনপূর্বক শ্বুখে বাস করিতে লাগিল ॥৫৩॥

---°#3---

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর মহাবীর পাগুবগণ তরবাবি, অন্ত্রপূর্ণ তুণীর, ছলবারণ ও অঙ্গুলিত্র ধারণ করিয়া যমুনার অভিমুখে গমন করিতে লাগিলেন ॥১॥

ক্রমে বনবাস হইতে উত্তীর্ণ এবং আপন রাজ্যাভিলায়ী পাণ্ডবর্গণ সেই যমুনানদীর দক্ষিণ তীর দিয়া পাদচারেই গমন করিতে থাকিলেন ॥২॥

⁽১)---ज्यायुर---वा व वा।

বদন্তো গিবিত্বর্গের্ বনত্বর্গের্ ধরিনঃ।
বিধ্যন্তো মৃগজাতানি মহেষাসা মহাবলাঃ ॥৩॥
উত্তরেণ দশার্ণান্ বৈ পাঞ্চালান্ দক্ষিণেন চ।
অন্তরেণ যক্তলোমান্ শ্রসেনাংশ্চ পাগুবাঃ ॥৪॥
লুকা ক্রবাণা মংস্থস্থ বিষয়ং প্রাবিশন্ বনাং।
ধর্মিনো বন্ধনিক্রিংশা বিবর্ণাঃ শাশ্রুধাবিণঃ ॥৫॥ (বিশেষকম্)
ততো জনপদং প্রাপ্য কৃষ্ণা রাজানমত্রবাং।
পশ্যৈকপত্যো দৃশ্যন্তে ক্ষেত্রাণি বিবিধাংন চ॥৬॥

ভারতকৌমূদী

বসন্ত ইতি। ইব্ন বাণান্ অশুতি ক্ষিপত্যনেনেতি ইঘাদো ধহা মহান্ত ইয়াসা যেবাং তে, মহাবলান্চ পাণ্ডবাং, ধরিনঃ সন্ধাধহর্ধবিণঃ, গিরয় এব তুর্গান্তেয়, বনান্তেব চ তুর্গাণি তেয়ু চ কচিং তুর্গমেয়ু গিরিয়ু কচিং তাদৃশেয়ু বনেয়ু চেত্যর্থঃ, বসন্ততিষ্ঠিতঃ, য়গলাতানি পশুসমূহান্ বিধ্যন্তক্ত সন্তঃ, দশার্ণান্ দশার্ণদেশম্ উত্তবেণ ততুত্তরাদ্ববর্ত্তিনঃ, পাঞ্চালান্ পাঞ্চালদেশম্, দক্ষিণেন তদ্দিশাঃদ্রস্থান্, যকুলোমান্ শ্রসেনাংশ্চ তত্তদাখাং দেশবয়য়, অন্তবেণ মধ্যমান্তিত্য, ধরিনো বন্ধনিন্তিঃশাঃ, গিরিবনাদিবাসাং বিবর্ণাঃ, বত্তবিদ্নাতিক্রমান্ত শাশ্রধাবিণঃ; অত এব বযং লুকা ব্যাধা ইতি জ্বাণাঃ, সত্তশ্চ, বনাৎ, মংশুশু মংশুলাজ্য বিরাটশ্ত, বিষয়ং দেশং প্রাবিশন্ ॥৩ —৫॥

তত ইতি। ততো জনপদং লোকালয়ং দেশং প্রাণ্য, ক্রফা প্রোপদী, রাঙ্গানং যুধিষ্টির-মত্রবীং। হে রাজন্! অং পশু, ইদানীমপি, একং পদম্ একজনচবণক্যাসযোগ্যমাত্রম, স্থানং যাহ তাঃ ক্সাঃ পন্থান ইতার্থং, ধাক্সদীনাং বিবিধানি ক্ষেত্রাণি চ দৃশ্যস্তে রাজধানীসন্নিধানে তু দিদৃশানাং পথাং ক্ষেত্রাণাঞ্চাসম্ভব এবেতি ভাবঃ ।।।।

ভারভভাবদীপঃ

বৈজে বন্ধগোধান্দ্লিতাণাঃ, "গোধাতলনিহাকযোঃ" ইতি মেদিনী ॥১ —৩॥ অন্তরেণ মধ্যতঃ, মংস্থলৈত রাজ্ঞো লুকা ব্যাধা শ্ম ইতি ব্রুবাণাঃ। পক্ষে রাজ্যাকাব্রিকাঃ। "লুক্ক আকাব্রিকাণি ব্যাধে" ইতি মেদিনী। বিষয়ং মংস্থলৈত দেশং লুক্ক্ হাভিন্যায় বিবর্ণাঃ ॥৪ —৫॥ একপতঃ

তখন মহাধনুর্দ্ধিব ও মহাবল পাগুবগণ কখনও তুর্গম পর্বতে, কখনও বা তুর্গম বনে বাস করিয়া ধনু ধারণপূর্বক নানাবিধ পশু বিদ্ধ করিতেন; এইভাবে তাঁহাবা দশার্ণদেশের উত্তর, পাঞ্চালদেশের দক্ষিণ এবং যকুল্লোম ও শৃবসেনদেশের মধ্য দিয়া বন হইতে বিরাটবাজার রাজ্যে যাইয়া প্রবেশ করিলেন। তংকালে তাঁহাদের শরীরের বর্ণ মলিন হইয়া গিয়াছিল এবং মুখেও শাশ্রু (দাড়ি) জন্মিয়াছিল, আর হাতে ধনু ও কটিদেশে তরবারি ছিল; স্তবাং কেহ জিজ্ঞাসা করিলে বলিতেন—'আমরা ব্যাধ'। ৩—৫।

ব্যক্তং দূরে বিবাটস্থ রাজধানী ভবিষ্যতি , বসামেহাপবাং বাত্রিং বলবান্ মে পরিশ্রমঃ ॥৭॥ যুধিষ্ঠির উবাচ।

ধনঞ্জয় ! সমুগুম্য পাঞ্চালীং বহ ভারত।। রাজধান্যাং নিবৎস্থামো বিমুক্তাশ্চ বনাদিতঃ ॥৮॥

বৈশস্পায়ন উবাচ।
তামাদায়ার্জ্জ্নস্ত,র্ণং দ্রোপদী গজবাড়িব।
সম্প্রাপ্য নগরাভ্যাসমবতারয়দর্জ্জ্নঃ॥।॥
স বাজধানীং সম্প্রাপ্য কৌন্তেয়োহর্জ্জ্নমত্রবীৎ।
কাযুধানি সমাধায় প্রবিশামঃ পুরং বয়ম্॥>०॥

ভাবতকোসুদী

শতএবাহ ব্যক্তমিতি। ব্যক্তং প্রবম্, বিবাটশু রাজ্ঞো বাজধানী, দ্বে স্থিতিব ভবিশ্বতি। তেন চ ইহ অত্ত্রৈব অপরামেকাং রাজিং বধং বদাম। যেন হি বলবান্ মে পরিপ্রমো জাতঃ ॥৭॥ ধনেতি। হে ভাবত ধনপ্রম! জং সম্ভাম্য স্কন্ধে সম্ত্রোপ্য পাঞ্চালীং ক্রোপদীং বহ। ইতো বনাৎ, বিম্ক্রা নির্গতাঃ সন্তঃ, অভিব বয়ং রাজধান্তাং নিবৎশ্রামঃ ॥৮॥

তামিতি। অর্জুন: কার্ডবীর্য্য ইব বলবানিত্যপোনকজ্ঞান, অর্জুন:, গঙ্গবাট্ হত্তিযুথ পতিরিব, তুর্ণং তাং দ্রোপদীমাদায, নগবাভ্যাদং বিবাটবাঙ্গধানীদমীপন্, সম্প্রাপ্য, তাং দ্রোপদীন, স্বন্ধান্বতাবং । অভাগমাভাব আর্থ: ॥>॥

তাহাব পব লোকালযে উপস্থিত হইযা ক্রোপদী যুধিষ্ঠিবকে বলিলেন— "মহাবাজ। দেখুন—এখনও ক্ষুত্ত ক্ষুত্র পথ ও নানাবিধ ক্ষেত্র দেখা যাইভেছে॥৬॥

অতএব নিশ্চয়ই বিবাটেব বাজধানী এখনও দূবেই হইবে; স্কুতবাং আমব। এইখানেই আর এক বাত্রি বাস কবি। কারণ, আমাব গুক্তব পরিশ্রম হইয়াছে"॥৭॥

যুধিষ্ঠিব বলিলেন—' ভরতনন্দন অর্জুন। তুমি পাঞ্চালীকে তুলিয়া লইয়া বহন কর। কেন না, আমরা এই বন হইতে নির্গত হইয়া অন্তই বাজধানীতে যাইযা বাস করিব" ॥৮॥

বৈশম্পায়ন বলিলেন—তখন কার্দ্তবীর্যার্জ্জুনেব স্থায় বলবান্ অর্জ্জুন গজবাজের স্থায় জৌপদীকে স্কন্দে লইয়া বাজধানীব নিকটে যাইয়া তাঁহাকে নামাইলেন ॥৯॥

⁽१) ব্যক্তং পূবো বিরাটশু—ভা। (১০)---কার্ধানি সমাসজ্য প্রবেক্ষ্যাম: পূরং বয়ম্— ধাবাব হা।

সায়ুধাশ্চ প্রবেক্ষ্যামো বয়ং তাত। পুরং যদি।
সমুদ্বেগং জনস্থাস্থ করিয়ামো ন সংশয়ঃ ॥>>॥
গাণ্ডীবঞ্চ মহদ্গাড়ং লোকে স্থবিদিতং নৃণাম্।
তচ্চেদায়ুধমাদায় গচ্ছামো নগরং বয়ম্।
ক্রিপ্রমন্মান্ বিজ্ঞানীয়ুর্মনুষ্যা নাত্র সংশয়ঃ ॥>২॥
ততো দ্বাদশ বর্ষাণি বনবাসো হি নঃ পুনঃ।
একন্মিন্নপি বিজ্ঞাতে প্রতিজ্ঞাতং হি নন্তথা ॥>৩॥

ভাৰতকোমুদী

ন ইতি। স কোঁজেযো যুধিষ্টিরং, রাজধানীং সম্প্রাপ্য অর্জুন্মত্রবীৎ। বয়ম্, ক কন্মিন্ স্থানে, আযুধানি অস্মাক্মস্তাণি, সমাধাষ সংস্থাপ্য, পুরং প্রবিশামঃ ॥> ॥

সেতি। হে তাত ! বংস ! বয়ং যদি সাযুগাশ্চ সশস্তা এব পূবং প্রবেক্ষ্যামঃ ; তদা ষত্র এতংপুরবাসিনো জনত সমূহেগং করিয়ামঃ , অত সংশ্যো নাস্তি ॥১১॥

ষধ কথমত্মান্ জ্ঞান্তন্তীত্যাহ—গাণ্ডীবমিতি। মহৎ বিশালম, গাঢ়ং দৃচঞ্চ, গাণ্ডী হং ধহং, লোকে জগতি, নৃগাং স্থবিদিতম্। তদ্গাণ্ডীধমাধ্ধমাদায় চেৎ বহং নগবং গচ্ছামঃ, তদা মহন্তাঃ, ষত্মান্, ক্ষিপ্ৰং নীদ্ৰমেব জানীযুঃ; অত্ৰ সংশ্যো নাস্তি। তেন চ প্ৰস্পাব্যা তুৰ্য্যোধনাদয়োহণি দানীযুবিতি ভাবঃ। ষ্ট্পাদোহহং শ্লোকঃ ॥১২॥

ততঃ কা কতিবিত্যাহ—তত ইতি। ততঃ পুনর্বাদশ বর্ণাণি হি, নঃ আমাকং বনবাশো ভবেং। নমু গাণ্ডীবদর্শনাদেকশিরর্জ্জুনে জ্ঞাতে কথং সর্বেবাং পুনর্বনবাস ইত্যাহ—একশিরিতি। অমাকং মধ্যে একশিরণি জনে বিজ্ঞাতে সতি, নঃ আমাকং সর্বেধামেব তথা বনবাসো ভবেং, ইতি হি ম্যা প্রতিজ্ঞাতম্ ।১০।

রাজধানীতে উপস্থিত হইয়া যুধিষ্ঠিব অর্জ্জুনকে বলিলেন – "আমাদের অ্রু-গুলিকে কোথায় রাখিয়া আমরা নগরে প্রবেশ করিব ? ॥১০॥

বংস। আমবা যদি সশস্ত্র অবস্থাতেই বাজধানীতে প্রবেশ করি, তবে এই রাজধানীর লোকের যে অত্যস্ত উদ্বেগ জন্মাইব, এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১১॥

কারণ, বৃহৎ ও দৃঢ় গাণ্ডীবধন্থ জগতে বহু লোকেবই বিশেষ বিদিত আছে; স্তরাং সেই ধন্থ লইয়া আমবা যদি নগবে যাই, তবে সম্বই লোকে আমাদিগকে জানিয়া ফেলিবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১২॥

ডাহা হইলেই আবার আমাদেব বার বংসর বনে বাস করিতে হইবে।

⁽১২) অন্নং শ্লোক: ভা নাস্তি।---শিপ্রাং নঃ সংবিদ্ধানীয়ু:—প্র। (১৩)...বস্তব্যানি বনে পুন:—প্র,---প্রবেষ্টব্যাং বনে পুন:—বা ব রা।

অৰ্জ্জুন উবাচ।

ইয়ং কৃটে মনুষ্যেক্স ! গহনে মহতী শমী ।
ভীমশাখা ত্বারোহা শ্মশানক্স সমীপতঃ ॥১৪॥
ন চাপি বিভাতে কশ্চিমানুষ্য ইহ পার্থিব ! ।
যোহস্মান্ নিদধতো দৃষ্ট্রা হবেচছন্ত্রাণি পাণ্ডব ! ॥১৫॥
উৎপথে হি বনে জাতা মুগব্যান্সনিষেবিতে ।
সমীপে চ শ্মশানক্স গহনক্স বিশেষতঃ ॥১৬॥
সমাসজ্যায়ুধান্যক্সাং গচ্ছামো নগবং প্রতি ।
এবমত্র যথাজোষং বিহবিষ্যাম ভারত ! ॥১৭॥

ভারতকোমুদী

ইযমিতি। হে মনুয়োক্ত। শ্মশানত সমীপতঃ সমীপে, কৃটে পর্বতশৃঙ্গে, "কৃটোহস্ত্রী শিথরং শৃঙ্গম্" ইতামরঃ, গহনে বনে, ভীমা ভয়ৰবাঃ শাখা যতাঃ সা, ছরাবোহা চ ইয়ং মহতী শমী শমীবুকো বর্ততে ॥১৪॥

নেতি। কিঞ্চ, হে পার্থিব পাণ্ডব। ইহ অন্মিন্ স্থানে কন্টিয়াহয়োহণি ন বিভতে; যং, নিদধতঃ অন্মিন্ শমীবৃক্ষে অস্তানি স্থাপষতঃ অস্থান্ দৃষ্টা, অস্থাকং পরোক্ষে তানি শস্তানি হরেং॥১৫॥

অধ গচ্ছন্ অনো যদি দৃষ্টা হবেদিত্যাহ—উৎপথ ইতি। পন্থানম্ৎক্রান্তমিত্যুৎপথং তন্মিন্ হি
অপথবর্ত্তিত্তেবেতার্থ:, মুগৈর্হবিগৈঃ ব্যালৈহিংশ্রমন্ত্রভিঃ সপৈন্চ বা নিষেবিতে বনে, বিশেষতন্দ
গহনশ্য ভীষণশ্য শাশানশ্য সমীপে জাতা, ইষং শমীতাক্রবর্ত্ততে। অতো গচ্ছতো জনশ্যাপি দর্শনাশন্তব ইতি ভাবঃ ॥১৬॥

কেন না, একজনকেও জানিতে পারিলে, আমাদের সকলেরই আবার বনবাস হইবে, এইবপই আমি প্রতিজ্ঞা করিয়াছিলাম" ॥১৩॥

অর্জুন বলিলেন—"নরনাথ। এই শাশানের নিকটে পর্বতেব শৃঙ্গে বনের মধ্যে এই একটা বৃহৎ শমীবৃক্ষ (শাঁইগাছ) রহিয়াছে; ইহাব শাখাগুলিও ভয়ঙ্কব এবং ইহাতে আরোহণ কবাও তৃষ্কব ॥১৪॥

এবং পাণ্ডুনন্দন বাজা। এখানে কোন সমুস্তুও নাই, যে—আমাদিগকে এই বক্ষে অন্ত বাখিতে দেখিয়া আমাদেব অসমক্ষে তাহা হরণ কবিবে ॥১৫॥

তা'র পব, পথেব দূবে এবং হরিণ ও হিংস্রজন্ততে পরিপূর্ণ বনে,,বিশেষতঃ ভয়ঙ্কব শ্মশানেব নিকটে এই শমীবৃক্ষ রহিয়াছে ॥১৬॥

(১৪)---গহনা মহতী---বা ব রা। (১৫)---মহন্ত ইতি মে মতিঃ।---ল্লষ্টা ভবেচ্ছন্ত্রাণি পাণ্ডব।---প্র, দ্রষ্টা ভবেচ্ছন্ত্রাণি পাণ্ডবাঃ।--বা ব রা। (১৭) সমাধাযাযুধং শন্যাম্--বা ব রা। বিরাট-৭ (১২)

বৈশস্পায়ন উবাচ।

এবমুক্ত্বা স রাজানং ধর্মাত্মানং যুধিষ্ঠিরম্।
প্রচক্রমে নিধানায় শস্ত্রাণাং ভরতর্বভ ! ॥১৮॥
যেন দেবান্ মন্মুয়াংশ্চ সর্পানেকরথোহজয়ৎ ।
স্ফীতান্ জনপদানন্যানজয়ৎ পাণ্ডুনন্দনঃ ॥১৯॥
তত্তদারং মহাঘোরং সপত্নগণসূদনম্।
অপজ্যমকরোৎ পার্থো গাণ্ডীবমভয়য়রম্ ॥২০॥ (য়ুয়য়কয়্)

ভাবতকোমুদী

সমিতি। হে ভারত। বয়মস্তাং শম্যাম্, আযুধানি অন্মাকমন্তাণি, সমাসদ্য স্থাপয়ি্ছা, নগরং প্রতি গচ্ছাম:। এবং সতি, অত্ত নগবে, যথাজোবং যথাস্থথম, বিহবিস্থাম:। অত্ত বিদর্গ-লোপ আর্ব:। "তৃষ্ণীমর্থে স্থথে জোবম্" ইত্যমব:॥১ ৭॥

এবমিতি। হে ভরতর্বভ। জনমেজয় । সং অর্জ্জ্নং, ধর্মাত্মানং বাজানং যুধিষ্টিবম, এবমূকুন, শস্তাণাং নিধানায তক্ষাং শম্যামেব স্থাপনায, প্রচক্রমে ॥১০॥

যেনেতি। এক এব রথো ষশ্ত স বিতীষসহাযবণর হিত ইতার্থ:, পাণ্ড্নন্দনঃ পার্থোহজ্ব:। বিশেষেতরত্ত্ব পার্থশবস্থাজ্ব এব বৃতি:। যেন গাণ্ডীবেন, থাণ্ডবদাহকালে দেবান্ বাজস্যার্থকদিখিলয়কালে মহয়ান্, সর্পান্ নাগাংশ্চ অন্তবং, তথা ফীতান্ ধনসমুদ্ধান্ অন্তান্ জনপদান্
দেশাংশ্চ অন্তবং, উদাবং মহৎ, মহাঘোবম্, সপত্বগণস্থানং শত্রুসমূহদলনকবম্, স্বপক্ষাণামভয়কর্ঞ,
তদ্গাণ্ডীবং ধহুঃ, অপজ্যাং বিবোপিতগুণকম্ অকবোৎ ॥১৯—২০॥

ভাবতভাবদীপঃ

ক্তেগামিন: ক্তুমার্গা: 1৬—১৩। কৃটে ইব কৃটে উচ্চপ্রদেশে। "মাযান্তিশৃস্বো: কৃট্ম" ইতি মেদিনী। ত্রাবোহা শাশানস্থাৎ 1/8—/৫। উৎপথে মার্গাছহিভূতি 1/৩—/০।

স্থৃতরাং ভরতনন্দন। এই শমীবৃক্ষে আমাদেব অন্তগুলি বাথিয়া আমবা নগরে যাইব। তাহা হইলেই আমরা নিকদ্বেগে বিচবণ করিতে পাবিব'' ॥১৭॥

বৈশস্পায়ন বলিলেন—ভবতশ্রেষ্ঠ বাজা জনমেজয়। অর্জুন ধর্মাত্মা বাজা যুধিষ্ঠিবকে এইকপ বলিয়া অন্ত রাখিবার উপক্রম কবিতে লাগিলেন ॥১৮॥

পাভ্নন্দন অর্জুন একমাত্র রথে আরোহণ করিয়া যে ধনুদ্বারা খাণ্ডবদাহকালে দেবগণকে এবং রাজস্থ্রযজ্ঞের পূর্বেব দিগ্বিজয়ের সময়ে মন্ত্র্যা, নাগ ও অন্তান্ত সমৃদ্ধ দেশসমূহকে জয় কবিয়াছিলেন; সেই বিশাল, মহাভয়ন্কব, শক্রেদলনকাবী এবং স্বপক্ষেব অভযজনক গাণ্ডীবধনুব গুণ খুলিয়া ফেলিলেন ॥১৯—২০॥

⁽२०)--- গাণ্ডীবং স্বভরকরম্—বা ব রা ম।

যেন বীরঃ কুরুক্কেত্রমভ্যবক্ষৎ পরন্তপঃ।

অমুঞ্চনসুষস্তস্ত জ্যামক্ষয্যাং যুধিষ্ঠিরঃ ॥২>॥

পাঞ্চালান্ যেন সংগ্রামে ভীমসেনোহজয়ৎ প্রভূঃ।
প্রত্যমেধবহুনেকঃ সপত্নাংশ্চৈব দিগ্জয়ে ॥২২॥

নিশম্য যস্ত বিক্ষারমব্যথন্ত রণে পরে।

পর্বতন্তেব দীর্ণস্তা বিক্ষোটমশনেরিব ॥২৩॥

সৈন্ধবং যেন বাজানং পর্য্যামর্যত চানব!।

জ্যোপাশং ধুনুষস্তস্ত ভীমসেনোহবতাবয়ৎ ॥২১॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

যেনেতি। বীর:, অতএব পরস্তপো যুধিষ্টির:, যেন ধছবা, ভাতৃণাং দিথিদয়কালে কুফক্তের দেশমভারকং, তন্ত ধহুব:, অক্ষয়াং শক্তভিঃ কেতৃমশক্যাং জ্যাং গুণমম্ঞং ॥২১॥

পাঞ্চালানিতি। প্রভূবলপ্রভাবশালী এক এব ভীমসেনঃ, যেন ধন্থবা, সংগ্রামে মংশুচক্রবেধকালীনমুদ্ধে, পাঞ্চালান্ বীরান্ অঙ্করং, তথা দিগ্জেরে, বহুন্ সপত্বান্ শক্রন্, প্রত্যবেধৎ
ভাবাররং; তথা দীর্ণভা পর্বতভা বিক্ষোটং শব্দমিব, অশনের্বজ্ঞভা চ বিক্ষোটং পাতশব্দমিব,
যত্ত ধন্থবঃ, বিক্ষারং টকারখবনিং নিশম্য, পবে শব্দবঃ অব্যথস্ত , তথা হে জনহু ! নিশ্পাপ !
জনমেজব ! যেন ধন্থবা, সৈন্ধবং সিদ্ধুদেশীরং বাজানং জ্যব্রথম্, পর্য্যামর্বত শ্রোপভা
হরণকালে বিজ্ঞিতবান্ , তত্তা ধন্থবঃ, জ্যাপাশং গুণরজ্ঞ্ম, স ভীমসেন এব অবতারধং ॥২২—২৪॥

রাজস্য়যজ্ঞেব পূর্বের প্রাতারা দিখিজয়ে বহির্গত হইলে, বীর ও পবস্তপ যুধিষ্ঠির যে ধহুদ্বারা কৃষ্ণক্ষেত্রদেশ রক্ষা করিয়াছিলেন, তিনি সেই ধনুর অক্ষয় গুণ মুক্ত কবিলেন ॥২১॥

মহাবল ভীমসেন একাকী যে ধনুদ্বাবা মংস্কচক্রবেধের পরে যুদ্ধে পাঞ্চালদেশীয় বীরগণকে জয় করিয়াছিলেন এবং দিয়িজয়ের সমযে বহুতব শক্তকে বারণ করিয়াছিলেন; আর বিদীর্ণ ইইবার সমযে পর্বতের শব্দেব স্থায় এবং পতনের সময়ে বজেব শব্দেব স্থায়, যে ধনুব টক্কারশন্দ শুনিযা যুদ্ধে শক্তরা ব্যথিত ইইত এবং নিষ্পাপ বাজা জনমেজয়। ভীমসেনই যে ধনুদ্বাবা জৌপদীকে হবণ কবিবাব সময়ে সিদ্ধ্বাজ জযুদ্ধকে পরাভূত করিয়াছিলেন, তিনি সেই ধনুব গুণ খুলিয়া ফেলিলেন ॥২২--২৪॥

⁽২৩) --- বিজ্ঞবন্ধি রণে পরে—প্র, --- বাস্তবন্ধ বণে পরে—বা ব রা ম। (২৪) - পর্যামধিত-বান্ধ—বা, --- পর্যামুধিতবান্ধ—রা ম, --- পর্যামূধ্য চান্ধ।—ভা।

অজয়ৎ পশ্চিমামাশাং ধনুষা যেন পাগুবঃ।
মাদ্রীপুত্রো মহাবাহুস্ভাদ্রাস্তো মিতভাষিতা ॥২৫॥
তম্ম মৌবর্বীমপাকর্ষচ্ছুরসংক্রন্দনো যুধি।
কুলে নান্তি সমো রূপে যম্মেতি নকুলঃ স্মৃতঃ ॥২৬॥ (য়ুয়য়য়য়)
দক্ষিণাং দক্ষিণাচাবো দিশং যেনাজয়ৎ প্রভঃ।
অপজ্যমকরোদ্বীরঃ সহদেবন্তদায়ুধম্ ॥২৭॥
খড়গাংশ্চ দীপ্তান্ দীর্ঘাংশ্চ কলাপাংশ্চ মহাধনান্।
বিপাঠান্ ক্ষুবধারাংশ্চ ধনুর্ভিনিদধুঃ সহ ॥২৮॥

ভারতকোমুদী

অজয়দিতি। মহাবাহুং, অতএব বৃধি শ্রানপি সংক্রন্দয়তি প্রহারেণ রোদষতীতি শ্রসংক্রন্দনং, অথ চ তাম্রাস্থাে বজেচিঃ, মিতভাবিতা চ, পাগুরো মান্ত্রীপুত্রা নকুলঃ, যেন ধছুষা,
পশ্চিমাম আশাং দিশম, অজয়ৎ; তত্ত ধছুষঃ, মৌর্কীং গুণম, অপাকর্ষৎ স এব অবরোপিতবান্।
অথ তত্ত নকুলেতি নাম কথমিতাাহ—কুল ইতি। কুলে বংশে রূপে সৌন্দর্যো চ যত্ত সমঃ সমানঃ
অন্তো নান্তি, ইতি এবং বৃৎপত্তেরেব স নকুলঃ শ্বতঃ, পিতৃঃ পাণ্ডোর্মাতামহত্ত মন্ত্রবাজত চ উচ্চকুলম্বাৎ অলৌকিকসৌন্দর্যাচেতি ভাবঃ ॥২৫—২৬॥

দক্ষিণামিতি। দক্ষিণাচার: সরলব্যবহার:, প্রভূর্বলপ্রভাববান্, বীরশ্চ সহদেব:, যেন ধহুবা দক্ষিণাং দিশম্ অন্তবৎ, তদাযুধং ধহুঃ অপদ্যাং গুণশূল্যমকরোৎ ॥২ গা

ভারতভাবদীপঃ

সম্পন্নবলানাং দেবাবাধনপ্রাপ্তবলানামস্থরাদীনামপি অদনম্ ॥২০—২৬॥ সৈদ্ধবং জন্মপ্রথম্ ॥২৪—২৫॥ সংক্রেন্দনঃ শত্রণামাক্রন্দনকবঃ ॥২৬॥ অপজ্যং জ্যাবহিতম্ ॥২৭॥ বিপাঠানু বাণবিশেষান্

যিনি যুদ্ধে বীরগণকেও রোদন কবাইয়া থাকেন, সেই মহাবাহু, রজ্ঞেষ্ঠি ও
মিতভাষী পাণ্ডুনন্দন নকুল যে ধমুদ্বাবা পশ্চিম দিক্ জয় করিয়াছিলেন; তিনি সেই
ধন্মব গুণ মোচন কবিলেন। কুলে ও রূপে বাঁহার সমান অপব কেহ ছিল না,
এইরূপ বাুৎপত্তিবশতই তাঁহার নাম হইয়াছিল—'নকুল' ॥২৫—২৬॥

এবং সরলস্বভাব, বলবান্ ও বীর সহদেব যে ধমুদ্বাবা দক্ষিণ দিক্ জয় কবিয়া-ছিলেন, তিনি সেই ধনুককেও গুণবিহীন কবিলেন ॥২৭॥

⁽২৫) -- মিতভাষিতঃ—ভা। (২৬) জন্মার্মার্কীং—ভা, শুরঃ সংক্রন্দনো যুধি—বা ব রা ম ভা। (২৮) শ্লোকাৎ পরম্ 'বৈশস্পায়ন উবাচ। অধায়শাসন্ত্লং কুন্তীপুত্রো যুধিষ্টিরঃ। আৰুছেমাং শমীং বার। ধনুংয়েভানি নিক্ষিপ।' এয় লোকোহধিকঃ—বা ব রাম। থজান্ স্থাতাংকীক্ষাগ্রান্—ভা।

তামুপারুছ নকুলো ধন্ংষি নিদধে স্বযম্।
যানি তস্থা বকাশানি দৃঢ়রূপাণ্যমন্তত ॥২৯॥
যত্র চাপশ্যত স বৈ তিবো বর্ষাণি বর্ষতি।
তত্র তানি দৃঢ়ৈঃ পাশৈঃ হুগাঢ়ং পর্য্যবন্ধত ॥৩০॥ (যুগাকম্)
শরীবঞ্চ মৃত্যৈকং সমাদায় ক্রবন্ধত।
বর্জ্জয়িয়ান্তি হি নরা দূবাদেব হি তাং শমীম্॥৩১॥

ভারতকৌমুদী

থজানিতি। দীপ্তান্ নির্মানতথা উজ্জ্বনান্ দীর্ঘাংশ্চ থজান্, মহাধনান্ মহামূল্যান্, কলাপান্ তুণান্, ক্রধারান্ বিপাঠান্ অন্ত্রবিশেষাংশ্চ, ধহুভিঃ সহ, নিদ্ধুঃ রজ্জ্ভির্বদ্ধা একীচকুঃ পাওবা ইতি শেষঃ ॥২৮॥

তামিতি। অথ নকুলা, স্বযমেব, ন পুনভূতিলাদেব হস্তদ্বারেত্যর্থা, তাং শমীম, উপারুষ্থ, ধন্বি নিদ্ধে স্থাপ্যামাদ। এতদেব বিবৃথনাহ—যানীত্যাদি। তন্তাঃ শম্যাঃ, যানি দৃঢ়রপাণি ভারসহানি, বকাশানি অবকাশস্থানানি অম্বত। "বৃষ্টিভাগুবিরল্লোপম্বাপ্যাক্ষপদর্গযোঃ" ইত্যবশব্দত্ত অকাবলোপঃ, নপুংসকত্বকার্য্য। যত্র চ স্থানে, বর্গাণি বৃষ্টাঃ, তিরঃ পত্রপদ্ধবার্ত্যা বৃহিং, বর্ষতি মেঘ ইতি শেবঃ, ইতি স নকুলঃ, অপশ্রত সম্ভাবিতবান্, অক্যথা বৃষ্টিপাতে যজন্ত্রাণাং কাপি হানিঃ শ্যাদিতি ভাবঃ, তত্র স্থানে, তানি অন্ত্রাণি, দৃচৈঃ পাশৈঃ বৃদ্ধুভিঃ, স্থগাচম্ অভিদৃঢ়ম্, পর্যাবদ্ধত বন্ধবান্।২৯—৩০।

শরীরমিতি। কিঞ্চ, একং মৃতস্ত শরীরম্, সমাদায সন্নিহিতাৎ শাশানাদানীয়, তৎ-সমিধো শুবস্কত। কথমেতদিত্যাহ—বর্জেতি। হি যশাৎ, নরাঃ, পৃতিকং গন্ধমতীব-ভাবতভাবদীপঃ

তাদৃশান্ ক্রধারাংশ্চ ।২৮। (পাঠান্তরে) অবশাসৎ আজ্ঞাপিতবান্। তন্তা: শম্যা: বকাশানি ভাগুরিমতেন অলোপ: অবকাশাখ্যানি হৃষিরস্থানানি ।২০। বর্ষতি মেঘা, ডিরো-

তংপবে পাণ্ডবেরা দকলেই আপন আ্পন উজ্জ্বল ও দার্ঘ তরবাবি, মহামূল্য ত্নীব এবং ক্ষুবধাব বিপাঠগুলিকে ধনুগুলিব সহিত এক কবিয়া বাধিলেন ॥২৮॥

তাহাব পর স্বয়ং নকুলই সেঁই শমীবৃক্ষে আবোহণ করিয়া সেই ধচুগুলিকে বাখিলেন অর্থাৎ তিনি সেই শমীবৃক্ষের যে শাখাকে দৃঢ় বলিয়া ননে করিলেন এবং পত্র-পল্লবে আবৃত বলিয়া যাহাব বাহিবে মেঘ বর্ষা করে—এইবপ ধারণা করিলেন, তিনি সেই স্থানেই দৃঢ় রজ্জ্বারা সেই অন্তগুলিকে অতিদৃঢ়ভাবে বধন কবিয়া রাখিলেন ॥২৯—৩০॥

আর, নবুল মৃতমালুষের একটা শবাব নিয়া তাহাব নিকটে বাঁধিয়া রাবিধেন।

আবদ্ধং শবমত্রেতি গন্ধমান্ত্রায় পুতিকম্।
অশীতিশতবর্ষেয়ং:মাতা ন ইতি বাদিনঃ ॥৩২॥ (যুগ্মকম্)
কুলধর্মোহয়মন্মাকং পূর্বেবাচরিতোহপি চ।
সমাসজামো রক্ষেহন্মিন্নিতি বৈ ব্যাহরন্তি তে॥৩০॥
আ গোপালাবিপালেভ্য আচক্ষাণাঃ পরন্তপাঃ।
আজগ্মনুর্নগবাভ্যাসং পার্থাঃ শক্রনবর্হণাঃ॥৬৪॥

ভাবতকোমুদী

তুর্গন্ধমান্ত্রাব, অত্র শবমাবদ্ধমিতি মন্তা দ্বাদেব হি তাং শমীং বর্জন্তিয়স্তি। অশীতিতঃ শতং বর্গাণি যন্ত্রা: সা অশীতাবধিশতপর্যান্তবর্ধমধ্যে যৎকিঞ্চিত্রবর্ধমন্তেতার্থ: । পূর্ববং জ্ঞানাভাবে মাতুর্বধায়ধ-ববোহবধারণং পূ্রোণামসম্ভবমেবেতি সর্ববৈধেবেয়মৃক্তিঃ সম্পচ্ছতে। ইবং নঃ অস্মাকং মাতা, ইডি বাদিনঃ লোকপ্রশ্নে ইথং বদন্ত আসন্ পাণ্ডবা ইতি শেবঃ ১০১—০২১

নমু শবমিদমদধ্যা কথমত শমীক্রমে বন্ধমিত্যাহ—কুলেতি। অপি চ, পূর্বেঃ পূর্বেপুরুবৈ-বাচরিত ইতি অরং শবক্ত কৃক্ষে বন্ধনকপঃ অন্মাকং কুলধর্মঃ। অতএব বয়ম, অন্মিন্ বুক্ষে, সমাসক্রামঃ শবমিদং বন্ধীমঃ, ইতি তে পাগুবাঃ, ব্যাহরন্তি লোকপ্রশ্নে বদন্তি শ্ব ॥৩৩।

আগোপালেতি। পরস্তপা: শক্রনিবর্হণাক্ষ পার্থা: পাণ্ডবা:। সপদ্বীপুত্তে পুত্রছাতি-দেশাৎ মান্ত্রীপুত্রবোবপি পৃথাপুত্রতয়া পার্থপদেন পাণ্ডবানামেব গ্রহণম্। একমন্তর্জাপি জ্ঞেয়ম্। গোপালা গোবক্ষকা: অবিপালা মেঘরক্ষকাক্ষ তেত্য আ গোরক্ষকমেধরক্ষকাদীন্ ভারতভাবদীপা:

<বাণি অসমুখানি বর্ষাণি বৃষ্টাং যত্ত্রাপশুত তত্ত্ব পর্যাবন্ধত পর্যাবন্ধাৎ ॥৩০—৩১॥ পৃতিকষ্
অমঙ্গলম, অশীত্যধিকশতবর্ষা নোহশাকম্ ইয়মিতি শবনির্দ্ধেশঃ। পক্ষে শমী আয়ুধ্বক্ষক-

কাবণ, মানুষ অত্যন্ত তুর্গন্ধ পাইয়া 'এখানে শ্ব রহিয়াছে' ইহা মনে করিয়া দূব হইতে সেই শমীবৃক্ষ ত্যাগ কবিবে। তাহাব পব কেহ জিজ্ঞাসা করিলে, জাঁহারা বলিতেন—"ইনি আমাদের মাতা এক আশী হইতে এক শ' বংসরের মধ্যে ইহার বয়স ছিল ॥৩১—৩২॥

পূর্ববপুক্ষেরা এইরূপ আচরণ করিয়া গিয়াছেন বলিয়া ইহা আমাদের কুলধর্ম। তাই আমরা এই বৃক্ষে এই শব বাঁধিয়া রাখিলাম"—এইরূপ পাণ্ডবেরা বলিতেন ॥৩৬॥

⁽৩৩)---সমাসজানা:--ভা,---সমাসজাধ--বা ব রা। (৩৪)---আচক্তে
--বা।

জয়ো জয়ন্তো বিজয়ো জয়দেনো জয়ন্বলঃ। ইতি গুহানি নামানি তেখাং চক্রে যুধিষ্ঠিরঃ ॥৫৫॥ ততো, যথাপ্রতিজ্ঞাতং প্রাবিশন্ নগরং মহৎ। অজ্ঞাতচর্য্যাং বৎস্তন্তো রাষ্ট্রে বর্ষং ত্রয়োদশম্॥এ৬॥

ইতি শ্রীমহাভাবতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বিরাটপর্বাদি পাণ্ডবপ্রবেশে অন্ত্রসংস্থাপনে পঞ্চমোহধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সর্বান্ জিজ্ঞাসমানান্ জনানিত্যর্থ:, আচক্ষাণা উক্তরূপং ব্রুবাণাঃ সন্তঃ, নগরাভ্যাসং রাজধানী-সন্নিধান্য আজ্ঞা;। "অবয়ঃ শৈলমেবার্কাঃ" ইত্যমরঃ ॥৩৪।

জয় ইতি। জয় ইতি বৃধিষ্টিবস্থা, জয়ন্ত ইতি ভীমস্থা, বিষয় ইতাৰ্জুনস্থা, জয়নেন ইতি নকুলস্থা, জয়ন্ত্ৰল ইতি চ সহদেবস্থা, ইতি ইখং তেখাং পাগুবানাং গুহানি গুপ্তানি পাগুবমাত্ৰবেম্বানি নামানি বৃধিষ্টিবশ্চকে। অন্তথা জনান্তৱসন্নিধানে গুপ্তসংবাদপ্ৰদানাদিকং ন সম্ভবতীতি ভাবং ॥০৫॥

তত ইতি। তত:, যথাপ্রতিজ্ঞাতং পূর্বপ্রতিজ্ঞান্তসাবেণ, জরোদশং বর্ষমু, বাট্রে বিরাটবাজ্যে, অজ্ঞাতচর্য্যাম্ অজ্ঞাতভাবেন বিচবণম্, বংস্তজো বাদেন করিস্বস্তঃ পাগুবাঃ, মহৎ নগরং বাজধানীং প্রাবিশন্ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকাষাং ভাবতকোম্দীসমাখ্যাষাং বিরাটপর্ববি পাগুবপ্রবেশে

পঞ্চমোহধ্যায়: 🕬

ভাবতভাবদীপঃ

ত্বান্নাতেবান্দাকমিত্যভিসন্ধি: ॥০২॥ কুলধর্ম্মোহয[্] ক্ষত্রধর্মোহয়ং ঘদায়্ধসঙ্গোপনমিতি গৃঢ আশযঃ। পক্ষে অয়ং মাতৃত্বক্ষি বন্ধনাখ্যঃ ॥০০—০৫॥ বংশ্রস্তে; বস্তুমিচ্চন্তঃ ॥০৯॥ ইতি শ্রীমহাভারতে বিরাটপর্কানি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে পঞ্চমোহধ্যাযঃ ॥৫॥

শক্রসম্ভাপী ও শক্রসংহারী পাগুবেরা গোরক্ষক ও মেষবক্ষকপ্রভৃতি লোকেব নিকটে এইবাপ বলিতে বলিতে বাজধানীর নিকটে আসিয়া উপস্থিত হইলেন ॥৩৪॥

তাহার পব যুধিষ্ঠিব আপনাদের এইরূপ পাঁচটা গুপ্ত নাম করিলেন। যথা— যুধিষ্ঠিবের নাম—'জয়', ভীমেব নাম—'জয়ন্ত', অর্জুনেব নাম—'বিজয়', নকুলের-নাম—'জয়সেন' এবং সহদেবের নাম—'জয়ন্তল' ॥৩৫॥

তাহাব পব তাঁহাবা পূর্ব্বপ্রতিজ্ঞা অনুসাবে ত্রয়োদশ বংসব বিরাটবাজ্যে অজ্ঞাতবাস করিবেন বলিয়া সেই বিশাল বাজধানীতে প্রবেশ কবিলেন ॥৩৬॥

⁽৩৬) ততো যথাপ্রতিজ্ঞাতি:—বা ব রা ম ভা। * অত্র পুস্তকভেদেনের পাঠভেদা: পরিশক্ষান্তে। কিঞ্চ, ইতঃ প্রম অজ্ঞাতবাসাদিনির্কাহায় যুখিটিবাদীনাং তুর্গান্তবাত্মকঃ কন্চিদ্ধ্যায়ো

বহুৰেব পৃস্তকেষ্ দৃষ্ঠতে। স চ কেনচিং শাক্তেন বৈষ্ণবস্থাপি শক্তিস্ততিপ্রদর্শনাম বৈষ্ণবেন বা শক্তেনাবাষণবরপ্রিয়ন্থপ্রদর্শনাম প্রক্রিপ্ত ইতি মন্ততে। অন্তথা "বর্ষং এয়োদশমিদং মৎপ্রসাদাৎ কুরুছহাঃ!। বিরাটনগরে গৃঢ়া অবিজ্ঞাতাশ্চরিম্বাথ ।" ইতি বনপর্বান্তিমভাগে সাক্ষান্ধর্মণ দক্ত বৃবং প্রতি ধর্মপুত্রস্থ ধর্মরান্ধস্তৈব অবিশ্বাসাপত্তিঃ স্থাৎ, ভাষাভঙ্গীবৈষমাঞ্চ ন স্থাৎ। অপি চাযমধ্যায়ো বন্ধমানরাজপুত্তকে ভাগ্রাব্রহারসমিতিপুত্তকে চ ন দৃষ্ঠতে। স চাধ্যায়ো যথা—

বৈশপাধন উবাচ। বিরাটনগরং রম্যং গছ্যানো যুধিষ্ঠিবঃ। অন্তবন্ধনসা দেবীং তুর্গাং ত্রিভূবনেখবীম্ ॥১॥ যশোদাগর্ভসভূতাং নারাষণবর প্রিয়াম্। নন্দগোপকুলে জাতাং মঙ্গল্যাং কুলবর্দ্ধিনীম্ ॥২॥
কংসবিজ্ঞাবণকরীমন্থরাণাং ক্ষমকবীম্। শিলাভটবিনিক্ষিপ্তামাকাশং প্রতি গামিনীম্ ॥০॥ বাম্বদেবশ্য
ভগিনীং দিব্যমাল্যবিভূষিতাম্। দিব্যাখবধরাং দেবীং খজাথেটকধাবিণীম্ ॥৪॥ ভাবাবতরপে
পুণ্যে যে শ্ববন্তি সদা শিবাম। তান্ বৈ তারষদে পাপাৎ পঙ্কে গামিব তুর্বলাম্ ॥৫॥ ভাবাবতরপে
পুণ্যে যে শ্ববন্তি সদা শিবাম। তান্ বৈ তারষদে পাপাৎ পঙ্কে গামিব তুর্বলাম্ ॥৫॥ ভাবাবতরপে
প্রচক্রমে ভূযো বিবিধিঃ ভোত্তমন্তবিং। আমন্ত্য দর্শনাকাক্ষী রাজা দেবীং সহারজঃ॥৬॥
নমোহন্ত বরদে। কুফে। কুমাবি। ত্রশ্বচাবিণি।। বালার্কসদৃশাকাবে পূর্ণচন্দ্রনিভাননে ।৭।
চতুর্ভু জে চতুর্বজ্বে, পীনশ্রোণিপযোধবে। মনুবপিচ্ছবলয়ে কেযুবাঙ্গদধারিণি। ভাসি দেবী যথা পদ্মা
নারায়ণপবিগ্রহা॥৮॥ স্বন্ধপং ত্রশ্বচর্গ্যঞ্চ বিশদং তব থেচরী। কৃষ্ণচ্ছবিসমা কৃষ্ণা শক্ষর্বনসমাননা ॥॥
বিজ্ঞতী বিপ্লো বাহু শক্ষধ্বজসমূদ্ধুরো। পাত্রী চ পঙ্কজী ঘণ্টী স্ত্রীবিশুকা চ যা ভূবি॥১০॥
পাশং ধন্মর্যহাচক্রং বিবিধান্তাব্রধানি চ। কুগুলাভ্যাং স্বপূর্ণাভ্যাং কর্ণাভ্যাঞ্চ বিভূষিতা॥১১॥
চন্দ্রবিশ্বনি। দেবি। মুথেন সং বিবাজনে। মুকুটেন বিচিত্রেণ কেশবন্ধেন শোভিনা॥১০।
ভূজকাভোগবানেন শ্রোণিস্ত্রেণ রাজতা। লাজনে চাপবিদ্ধেন ভোগেনেবেহ মন্দরঃ॥১০।

ভারতভাবদীপ:

(পাঠান্তরে) বিরাটেভি। গচ্ছমানঃ গচ্ছন্, দুর্গাং দুর্গমসন্ধটভাবিণীম্ ॥১॥ নাবাষণেন দত্তা যে বরাঃ উমেভি ভদ্রকালীভি দেবাদ্বাং পৃদ্ধয়িক্তীভোবমাদ্যো বিষ্ণুপ্রাণাদে প্রভান্তংপ্রিয়াং মঙ্গলাং মঙ্গলপ্রাণাম্ ॥২॥ শিলাভটে কংসেনৈর বিনিক্ষিপ্তা সভী আকাশং গভা ভাম্ ॥৩॥ থেটকং চর্ম ॥৪—৫॥ স্তোত্তার্থমের সন্ধর উদ্ভবো যেষাং নায়াং বরদে ইভ্যাদীনাং তৈঃ আমন্ত্র্য সন্বোধ্য স্তোত্ত্বং প্রচক্রমে ইভি পূর্বেণ সম্বন্ধঃ ॥৬॥ ক্রফে ক্রফল্বরূপে ॥৭॥ চতুভূবিদ্ধ চতুর্বন্তেন ইভি বিষ্ণুরক্ষরূপত্বমৃক্তব্ । ম্বৃবপিচ্ছাভানি ইন্দ্রনীলাদিমণিথচিভানি বলয়ানি মত্তান্তথাবিধে । পদ্মা লক্ষ্মীং, অভএব নাবাষণপরিগ্রহা বিষ্ণুকান্তা ॥৮॥ বন্দ্রচর্মান ক্রিনান্তার্যামিন্তং দর্শিতং তেন লোকিকলন্ধীতো ব্যাবৃত্তিঃ । ক্রফচ্ছবিনীলমেদন্তেন সমা ক্রমা ক্রম্বর্ণা ॥৯॥ অইভূজামাহ—বিভ্রতীভি । বিপূলো বর্যাভয়প্রদদ্দেন উর্জ্বিভো বো বাহু । তত একং পাত্রী পাত্রবান্ । পঙ্কজী পঙ্কজবান্ । ঘণ্টী ঘণ্টাবান্ পঞ্চমঃ ॥১০॥ পাশং ধন্ন্মহাচক্রম্বর্ণ গাত্রী পাত্রবান্ । পঙ্কজী পঙ্কজবান্ । ঘণ্টী ঘণ্টাবান্ পঞ্চমঃ ॥১০॥ পাশং ধন্ন্মহাচক্রম চ বিভ্রতীভি পূর্বেণাশ্বয়ং । এভান্তের বিবিধান্তাম্থানি ক্ওলপূর্ণো যৌ ঘো ফণি তাভাগে বিরাজিতা ॥১১॥ কেশবদ্ধনে কব্রীরপ্রপে ॥১২॥ বেণীং বর্ণ্যতি—ভূজকেভি । ভূজপানিত্রবাদ্ধিত ভূজকেভি । ভূজপান

ধ্বজেন শিথিপিচ্ছানামূচ্ছিতেন বিরাজদে। কৌমারং ব্রতমান্থায় ত্রিদিবং পালিতং ত্বা। তেন খং ভূষদে দেবী ত্রিদশৈঃ পূজ্যদেহপি চ 🗱 ত্রৈলোক্যরক্ষণার্থায় মহিষাস্থরনাশিনি। প্রসন্না মে স্থরশ্রেষ্ঠে দ্যাং কুরু শিবা ভব ॥১৫॥ জয়া জং বিজয়া চৈব সংগ্রামে চ জয়প্রদা। মমাপি বিজয়ং দেহি বরদা অঞ্চ সাম্প্রতম্ ॥১৬॥ বিজ্ঞো চৈব নগশ্রেষ্ঠে তব স্থানং হি শাখতম্। কালি কালি মহাকালি সীধুমাংসপগুঞ্জিয়ে ।১৭। কুতামুযাত্রা ভূতৈত্বং বরদে কামচাবিণি। ভারাবতারে যে চ খাং সংশ্বরিশ্রন্তি মানবাঃ ॥১৮॥ প্রণমন্তি চ যে খাং হি প্রভাতে চ নরা ভূবি। ন তেবাং ছন্ন ভং কিঞ্চিৎ পুত্রতো ধনতোহপি বা ॥>>॥ তুর্গান্তাবয়সে তুর্গে তত্ত্বং তুর্গা স্থতা জনৈ:। কান্তারেঘবসন্নানাং মন্নানাঞ্চ মহার্ণবে ॥२ •॥ দহ্যাভির্বা নিরুদ্ধানাং স্বং গতিঃ প্রমা নুণীম্। জল-প্রভরণে চৈব কান্তাবেশটবাযু চ ।২১। যে শারস্তি মহাদেবি! ন চ সাদন্তি তে নবা:। জং কীর্ত্তি: শ্রীর্বভি: সিদিহ্রীবিদ্যা সম্ভতির্বতি: ।২২। সন্ধ্যা রাত্রি: প্রভা নিজা জ্যোৎস্থা কান্তি: ক্ষ্মা দয়া। নৃণাঞ্চ বন্ধনং মোহং পুত্রনাশং ধনক্ষষম্ ॥২০। ব্যাধিং মৃত্যুং ভর্ষঞ্চব পূজিতা নাশ্যিশ্রসি। সোহহং রাজ্যাৎ পরিভ্রষ্টঃ শরণং ছাং প্রপন্নবান্ ॥২৪॥ প্রণতশ্চ যথা মূর্দ্ধ্য তব দেবি। হুবেশ্বরি ।। আহি মাং পদ্মপত্রাক্ষি। সত্যো সত্যা ভবন্থ নঃ ॥২৫॥ শবণং ভব মে হর্মে। শরণ্যে। ভক্তবৎসলে।। এবং স্থতা হি সা দেবী দর্শবামাস পাণ্ডবম্। উপমগ্য তু বান্ধানমিদং বচনমত্রবীৎ ॥২ ।। দেব্যুবাচ। শৃণু বাজন্মহাবাহো ! মদীয়ং বচনং গুভম্। ভবিশ্বত্যচিরাদেব সংগ্রামে বিজয়ন্তব ॥২ १॥ মম প্রসাদারিজ্জিত্য হস্বা কোরববাহিনীম। রাজ্যং নিম্বন্টকং ক্বতা ভোক্ষাদে মেদিনীং পুন: ॥২৮॥ বাছভি: সহিতো রাজন্ !- প্রীতিং প্রাক্ষ্যাসি পুরুবাম্। মংপ্রসাদান্ত তে সৌণ্যমারোগ্যঞ ভবিশ্রতি ।২৯। যে চ দহীর্ভয়িশ্বস্তি লোকে বিগতমংদরা:। তেবাং তৃষ্টা প্রদাস্তামি রাজ্যমায়্র্বপু: হতম্ ।৩০। প্রবাদে নগরে বাপি সংগ্রামে শক্তসঙ্কটে। অটব্যাং তুর্গকান্তারে শাগরে গহনে গিবোঁ 🗝 ১॥ যে শ্বরিক্তস্তি মাং রাজন্ । যথাহং ভবতা শ্বতা। ন তেষাং ছব্ল ভং কিঞ্চিদশ্বিরে তি ভবিয়তি ।০২। ইদং ভোত্রবরং ভক্তা। শূর্যাধা পঠেত বা। তক্ত সর্বানি কর্মাণি সিদ্ধি যাশ্রস্তি পাগুবা: ॥৩০॥ মৎপ্রসাদাচ্চ বং সর্বান্ বিরাটনগরে স্থিতান্। ন প্রজাক্তত্তি কুববো নরা বা তরিবাসিনঃ ॥৩৪। ইত্যুক্তা বরদা দেবী মুধিষ্টিরমবিনদমম্। রক্ষাং ক্ষা চ পাণ্ডুনাং তত্ত্ববাস্তরধীয়ত ।৩৫।

> ইতি শ্রীমহাভারতে শতসাহস্রাং নংহিতায়াং বৈয়াদিক্যাং বিরাটপর্বনি হুর্গাস্তবে ষষ্টোহধ্যায়ঃ 🕪

ভারতভাবদীপঃ

ভোগবাদেন দর্পদরীরাকাবেণ বাদো বাদনা তেন ভদাকার উপলক্ষ্যতে। কটিপুত্রেণ দহ রাজতা শোভমানেন। কটিপুত্রোপরি লয়মানষা বেণ্যেভার্থ:। ভোগেন ভূজক্ষণায়া তহতা ভূজকেনেতার্থ:। ভোগিনেবেতি যুক্ত: পাঠ: ॥১৩—১৪॥ শিবা কল্যাণরপা ॥১৫—১৭॥ কৃতার্যাত্রা নিত্যম্পুস্তা, ভূতৈর্ব শাজে: প্রাচীনে: ॥১৮—১৯॥ কাস্তাবেষু মহাবণ্যেষু ॥২০॥ কাস্তারেষু তুর্গমমার্গেষু ॥২১—২৯॥ দরীর্ত্তরিয়ান্তি সামিতি শেষ: ॥০০—৩৫॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্বাণি নৈলক্ষীযে ভারতভাবদীপে ষঠোহধ্যায়: ১৬॥ বিরাট-৮(১২)

বর্ষোহধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

ততো বিরাটং প্রথমং যুধিষ্ঠিরো রাজা সভায়ামুপবিষ্টমাত্রজং।
বৈদূর্য্যনদ্ধান্ প্রতিমূচ্য কাঞ্চনান্ অক্ষান্ স কক্ষে পরিগৃহ্য বাসসা॥>॥
নরাধিপো রাষ্ট্রপতিং যশস্বিনং মহাযশাঃ কৌরববংশবর্দ্ধনঃ।
মহামুভাবো নবরাজসংকৃতো তুরাসদন্তীক্ষবিষো যথোরগঃ॥২॥
পরেণ রূপেণ নর্র্ষভো মহান্ তথাশ্বিরূপেণ যথামরস্তথা।
মহাজ্রজালৈরিব সংরূতো রবির্যথাহনলো ভস্মব্রতশ্চ বীর্য্যবান্॥৩॥ (বিশেষকম্)

ভাবতকৌমুদী

তত ইতি। ততো নগরে প্রবেশাৎ পবম্, বাজা। তহি কিং চন্দ্র ইত্যাহ—নরাধিপং, মহামশাং, কৌরববংশবর্জনং, মহান্ অন্তভাবং প্রভাবো যত্ত সং, অতএব নররাজৈঃ সংকৃতঃ সম্মানিতঃ, তীক্ষবিব উবগঃ সর্পো যথা, তথা দ্ববাদদো হর্জর্বন্চ, তথা অপি চ, অবিরূপেণ অধিনীকুমাবাকুত্যা, যথা অমরো দেবং, তথা পরেণ উত্তমেন, রূপেণ সৌন্দর্ব্যেণ বিশিষ্টঃ, মহান্ দীর্যঃ, নরর্বভো মহা্মজেন্ঠঃ, বীর্যাবাংশ্চ স বৃধিষ্টিরঃ, মহান্রজালৈর্মহামেদসমূহৈঃ সংবৃতো ববিঃ তর্ব্যা যথা, ভস্মবৃতঃ অনলো বহিশ্চ যথা, তথা উর্জপুত্রাদিত্রাহ্মণবেশেন আরুত্যরূপঃ সন্, বৈদ্ব্যমন্থিচিতান্, কাঞ্চনান্ হর্ণময়ান্, অক্ষান্ পাশকান্, বাসসা উত্তরীয়বস্তাঞ্চলেন, প্রিসূত্র ধুষা চ, সভাষামূপ্রিষ্টং যশন্বিনং রাষ্ট্রপতিং মংস্তদেশাধিপতিং বিরাটম্, প্রথমং জ্যেষ্টক্রমক্যেবৌচিত্যাং ভীমাদিভ্যঃ পূর্ব্বম্, আব্রদ্ধং প্রাগ্রহণ প্রাধিবানিত্যর্থঃ ৪১—৩৪

বৈশস্পায়ন বলিলেন—তাহাব পর প্রথমেই মহাযশা, মহাপ্রভাবশালী, কৃক-বংশের উন্নতিকারী, অপর বাজগণসম্মানিত, অশ্বিনীকুমাবের ফ্রায় পবম বপবান, ঘীক্ষুবিষ সর্পের ফ্রায় ত্র্নির্ধ, মহামেঘসমূহে আবৃত স্থা্যর ফ্রায় এবং ভস্মে আবৃত অগ্নির ফ্রায় ব্রাহ্মণবেশে আবৃত ও বলবান্ সেই যুধিষ্ঠিব উত্তবীয়বস্তাঞ্চলে বৈদ্র্যা-মণিখচিত স্বর্ণময় পাশক বন্ধনপূর্বক তাহা কক্ষদেশে ধারণ কবিয়া—সভায় উপবিষ্ট যশস্বী মংস্থাদেশাধিপতি বিবাটরাজ্ঞাব নিকট উপস্থিত হইলেন ॥১—৩॥

⁽১)--- বৈদ্ধ্যকপ্যান্ প্রতিগৃত্---পরিরভা বাসসা---প্র, -- বৈদ্ধ্যরপান্--বা ব রা ম।

• (৩) বলেন রূপেণ---জব্ধ স্বৰূপেণ ঘণামরঃ---প্র, বলেন রূপেণ---জপূর্বরূপেণ ঘণামরস্তণা--বা ব রা ম।

তমাপতন্তং প্রসমীক্ষ্য পাগুবং বিরাটবাড়িন্দুমিবাল্রসংর্তম্।
সভাগতং পূর্ণশশিপ্রভাননং সহামুচাবৈবচিবেণ দৃষ্টবান্ ॥৪॥
মিল্রিছিজান্ সূতস্থান্ বিশস্তথা যে চাপি কেচিৎ পরিতঃ সমাসতে।
পপ্রচহ কোহয়ং প্রথমং সমীযিবান্ নৃপোপমোহয়ং প্রসমীক্ষতে সভাম্ ॥৫॥
ন তু ছিজোহয়ং ভবিতা নবোত্তমঃ পতিঃ পৃথিব্যা ইতি মে মনোগতম্ ।
ন চাস্ত বাজ্ঞী ন রথো ন কুঞ্জরঃ সমীপতো লাজ্ঞতি চায়মিক্রবৎ ॥১॥
ভাবতকৌমুদী

তমিতি। বিরাটরাট্ মৎশ্রবাজো বিরাট:, অল্রসংবৃত্ত মেঘাবৃত্তম্, ইন্দ্ চন্দ্রমিব, উর্জপুঞাদি-ব্রাহ্মণবেশেন সংবৃতমিতি ভাব:, তং পাগুবং যুধিষ্ঠিবম্, আপতস্তম্ আগচ্ছস্তম্, ৫ সমীক্ষ্য প্রথমং দ্বাদবলোক্য, পশ্চাদচিরেবৈব সভাগতং সভাযামৃপস্থিতম্, পূর্ণশশিপ্রভাননং তম্, অহু পশ্চাৎ চারো বিচরণং যেষাং তৈরহুচারের্মন্ত্রিপ্রভৃতিভিঃ সহৈব দৃষ্টবান্ ॥৪॥

মন্ত্রীতি। মন্ত্রিণক বিজা ব্রাহ্মণাক তান্, স্তম্থান্ বন্দিপ্রভৃতীন্ বিশো মন্ত্রান্, "বে বিশো বৈশ্যমন্ত্রে" ইত্যমরঃ, তথা যে কেচিৎ ক্ষজিয়াদযঃ, পরিতঃ সমস্তাৎ, সমাসতে উপবিশন্তি দা, তানপি চেতার্থঃ, পপ্রচ্ছ বিরাট ইতি শেষঃ। কিং পপ্রচ্ছেত্যাহ—নুপোপমঃ অয়ং কঃ, প্রথমং সমীযিবান্ দ্যোগভবান্, অয়ঞ্চ সভাং প্রসমীক্ষতে দ্বলোকয়তি। বৃষং জানীথ চেৎ ব্রতেতি ভাবঃ 161

নেতি। অয়ং নরোত্তমঃ, উর্দ্বপ্রাদিরাশ্বণলক্ষণবানপি ছিজো রাশ্বণো ন ভবিতা, তু কিছ, পৃথিব্যাঃ পতিঃ রাজৈব ভবিতা; ইতি মে মনোগতং সম্ভাবনম্। যেন হি অল্প, বাজী অশো নান্তি, রথো নান্তি, কুঞ্জরো গজোহপি নান্তি, তথাপি চ অয়ম, সমীপতো মম সমীপে, ইশ্রবং, রাজতি আকৃতিসোঁঠবাং রাজতে । ।

ভাৰতভাবদীপঃ

তত ইতি। বৈদ্ধ্যরপান্ কাঞ্চনাংশ্চ শারীন্ ইদং বেতরজ্পারীণাং শারিফলকক্ষ চোপলকণম্। অক্ষান্ পাশাংশ্চ, বাসসা প্রতিমূচ্য বদ্ধা কক্ষে পরিগৃহ্ আব্রন্ধদিতি সম্বন্ধঃ ।১—৩। নচিরেণ শীব্রমেব ॥৪। বিশো বৈশ্বান্ ॥৫॥ ন তু দিজোহযং দিজবেষোহপি

বিবাটরাজা, মেঘাবৃত চন্দ্রের স্থায় ব্রাহ্মণবেশে আবৃত পূর্ণচন্দ্রবদন সেই যুধিষ্ঠিবকে দূব হইতে আসিতে দেখিয়া, পরে শীঘ্রই তাঁহাকে সভায় উপস্থিত হইতে দেখিলেন; তথন তাঁহাব অমুচবেরাও দেখিল ॥৪॥

তখন মন্ত্রী, ব্রাহ্মণ, বন্দিপ্রভৃতি অন্তান্ত লোক এবং অন্ত যাহাবা চাবিদিকে বিসিয়াছিল, তাহাদিগকে বিরাটরান্ধা জিজ্ঞাসা কবিলেন—"রাজতুল্যাকৃতি কে ইনি প্রথম আসিলেন ? ইনি যে সভা পর্য্যবেক্ষণ করিতেছেন। ॥१॥

⁽৪) ভদাপতন্তম্—প্র,···সমাগতং পূর্ণ···মহাত্মভাবং নচিরেণ দৃষ্টবান্—বা ব রা ুম।
(৫) প্রায়েণ ভিন্নাঃ পাঠাঃ—ভা,·· সমেষিবান্—বা ব রা ভা। (৬)·· ন চাল্ড দাসঃ—বা ব রা ম,·· ন চাল্ড দাসা ন রংগা ন কুণ্ডলে—ভা।

শবীবলিক্সৈরুপসূচিতো হুয়ং মুদ্ধাভিষিক্তস্ত্রিতি মেহত্র মানসম্।
সমীপমায়াতি চ মে গতব্যথং যথা মহীং তামরসীং মহাগজঃ॥৭॥
বিতর্কয়ন্তং তু নর্বহুত্তথা যুধিন্ঠিরোহভ্যেত্য বিরাটমত্রবীৎ।
সম্রাড়্বিজ্ঞানাত্বিহ জীবিতার্থিনং বিনফ্টসর্ববস্বমুপাগতং দ্বিজম্॥৮॥
ইহাহমিচ্ছামি ত্বানঘান্তিকে বস্তুং যথা কামচরন্তথা বিভো!।
তমত্রবীৎ স্বাগতমিত্যনন্তরং বাজা প্রহুষ্টঃ প্রতিসংগৃহাণ চ॥৯॥

ভারতকৌমুদী

বাজত্বসম্ভাবনায়াং হেত্বস্তবমাহ—শবীরেতি। হি যশ্মাৎ, অয়ং জনঃ, শরীবশু নিঙ্গৈং আজাফুল্মিতবাহুত্বাদিচিহৈঃ উপস্টেতঃ মূর্দ্ধাভিষিক্তো রাজা, ইতি তু অত্ত বিষয়ে মে মানসং সম্ভাবনম্। কিঞ্চ মহাগজো যথা, তামরসীং পদ্ময়ীম, মহীং ভূমিম, তথা অয়ম, মে সমীপম, গতবাথং নিরুদ্ধোং যথা আৎ তথা আয়তি। বাজত্বাভাবে কিনুশী নিরুদ্ধোতা ন আদিত্যাশয়ঃ । গা

বিতর্কেতি। নবর্ষভো মহয়শ্রেষ্ঠো যুধিষ্টিবস্ক, তথা পূর্ব্বোক্তরূপং বিতর্কষক্ষ বিরাট-মভ্যেত্য অব্রবীং। কিমব্রবীদিত্যাহ—স্মাট্ রাজাধিবাজো ভবান্, বিনষ্টসর্বস্বম, অতএব জীবিতার্থিনং জীবনরক্ষণোপযোগ্যন্নমাত্রপ্রার্থিনম্, ইহ অত্র উপাগতম্, বিজং ব্রাহ্মণং মাং বিজানাতু ॥৮॥

ভারতভাবদীপঃ

রাজৈব ভবিষ্যতীত্যর্থ: ।ঙা শরীরলিকৈ: আজাহবাছহাদিভি:, তামরসীং পদ্মিনীম্। এতেন স্বাভিভবশকা দশিতা ।৭। বিজং তৈবেণিকত্বাৎ ।৮। কামচর: ত্বদিছাহবর্তী ।>। প্রীত্যা-

এই নবশ্রেষ্ঠ ত ব্রাহ্মণ হইবেন না; আমার মনে হয়—ইনি বাজা হইবেন। কেন না, ইহাব হাতী, ঘোড়া বা বথ না থাকিলেও ইনি আমার নিকটে ইন্দ্রেব ছুল্যুই দীপ্তি পাইতেছেন। ॥৬॥

ইহাব শবীরের লক্ষণই ইহাকে রাজা বলিয়া বুঝাইয়া দিতেছে; ইহাই আমার ধাবণা। তা'ব পব, মহাহস্তী যেমন পদ্মময় ভূমিতে নিরুদ্ধেগে উপস্থিত হয়, ইনিও তেমনই আমার নিকটে নিক্দেগে উপস্থিত হইয়াছেন" ॥৭॥

বিরাটবাজা এইরূপ বিতর্ক কবিতেছিলেন, এমন সময়ে নরশ্রেষ্ঠ যুধিষ্ঠিব তাঁহাব নিকটে যাইয়া বলিলেন—"রাজাধিরাজ ইহা অবগত হউন যে, আমার সর্বব্ধ বিনষ্ট হইয়াছে; তাই আমি জীবিকানির্ব্বাহের জন্ম এখানে আসিয়াছি; আমি ব্রাহ্মণ" ॥৮॥

⁽१) -- মুদ্ধাভিষিক্ত ইভি মে—বা ব রা ম, -- মুদ্ধাভিষিক্তো মম চেতি গি ছিডম্ —ভা, -গতব্যথো যথা গজস্তামরলীং মদোৎকটঃ—প্র বা ব রা ম। (৮) -- নবর্গভম্—প্র, -- লমাভ ্
বিজানীহি হি—ভা। (২) -- প্রবৃষ্টঃ প্রতিসংগ্রহেণ চ—ভা। ইতঃ পরম্ 'তং রাজিশিংইং
প্রতিগৃহ্ছ রাজা প্রীতাত্মনা চৈনমিদং বভাবে' ইত্যধিকঃ—প্র বা ব রা ম।

কামেন তাতাভিবদাম্যহং ত্বাং কস্থাসি রাজ্ঞো বিষয়াদিহাগতঃ। গোত্রঞ্চ নামাপি চ শংস তত্ত্বতঃ কিঞ্চাপি শিল্পং তব বিঘতে কৃতম্॥>०॥ যুধিষ্ঠিব উবাচ।

যুধিষ্ঠিবস্থাসমহং পুবা সথা বৈয়াদ্রপতঃ পুনরন্মি বৈ দিজঃ। অক্ষান্প্রয়োক্তবুং কুশলোহস্মি দেবনে কক্ষেতি নাম্নাস্মি বিরাট। বিশ্রুতঃ ॥>>॥

ভারতকোমুদী

ইহেতি। হে অনহ। নিশাপ। বিভো! প্রভো! কামচবং ক্ষেছাচারী জনো যথা, তথা অহম্, ইহ তব অন্তিকে বস্তুং স্থাতুমিচ্ছামি, অবেতনগ্রাহিত্বাদিত্যাশয়ঃ। অনন্তবম্, বাজা বিরাটঃ প্রস্থাঃ সন্, তং যুধিষ্টিবমিত্যব্রবীৎ—স্বাগতং তব স্থানাগমনং জাতং কিম্; ত্বণাত্র বাসং প্রতিসংগৃহাণ ॥ ১॥

কামেনেতি। হে তাত। বংস!। ববংকনিষ্ঠতাদর্শনাদীদৃশং সম্বোধনম। অহং কামেন স্বেচ্ছবৈব স্বাম, অভিবদামি ইদং পৃচ্ছামি—স্বং কস্ম বাজ্ঞো বিষযাৎ দেশাৎ, ইহ অত্র আগতোহসি, স্বকীয়ং গোত্রঞ্চ নামাপি চ, তত্বতো যাথার্থ্যেন, শংস ক্রহি। ক্বতং শিক্ষিতপূর্বাং তব কিঞ্চাপি শিল্পং শিল্পবিতা বিভাতে। অত্র প্রথমং চরণমিক্রবজ্ঞাচ্ছদদসঃ অপরাণি তৃ বংশস্থবিদম্যেতি উপজাতির্ব্বিম, "ইখং কিলান্তাস্থপি মিশ্রিতাস্থ বদন্তি জাতিষিদমেব নাম" ইত্যভিধানাৎ ॥১০॥

যুধীতি। হে বিবাট। অহং পুবা যুধিষ্টিরস্ত সথা আসম্। অতঃ কুফদেশাদেবাগত ইতি ভাবঃ। পুনঃ বৈষাত্রপতঃ ভদাথ্যগোত্তঃ, দিজো ত্রান্ধণোহন্মি, দেবনে দৃতক্রীড়াযাম্, অক্ষান্ পাশকান্ প্রযোজ্ঞঃ নিক্ষেপ্ত মু, কুশলো নিপুণোহন্মি, ক্ষেতি নামা বিশ্রুতঃ প্রথিত চামি। ঈদৃশে বিষয়ে মিথ্যাবাদ্য অপাপজনকত্ত্ব প্রাগেবোক্তম্ ॥১১॥

ভারতভাবদীপঃ

ত্মনা প্রীতিমতা, মনসা কামেন রাগেণ। তাতেতি শ্রেষ্ঠত্বাৎ সম্বোধযতি, শিল্প কোশলম্, কিং বিষয়ং তব ত্বয়া ক্বতং সম্পাদিতম্ ॥১০॥ যুধিষ্টিবস্থেতি লোকে। পক্ষে যুধিষ্টিবোহহং তব সথা স্থাসং ভূযাসমিতি সম্বন্ধঃ। অন্তেরাশীর্লিঙি ছালদ আর্দ্ধগাতুকত্বাভাবঃ তেন ভূভাবঃ

হে নিষ্পাপ প্রভূ! অন্ত স্বেচ্ছাচাবী লোকেব স্থায় আমিও এখন আপনার নিকটে বাস কবিতে ইচ্ছা করি।" তাহাব পর বিবাটরাজা সম্ভষ্ট হইয়া বলিলেন—"তোমাব স্থুখে আগমন হইয়াছে ত ? তুমি এখানে বাস কবিবার অমুমতি গ্রহণ কর ।।

বংস! আমি তোমাকে ইচ্ছামুসাবে জিজ্ঞাসা করিতেছি—তুমি কোন্ রাজাব দেশ হইতে এখানে আসিয়াছ ? এবং তোমার গোত্র ও নাম সত্য বল, আব কোন্ শিল্পবিছা তোমাব শিক্ষা কবা আছে ?" ॥১০॥

য্থিষ্ঠিব বলিলেন—"মহারাজ বিরাট। পূর্বে আমি যুধিষ্ঠিরের সথা ছিলাম,

বিরাট উবাচ।

দদামি তে হন্ত ববং যমিচ্ছদি প্রশাধি মৎস্থান্ বশগো ছহং তব। প্রিয়া হি ধূর্ত্তা মম দেবিনঃ দদা ভবাংশ্চ দেবোপম। রাজ্যমর্হতি ॥১২॥ যুধিষ্ঠিব উবাচ।

প্রাপ্তো বিবাদঃ প্রথমং বিশাংপতে ! ন বিহাতে কশ্চন মংস্থা ! হীনতঃ। ন মে জিতঃ কশ্চন ধারযেদ্ধনং ববো মমৈষোহস্ত তব প্রসাদজঃ ॥১৩॥

ভারতকৌমূদী

দদামীতি। হস্তেতি হবেঁ। সং যং বরং কাম্যাং পদার্থমিচ্ছিনি, তমেব তে দদামি। স্বত্তব হে দেবোপম। রাজত্ব্যা! "রাজা ভট্টারকো দেবং" ইত্যমর:। ভবান্ রাজাং প্রাপ্ত_{ন্}ম্ইতি। স্বতো মংস্থান্ মদীয়ং মংস্থা দেশং প্রশাধি। মম চ দেবিনো দ্যুক্তরীভাকারিণো ধূর্ডা: দদা হি প্রিয়া:; হি তত্মাদহং তব বশগো ভবিক্সামি॥১২॥

ভারতভাবদীপঃ

শ্বনোবিতারোপাভাবশ্চ ন ভবতঃ নলোপাভাবোহপি ছান্দনঃ। যুথিপ্রিক্ষাহ্মহং নথেতি পাঠেহপি যুথিপ্রিবোহহং মন সথা তাঃ ভবেতি সম্বন্ধঃ। হমিতি তু পাদপূরণার্থো নিপাতঃ। পক্ষে অহমহমিতি বিকলিং, নার্কভোমোহপরনেবাং চিকীর্যামীতি চিক্তয়া বৈচিত্তাস্থচিকা। বৈদ্যান্ত্রপতঃ ব্যান্ত্রপাদ্গোত্রে ভবঃ ব্যান্ত্র ইব পততীতি ব্যান্ত্রপাদ্যমন্তস্ত কুলে জাতো বৈদ্যান্ত্রপতঃ। গর্গাদিখাদ্যক্র্যান্ত্র হার্যান্ত্রপতঃ। বান্ত্রপতঃ বান্ত্রপতঃ। বিশ্বঃভাবিত্রপতঃ বান্ত্রপতঃ বিবাদপ্রাপ্তে। বে বিনাংপতে। বে বান্ত্রপতঃ বিনাংপতে। বে মংগ্রেত্যাদ্রাপ্ত হিন্তলাধ্রপতঃ বিনাংপ্রপতঃ বিনাংপতে। বে মংগ্রেত্যাদ্রাপ্ত হিন্তলাধ্রপতি। ক্ষাব্রেত্রপতঃ বিনাংপতে। বে বান্ত্রপতঃ বিনাংপতঃ বিনাংপতঃ

আমি বৈয়াম্বপত্তগোত্রীয় ব্রাহ্মণ, দূতিক্রীডায় পাশক নিক্ষেপ করিতে আমি নিপুণ এবং আমি 'কঙ্ক'-নামে প্রসিদ্ধ" ॥১১॥

বিবাটবালা বলিলেন—"ভাল। তুমি যে বস্তু ইচ্ছা কম, তাহাই তোমাকে দিব; কিন্ধ হে বাজতুলা। তুমি বাজ্য পাইবাব যোগ্য; স্থতবাং তুমি আমাব মংস্তদেশ শাসন কর। আব দ্যুভক্রীড়াকারী ধুর্ত্তেরা সর্ববদাই আমাব প্রিয়; তাই আমি তোমাব অধীন হইযা থাকিব" ॥১২॥

⁽১২) দদানি তে—প্র। (১৩) আপ্তো বিবাদঃ প্রম:—ভা।

বিবাট উবাচ।

হন্যামবশ্যং যদি তেহপ্রিয়ং চরেৎ প্রব্রাজয়েয়ং বিষয়ান্দ্রিজাংস্তথা।
শৃগন্ত মে জানপদাঃ সমাগতাঃ কঙ্কো যথাহং বিষয়ে প্রভুত্তথা॥১৪॥
সমানজাতোহসি ভগংশ্চ মে সথা প্রভূতবন্ত্রো বহুপানভোজনঃ।
পশ্যেস্তমন্তশ্চ বহিশ্চ সর্ববদা কৃতং ময়া ভাবমপারতং যতঃ॥১৫॥

ভাবতকৌমুদী

প্রাপ্ত ইতি। হে বিশাংপতে। নরনাথ। সংস্তা। মংস্তদেশবান্ধ। হীনতো নীচাজ্জনাৎ কশ্চন বিবাদো দূতে ময়া সহ কলহং, প্রাপ্ত উপস্থিতঃ, ন বিহাতে ন ভবতি, ইতি ববঃ প্রথমমন্ত। তথা মে ময়া জিতঃ কশ্চন জনোহপি, পণীক্ততং ধনম্, ন ধার্বেৎ আত্মনি ন রক্ষেৎ, ভবতা দাপ্য ইতার্থঃ। তব প্রসাদজঃ অন্তগ্রহজাতঃ, এষ মম বিতীষো বরঃ অস্ত ।১৩॥

হক্তামিতি। হে কন্ধ। যদি কশ্চিদপি তে অপ্রিয়ং চরেৎ, তদা অবশ্যমেব তং হক্তাম্। তথা বিজ্ঞান্ অদপ্রিয়চারিশো প্রাহ্মণান্, বিষয়াদেশাৎ, প্রপ্রাজ্যেষং নির্কাসযেষ্ম্, "বপনং ক্রিণাদানং দেশামির্বাপনং তথা। এব হি প্রহ্মবন্ধ্নাং বধো নাক্তোহন্তি দৈহিক: ॥" ইতি শতেনির্কাসনক্রৈব প্রাহ্মণপক্ষে বধস্থানীয়ত্বাদিতি ভাবং। সমাগতা জ্ঞানপদা দেশবাসিনো জনাং, মে মম বচনং শৃগদ্ধ। বিষয়ে অন্মিন্ দেশে যথা অহং প্রভূং, তথা ক্রেছিপি ॥১৪॥

শমানেতি। হে কন্ধ ! ভবান্ মে সথা সংবৃত্ত ইতি সমান এব জাতঃ সমানজাতঃ ;
অতএবাহমিব ত্বমপি, প্রভূতানি প্রচুবানি বন্ধানি যন্ত সং, বহুনি পানভোজনানি যন্ত স ভাবতভাবদীপঃ

কশ্চন কোহপি মধা জিতোঁ মে মদীয়ং ধনং ন ধাববেং। অহং কলহান্তীতস্তমেব সত্যং জ্ঞাতা মদীয়ং ধনং দাপযেত্যৰ্থ: ১১৬। তে তব অপ্ৰিষমিতি চ্ছেদ:। মথাহং বিষয়ে দেশে প্ৰভৃত্তথা ক্ষোহণীতি যোজনা ১১৪। অন্তর্ধনদারাদীন, বহিঃ সৈক্যাবামাদীন, পঞ্চেঃ পর্যালোচ্য, অপাবৃতম্

যুধিষ্ঠির বলিলেন—"নবনাথ মংশুরাব্ধ। দ্যুতক্রীড়ার সময়ে আমার সহিত নীচলোকেব কোন বিবাদ উপস্থিত না হয়, ইহা আমার প্রথম বর হউক এবং আমি জয় কবিলে, কোন লোকই সেই পণের ধন নিজেব নিকট বাখিতে পারিবে না, ইহা আপনাব অমুগ্রহজাত আমার দ্বিতীয় বব হউক" ॥১৩॥

বিবাটবান্ধা বলিলেন—"কঃ। যদি কেহ তোমাব অপ্রিয় আচবণ কবে, তবে আমি অবশ্যই তাহাকে বধ করিব, আব অপ্রিয়কারীবা যদি ব্রাহ্মণ হন, তবে তাহাদিগকে নির্বাসিত কবিব। সমাগত দেশবাসী লোকেবা প্রবণ করুন—এই দেশে আমি যেমন প্রভু, কঙ্কও সেইকাপ প্রভু হইলেন ॥১৪॥

⁽১৪) হক্তামবধ্যম্ প্র ভা, ···বিবাদবেষং বিষযাৎ—ভা। (১৫) সমানজাতো ভবিতাসি মে স্থা –প্র র ম ম, ···কৃত্ত তে ছারমপার্তং ম্যা -প্র বা ব রা ম, ···কৃত্ত তে ছারমপার্তং ম্যা -প্র বা ব রা ম ।

যে ত্বানুবাদেয়ুরবৃত্তিকর্ষিতা ব্রেয়াশ্চ তেষাং বচনেন মাং সদা।
দাস্থামি সর্ববং তদহং ন সংশয়ো ন তে ভয়ং বিগুতি সন্নিধো মম ॥১৬॥
বৈশম্পায়ন উবাচ।

এবং দ লক্ষ্য তু বরং সমাগমং বিরাটরাজেন নরর্যভন্তদা।
উবাদ বীরঃ পবমাচিচতঃ স্থা ন চাপি কশ্চিচ্চরিতং বুবোধ তৎ ॥১৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বিরাটপর্ব্বনি
পাণ্ডবপ্রবেশে যুর্ধিষ্ঠিরপ্রবেশো নাম ষঠোহধ্যায়ঃ॥०॥ #

ভরতকোমুদী

তাদৃশশাসি। তথা ছদর্থে যতো ময়। দাবম, অপার্তম্ উদ্ঘাটিতং ক্বতম্, অতত্তম্, সর্কদৈব অন্তণ্ড । বহিশ্চ পঞ্জে: ॥১৫॥

যত ইতি। হে কছ। অবৃত্তা মদন্তবার্ষিকাদিবৃত্তালাভেন কর্ষিতা আরুগ্র রাজধানীমানীতাঃ যে বান্ধণাদযো জনাঃ, তা ত্বাম, অন্ধবাদেয়ঃ সচিবাদিবৃ বদনানন্তরমণি ফলালাভাৎ তদ্বৃত্তিদানার্থ বদেয়ঃ, ত্বি মৎপ্রণযদর্শনাদিতি ভাবঃ। যে কিল প্রাযেণৈব ব্যাকরণং নান্ধসরন্তি যথাত্ত্ববিশ্বতীতি, তেবামুখীণাং প্রযোগেবৃ তৎত্বাতন্ত্র্যাঞ্চীকার এব প্রেযান্। অতো নীলকণ্ঠাদীনামনন্ত্রক্তিকরনং হেয়ন্। তুক তেবাং বচনেন মাং সদা অবসরে বা ক্রয়াঃ। তৎ সর্ব্বমহং দাভামি, অত্ব সংশ্বো নান্তি। যেন হি মম সন্নিধো তে ভ্বং ন বিছতি ন বিছতে ॥১৬॥

ভারতভাবদীপঃ

অনাবৃত্তম্ ॥১৫॥ অম্বাদেয়্ পূর্বাং দেহীত্যক্তা দত্তত্তৈব ক্ষেত্রারামাদেঃ প্রতিবর্ধং পুনর্দেহীতি বাজবচনং যদধিকাবিণং প্রতি তদম্বাদন্তমিমিক্তং যে খাং প্রতি অযুং প্রাপ্ত মুক্তেষাং বচনেন সদাহনবসরেহিপি মাং ব্রেযাঃ। ক্ষণমপি ব্রাহ্মণকৃক্তেঃ প্রতিবন্ধো মা ভূদিত্যাশয়ঃ ॥১৬॥ ববং শ্রেষ্ঠম্, সমাগমং প্রীতিম্ ॥১৭॥

ইতি শ্রীমহাভাবতে বিরাটপর্কণি নৈলক্ষ্মীয়ে ভারতভাবদীপে ষষ্ঠোহধ্যায়: 🕬

আব, কন্ধ। তুমি আমাব সখা হইরাছ বলিয়া সমানই হইরাছ; অতএব আমারই স্থায় তোমাবও প্রচুব বন্ধ, অন্ধ ও পানের ব্যবস্থা হইবে এবং আমি তোমাব জন্ম যখন সকল দ্বাবই উদ্ঘাটিত করিয়া দিলাম, তখন তুমি সর্ববদাই ভিতবে ও বাহিরে পর্যাবেক্ষণ করিবে ॥১৫॥

আর যে সকল লোক নির্দিষ্ট বৃদ্ধি না পাওয়ায় রাজধানীতে আসিয়া মন্ত্রি-প্রভৃতিব নিকট বলিয়াও না পাইয়া তোমাকে বলিবে, তুমি তাহাদের অন্থবোধে সর্ববিদাই তাহা আমাকে বলিবে; আমি সে সমস্তই দান করিব; ইহাতে কোন সন্দেহ নাই। আমার নিকটে তোমার কোন তয় নাই" ॥১৬॥

⁽১৬) যে স্বান্থসন্ধেয়:---সর্বাং সভতম্---ন বিছতে তে মম সন্নিধে ভযম্-ভা।

^{* &#}x27;... मशुर्मार्थायः'--श वा व वा म ।

সপ্তমোহধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

चर्थाश्रद्धा छोगवनः खिया छनम् शायर्थो निःरुविनामविक्यः। थकाकः नर्वोकः करवन धावयमिकः कानास्रगरकाषमञ्जनम् ॥>॥

ভাৰতকোমুদী

এবমিতি। নবর্গভো বীরশ্চ স যুধিষ্টিরঃ, ভদা বিবাটবাজেন সহ, এবং সমাগমং সম্মেলনং তদ্ধুত্বং ববঞ্চ লক্ষ্মা, প্রমার্ক্তিতঃ অতীৰসম্মানিতঃ স্থবী চ সন্ উবাস। কশ্চিদপি চ তত্তদীবং চরিতং ছদ্মাচবণং ন বুবোধ ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাষাং মহাভারতটীকায়াং ভাবতকোমূদীসমাখ্যাষাং বিরাটপর্ববি পাণ্ডবপ্রবেশে ষষ্টোহধ্যায়ং ॥ • ॥

---!#!---

অথেতি। অথ, ভীমং ভয়স্করং বলং যক্ত সং, তথা সিংহক্তের বিলাসবিক্রমো ভঙ্গীপবা-ক্রমো যক্ত স তাদৃশন্ড, অপবং পাগুরো ভীমসেনং, শ্রিষা দেহকাস্ত্যা জলমিব, করেণ হস্তেন, থদাং পচ্যমানামাদিবিলোড়নদগুম, দর্কীং ত্রপাদিপরিবেশনার্থকহস্তাকারপাত্রম, কালাঙ্গং ক্রফবর্ণম, অকোবং কোববহিতম, অব্রণং শ্লক্ষাবয়বঞ্চ, অসিম অসিপ্তিকাং পক্ষমাংসাদিখগুনার্থং ছবিকা-ক্ষেত্যর্থং, ধাবযন্, উপাযুয়ো ১১॥

ভারতভাবদীপঃ

অথেতি। থদ্ধাং মন্থনদণ্ডম্ অঙ্গাবাবক্ষেপণং বা, হস্তাকারং পিইবিকারপ্রমথনার্থং বা দণ্ডম্। "থদ্ধা মন্থপ্রহন্তযোঃ" ইতি বিশ্বঃ। দক্ষীং শাকাদিপরিবেষণার্থাম্, অসিং মাংশাত্যবকর্তনার্থং থজাম্, কালাঙ্গং ক্লফায়সময়ং তীক্ষমিত্যর্থঃ। অকোশং পিধানহীনম্ ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—নবশ্রেষ্ঠ ও বীর যুধিষ্ঠিব তথন এইভাবে বিবাটবাজাব সহিত সম্মেলন ও তাঁহাব প্রদন্ত বব লাভ কবিয়া অত্যন্ত সম্মানিত ও সুখী হইয়া বাস কবিতে লাগিলেন: কিন্তু তাঁহাব সেই ছম্মব্যবহার কেহই বৃথিতে পারিল না ॥১৭॥

--:*:---

বৈশপায়ন বলিলেন—তাহাব পর, ভয়ন্কর বলবান্ এবং সিংহের স্থায় ভঙ্গী ও বিক্রমশালী ভীমসেন হস্তে খঙ্গা (কাঠী), দব্বী (হাতা) এবং কৃষ্ণবর্গ, কোষমুক্ত ও ব্রণবিহীন (পালিস কবা) একথানি ছুরিকা ধারণ কবিয়া আপন দেহকান্তিদ্বারা জ্বলিতে জ্বলিতেই যেন উপস্থিত হইলেন ॥১॥

বিরাট-৯ (১২)

স সৃদরূপঃ পরমেণ বর্চসা ববির্ষথা লোকমিমং প্রকাশয়ন্।
স্থাক্ষর্পানা গিবিবাজসারবান্ তং মৎস্থারজং সমূপেত্য তস্থিবান্ ॥২॥
তং প্রেক্ষ্য বাজা বময়মুপাগতং ততোহত্তবীজ্জানপদান্ সমাগতান্।
সিংহোন্নতাংসোহ্যমতীবরূপবান্ প্রদৃশ্যতে কো মু নর্বর্ষভো যুবা ॥৩॥
অদৃষ্টপূর্বঃ পুরুষো রবির্যথা বিতর্কয়নাস্থ লভামি নিশ্চযম্।
তথাস্থা চিত্তং ছপি সংবিতর্কয়ন্ নর্ব্রভ্যাগ্য ন যামি তত্ত্বতঃ ॥৪॥

ভাবতবে মুদী

স ইতি। স্থদৰণ থজাদিধাবণাৎ পাচকবেশং, স্কুফ্যাসা গাঢক্ক্বর্ণবন্ধঃ, গিবিরাজস্থ হিমালয়স্থেব সাবং স্থিরাংশো বলং বা অস্থান্তীতি স তাদৃশন্চ, স ভীমং, প্রমণ মহতা, বর্চসা তেজ্বসা, বর্বির্থথা স্থ্য ইব, ইমং সভাস্থং লোকম্, প্রকাশ্যন্নিব, তং মংস্থবাজং সমূপেতা, তিশ্ববান স্থিতঃ ॥২॥

ভমিতি। ততঃ, রমযন্ আলাপাদিনা দদস্থানানন্দরন্, রাজা বিবাটঃ, উপাগতং তং ভীমং প্রেক্ষ্য, সমাগতান্ জানপদান্ দেশীযান্ জনান্ অববীৎ। কিমব্রবীদিত্যাহ—সিংহস্থেব উমর্জো অংসো স্কর্মো যন্ত স তাদৃশঃ, অতীবরূপবাংশ্চ, অযং কঃ ধ্বা নর্মভঃ প্রদৃশ্যতে হু ॥৩॥

অদৃষ্টেতি। অদৃষ্টপূর্ব্বঃ অবং পুরুষ:, রবির্ধণা রবিবিব প্রকাশত ইতি শেষ:। অথ চাহং বিতর্কবন্ধপি, অস্ত পুরুষস্ত, নিশ্চবং নিরূপণম, ন লভাসি কর্ত্তুং ন শক্রোমীতার্থ:। তথাহং সংবিতর্কবন্ধপি, অত্যেদানীম, তত্ততো যাথার্থ্যেন, অস্ত নবর্ষভস্ত, চিত্তং চিত্তবৃত্তিম, ন যামি ন প্রাপ্রোমি ন নিরূপযিতুম্হামীতার্থ: 181

ভাবতভাবদীপঃ

গিরিরাজসার: মহামেক্রবৎ কঠিনদেহ:, যথা গিরিবাজসাবো লোহং তেন তদ্বিকারকণং পাত্রজাতং লক্ষ্যতে, ভক্ষ্যত্রব্যপাকার্থং স্বেহপাকার্থং বা তথান্ ॥২—৩॥ তত্ত্বতঃ তত্ত্বং ন যামি

পাচকবেশধাবী ও হিমালয়েব স্থায় সারবান্ ভীমসেন গাঢ়ক্বফবর্ণ বস্তু পবিধান-পূর্বক সূর্য্যের স্থায় প্রথব তেজে সভাস্থ লোকদিগকে প্রকাশ করিতে থাকিয়াই যেন বিরাটবাজার নিকটে উপস্থিত হইয়া দাঁড়াইলেন ॥২॥

তাহাব পর আনন্দপ্রবৃত্ত বিবাটরান্ধা তাঁহাকে আগত দেখিয়া সমাগত দেশবাসা লোগদিগকে বলিলেন—"সিংহেব স্থায় উন্নতস্কন্ধ এবং অত্যস্ত বূপবান্ এই নরশ্রেষ্ঠ যুবকটা কে দৃষ্টিগোচৰ হইতেছে ! ॥৩॥

এই পুক্ষটীকে পূর্বে দেখি নাই, অথচ ইনি সূর্য্যেব স্থায় প্রকাশ পাইতেছেন। আমি বিশেষ চিন্তা কবিয়াও ইহাকে চিনিতে পাবিতেছি না এবং বিশেষভাবে পর্য্যালোচনা কবিয়াও উহাব মনের ভাব বৃক্তিছে না ॥৪॥

⁽২)---স মংশ্ররাজম্—ভা। (৩) তং প্রেক্ষ্য রাজানমিবান্তিকাগতম্—প্র, সংপ্রেক্ষ্য রাজাববজং ছাপাগতম্—ভা। (৪)---ল্ভামি সম্পদম্—ভা, ---নর্বভন্তাশ্ত—প্র বা ব বা ম।

দৃষ্ট্যৈব চৈনং ন বিচাবযাম্যহং গন্ধর্বেরাজো যদি বা পুবন্দরঃ।
জানীত কোহযং মম দর্শনে স্থিতো যদীপ্দিতং তল্লভতাঞ্চ মা চিরম্ ॥৫॥
বিবাটবাক্যেন চ তেন নোদিতা নবা বিবাটস্থ স্থানীপ্রগামিনঃ।
উপেত্য কোন্তেযমথাক্রবংস্তথা যথা স রাজাহবদদচ্যুতামুজম্ ॥৬॥
ততো বিবাটং সমুপেত্য পাগুবঃ স্থানীনরূপো বচনং মহামনাঃ।
উবাচ সূদোহস্মি নবেন্দ্র ! বল্লবো ভজস্ব মাং ব্যঞ্জনকাবমুক্তমম্ ॥৭॥

ভাৰতকোমুদী

দৃষ্ট্বতি। এনং দৃষ্ট্রৈব চাহং ন বিচাবয়ামি বিচার্ব্যাপি এতরির্ণেতৃং ন শক্রোমি, যদয়ং গন্ধবিবাজ্ঞা, যদি বা অথবা পুবন্দব ইন্দ্রঃ। অতএব হে সভাসদঃ! মম দর্শনে দৃষ্টিপথে স্থিতঃ অবং ক ইতি বৃথং জানীত; অনেন ষদীন্দিতম্, তচ্চায়ং লভজাম্। মা চিরং কুরুত যুখং ন বিলম্বধ্বম্ ॥৫॥

বিবাটেতি। তেন চ বিরাটবাক্যেন, নোদিতাং প্রেরিতাং, বিবাটশু নরাং, স্থাত্রশাষিনং সম্ভঃ, কোন্তেষং ভীমম্পেত্য তথা ভবান ক ইত্যাদিরপমক্রবন্, যথা স রাজা বিবাটং, অচ্যুতো ধর্মাদত্রটো যুধিষ্টিবন্তশাত্ত্বং ভীমমবদং ।৬॥

তত ইতি। ততো মহামনা: পাগুবো ভীম:, স্থদীনরূপ: অতীবনম্রমূর্দ্তি: সন্, বিরাটং বাজানং সমূপেত্য, ইদং বচনমূবাচ—অহং বল্লবো নাম স্থদ: পাচকোহস্মি, উত্তমং ব্যঞ্জনকারং ব্যঞ্জনাদি-পাচকং মাম্, ভজস্ব পাককর্মণি আশ্রম্ম ॥৭॥

ইহাকে দেখিয়াই আমি পর্য্যালোচনা কবিষাও স্থিব কবিতে পাবিতেছি না যে, ইনি কি গন্ধর্ববাজ ? না—দেববাজ ? সে যাহা হউক, সভাসদ্গণ! আমাব দৃষ্টিপথবর্ত্তী এই লোকটি—কে, ইহা আপনাবা জাত্মন এবং ইনি যাহা ইচ্ছা কবিয়াছেন, তাহা লাভ করুন। আপনাবা বিলম্ব কবিবেন না"॥৫॥

বিবাটবাজাব সেই আদেশে তাঁহাব লোকেবা সন্থব ভীমসেনেব নিকট যাইযা— বিবাটবাজা তাঁহার প্রতি যেমন বলিয়াছিলেন, তেমনই তাঁহাকে বলিল ॥৬॥

তাহার পব মহামনা ভীমসেন অত্যন্ত নম্রভাবে বিবাটবাজ্ঞাব নিকট উপস্থিত হইযা এই কথা বলিলেন—"মহাবাজ। আমি পাচক, আমাব নাম—'বল্লব' একং আমি উত্তম ব্যঞ্জনপ্রভৃতি পাক কবিতে পাবি, অতএব আপনি আমাকে পাক-কার্য্যে নিযুক্ত করুন" ॥৭॥

⁽৫) দৃষ্টি ব চৈনং ন বিভাবয়াসাহং গন্ধর্বরাঙ্কং যদি বা পুরন্দরম্—ভা। (৬) বিরাট-বাক্যেন তু তে প্রচোদিতা:—প্র, স্থাধিব বাজ্ঞো বদনাচ্চ্যুতা গিবঃ—ভা। (१)স্পাণ্ডবং স ভীমরূপ:—বা, স্পাণ্ডবন্ধদীনরূপ:—রা ম।

বিবাট উবাচ।

ন সৃদতাং মানদ! শ্রুদধামি তে সহস্রনেত্রপ্রতিমো হি দৃশ্যসে।
শ্রেয়া চ রূপেণ চ বিক্রমেণ চ প্রভাসসে ত্বং নৃববো নবেম্বিহ ॥৮॥
ভীম উবাচ।

নরেন্দ্র ! সূদঃ পবিচারকোহস্মি তে জানামি সূপান্ প্রথমং ন কেবলান্। আস্বাদিতা যে নৃপতে। পুবাহতবন্ যুধিষ্ঠিবেণাপি নৃপেণ সর্বশঃ॥৯॥ বলেন তুল্যশ্চ ন বিভাতে ময়া নিযুদ্ধশীলশ্চ সদৈব পার্থিব !। গজ্মৈচ সিংহৈশ্চ সমেযিবানহং সদা কবিষ্যামি চ তে নৃপ ! প্রিয়ম্॥>০॥

ভাবতকোমুদী

নেতি। মানং স্বাগমনেনৈর সন্মানং দদাতীতি মানদং। হে মানদ। তে তব, স্ফাতাং পাচকত্বম, ন প্রদর্ধামি ন বিশ্বসিমি। হি মন্মাৎ, ত্বং সহত্রনেত্রপ্রতিম ইন্ত্রতুল্য এব দৃশ্যসে। কিঞ্চ ত্বম, প্রিয়া দেহকাস্ত্যা, রূপেণ বলিষ্ঠাকারেণ, বিক্রমেণ আকাবস্ফুচিতপরাক্রমেণ চ, ইহ নরেষ্ নুববো মন্ময়প্রেষ্ঠ এব প্রভাসসে ॥৮॥

নবেদ্রেতি। হে নবেদ্র। অশ্বি অহং তে স্থা: পাচকরপ: পবিচারকো ভূতা:, ভবিতু-মিচ্ছামীতি শেব:। হে নৃপতে। পুবা ষুধিষ্টিবেণ নৃপেণাপি, সর্বনা: সর্বে, যে মৎপকা: স্পা:, আমাদিতা অভবন্, তানেব স্পান্ কেবলান্ অহং প্রথমং জানামি, ইতি ন। এতেনাহং প্র্বিং ষ্ধিষ্টিরভবনে পাচক আসমিতি স্চিতম্ ।।

কিং তর্হি অপবং জানাসীত্যাহ—বলেনেতি। বলেন চ ময়া তুলাঃ অন্তঃ কশ্চির বিছতে।
কিঞ্চ হে পার্থিব। অহং সঁদৈব নিযুদ্ধনীলো বাহুষুদ্ধকরণস্বভাবঃ। "নিযুদ্ধ বাহুষুদ্ধ স্থাৎ" ইত্যমবঃ।
অপি চ হে নৃপ। অহম্, গজৈশ্চ সিংহৈশ্চ সহ, সমেযিবান্ যুদ্ধায় সন্মিলিতঃ সন্, সদৈব তে প্রিয়ং
করিয়ামি। সমেযিবানিতি আঙ্পূর্বস্থা ইণঃ কর্মো প্রযোগঃ॥১০॥

বিবার্টবাজা বলিলেন—"হে মানদ। তুমি যে পাচক, ইহা আমি বিশ্বাসই কবি না। কারণ, তোমাকে ইন্দ্রেব তুল্য দেখা যাইতেছে এবং কান্তি, মূর্ত্তি ও বিক্রম-দ্বারা তুমি অত্রত্য লোকদিগেব মধ্যে প্রধান লোকরূপেই প্রকাশ পাইতেছ" ॥৮॥

ভীম বলিলেন—"মহাবাজ। আমি আপনাব পাচকভ্তা হইতে ইচ্ছা কবি। কেন না, নরনাথ। পূর্বের যুখিষ্টিররাজাও আমার পক্ষ যে সকল স্প (ডাল-তবকারিপ্রভৃতি) ভোজন করিতেন, সেইগুলিই যে প্রথম কেবল আমি জানি, এমন নহে॥৯॥

বলেও আমাব তুল্য অন্থ কেহ নাই এবং বাজা! আমি সর্ববদাই বাহুযুজ

⁽৮) ন স্থদতাং বল্লব !--বা ব বা ম। (३) । প্রথমঞ্চ কেবলান্--বা ব বা ম,
কেবলান্--ভা। (১০) বলেন তুল্যোন ছি--ভা।

বিরাট উবাচ।

দদামি তে হন্ত ববং মহানদে তথাধিকুর্য্যাঃ কুশলঞ্চ ভাষদে।
ন চৈব মন্তে তব কর্মা তৎ সমং সমুদ্রনেমিং পৃথিবীং ছমর্হদি ॥>>॥]
যথা হি কামো ভবতন্তথা কৃতং মহানদে হুং ভব মে পুবস্কৃতঃ।
নবাশ্চ যে তত্র সমাহিতাঃ পুবা ভবাংশ্চ তেষামধিপো ময়া কৃতঃ ॥>২॥

ভারতকৌমুদী

দদামীতি। হস্তেতি থেদে। থেদশ্চ মহাজনগু নীচকার্য্যে নিষোগাদিতি ভাবঃ। তে তব, বরমভীষ্টং দদামি। যথা চ ত্বম্, কুশলম্ আত্মানং পাককার্য্যে নিপুণং ভাষদে, তথা তং মহানদে পাকত্মানে, "পাকত্মানমহানদে" ইত্যমবঃ, অধিকুর্য্যা নিযুক্তো ভব। কিঞ্চ তব তৎ কর্ম পাককার্যম্, সমং সদৃশং যোগ্যং নৈব মক্তে। যেন হি ত্বম্, সম্প্রনেমিং সাগবপর্যন্তাং পৃথিবীম্, অর্হদি প্রাপ্তঃ যোগ্যোহিদি ॥১১॥

যথেতি। ভবতো যথা কামোহভিলাব আগীৎ, মবা তথৈব ক্বতম্। ইদানীং ত্বমু, মে মম, মহানদে পাকগৃহে, পুবস্কৃতঃ অগ্রগণ্যো ভব। অথ পুরস্কৃতছং তাবং কিমিত্যাহ—নবা ইতি। তত্ত্ব মহানদে চ যে নবাঃ, পুরা পূর্ব্বমু, সমাহিতা মধা স্থাপিতাঃ, ভবাংশ্চ তেবামধিপো মধা ক্বতঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

ন প্রাপ্নোমি ॥৪—৫॥ অবদৎ উক্তবান্, অচ্যুতো ধর্মঃ, ফলমদন্তা ন চ্যুবত ইতি যোগান্তস্থান্থ-জম্ ॥৬॥ ত্বদঃ পাককর্তা, বল্লবো নামতঃ ॥१ – ১•॥ তব কর্ম্ম ন চৈব সমং মন্তো ইতরকর্মণেতি শেষঃ। অভিমান্তবং কর্ম বদুসীতার্থঃ ॥১১—১৩॥

ইতি শ্রীমহাভারতে বিবাটপর্বাণি নৈলক্ষীৰে ভারতভাবদীপে সপ্তমোহধ্যায়: ॥৭॥

করিয়া থাকি; স্তবাং মহারাজ। আমি যুদ্ধে হস্তী ও সিংহেব সহিত মিলিত হইয়া সর্ববদাই আপনাব প্রিয়কার্য্য করিতে পাবিব"॥১০॥

বিরাটরাজা বলিলেন—"হায়! আমি তোমার অভীষ্ট কার্য্য দান কবিলাম। তুমি যখন আপনাকে পাককার্য্যে নিপুণ বলিতেছ, তখন তুমি পাকগৃহেই নিযুক্ত হও। তবে, আমি মনে করি যে, সে কার্য্য তোমাব যোগ্য নহে; তুমি সমুজপর্যাস্ত সমগ্র পৃথিবীর রাজা হইবাবই যোগ্য ॥১১॥

সে যাহা হউক, তোমার যেমন অভিলাষ ছিল, আমি তেমনই করিলাম ; তুমি আমার পাকগৃহে অগ্রগণ্য হও, অর্থাৎ আমি সেখানে পূর্বেব যে সকল লোককে নিযুক্ত কবিয়াছিলাম, এখন আমি তোমাকে তাহাদের অধিপতি কবিলাম' ॥১২॥

⁽১১) তথা হি কুর্যা: কুশলং হি ভাষসে—বা ব ভা, ···তথা চ কুর্যা: কুশলং প্রভাষসে—
বা ম। (১২) যথা হি কামন্তব তত্তথা কৃত্য—ভা।

বৈশস্পায়ন উবাচ।

তথা স ভীমো নিহিতো মহানসে বিরাটবাজ্ঞো দয়িতোহভবদ্দৃঢ়ম্। উবাস রাজন্। ন চ তং পৃথগ্জনো বুবোধ তত্রাসুচবাশ্চ কেচন ॥১৩॥ ইতি শ্রীমহাভারতে শতসাহস্যাং সংহিতায়াং বৈযাসিক্যাং বিবাটপর্ব্বিদি পাণ্ডবপ্রবেশে ভীমপ্রবেশো নাম সপ্তমোহধ্যায়ঃ॥০॥ *

অষ্টমোঽধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কেশান্ সমূৎক্ষিপ্য বেল্লিতাগ্রাননিন্দিতান্। জুগৃহ দক্ষিণে পার্ষে মুদূনসিতলোচনা॥>॥

ভাৰতকৌমূদী

তথেতি । স ভীম:, তথা তেন প্রকারেণ, মহানদে নিহিতো বিবাটেন স্থাপিতঃ সন, ক্রমেণ বিরাটরাজ্ঞো দৃঢ়ং সাতিশ্বং দযিতঃ প্রিয়: অভবং। হে বাঙ্কন্। জনমেজয়। উবাস চ ভীমত্তর বিবাটভবনে তত্বো চ, পৃথপজ্ঞো জনঃ, তং ভীমত্বেন ন বুবোধ চ, কেচন কেচিং অহ্নচবাশ্চ ন বুবুধু: ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাগাং
মহাভারতটীকাষাং ভাবতকৌমূদীসমাখ্যাষাং বিবাটপর্বানি পাগুবপ্রবেশে সপ্তমোহধ্যায়ঃ 101

--:*:--

অকসাৎ শ্বীলোকদর্শনেন স্থবিধাবোধাদর্জনাদিত্যঃ প্রাগ্রেপিছেব প্রবিশতি, তদাহ—তত ইতি। ততঃ, অসিতলোচনা নীলনয়না প্রোপদী, সিংহদৃষ্টিক্তায়েন পবতঃ ক্বফেতাধিকাবাৎ, বেল্লিভাগ্রান্ কৃষ্ণিতপ্রান্তভাগান্, অনিন্দিতান্ গাঢ়ক্বফতয়া প্রাণন্তান্, মৃদ্ন্ কোমলাংশ্চ কেশান্ সম্ৎক্ষিপ্য সমূজোল্য, মন্তক্তৈব দক্ষিণে পার্ষে, জুসূহ বাসদা সংবৃতবতী মন্তকদক্ষিণপার্ষহাং বেণী-কৃতকবরীং বন্ধেণাবগুটিতবতীতার্থঃ ১১॥

বৈশস্পায়ন বলিলেন—রাজ্ঞা জনমেজয় ! ভীমসেন সেইভাবে পাকগৃহে নিযুক্ত হইয়া ক্রমে বিরাটরাজার অভ্যস্ত প্রিয় হইয়াছিলেন এবং তিনি সেখানে বাস করিতেন, অথচ অস্ত লোক বা ভত্রত্য কোন অনুচরেরা তাঁহাকে ভীমসেনকপে ব্ঝিত না ॥১৩॥

⁽১৩) --- বিহিতো মহানদে -- দন্ধিতোহভবন্মহান্ – প্র। * '--- আইমোহধ্যার:' — প্র বা ব রা ম। (১) প্রথমান্ধাৎ পবম্ 'কুফান্ স্ক্লান্ মূদ্ন্ দীর্ঘান্ সমৃদ্গ্রাথ্য শুচিন্মিতা' ইত্যন্ধমধিকম্ — প্র বা ব রা ম।

বাসশ্চ পরিধারৈকং কৃষ্ণং শ্বিষলং মহৎ।
কৃত্বা বেশং হি সৈরিজ্ঞ্যাঃ কৃষ্ণা চ ব্যচরত্তদা ॥২॥
তাং নরাঃ পরিধাবন্তীং দ্রিয়শ্চ সমুপাদ্রবন্।
অপুচহংশৈচব-তাং দৃষ্ট্বা কা ত্বং কিঞ্চ চিকীর্যসি ॥৩॥
সা তানুবাচ বাজেন্দ্র ! সৈরিজ্ঞ্যহমুপাগতা।
কর্মা চেছামি বৈ কর্ত্ত্ব্য তম্ম যো মাং পুপুক্ষতি ॥৪॥
তম্মা রূপেন বেষেন শ্লক্ষ্মা চ গিবা তথা।
ন শ্রেদধুশ্চ তাং দাসীমন্নহেতোরুপস্থিতাম্ ॥৫॥

ভাৰভকৌমূদী

বাস ইতি। কৃষ্ণা সা ছোপদী, স্থবিমলম্, কৃষ্ণং কৃষ্ণবর্ণম্, মহৎ বিশালঞ্চ, একং বাসশ্চ পবিধাষ, সৈরিদ্ধ্যাঃ প্রাণ্ডক্তলক্ষণায়া বেশং কৃষা, তদা ব্যচবৎ, স্ত্রীজনদর্শনপথ ইত্যাশয়ঃ ॥।॥

তামিতি। নরা: পৃষ্ণবা: দ্রিযন্চ, তাং ভাদৃশীম্, পরিধাবস্তীম্ ইতন্ততো বিচবস্তীম্, তাং বৃষ্ণাং দৃষ্ট্যা সম্পাশ্রবন্ উপাগচ্ছন্ অপৃচ্ছংশ্চ, স্বং কা কিঞ্চ চিকীর্ধসীতি । ৩।।

সেতি। হে রাজেন্দ্র ! সা কৃষা তানিত্যুবাচ—অহং সৈরিন্ত্রী উপাগতা। যোজনঃ মাং পুপুক্ষতি অন্নমাত্রদানেন পোষ্টু মিছতি, তত্ত্বৈব কর্ম কর্জু মিছ্ছামি ॥৪॥

তক্সা ইতি। তক্ষা রক্ষাযা:, দাদীবিলক্ষণেন রূপেণ বেষেণ শ্লক্ষয়া কোমল্যা গিরা চ, তাম্, অমহেতোরুপস্থিতাং দাদীম্, ন প্রদর্শন বিশশ্বহং ।ধ।

বৈশস্পায়ন বলিলেন—তাহাব পর নালনয়না দ্রৌপদা স্থলর, কোমল ও কুঞ্চিতাগ্র কেশগুলিকে তুলিয়া মস্তকের দক্ষিণপার্শ্বে বন্ত্রদ্বাবা আবৃত করিলেন ॥১॥

এবং তিনি অতিনির্ম্মল, কৃষ্ণবর্ণ ও বৃহৎ একখানি বস্ত্র পরিধানপূর্বক সৈরিক্সীর বেশ ধারণ করিয়া তখন বিচবণ করিতে লাগিলেন ॥২॥

সেই সময়ে জ্রী ও পুকষেরা তাঁহাকে সেইভাবে বিচরণ করিতে দেখিয়া তাঁহার নিকট গেল এবং তাঁহাকে জিজ্ঞাসা করিল যে, "তুমি কে ? কিই বা করিতে ইচ্ছা কবিতেছ ?" ॥৩॥

রাজশ্রেষ্ঠ ৷ তখন দ্রৌপদী তাহাদিগকে বলিলেন—"আমি একটা সৈবিক্সী আসিয়াছি এবং যিনি অন্নমাত্র দান কবিয়া আমাকে পোষণ কবিতে ইচ্ছা করেন, আমি তাঁহারই কার্য্য করিব" ॥৪॥

⁽२) --- স্থানিনং মহৎ—বা ব বা ম ভা, ক্বন্ধা বেষস্ক সৈরিজ্ঞ্যান্ততো ব্যচবদার্ভবৎ—বা ব বা, ক্বন্ধা সৈরিজ্ঞবেষস্ক ক্বন্ধা ব্যচবদার্ভবৎ—ভা। (৪) --- যো মাং যুযুক্ষতি—বা ব রা ম ভা।

বিরাটস্ম তু কৈকেয়ী ভার্য্যা পরমদন্মতা।
আলোকয়ন্তী দদৃশে প্রাসাদাদ্দ্রুপদাত্মজাম্ ॥৬॥
সা সমীক্ষ্য তথারূপামনাথামেকবাসসম্।
সমাহুয়াব্রবীদ্ভজে! কা তং কিঞ্চ চিকীর্ষাস ॥৭॥
সা তামুবাচ হে রাজ্ঞি! সৈরিক্ষ্যহমুপাগতা।
কর্ম্ম চেচ্ছামি বৈ কর্ত্ত্বং তস্ম মাং যঃ পুপুক্ষতি ॥৮॥

স্থদেষ্ণোবাচ।

নৈবংবিধা ভবত্যেবং যথা বদসি ভাবিনি !। প্রেষয়ন্তী হি বৈ দাসীদ সাংশ্চ বিবিধান্ বছুন্ ॥৯॥

ভাবতকোমৃদী

বিবাটশ্রেতি। বিরাটশ্র বাজ্ঞা, পরমসমতা অতীবপ্রিয়তমা ভার্ঘা কৈকেষী কেক্ষ-বাজনন্দিনী স্থদেফা, প্রাসাদাৎ প্রাসাদমাক্ষ, নানাদিশ আলোক্যন্তী, ক্রপদাত্মজাম, দদৃশে দদর্শ। ঋষয় থলু প্রাযেবৈব ব্যাকরণনিষমং নামুবর্জন্তে ।৬।

সেতি। সা বিবাটভার্য্যা, তথাকণাং তাদৃশীন্, অনাথাং রক্ষকপুরুষবহিতান্, একবাসস্থ দ্রোপদীং সমীক্ষ্য সমান্ত্র অব্রবীৎ, হে ভব্রে! খং কা, কিঞ্চ চিকার্যসি কর্ড, মিচ্ছসি । ৭।

সেতি। না ক্রোপদী, তাং রাজভাধ্যাম্বাচ, হে বাজি। অহং সৈবিক্রী উপাগতা। যো জনো মাং পুপুক্ষতি পোষ্টু মিচ্ছতি, অহং অস্তৈত্ব কর্ম কর্জুমিচ্ছামি 🕪

ভারতভা বদীপঃ

তত ইতি। বেলিতাগ্রান্ সাকৃষ্ণিতাগ্রান্, সম্ৎক্ষিপ্য বেণীকৃত্য ॥১॥ জুপূহে গোণিত- `বভী ॥২—০॥ যুরুক্ষতি যোজয়িতুমিচ্ছতি। পুপূষতীতি পাঠে পোষ্যত্মিচ্ছতি ॥৪—৮॥ নৈবং-

তাঁহার রূপ, বেশ ও কোমলবাক্যে তাঁহাকে তাহারা অন্নের জগ্য উপস্থিত একটা দাসা বলিয়া বিশ্বাস করিতে পারিল না ॥৫॥

বিরাটরাজ্ঞার পরমপ্রিয়তমা ভার্যা কেকয়রাজনন্দিনী স্থদেঞ্চা অট্টালিকা হইতে সকল দিকু দর্শন কবিতে থাকিয়া দ্রৌপদীকে দর্শন করিলেন ॥৬॥

াতনি—তথাবিধা, অনাথা ও একবন্তা জৌপদীকে দেখিয়া ডাকিয়া আনিয়া বলিলেন—"ভজে। তুমি কে ? কিই বা করিতে ইচ্ছা করিতেছ ?"॥৭॥

তখন জৌপদী স্থদেফাকে বলিলেন—"রাজ্ঞি ৷ আমি একটি সৈরিক্সী আসিয়াছি এং যিনি আমাকে পোষণ করিতে ইচ্ছা করেন, আমি তাঁহারই কার্য্য করিব" ॥৮॥

(৬)---বিলোকয়ন্তী দদৃশে—ভা। (৮) সা তাম্বাচ রাজেন্ত্র ।—বা ব রা ম ভা, ---যো মাং
কুমুক্তি—বা ব রা ম। (২) নৈবংরপা ভবস্তোব---প্রেষয়ন্তীব—বা ব রা ম, ---প্রেষয়ন্তি তু
—ভা।

গূঢ়গুল্ফা সংহতোরাজ্রিগম্ভীরা ষড়ুমতা। রক্তা পঞ্চস্থ রক্তেয়ু হংসগদ্গদভাষিণী ॥>০॥ স্থকেশী স্থন্তনী শ্যামা পীনশ্রোণিপয়োধরা। তেন তেনৈব রূপেণ কাশ্মীরীব তুবঙ্গমী॥>>॥

ভারতকোসুদী

নেতি। হে ভাবিনি। প্রশস্তমভাবে। স্বং যথা যৎ অহং সৈরিক্সীতি বদসি, এবংবিধা দিদৃক্তলক্ষণা, দাসীঃ, বিবিধান্ বহুন্ দাসাংশ্চ প্রেষযন্তী স্ত্রী, এবং তথা সৈরিক্সীত্যর্থঃ, ন ভবতি, বাজভাগ্যাস্থল্যৈব সর্ববিধা সম্ভবাদিতি ভাবঃ ॥>॥

এবংবিধেতাস্থার্থং বির্ণোতি—গৃঢ়েতি। গৃঢ়া অক্ষতাদ্গুপ্তা গুল্ফা অক্প্রন্থয়ো যস্তা: না, নংহতো পীবরত্যা প্রস্পরং মিলিতো উর যস্তা: না, ত্রিষু নাভি-স্বভাব-স্ববেষু গন্তীরা নিয়া বট্রু স্তান্থন-নিত্বদ্ধন-নাসিকা-মনঃস্থ উন্নতা উচ্চা, বজেষু রাগজনকেষু পঞ্চস্থ ওঠ-চবণতলযুগল-করতলযুগলেষু রক্তা রক্তবর্ণা, তথা হংস ইব গদ্গদং মধুবং ভাষত ইতি সা। এবংবিধা প্রাযেণেব মহিবা ভবতীতি ভাব: ॥>•॥

হুকেনীতি। শোভনা কেশা বস্তা সা, শোভনো স্তনো যন্তা সা, তামা তামবর্ণা, তথা পীনো পুলো শ্রোণী নিতমে পরোধরো স্তনো চ যন্তা সা। তেন তেনৈব হুকেশহাদিনা রূপেন, কাশারী কাশারদেশীয়া, তুবঙ্গমী ঘোটকীব রাজসে। হুকেশহাদিকং তরঙ্গমীপক্ষেহপি যথাসম্ভবং যোজ্যম্ ৪১১৪

ভারতভাবদীপঃ

রূপা ত্মসি, কিন্ত দাসান্ দাসীক্ত প্রেষয়ন্তীব বহুনাং স্বামীক্তসীতর্থং । নাচ্চে ন বহিনির্গতে গুঢ়াবিত্যর্থং। নোচে গুল্ফো পাদগ্রন্থী যক্তাং সা তথা, ত্রিগন্তীরা ত্রিয় শব্দবিনাভীয়্
গহনা। বড্রতা ষট্য নাসিকাক্ষিয়বশ্রোত্তনগন্তকাটিকাস্থ উত্তান।। পঞ্চস্থ স্থানের
পাদপাণিতলনেত্রান্তোষ্ঠিজিহ্বানথেয়, এতাত্তেব সংজ্ঞান পঞ্চ রত্নানি তেয় বক্তা। হংসবদ্
গদ্গদং কিঞ্চিত্রাক্তরং মধ্রং বা ভাষতে সা হংসগদগদভাষিণী ।১০। তেন তেন লক্ষণেন

স্থদেকা বলিলেন—"সংস্বভাবে। এইপ্রকার মহিলা নানাবিধ বহুতর দাসদাসীকে প্রেবণই করিয়া থাকেন; কিন্তু তুমি যেরূপ বলিলে, সেরূপ হন না ॥৯॥

তোমাব শরীবের গ্রান্থগুলি গুপ্ত; উক্যুগল পবস্পর সম্মিলিত; নাভি, স্বভাব ও কণ্ঠস্বর নিম্ন; স্তন্যুগল, নিভম্বযুগল, নাসিকা ও মন উন্নত, স্থন্দব চরণতলযুগল, ক্বতলযুগল ও অধ্রদেশ রক্তবর্ণ এবং বাক্য হংসের স্থায় মধুব ॥১০॥

তোমার কেশ ও স্তনযুগল স্থুন্দর, বর্ণ—শ্যাম এবং নিতম্ব ছুইটা ও স্তন ছুইটা স্থুল; স্থুতরাং তুমি সেই সেই রূপে কাশ্মীরদেশীয় ঘোটকীর স্থায় শোভা পাইতেছ ॥১১॥

⁽১০) নোচ্চগুল্ফা—বাব রাম ভা। (১১)—তেন তেনৈব সম্পর্দ—প্র বাব রাম। বিরাট-১০ (১২)

অরালপক্ষনয়না বিষোষ্ঠী তনুমধ্যমা।
কলুগ্রীবা গৃঢ়শিবা পূর্বচন্দ্রনিভাননা ॥>২॥
কা তং ক্রহি যথা ভদ্রে। নাসি দাসী কথঞ্চন।
যক্ষী বা যদি বা দেবী গন্ধবর্বী যদি বাপ্সবাঃ ॥>৩॥
হলত্ম্বা মিশ্রকেশী পুগুরীকাথ মালিনী।
ইন্দ্রাণী বারুণী বা তং ত্বস্টুর্ধাতুঃ প্রজ্ঞাপতেঃ ॥>৪॥

ভাৰতকোমুদী

অবালেতি। অবালানি কৃটিলানি পন্ধাণি লোমানি যযোতে তাদৃশে নযনে যক্তাং সা, বিষৌ ফলে ইব ওপ্তেম যক্তাং সা, তহং রুশো মধ্যমং কটীদেশো যক্তাং সা, কদৃং শব্ধ ইব গ্রীবা যক্তাং সা, গৃঢ়া গুপ্তা শিবা ধমক্তো যক্তাং সা, পূর্ণচন্দ্রনিভাননা চ তম্ ॥১০॥

কেতি। হে ভদ্রে! সং কথঞ্চন কেনাপি প্রকাবেণ, যথা যেন দাসী নাসি, তেন ক্রহি, স্বং কা; কাচিদ্যেকী বা, কাচিদ্দেবী যদি বা, গন্ধকী বা, কাচিদ্সেবা যদি বা ॥১৩॥

অপ্সরত্বে বিকল্পযেতি—অলম্বেতি। অলম্বাদীনি চত্বাবি অপ্সরসাং নামানি। ইক্রাণী শচী, বাঙ্গণী বক্ষণপত্নী, স্বষ্টুর্দেববিশেষস্থা, ধাতুঃ প্রজাপতের্বা পত্নী ॥১৪॥

ভারতভাবদীপঃ

মন্দগতিত্বাদিনা ॥১১॥ অবালে বক্তে ক্বফে বা পক্ষণী যধোন্তাদৃশে নযনে যক্ষা সা। তথা কন্মৃত্রীবা শন্ধবৎ রেথাত্রযাঙ্কিতগ্রীবা। গৃঢ়শিরা গুপুনাড়িকা ॥১২—১৪॥ সৈরিদ্ধী ভূচ্চিগ্রা

আর, তোমাব নয়নের লোমগুলি বক্র, ওষ্ঠযুগল বিশ্বফলেব স্থায় বক্তবর্ণ, কটাদেশ কুশ, গ্রাবাটী শঙ্খেব স্থায় ত্রিবেখান্বিত, শিবাগুলি গৃঢ় এবং মুখখানি পূর্ণ-চল্রেব স্থায় স্থান্ব ॥১২॥

অতএব ভদ্রে। তুমি কোন প্রকারেই দাসী নহ; স্থতরাং বল—তুমি কে ? কোন যক্ষী ? না দেবী ? না গন্ধবর্বী, না অঞ্চারা ? ॥১৩॥

কিংবা তুমি কি অলমুষা, মিশ্রকেশী, পুগুবীকা বা মালিনী ? অথবা তুমি কি ইন্দ্র, বৰুণ, মন্তা, ধাতা বা প্রক্রাপতির পত্নী ?" ॥১৪॥

⁽১২) মরালপক্ষনয়না—ভা। ইতঃ পরম্ 'শারদোৎপলপত্রাক্ষ্যা শারদোৎপলগদ্ধা। শারদোৎপলপত্রাক্ষ্যা রূপেণ সদৃশী শ্রিয়া।' অষমধিক শ্লোকঃ—প্র বা ব বা ম। (১৬) শ্লোকাৎ পবম্ 'দেবকত্যা ভূদেকী বা নগরভাধিদেবতা। বিদ্যাধরী কিন্নবী বা যদিবা বোহিণী বয়ম্।' শ্লোকোহযং কতিপ্যপূস্তকে দৃহ্যতে। (১৪) পূর্বাদ্ধাৎ পরম্ 'মেনকা সহজ্ঞা বা বস্তা বাধ তিলোত্তমা' ইত্যদ্ধম্—প্র । পবাদ্ধান্ত পরম্ 'দেব্যো দেবেষ্ বিধ্যাতাস্তাসাং স্বং কতমা ভতে।' ইত্যদ্ধমধিকম্—প্র বা রা ম।

ক্রোপত্ন্যবাচ।

নাসি দেবী ন গন্ধবর্গী ন যক্ষী ন চ রাক্ষসী।
সৈবিন্ত্রী তু ভুজিশ্বান্মি সত্যমেতদ্বেবীমি তে ॥>৫॥
কেশান্ জানাম্যপন্ধর্ত্ত্বং পিংষে সাধু বিলেপনম্।
ব্যথয়িশ্বামি চিত্রাশ্চ প্রজঃ পবমশোভনাঃ ॥>৬॥
আরাধয়ং সত্যভামাং কৃষণ্ড মহিষীং প্রিয়াম্।
কৃষণাঞ্চ ভার্য্যাং পাণ্ড্নাং কুরাণামেকহালরীম্ ॥>৭॥
তত্র তত্র চরাম্যেকা লভমানা হুভোজনম্।
বাসাংসি যাবচ্চ লভে তাবত্তাবদ্রমে তথা ॥>৮॥

ভাৰতকৌমুদী

নেতি। অন্মি অহং দেবী ন। এতেন ইন্তাণ্যাদীনাং সর্কাসামের দেবীনামপ্সবসাঞ্চ নিবাসং, অপ্সবসামি দেবভোগ্যত্মেন দেবান্তর্ভাবাৎ। ন গন্ধবর্মী, ন যক্ষী। সম্ভাব্যমানাং রাক্ষসীং নিবস্তৃতি ন চ রাক্ষসীতি। কিন্তৃহং সৈবিদ্ধী তদ্ধপা, ভূজিক্সা বাচীৎ দাসী অন্মি, এতত্তে সত্যং ব্রবীমি। "ভূজিক্স-পবিচাববাং" ইতি দাসপর্য্যায়ে অমরঃ ॥১৫॥

অথ কা তে শিল্পবিভা বিভত ইত্যাহ—কেশানিতি। অহম্ অন্তদীয়ান্ কেশান্, উপস্বৰ্ত্ত্বং লংকর্ত্ত্বং জানামি, সাধু অন্দরম্, বিলেপনং চন্দনাদিকম্, পিংবে পেই মহামি। তথা চিত্রা নানাবিধাঃ পরমশোভনান্ত, প্রজঃ পুশ্মালাঃ, প্রথবিদ্যামি। পিংবে ইত্যাত্মনেপদং এথধাতোঃ পরত্র বাধধাতোন্ত চৌরাদিকত্বশ্বম্ ॥১৬॥

নহ তং ক পূর্ববাসীরিত্যাহ—আরাধরমিতি। অহং পূর্বব, রুঞ্ছ প্রিয়াং মহিনীং সত্যভামান, ব্রুণাং কুরুবংশ্যানান, পাওনাং পাগুবানান, ভাষ্যান, একস্থন্দরীন অদিতাবস্থন্দরীন, রুঞ্চাং জৌপদীঞ্চ, আরাধরং কেশসংস্বারাদিনা সমতোব্যন্ ৪১ ৭৪

অথ তত্ত্ব কিং তে বেতনমাসীদিত্যাহ—তত্ত্বেতি। তত্ত্ব কৃষ্ণভবনে, তত্ত্ব পাগুবভবনে

জৌপদী বলিলেন—"রাজ্ঞি। আমি—দেবী, গন্ধবর্বী, যক্ষা বা বাক্ষণা নহিং কিন্তু নৈবিক্সীরূপা দাসী; ইহা আমি আপনার নিকট সত্য বলিতেছি ॥১৫॥

আমি কেশসংস্কার করিতে জানি, স্থুন্দর বিলেশন ঘসিতে পারি এবং নানাবিধ প্রমস্থুন্দর ফুলের মালা গাঁথিতে জানি ॥১৬॥

আমি পূর্বের কৃষ্ণের প্রিয়তমা মহিষী সত্যভামাদেবীর এবং কুরুবংশীয় পাণ্ডব-গণের মহিষী দ্রৌপদীদেবীর সেবা কবিতাম ॥১৭॥

মালিনীত্যেব মে নাম স্বয়ং দেবী চকার সা। সাহমভ্যাগতা দেবি! স্থদেফে! স্থনিবেশনম্॥১৯॥ স্থদেফোৰাচ।

মূর্দ্ধি, ত্বাং বাসয়েয়ং বৈ সংশয়ো মে ন বিহাতে।
ন চেদিহ তু রাজা ত্বাং গচ্ছেৎ সর্বেণ চেতসা ॥২০॥
দ্রিযো বাজকুলে যাশ্চ যাশ্চেমা মম বেশানি।
প্রসক্তাস্ত্বাং নিরীক্ষন্তে পুমাংসং কং ন মোহয়েঃ ॥২১॥

ভারতকোমূদী

চ, স্থভোজনং লভমানা একা একাকিস্তেব চবামি শ্ব। তথা যাবং যাবস্তি বাসাংসি লভে তাবং তাবস্তিবেব বমে আনন্দামি; নাধিকমাক্সন্ত নবামীতি ভাবং। দ্বিতীযন্তাবচ্ছন্ধং অবধাবণে। "যাবতাবচ্চ সাকল্যেহবর্ধো মানেহবধাবণে" ইত্যব্যধবর্গে অমবং ॥১৮॥

নহ কিং তে নামেত্যাহ—মালিনীতি। সা প্রথমোক্তা সত্যভামা দেবী স্বযমেব মে মালিনীতি নাম চকাব। তে হুদেক্তে দেবি। সাহং দ্বন্ধিবেশনং স্থাতুমভ্যাগতা ॥১२॥

মৃদ্বীতি। হে মালিনি! ইহ ভবনে তু বাজা বিবাটক্তেৎ সর্বেণ চেতদা আং ন গচ্ছেৎ নামবজ্যেৎ, তদাহং আং মূর্দ্ধি বাসয়েষং তম্বান্তিযেষ, অত্র মে সংশ্যো ন বিভাতে ॥২০॥

প্রিয় ইতি। যাক্চ স্ত্রিয়ো বাজকুলে বাজকশে বর্তন্তে, ইমা যাক্চ স্ত্রিয়ো মম বেশ্মনি তিষ্ঠিতি, তাঃ দর্ববা এব প্রদক্তাঃ ত্বয়াসক্তাঃ সত্যত্তাং নিবীক্ষন্তে। অতত্ত্ব কং পুমাংসং ন মোহয়ে, অপি তু দর্বমেব মোহয়েরিতার্থঃ ৪২১॥

ভাবতভাবদীপঃ

পদে প্রাক্ ভার্থে ব্যাখ্যাতে ॥১৫॥ কর্জুং সংস্কর্জু, ম১৬॥ ক্বফারু ভার্য্যাং পাণ্ডুনামিতি ভাত্মনা স্বত্যাবাধনং সম্ভবতীতি নেরং মুবোক্তিং ॥১৭—১৯॥ রাজা তাং চের ইচ্ছতি তদা তাং মৃদ্ধি, বাসযে পরন্ত রাজা তাং সর্বেণ চেতসা গচ্ছেৎ স্পৃহ্যেদেবেতি শঙ্কে ॥২০॥ তাং স্ত্রীণামিপি

আমি সেই সেই স্থানে ভাল ভাল খান্ত পাইতাম, একাকিনী চলিতাম এবং বে কয়খানা কাপড় পাইতাম, তাহাতেই সুখী হইতাম ॥১৮॥

সত্যভামাদেবা নিজেই আমাব নাম করিয়াছিলেন—'মালিনা'। দেবি স্থদেঞে। সেই আমি আপনার বাড়ীতে থাকিবাব জন্ম আসিয়াছি'' ॥১৯॥

স্থদেক্ষা বলিলেন—"মালিনি! এখানে রাজা যদি সমস্তটুকু মন দিয়া তোমাতে অনুরক্ত না হন, তবে আমি তোমাকে মাখায় কবিয়াই বাখিব; এ বিষয়ে আমাব কোন সন্দেহ নাই ॥২ •॥

মালিনি! এই রাজবংশে যে সকল স্ত্রীলোক আছে এবং আমাব ঘবে

⁽२०) त्ना क्रिक्ट जू-जा (२১)--- वास्क्या वाक्रत्यानि-छ।

বৃক্ষাংশ্চাবস্থিতান্ পশ্য য ইমে মম বেশানি।
তেহপি ত্বাং সংনমন্তীব পুমাংসং কং ন মোহয়েঃ ॥২২॥
বাজা বিরাটঃ হুশ্রোণি! দৃষ্ট্বা বপুবমানুষম্।
বিহায় মাং বরারোহে! গচ্ছেত্বাং সর্বচেতসা ॥২৩॥
যং হি ছমনবতাঙ্গি! নবমায়তলোচনে!।
প্রসক্তমভিবীক্ষেণাঃ স কামবশগো ভবেৎ ॥২৪॥
যশ্চ ত্বাং সত্তং পশ্যেৎ পুরুষশ্চারুহাসিনি।।
এবং সর্ববানবতাঙ্গি। স চানঙ্গবশো ভবেৎ ॥২৫॥

ভাৰতকোমুদী

বৃক্ষানিতি। ইমে যে বৃক্ষা মম বেশ্বনি অবতিষ্ঠন্তে, তানবস্থিতান্ বৃক্ষাংশ্চ পশ্চ। তে বৃক্ষা অপি ছাং সংনমন্তীব। অতত্তং কং পুমাংসং ন মোহয়েঃ ॥২২॥

' রাজেতি। হে স্থােণি! স্থলরনিতম্বে! হে ববাবােহে! উত্তমরমণি। বিবাটো বাজা তব অমান্তবং বপুদ্²ষ্ট্রা, মাং বিহাব, সর্বচেতসা আং গচ্ছেৎ অ্যান্তরজ্যেৎ ।২৩।

যমিতি। হে অনবছাঙ্গি! অনিন্দ্যগাত্তি। হে আয়তলোচনে। সং যং হি নবম, প্রসক্তমাসক্রদৃষ্টিকং যথা প্রাত্তথা অভিবীক্ষেপাঃ ; স এব নরঃ কামবশগো ভবেৎ ॥২৪॥

ভারতভাবদীপ:

মোহকরী কিমৃত পুংসামিত্যাহ—স্তির ইন্ডি ॥২১॥ বৃক্ষানিতি। বৃক্ষা অপি খাং দৃষ্ট্রা স্তব্ধা: সম্ভীত্যর্থ: ॥২২—২৩॥ প্রসক্তম্ আসক্তিমৃক্তং যথা স্তাৎ তথা ॥২৪॥ এবমনেনৈব স্তীবৃক্ষাদিস্তব্ধী-

যে সকল স্ত্রীলোক পবিচাবিকারপে রহিয়াছে, তাহারা সকলেই আসক্ত হইয়া তোমাকে দেখিতেছে; স্থতবাং তুমি কোন্ পুক্ষকে মোহিত না করিবে ? ॥২১॥

আমাব বাড়ীতে যে সকল বৃক্ষ আছে, সেগুলিব প্রতিও তুমি চাহিয়া দেখ; সেগুলিও যেন ভোমাকে নমস্কাব করিতেছে; অতএব তুমি কোন্ পুকষকে মোহিত না করিবে ? ॥২২॥

স্থানিতথে! উত্তমরমণি। বিরাটবাজা ভোমাব এই অলৌকিক মূর্ত্তিখানি দেখিয়া, নিশ্চরই আমাকে পরিত্যাগ কবিয়া সমস্তটুকু মন দিয়া ভোমাতে অমুরক্ত হইবেন ॥২৩॥

অনিন্দাস্থলরি । আয়তনয়নে । তুমি অনুবাগেব সহিত যে পুরুষকে দেখিবে, সেই পুরুষই কামেব বশবর্তী হইবে ॥২৪॥

⁽২৫) শ্লোকাৎ পরম্ 'অধ্যাবোহেদ্যথা বৃক্ষান্ বধামৈবাজনো নবঃ। রাজবেশ্মনি দেখক। রোহিতে স্থান্তথা মম' —প্র, 'রাজবেশ্মনি তে স্কক্ষ! বোহিতং স্থান্তথা মম'—বা ব, '…গৃহে তৃ স্থান্তথা মম'—বা ম।

যথা কর্কটকী গর্ভমাধতে মৃত্যুমাত্মনঃ।
তথাবিধমহং মন্যে বাসং তব শুচিম্মিতে। ॥২৬॥
দ্রোপত্যুবাচ।
নাম্মি লভ্যা বিরাটেন ন চান্যেন কদাচন।
গন্ধর্বাঃ পত্যো মহুং যুবানঃ পঞ্চ ভাবিনি!॥>৭॥

ভারতকোমুদী

য ইতি। হে চাকহাসিনি! হে সর্কানবভাঙ্গি! যা পুকষণ্ট এবমীদৃশীং ছাং সততং পড়োং, ন চ পুরুষঃ অনঙ্গবশো ভবেং ॥২৫॥

যথেতি। শুচি শুরং নির্মাণং বা স্মিতং মৃত্হাস্তং যক্তাঃ না শুচিস্মিতা। হে শুচিস্মিতে ! কর্কটকী যথা আত্মনো মৃত্যুং মৃত্যুকারণীভূতং গর্ভম, আধত্তে দগাতি; তথাবিধম, অহং তবাত্র বাসং মজে; রাজ্ঞা তব গ্রহণে সমৃত্যুসস্তবাদিতি ভাবঃ ॥২৬॥

নেতি। হে ভাবিনি! প্রশন্তরভাবে! অমি মহম্, কদাচনাপি বিবাটেন ন, অপ্তেন প্রথবেণ চ ন লভা। যেন হি পঞ্চ যুবানো গন্ধবাং, মহুং মম পতয়ঃ। এতেন গন্ধবানার যুবানঃ পঞ্চ পাওবা এবাক্ষিপাস্তে। নহু তথাছে "পাওবানামিহাযুছং শৃণ্ কৌরবনন্দন!" ইত্যাভাদিপর্ববিংশতাধিকশততমাধ্যায়বচনদ্বাতেন তদানীং পাওবানাং সপ্ততিতদাসয়বর্ব-ব্যয়তায়া জ্ঞাপিতভাং ভীমপোত্রভ ঘটোংকচাত্মদ্বভ অঞ্চনপর্বেণঃ ক্রোণপর্ববি যুহদর্শনেন তাদৃশববস্বতায়া এব তেবাং নর্বেথা সম্ভবাক্ত কথং তেয়াং যুবছম্, "কৈশোরমাপঞ্চদশাদ্যোবনত্ব ততঃ পবম্' ইতি প্রায়শিত্তভয়্বভয়্বভয়্তেং "যেহিন্তিংশা যুবানঃ" ইতি প্রাম্ববিক্টিবায়াং শ্রীক্রয়বৃত্তরতেশেতি চেয় "আবোড়শান্তবেদালক্তবণক্তত উচ্যতে। বৃদ্ধং ভাৎ সপ্ততের্দ্ধার বর্বিয়ান্ নবতেঃ পরম্।" ইতি শ্বতান্তরাৎ "য়ে য়ুবান আসপ্ততেঃ" ইতি তত্র শ্রহমপ্রতাদেব শ্বতান্তবান্ত তদানীমপি তেয়াং যুবজোপপত্তেঃ। বন্ধতন্ত পথ্যাশনাদিনা যৌবনন্থিতেরেব যুবজমিতি নর্বসামন্তব্যানীয়াদৃশী রীতিঃ কচিং কচিদানীদিতি প্রতীয়তে ॥২৭॥

চাকহাসিনি! সর্ব্বাঙ্গস্থলবি! আবার যে পুক্ষ সর্ব্বদা ভোমাকে দেখিবে, সেই পুক্ষই কামের বশীভূত হইবে ॥২৫॥

অতএব গুলুহাসিনি! কর্কটকা (স্ত্রীজাতায়া কাকড়া) যেমন নিজের মৃত্যুর কাবণ গর্ভ ধারণ কবে, আমিও তেমনই তোমাকে রাখা মনে করি" ॥২৬॥

জৌপদী বলিলেন—"প্রশস্তস্বভাবে! বিবাটবাজা বা অস্ত কোন পুরুষ কখনও আমাকে লাভ কবিতে পারিবেন না। কারণ, আমাব পাঁচটি গদ্ধর্ববৃষ্ক পতি রহিয়াছেন ॥২ ০॥

⁽২৭/--- সক্তেন কথঞ্চন--ভা, ---পঞ্চ ভামিনি !--বা রা ম ভা ।

পুত্রা গন্ধর্বরাজস্ম মহাসত্ত্বস্ম কস্মচিৎ। রক্ষন্তি তে চ মাং নিত্যং হুঃখাচারা তথা ছহম্॥২৮॥ যো মে ন দভাত্নচ্ছিন্টং ন চ পাদো প্রধাবয়েৎ। প্রীবেরংস্তেন বাসেন গন্ধর্বাঃ পত্যো মম ॥২৯॥ যো হি মাং পুরুষো গৃধ্যেদ্যথান্তাঃ প্রাক্বতাঃ দ্রিয়ঃ। তামেব স ততো রাত্রিং প্রবিশেদপরাং তনুম্॥৩০॥

ভাবতকোমুদী

নহ সম্ভ তে পঞ্চ পত্যন্তেন কিমিত্যাহ—পূজা ইতি। মহাসন্তম্ম মহাবলক্ষ কম্পচিং গন্ধৰ্মন বাজন্ম। পাণ্ডোরিত্যান্দিপাতে। পূজান্তে চ মম পত্যঃ, নিতাং সর্বাদেব মাং বক্ষন্তি। তহি ত্বং কথমীদৃগ্ বিচরসীত্যাহ—ক্রথেতি। তথা তথাপি অহম্, ক্রথো ত্বংথকর আচাব ঈদৃক্পবগৃহবাস-ব্যবহাবো যক্ষাঃ সা তাদৃশী হি, ব্রতরূপত্মিত্যাশয়ঃ মহচা

অথ কীদৃশেন তব বাদেন তে গন্ধব্যান্তমন্তীত্যাহ—য ইতি। যো জনো মে, উচ্ছিষ্টং ভূকোবশিষ্টম্, ভোজনায ন দভাৎ, পাদো চ ন প্রধাব্যেৎ মন্থারা ন প্রকাল্যেৎ, তেন তাদৃশেন বাদেন মম গন্ধবাঃ পত্যঃ প্রীযেবন্ তিমিন্ তুয়েব্ঃ ১২৯॥

য ইতি। যোহি পুরুষ:, অক্তা: প্রাক্ততা: সামাক্তা: স্ত্রিষো ঘণা, তথা মাম্, গূধ্যেৎ আকাজ্রেৎ, স পুরুষ:, ততঃ কাবণাৎ, তাং রাজ্রিমেব, তস্তাং রাজ্রাবেব, অপবাং তন্ত্বং দেহং প্রবিশেৎ দ্রিষেতে-ভার্থ:, তৈর্মৎপতিভিরেব হননাদিতি ভাব: ॥৩০॥

ভারতভাবদীপঃ

ভাবচিছেন ।২৫। কর্কটী ষট্পাদবান্ জন্তঃ ।২৭। মহুং মম, গন্ধবা ইতি দেবতাংশজ্জাদমাহ্যন্তমান্তং বিবন্ধিতম্, অতিমাহ্যকর্মাণ ইত্যর্থ: ॥২৭॥ গন্ধর্বত্ল্যা বাজা গন্ধর্ববাজঃ
পাঙ্গুক্তেতি গ্ঢোহভিসদিঃ। তৃংথা তৃংথবতীতি অতিতৃংখদা চাহং পবপত্নীত্বাৎ, আবা
দিংহীব সিংহী পবৈরনাক্রমণীয়া। "আবঃ পৃংদি তবোর্জেদে তথা কর্কটদংষ্ট্রিণোঃ" ইতি মেদিনী।
আবশ্যাদদন্তত্বাৎ দ্বিয়াং টাপ্। স্বযমেব তীক্রবতাহন্মীতি ভাবঃ। তৃংথাচারেতি ক্লোকালোহয়ং কিষান্ মমাস্তীতি দর্শয়তি ॥২৮—২২॥ পবাং তন্তং প্রবিশেদিত্যনেন পবলোকং

তাঁহাবা কোন মহাবল গন্ধৰ্ববাজেব পুত্ৰ এবং তাঁহাবাই আমাকে দৰ্বদা রক্ষা কবেন। তথাপি আমি, ব্ৰত বলিয়া এই জুঃখকৰ আচাৰ পালন কৰিতেছি ॥২৮॥

যিনি আমাকে উচ্ছিষ্ট দেন না, কিংবা আমাদ্বারা পাদপ্রকালন করান না, তাঁহাব সেইবূপ বাস কবানেই আমাব পতি গন্ধর্কেবা সন্তুষ্ট হন ॥১৯॥

তা'ব পব, যে পুরুষ অন্ত সামান্ত দ্রীলোকেব ক্যায় আমাকে লাভ কবিতে ইচ্ছা করে, সে পুরুষ সেই বাত্রিতেই অন্ত দেহে প্রবেশ কবে (অর্থাৎ আমাব পভিগণ-কর্তৃক নিহত হয) ॥১০॥

⁽২৮)---ছ:খদারা ভদা হৃহম্ – বা, ---ছ:খাচারা তথা হৃহম্—ভা। (২২) যো মে দদাভি নোচ্ছিষ্টম্- গদ্ধর্বন্তে চ মে বলদপিতা:—প্র, ---প্রৌমেয়ুক্তেন—ভা।

ন চাপ্যহং চালয়িতুং শক্যা কেনচিদঙ্গনে !।
তুঃখণীলা হি গন্ধর্ববা বলবন্তশ্চ মে প্রিয়াঃ।
প্রচছন্নাশ্চাভিরক্ষন্তি তে মাং নিতং শুচিস্মিতে।॥৩১॥
স্থাদেফোবাচ।

এবং ত্বাং বাসয়িষ্যামি যথা ত্বং নন্দিনীচ্ছসি।
ন চ পাদৌ ন চোচ্ছিন্টং স্প্রক্ষ্যসি ত্বং কথঞ্চন ॥৩২॥
বৈশম্পায়ন উবাচ।

এবং কৃষ্ণা বিরাটস্য ভার্য্যয়া পরিসান্থিতা। উবাস নগরে তস্মিন্ পতিধর্ম্মবতী সতী। ন চৈনাং বেদ তত্রাম্মস্তত্ত্বেন জনমেজয়!॥৩৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্বাণি পাশুবপ্রবেশে দ্রোপদীপ্রবেশো নাম অফমোহধ্যায়ঃ ॥০॥ *

ভাৰতকৌমুদী

অধ দ্বমেব চেৎ প্রলোভিতা পূরুষান্তরে বজাসীত্যাহ—নেতি। হে তচিন্মিতে। অঙ্গনে। উত্তমন্ত্রি। কেনচিদপি পুরুষেণ প্রলোভষতা অহং চাবিত্রাৎ চাল্যিতৃঞ্চ ন শক্যা। নমু ক তে পত্রো গন্ধর্কা ইত্যাহ—হঃখেতি। হৃঃখশীলা হৃঃখসহনন্ত্রতাবাঃ, অতএব প্রচ্ছন্না গুপ্তাঃ, বলবন্ত*চ তে মে প্রিযা গন্ধর্কাঃ, নিত্যং মামভিবক্ষন্তি। বচুপাদোহয়ং শ্লোকঃ ১৩১॥

এবমিতি। হে নন্দিনি। পুত্রি। এবং সতি, তং ঘথা ইচ্ছসি, তথৈব তাং বাসম্বিশ্বামি। তং কথঞ্চনাপি কন্মচিদ্পি পাদে চ ন উচ্ছিষ্টঞ্চ ন প্রাক্ষাসি ॥৩২॥

ভাৰতভাৰদীপঃ

গচ্ছেদেবেত্যুক্তম ॥০০॥ তেহপি ছ্:খশীলা: কেনচিান্নমিত্তেন ছ্:খং সহস্তীত্যৰ্থ:। বলবস্তদ্য তে প্ৰিয়াক ॥৩১॥ হে নন্দিনি ! স্থাদে ! ॥০২—৩৩॥

ইতি শ্রীমহাভাবতে বিরাটপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে অইমোহধ্যায়ঃ ॥৮॥

এবং শুত্রহাসিনি। শ্রেষ্ঠমহিলে। কোন পুকষই আমাকে প্রলোভন দেখাইয়া বিচলিত করিতে পারে না। আব, আমার সেই গন্ধর্বপতিগণ বলবান্ ও ছঃখসহনক্ষম; তাই তাঁহাবা গুপু থাকিয়াই সর্ব্বদা আমাকে রক্ষা কবেন" ॥৩১॥

স্থাদেক্ষা বলিলেন—"নন্দিনি। এমন হইলে, তুমি যেমন ইচ্ছা কবিতেছ, তেমনভাবেই আমি তোমাকে রাখিব। তুমি কোনপ্রকাবেই কাহারও চবণ বা উচ্ছিষ্ট স্পর্শণ্ড করিবে না" ॥৩২॥

⁽৩১)--- ত্মীলান্তে হি গন্ধৰ্কাঃ—ভা, তৃতীয়ান্ধং নান্তি—ভা। (৩২,---প্ৰেক্ষদি তং কথ্ঞন —বা। (৩৩) দিতীয়াৰ্দ্ধং ভা নান্তি। + '---নৰমোহধ্যায়ঃ'—প্ৰ বা ব রা ম।

নৰমোহধ্যায়ঃ।

----:*:---

বৈশম্পায়ন উবাচ।
সহদেবোহপি গোপানাং কৃত্বা বেশমতুত্তমম্।
ভাষাকৈষাং সমাস্থায় বিরাটমূপয়াদথ ॥>॥
গোঠমাদাত তিঠন্তং ভবনস্থ সমীপতঃ।
রাজাথ দৃষ্ট্যা পুরুষান্ প্রাহিণোক্জাতবিশায়ঃ॥২॥

ভাৰতকৌমুদী

এবমিতি। হে জনমেলয়! বিরাটক ভার্যায়া, ম্বদেক্ষণা, এবমিথম, পরিসান্থিতা আখাসিতা, ক্লফা প্রোপদী, পতিধর্মবতী পাতিব্রাত্যধর্মণালিনী সতী, পতীনাং পাণ্ডবানাং সামিধ্যাদেবেতি ভাবং, তন্মিন্ নগবে উবাস। কিন্তু তব্ব চ অন্ত্রো জনং, এনাং প্রোপদীম, তব্বেন ক্রোপদীরূপত্বা, ন বেদ ন জানাতি শ্ব। বট্পাদোহয়ং শ্লোকঃ ১০০।
ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং

মহাভারতটীকারাং ভারতকোমুদীসমাখ্যাযাং বিরাটপর্কণি পাওবপ্রবেশে

षष्टियांश्यांत्रः ।।।

অথ সহসা গোষ্ঠং প্রতি রাজ্ঞা দৃষ্টিপাতমবেক্ষ্য সহদেবঃ প্রবিবেশ, তদাহ—সহেতি। অথ সহদেবোহপি অহত্তমং পূর্ণতরা শ্রেষ্ঠং গোপানাং বেশং কৃত্বা, এবাং গোপানাম, অপশ্রংশবহুলাং ভাষাম্, সমাস্থায় অবলম্বা চ, বিরাটমূপয়াং। অডভাব আর্থঃ ৪১৪

গোষ্ঠমিতি। অথ ভবনশু সভাগৃহশু সমীপতঃ সমীপে, গোষ্ঠং গোদ্বানমাসাছ তিষ্ঠন্তং সহদেবং দৃই। রাজা অদৃষ্টপূর্বজ্ঞারপুরুষদর্শনাৎ জাতবিশ্বয়ঃ সন্, পুরুষান্ কিছরান্, প্রাহিণোৎ তমানেত্ং প্রেরিতবান্ ।২॥

বৈশম্পায়ন বলিলেন—মহারাজ জনমেজয় ৷ বিরাটমহিষী সুদেষ্টা এইভাবে আশ্বস্ত করিলে, দ্রৌপদী পতিব্রতা থাকিয়াই সেই রাজধানীতে বাস কবিতে লাগিলেন ; কিন্তু অন্ত কোন লোকই সেখানে তাঁহাকে দ্রৌপদী বলিয়া জানিতে পারে নাই ॥৩৩॥

বৈশস্পায়ন বলিলেন—তাহাব পর সহদেবও স্থন্দর গোপবেশ ধারণ এবং গোপভাষা অবলম্বন কবিয়া বিবাটবাজার নিকট উপস্থিত হইতে চলিলেন ॥১॥

ভংপরে সহদেব, সভাভবনের নিকটবর্ত্তী গোর্চে যাইযা দাড়াইলে, রাজা তাঁহাকে দেখিয়া বিশ্মিত হইযা তাঁহাকে আনিবাব জন্ম কতিপয ভূত্যকে প্রেবণ করিলেন ॥১॥

दिवाँगे-३३ (३२)

তমায়ান্তমভিপ্রেক্ষ্য ভাজমানং নরর্বভন্।
সমুপস্থায় বৈ রাজা পপ্রচছ কুরুনন্দনম্॥৩॥
কস্ম বা ত্বং কুতো বা ত্বং কিং বা তাত! চিকীর্বসি।
নহি মে দৃষ্টপূর্ববস্ত্বং তত্ত্বং ক্রহি নরর্বভ!॥১॥

বিশম্পায়ন উবাচ।

সম্প্রাপ্য রাজ্বানম্মিত্রতাপনস্ততোহত্ত্রবীম্মেঘমহোঘনিস্বনঃ। বৈশ্যোহস্মি নান্নাহ্মবিস্টনেমির্গোসংখ্য আসং কুরুপাগুবানাম্॥৫॥

ভারতকৌমূদী

তমিতি। ততো রাজা, প্রাজমানং শোভমানং নবর্ষভং তং কুরুনন্দনং সহদেবম্, আয়ান্ত-মভিপ্রেক্ষ্য, প্রাজমানতাৎ নর্ব্বভর্জান্ত স্বযমেবোপস্থায় কিঞ্চিদ্গতা পপ্রচ্ছ ।।

কণ্ডেতি। হে তাত। বংস। স্বং কশু বা লোকঃ, কুতো বা আগতঃ, স্বং কিংবা চিকীর্বসি। হে নর্বভ! স্বং মে ময়া নহি দৃষ্টপূর্বঃ; তত্তমাৎ স্বং পৃষ্টবিষ্যান্ ক্রহি ॥।॥

সমিতি। ততা, মেষমহোষশু মেষরাশেবিব নিম্ননো গম্ভীর: ম্বরো যশু সাং, অমিত্রতাপনঃ পরস্তপঃ সহদেবা, রাজানং সম্প্রাপ্য উপদ্বায় অব্রবীং। অহং বৈশ্বঃ নামা চ অরিষ্টনেমিরশি, অরিষ্টমোর্গবাং শুভাশুভয়োঃ নেমিঃ প্রান্তশ্চরমপরীক্ষক ইতি ব্যুৎপত্তেবিতি ভাবঃ। কুরুবু পাওবাঃ কুরুপাওবান্তেযায়। পাওবান্তব্যাবৃত্তার্থং কুরুপদম্। গা গবাং শুভাশুভসক্ষণানি সম্বন্ধে পবীক্ষ্য ব্রবীতীতি গোসংখ্য আসম মধ্য

ভারতভাবদীপঃ

সহদেব ইতি। উপযাৎ উপায়াৎ II>—৪II বেশো রূপান্তরপ্রকাশনং কর্ম যন্ত স বৈশ্য:। অরিষ্টনেমিঃ অপ্রতিহতচক্রোহস্মীতি গুঢ়োহভিসদ্ধিঃ। কুরুপুঙ্গবানাং পাণ্ডবানাং মধ্যে গোসংখ্য: গো ইতি ইন্দ্রিয়বাচিত্বাৎ পঞ্চানাং সংখ্যা যন্ত স গোসংখ্য: পঞ্চসংখ্য: পঞ্চম ইতার্থ:

তথন স্থন্দরমূর্ত্তি নবশ্রেষ্ঠ সহদেব আসিতেছেন দেখিয়া বাজাই তাহার নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন—॥৩॥

"বংস। তৃমি কাহার লোক ? কোথা হইতেই বা আসিয়াছ ? কিই বা করিতে ইচ্ছা কর ? আমি ত পূর্বেব তোমাকে দেখি নাই; অতএব নরশ্রেষ্ঠ। তৃমি এই সকল বিষয় বল" ॥॥

বৈশস্পায়ন বলিলেন—ভাহার পর মেঘের ফ্রায় গম্ভীর স্বরশালী পরস্তপ সহদেব রাজাব নিকটে যাইয়া বলিলেন—"আমি—বৈশ্য, আমাব নাম—'অরিষ্টনেমি' এবং আমি কুকবংশীয় পাণ্ডবগণের গো-পরীক্ষক ছিলাম ॥৫॥

⁽e) ··· क्रम्भूकवानाम्—व्यं वा व का म।

বস্তুং ত্বয়ীচ্ছামি বিশাং বরিষ্ঠ! তান্ রাজপুত্রান্ নহি বেদ্মি পার্থান্।
ন শক্যতে জীবিতুমপ্যকর্মণা ন চ ত্বদন্তো মম রোচতে নৃপঃ ॥৬॥
বিরাট উবাচ।

ত্বং ব্রাহ্মণো বা যদি বাসি ক্ষত্রিয়ঃ সমুদ্রেনেমীশ্বররূপবানসি।
আচক্ষ্ব মে তত্ত্বমমিত্রকর্ষণ! ন বৈশ্যকর্ম ত্বয়ি বিহাতে সমম্॥৭॥
কন্সাসি রাজ্ঞো বিষয়াদিহাগতঃ কিঞ্চাপি শিল্পং তব বিহাতে কৃতম্।
কথং ত্বমস্মাস্থ নিবৎস্থাসে সদা বদস্ব কিঞ্চাপি তবেহ বেতনম্॥৮॥

ভারতকৌমুদী

বস্তমিতি। হে বিশাং মহয়াণাং বরিষ্ঠ শ্রেষ্ঠ ! "বোঁ বিশোঁ বৈশুমহজোঁ" ইত্যমব:। অহং বয়ি তবান্তিকে, বস্তু বাসং কর্ত্ত মিচ্ছামি। হি যন্ত্রাৎ, তান্ বাজপুমান্ পার্থান্ পাগুবান্, ন বেদ্মি ইদানীং ক গতা ইতি ন জানামি। অকর্মণাপি নিন্দিতবৃত্ত্যাপি জীবিতুং ন শক্ততে। বদ্যো নুপশ্চ মম ন রোচতে । ৩॥

ষমিতি। সং রান্ধণো বা ক্ষজিয়ো যদি বা অসি। কিঞ্চ সমূল্রনেমেঃ সমূল্রপর্যান্তায়াঃ পৃথিব্যা যদ দিবঃ পিডিঃ তল্ডেব রূপমন্তান্তীতি স তাদৃশঃ অসি। অত্ত প্রশংসায়াং বস্তঃ। অতএব "ন কর্ম-ধারয়াম্মর্থীয়ো বছরীছিল্চেদর্থপ্রতিপত্তিকরঃ" ইতি নিবেধস্তাবিবয়ং, বছরীছিণা প্রশংসার্থস্থ প্রতিপাদযিতুমশক্যরাও। তলেতৎ প্রপঞ্চাভিছিতসন্মাভিনৈষ্যচরিতটীকাষাং মালতীমাধ্ব-টীকায়াঞ্চ। ছে অমিত্রকর্ষণ। পরস্তপ। সং মে তস্তং যাধার্থ্যম্, আচক্ষ্ব ক্রছি স্বায় বৈশ্বকর্ম, সমং সদৃশং ন বিভাতে ॥৭॥

কশ্রেতি। ইহ ইদানীং স্থং কশ্র রাজ্ঞা বিষয়াদেশাৎ আগতোহসি, ক্বতং শিক্ষিতং কিং শিক্ষণাপি তব বিশ্বতে। কথং কেন প্রকাবেণ বা স্বম্, অস্মান্ত অস্মদন্তিকে, নিবৎস্থাসে; ইহ সদা তব কিং বেতনমপি চ দাতব্যম্, তৎ সর্ববং বদস্ব ॥৮॥

নবশ্রেষ্ঠ ! আমি আপনাব নিকট বাস কবিতে ইচ্ছা করি। কারণ, সেই রাজপুত্র পাণ্ডবেবা যে কোথায় গিয়াছেন, তাহা জ্ঞানিতে পারিতেছি না ; নিন্দিত কর্মদাবাও জীবিকানির্বাহ কবিতে পারি না এবং আপনি ভিন্ন অন্থ রাজাব নিকটে ধাকাও আমার অভিপ্রোত নহে" ॥৬॥

বিবাটবাজা বলিলেন—"তুমি ব্রাহ্মণ কিংবা ক্ষত্রিয়ই বটে। কেন না, তোমাব বাপ সম্রাটেব তুল্যই দেখিতেছি, অতএব পবস্তপ! তুমি আমার নিকট এই সকল বিষয় সত্য বল। বৈশ্যেব কার্য্য তোমার পক্ষে উপযুক্ত নহে॥৭॥

ত্মি এখন কোন্ বাজার দেশ হইতে আসিয়াছ ? কোন্ শিল্পবিতা তোমাব

⁽७) ... जान् त्राष्ट्रिश्चान् - श्र वा व वा म। (१) .. बवौदि किशां नि-छा।

সহদেব উবাচ।

পঞ্চানাং পাণ্ডুপুত্রাণাং জ্যেষ্ঠো ভ্রাতা যুধিষ্ঠিরঃ।
তত্যাফশতসাহস্রা গবাং বর্গাঃ শতং শতম্ ॥ ॥
অপরে দশসাহস্রা দিস্তাবন্তস্তথা পরে।
তেবাং গোসংখ্য আসং বৈ তন্তিপালেতি মাং বিছঃ ॥ > ০॥
ভূতং ভব্যং ভবিষ্যচ্চ যচ্চ সংখ্যাগতং গবাম্।
ন মেহস্তাবিদিতং কিঞ্চিৎ সমন্তাদ্দশযোজনম্॥ >>॥

ভাবতকোমুদা

পঞ্চানামিতি। পঞ্চানাং পাণ্ডুপুত্রাণাং মধ্যে জ্যেষ্ঠা লাতা যুধিষ্টির:। তত্ম যুবিষ্টিরত, গবাং বর্গা: সংঘাং, অষ্টশতসাহ্স্রা অষ্টলক্ষসংখ্যকাং সন্তি: কচিৎ কচিত, তেয়ামপি শতং শতং ভবতীতার্থ:, ক্রুয়াদিভিরিতি ভাবং ॥>॥

অপর ইতি। অপরে উজন্তীগবীভিন্না: পূলবা দশসাহম্রা:, তথা পবে তদন্থবিধা:, পূলবা: তাবস্তো দি: বিংশতিসাহম্রা ইতার্থ:, তক্ত বৃধিষ্ঠিবস্তাসন্নিতি শেব:, তেবাং পূলবানাম্, গাং জ্ঞাভভবাচং সঞ্চষ্ট ব্রবীতীতি গোসংখ্য আসম্। তত্রতাজনা মাং তন্তিপালেতি নামা বিহর্জানন্তি
শ্ব। তন্তিং গবাং ততিং সমূহং পালয়তীতি তন্তিপাল:, পূদোদবাদিতান্নকারাগম:। অরিষ্টনেমিরিতি পিতৃত্বতং প্রকৃতং নাম পূর্বমূক্তং তন্তিপালেতি তু পাবিভাবিক্ষিতি ন বিবাধ: ॥>।।

ভূতমিতি। গবাম্ উভয়বিধানামেব, ভূতমতীতম্, ভবাং বর্ত্তমানম্, ভবিষ্যচ্চ, ফুলক্ষণং তূর্লক্ষণঞ্চেতি শেষঃ, সমস্তাদ্দশযোজনং যাবং, যচ্চ গবাং দৃশ্যমানানামদৃশ্যমানানাং বেতি ভাবঃ, সংখ্যাগতং সংখ্যাপ্রাপ্তিঃ, তেমু সর্বেষু কিঞ্চিদ্দি মে অবিদিতং নাস্তি ॥১১॥

ভাবতভাবদীপঃ

 াথা তান্ রাজিসিংহান্ বর্তমানকালে রাজ্যৃত্বস্থান্, ন বেদ্মি নোপলভে। স্বর্গী ধরত ইতি-বিদ্যালগনাবিশিষ্টাদর্শনমৃক্তমিত্যদোব: ॥৬—>॥ গোসংখ্যো গবাং পরীক্ষক: তত্তিপালঃ

শিক্ষা কৰা আছে ? তুমি কিভাবে আমাৰ নিকট বাদ কৰিবে ? এবং দৰ্মণা তোমাকে এখানে কি বেতন দিতে হইবে ? তাহা বল" ॥৮॥

সহদেব বলিলেন—"পাঁচজন পাণ্ডুপুত্ৰেব মধ্যে জ্যেষ্ঠ ভ্ৰাতা হইলেন—যুখিষ্ঠিব; তাঁহাব আট লক্ষ গৰু আছে; মধ্যে মধ্যে তাহাব শত শত গুণও হইষা থাকে ॥৯॥

তদ্ভিন্ন দশসহস্ৰ বৃষ এবং অন্যবিধ বিংশতিসহস্ৰ বৃষ তাঁহাৰ ছিল , সেগুলিব শুভলক্ষণ ও অশুভলক্ষণ আমি বলিতাম এবং তত্ৰত্য লোকেবা আমাকে 'তম্ভিপাল' বলিয়া জানিত ॥১•॥

^{(&}gt;०)--- जिल्लामिक सार विद्यान्ति । (>>) यर धानकांगंकर गवाम् —छ।

গুণাঃ শ্বনিদিতা হাসন্ মম তস্ত মহাত্মনঃ।
আসীচ্চ স ময়া তুফীঃ কুরুরাজো যুধিন্ঠিরঃ ॥>২॥
ক্ষিপ্রং হি গাবো বহুলা ভবন্তি ন তাম্থ রোগো ভবতীহ কশ্চিৎ।
তৈন্তৈরূপার্রৈর্বিদিতং ময়ৈতদেতানি শিল্পানি ময়ি স্থিতানি ॥>৩॥
ব্যভানপি জানামি রাজন্! পুজিতলক্ষণান্।
যেষাং মুত্রমুপান্ত্রায় অপি বন্ধ্যা প্রসূয়তে ॥>৪॥

বিরাট উবাচ।

শতং সহস্রাণি সমাহিতানি বর্গস্থ বর্গস্থ বিনিশ্চিতানি। পশূন্ সপালান্ ভবতো দদাম্যহং স্থদাশ্রয়া মে পশবো ভবস্থিহ॥>৫॥

ভারতকৌমূদী

গুণা ইতি। মম গুণা উৎকর্বা:, তক্ত মহাত্মনো বৃধিষ্টিরত্ম স্থবিদিতা হি স্থাসন্। স্থতএব চ স কুক্রাজো বৃধিষ্টিব: মরা তুষ্ট স্থাসীৎ ॥১২॥

ক্ষিপ্রমিতি। যথা গাব: ক্ষিপ্রং শীব্রমেব বছলা ভবস্তি, যথা চেহ তাস্থ গোষ্, কন্দিদিপি রোগোন ভবতি। তৈত্তৈও ক্ষেপ্রাবাদিভিক্ষপাথৈঃ, এতন্ময়া বিদিতম্। এতানি শিল্পানি তদ্বিভা মযি স্থিতানি ॥১৩॥

বুষভানিতি। প্রাগেব ব্যাখ্যাতমিদম্ ॥১৪॥

ভাবতভাবদীপ:

বচনকর: ॥১•॥ সংখ্যাগতং পরীক্ষায়ামবগতম্ ॥১১—১৪॥ সমানো বর্ণো যেবাং তে সবর্ণা: বর্ণন্ত বর্ণেন বিমিশ্রিতাশ্চ পাটলাদয়ঃ, বিভক্ত্যলোপ আর্বঃ, সবর্ণাশ্চ বর্ণবিমিশ্রিতাশ্চ তাংস্তৎ-

আর, গোসমূহের ভূত, ভবিষ্যুৎ ও বর্ত্তমান, যে সকল স্থলক্ষণ বা চূর্লক্ষণ এবং সকল দিকে দশযোজনপর্যাস্ত গোসকলেব যে সংখ্যা থাকে, ইহাব কোন বিষয়ই আমাব অবিদিত নাই ॥১১॥

আমার এই সকল গুণ সেই মহাত্মা যুধিষ্ঠিরেব স্থবিদিত ছিল; তাই সেই কুফবাজ যুধিষ্ঠিব আমাদ্বারা সম্ভষ্ট ছিলেন ॥১২॥

আব, যাহাতে গোসকল বৃদ্ধি পায় এবং যাহাতে গোসমূহের কোন বোগ না হয়, সেই সেই উপায়ে আমাব তাহা জানা আছে। আমাব এই সকল শিল্পবিছা আছে ॥১৩॥

রাজা। আমি, স্থলক্ষণযুক্ত বুষগণকেও চিনিতে পারি, যাহাদেব মৃত্র আভ্রাণ করিয়াই বন্ধ্যা স্ত্রীও সন্তান প্রসব কবিয়া থাকে" ॥১৪॥

⁽২৩)---ন গোষু রোগ:—ভা,---ভবতীহ কন্দন—বা। (১৫)---সবর্ণবর্ণক বিমিশ্রিতান্ ওণৈ: —বা ব রা ম,---বর্ণক্ত বর্ণক্ত চ নিশ্চিতা ওণৈ:—ভা,---ভবতে দদাম্যহম্—রা ম।

বৈশম্পায়ন উবাচ।

তথা স রাজ্ঞা বিদিতো বিশাংপতে ! উবাস তত্ত্বৈর স্থখং নবেশ্বরঃ।
ন চৈনমন্যেহত্ত্র বিহ্নঃ কথঞ্চন প্রাদাচ্চ তত্মৈ ভরণং যথেপিসতম্ ॥>৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিবাটপর্বানি
পাণ্ডবপ্রবেশে সহদেবপ্রবেশো নাম নবমোহধ্যায়ঃ॥०॥ #

ভারতকৌমুদী

শতমিতি। বিনিশ্চিতানি একৈকপ্রকারতয়া নিরূপিতানি, বর্গশু বর্গশু গবাদিপশুনামেকৈকযুথশু, শতং সহস্রাণি লক্ষাণি, সমাহিতানি মৎপশুশালাস্থ স্থাপিতানি সন্তি। অহম্, পালৈস্তত্তংপালকৈ: সহেতি সপালাস্তান্, তান্ পশূন্, ভবতো দদামি পালনাম্বর্থমর্পয়ামি। ইহ ইদানীং মে
পশবং, স্বদাশ্রমাস্কদধীনা ভবস্ক ॥১৫॥

তথেতি। হে বিশাংপতে। জনমেজয়। নরেশবো নবশ্রেষ্ঠা, স সহদেবা, রাজ্ঞা বিবাটেন, তথা পশুবিশেষজ্ঞান্ত্রেন বিদিতা সন্, তত্ত্বৈব বিবাটভবন এব স্থাম্বাস। কিন্তু অত্র বিবাটভবনে, অত্যে জনাঃ, কথঞ্চনাপি, এনং সহদেবম্, ন বিতঃ সহদেবত্বেন ন জানস্তি শ্ব। তেশ্বৈ সহদেবায়, যথেপি-ভম্, ভবণং বেতনাদিকং প্রাদাক্ত বিবাটঃ ॥১৬॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযাং বিবাটপর্ব্বণি পাণ্ডবপ্রবেশে নবমোহধ্যায়ঃ ॥•॥

—:*:— ভাবতভাবদীপ:

তদ্গুণৈরূপলক্ষিতান্ ॥১৫॥ বাজ্ঞো বাজ্যকর্ত্তু: বিশাংপতে: প্রজাপালকশ্য ভরণং বেতনম্ ॥১৬॥ ইতি শ্রীমহাভাবতে বিবাটপর্বাণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে নবমোহধ্যায়: ॥>॥

বিরাটরাজা বলিলেন "এক একপ্রকাব বৃলিয়া নির্দিষ্ট পশুগণেব এক একটী যুথের এক এক লক্ষ করিয়া আমার ভিন্ন ভিন্ন পশুশালায় স্থাপিত আছে; পালকগণের সহিত সেই পশুগণকে আমি তোমার হাতে দিলাম; এখন আমাব পশুগণ তোমারই অধীন হউক" ॥১৫॥

বৈশস্পায়ন বলিলেন—রাজা। নবশ্রেষ্ঠ সহদেব সেইভাবে বিরাটবাজার বিদিও হইয়া সেইখানেই স্থথে বাস করিতে লাগিলেন। সেখানে অক্সে তাঁহাকে কোন প্রকারেই চিনিতে পারে নাই একং বিরাটরাজা তাঁহাকে ইচ্ছামুক্তপ বেতনাদি দিতেন ॥১৬॥

দশমোহধ্যায়ঃ।

-- 242--

বৈশম্পায়ন উবাচ।

অথাপরোহদৃশ্যত রূপসম্পদা দ্রীণামলঙ্কারধবো বৃহৎ পুমান্।
প্রাকারবপ্রে প্রতিমূচ্য কুণ্ডলে দীর্ঘে চ কন্ম পরিহাটকে শুভে ॥>॥
বহুংশ্চ দীর্ঘাংশ্চ বিমূচ্য মুর্দ্ধজান্ মহাভুজো বারণতুল্যবিক্রমঃ।
গতেন ভূমিং ছভিকম্পায়ংস্তদা বিরাটমাদাত্য সভাদমীপতঃ ॥২॥
তং-প্রেক্ষ্য-বাজোপগতং সভাস্থলে ব্যাজাৎ প্রতিচ্ছন্নমরিপ্রমাথিনম্।
বিরাজমানং পর্বমেণ বর্চসা স্থতং মহেন্দ্রস্থ গজেন্দ্রবিক্রমম্॥৩॥

ভারতকৌমুদী

অথার্জুনোহপি রাজ্ঞ: সভাসদাঞ্চ দৃষ্টিমাসাজ্যৈব প্রবিবেশ, তদাহ—অথেতি। অথ প্রাকার-বপ্রে, প্রাচীবমূলগভমুত্তিকান্তুপে, রূপসম্পদা বিশিষ্টঃ, দীর্ঘে বিশালে, কুগুলে কর্ণকুগুলম্গলম্, কম্ব্ হস্তরোঃ শহ্মবল্যব্যম, শুভে শুভলক্ষণে, পরিহাটকে পবিভ এব স্বর্ণময়ে বাহ্বোঃ কেযুরে চ, প্রতিমৃচ্য পবিধায় স্থিত ইতি শেষঃ, অভএব স্ত্রীণামলক্ষারধরঃ, অপরঃ বৃহৎপুমান্ বিশালপুরুষঃ, অদুখাত রাজ্ঞা সভাসন্তিশ্চ ॥১॥

বহুনিতি। মহাভূজ:, রাবণশ্য হস্তিনম্বল্যো বিক্রমো যশ্য স:, স বৃহৎপুমান্, বহুংশ্চ দীর্ঘাংশ্চ মৃদ্ধিদান্ কেশান্, বিমৃচ্য খলয়িত্বা, গতেন গমনেন ভূমিমভিকম্পয়ন্ সন্, তদা বিরাটং তদ্ষ্টিপথ-মাসাত্ব, সভাসমীপতঃ তন্থাবিতি শেষঃ ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—তদনস্তব বিরাটরাজা ও তাঁহাব সদস্যেবা প্রাচীরমূলে আর একটি রূপবান, দীর্ঘাকৃতি ও দ্রীলোকের অলঙ্কাবধারী পুরুষকে দেখিতে পাইলেন; তাহাব তুই কর্ণে তুইটা বিশাল কুগুল, তুই হস্তে তুইটা শম্খবলয় এবং তুই বাহুতে তুইটা স্বর্ণকেযুর ছিল ॥১॥

মহাবাহু ও হস্তীর ক্যায় বিক্রমশালী সেই পুরুষ দীর্ঘ ও প্রচুর কেশগুলিকে মৃক্ত কবিয়া দিয়া এবং পাদভরে ভূমি কম্পিত কবিতে থাকিয়া, বিবাটরাজার দৃষ্টিপথে আসিয়া সভাব নিকটে দাড়াইল ॥২॥

⁽১) শিষ্পা চ বপ্রে—ভা। (২) বাহু চ দীর্ঘান্ প্রবিকীর্য্য মূর্জ্জান্—বা ব রা ম, বহুংচ দীর্ঘাংচ বিকীর্য্য—ভা, অবারণমন্তবিক্রমঃ—প্র ভা, অগত্যৈব ভূমিম্—বা। (৩) অসভাতলে শত্তপ্রভিচ্নম্—বা, অবিলাজমানম্ অইহলভ যথা ধরাগতম্—ভা।

সর্বানপৃচ্ছচ্চ সমীপচারিণঃ কুতোহয়মায়াতি পুরা ন মে শ্রুতঃ।
ন চৈনমূ চুর্বিদিতং তদা নরাঃ স বিস্মিতো বাক্যমিদং নৃপোহত্রবীৎ ॥৪॥
(যুখাকম্)

সন্ধোপপনঃ পুরুষো মনোরমঃ শ্যামো বুবা বারণযুথপোপমঃ।
বিমূচ্য কন্দু পরিহাটকে শুভে বিমূচ্য বেণীমপিনছ কুগুলে ॥৫॥
স্রথী স্কেশঃ পরিধার চান্তথা শোভেত ধন্নী কবচী শরী যথা।
আরুছ্ যানং পরিধাবতাং ভবান্ স্থবৈঃ সমস্তং ভবিতা ময়া সমঃ॥৬॥

ভারতকৌমূদী

তমিতি। রাজা বিরাট:, ব্যাজাৎ ক্লীবচ্ছলাৎ, প্রতিচ্ছয়ং প্রচ্ছয়ার্চ্ছ্নয়ণম, অরিপ্রমাধিনং শত্রুজমনকরম, পরমেণ বর্চচমা তেজনা বিবাজমানম, গজেল্রবিক্রমম, তং মহেল্রক্ত হতমর্জ্বম, সভাহলে উপগতং প্রেক্ষ্য, সমীপচারিণ: সর্বান্ জনান্ অপূচ্ছৎ। কিমপৃচ্ছদিত্যাহ—পুরা মে ময়া ন প্রতঃ ন দৃষ্টশ্চায়ং জনঃ, কুত আয়াতি। তদা তে নরাশ্চ এনমর্জ্বং বিদিতং নোচুঃ। পরস্ক স নুপঃ, বিশ্বিতঃ সন্, ইদং বাক্যমত্রবীৎ।৩—৪।

সংঘতি। তে ভব্র । ভবান্ থলু বারণষ্থপোপমঃ হস্তিষ্থপতিত্ল্যাং, সংঘাপপদ্মো বলবান্, মনোরমঃ ফুল্দরং, ভামঃ ভামবর্ণচ, বুবা পুরুষঃ ; জ্প চ হস্তরোঃ কমু, শন্ধবলয়দ্বয়ন্, বাহ্বোশ্চ ভুঙ্গে পরিহাটকে ফুর্ণকেব্রবর্ম, বিমূচ্য পবিধাষ, বেণীং বিমূচ্য লম্বীকৃত্য, কুর্ণরোশ্চ কুগুলে, অপিনফ্ বৃদ্ধা, বৃদ্ধিত ইতি শেষঃ ৪৫॥

ভারতভাবদীপঃ

অথেতি। অনুশত দৃষ্ট:। রণসম্পদা উপলক্ষিত:। প্রাকারবপ্রে স্থিতৈ: তৎসমীপে বা স্থিতোহদৃশত দৃষ্ট:। প্রতিমৃচ্য পরিধার দীর্ঘে কুগুলে তান্টকে। কম্বুনাং শন্ধানাম্পরি কম্ পরিহাটকে কনকমরে বলরে চ পরিমৃচ্য ॥১॥ দীর্ঘান্ মৃদ্ধজান্ বাহু চ প্রবিকীর্য্য প্রসার্য

গজেন্দ্রবিক্রমী ও শত্রুদমনকাবী মহেন্দ্রপুত্র অর্জুন ক্লীববেশে প্রচন্তর থাকিয়া মহাতেজে শোভিত হইয়া সভার প্রান্তে আসিয়া দাঁড়াইলে, বিরাটরাজা তাঁহাকে দেখিয়া নিকটবর্ত্তী সমস্ত লোককে জিজ্ঞাসা করিলেন—"এই লোকটীকে আমি পূর্বেব দেখিও নাই, শুনিও নাই; এ—কোখা হইতে আসিল।" তখন সেই লোকেরা বলিল—"ইহাকে আমরা চিনি না"। তখন রাজা বিশ্বিত হইয়া এই কথা বলিলেন—॥৩—৪॥

"ভন্ত। তুমি হস্তিযুপপতির স্থায় বলবান্, সুন্দর এবং খ্যামবর্ণ ধুবা পুরুষ; অথচ তুমি—ছইটী শঙ্খবলয় ও স্থুন্দর ছইটী স্বর্ণকেয়ুর পরিধান করিয়া, বেণী ছাড়িয়া দিয়া এবং ছইটী কুগুল ধারণ করিয়া রহিয়াছ। ॥৫॥

⁽৪) নরানগৃচ্ছৎ সংস্ক্র বিশিতো বাক্যমিদং জগাদ হ—ভা, স্বিশ্বরম্ —বা ব রা ম।
(৫) সর্ব্বোপনয়—ভা, পুরুষোহমরোগমঃ—বা ব বা ম। (৬) শিখী স্থকেশী স্বিদ্ধিত ক্রিন্দি ক্রিন্দি

ব্বন্ধো ছহং বৈ পরিহাবকামঃ দর্ববাংশ্চ মৎস্থাংস্তরসাভিপালয়। নৈবংবিধাঃ ক্লীবরূপা ভবন্তি কথঞ্চনেতি প্রতিভাতি মে মতিঃ॥৭॥ অর্জ্জুন উবাচ।

গায়ামি নৃত্যাম্যথ বাদয়ামি ভদ্রোহন্মি নৃত্যে কুশলোহন্মি গীতে। ত্বমুত্তরায়ৈ পরিদৎস্ব মাং স্বয়ং ভবামি দেব্যা নরদেব! নর্ত্তকঃ ॥৮॥

ভাবতকৌমুদী

শ্রথীতি। ভবাংস্ক, অন্তথা এতদন্যপ্রকারং বেশং পরিধায, এরী মালাবান্, ত্বেশঃ ধরী কবচী শরী চ সন্, যানং রথমারুক্ত, পবিধাবতাং যুদ্ধায ক্বতাং যোদ্ধ্নাং মধ্যে যথা শোভেত, তথা এতেন বেশেন নেতি শেবঃ। যেন হি ত্বম্, ত্রের্দেবিঃ, সমঃ সমানঃ, অথবা মধা সমো ভবিতা। ৩।

বৃদ্ধ ইতি। অহং হি বৃদ্ধ:, অতএব পরিহারকাম: রাজ্যাদিত্যাগেচ্ছু:। তেন চ অম, তবসা বিলেন, সর্বান্ মংস্থান্ মংস্থাদেশমভিপালয়। নরহং ক্লীব: কথং বাজ্যং পালয়ামীত্যাহ—নেতি। এবংবিধা দিদুগাকারা জনা:, কথঞ্চন কেনাপি প্রকারেণ, ক্লীবরূপা ন ভবস্তি, ইতি মে মতি: প্রতিভাতি স্কুরতি ॥ ।॥

গায়ামীতি। অহং গায়ামি, নৃত্যামি, অথ চ বাদয়ামি। যেন খবহম্, নৃত্যে ভজো
নিপুণোথমি, গীতে চ কুশলো দক্ষোথমি। বাদনকৌশলস্থাপ্যপলক্ষণম্। অতএব হে নরদেব।
রাদন্। স্বং বয়মেব মান্, উত্তরাবৈ তদাখ্যাবৈ নিজক্তাবি, পবিদৎৰ অর্পন্ন শিক্ষকত্বেন
নিযোক্ষয়েত্যর্থ:। তথাস্থে চাহম্ উত্তরাষা দেব্যা নর্জকো ভবামি ॥৮॥

তুমি অক্সরূপ বেশে মালা, বদ্ধকেশ, ধন্ন, বাণ ও কবচ ধাৰণ কবিয়া রথারোহণপূর্বক যুদ্ধবাত্রী যোদ্ধাদের মধ্যে যেমন শোভা পাইতে, এ বেশে সেরূপ শোভা
পাইতেছ না। কেন না, তুমি দেবতাদের তুল্য বা আমাৰ তুল্যই হইবে ॥৬॥

আমি বৃদ্ধ হইয়াছি; স্মৃতরাং রাজ্যপ্রভৃতি পরিত্যাগ করিবার ইচ্ছা করিতেছি; অতএব তুমি আপন বলে সমস্ত মংস্তদেশ পালন কব। ঈদৃশাকার মনুয়োরা কোন প্রকারেই নপুংসক হইতে পারে না, ইহাই আমাব ধাবণা" ॥৭॥

অর্জুন বলিলেন—''নরনাথ। আমি—নৃত্য, গীত ও বাদ্য করিয়া থাকি। কেন না আমি—নৃত্য, গীত ও বাদ্যে নিপুণ; অতএব আপনি স্বয়ং আপনাব কন্থা উত্তবার নিকট আমাকে অর্পণ করুন; আমি সেই উত্তবাদেবীর নর্ত্তক হইব ॥৮॥

⁽१)···পরিহাত্কাম:—বা ব, ···পরিহর্জুকাম:—ভা। (৮)···পরিধৎদ—প্র, ···প্রদিশদ—
বা ব রা ম।

বিকাট-১২ (১২)

ইদস্ত রূপং মম যেন কিন্তু তৎ প্রকীর্তয়িয়ে ভূশশোকবর্দ্ধনম্।
বৃহন্ধলাং মাং নরদেব! বিদ্ধি বৈ স্মতং স্মতাং বা পিতৃমাতৃবর্ভিক্রতাম্॥৯॥
বিরাট উবাচ।

দদামি তে হস্ত বরং বৃহন্নলে ! স্থ গঞ্চ মে নর্ত্তর যাশ্চ তাদৃশীঃ। ইদস্ত তে কর্ম সমং ন মে মতং সমুদ্রনেমিং পৃথিবীং ত্বমর্হসি॥>०॥ বৈশস্পায়ন উবাচ।

বৃহন্নলাং তামভিবীক্ষ্য মৎস্থবাট্ কলাহ্ন নৃত্যেয়ু তথৈব বাদিতে। অপুংস্ক্রমপ্যস্থ নিশম্য চ স্থিবং ততঃ কুমারীপুর উৎসদর্চ্জ তাম্॥১১॥

ভারতকৌমুদী

ইদমিতি। কিন্তু যেন কারণেন মম ইদং রূপং ক্লীবন্ধ জাতম, ভূগশোকবর্দ্ধনং তং, প্রকীর্ত্তিযিক্সে অবসবে বক্ষ্যামি। হে নবদেব ! তং মাম, নামা বৃহন্ধণাম্, পিতৃমাতৃবজ্জিতং স্থতম্ আত্মনঃ পুত্রম, তথাবিধাং স্থতাং বা বিদ্ধি, ক্লীবন্ধাদিত্যাশয়ঃ ।>।

দদামীতি। হস্তেতি হর্ষে। হর্ষণ্ড তাদৃশন্ত্যাদিশিক্ষকলোকলাভাৎ। হে বৃহয়লে! তে তব, বরমভীষ্টং শিক্ষকর্ষ্ম দদামি। সং মে স্থতাঞ্চ, যাশ্চ তৎসংগ্যন্তাদৃশীশ্চ, নর্জয নৃত্যাদিকং শিক্ষা। ইদন্ত কর্ম তে সমং যোগাম, মে ন মতম্। যেন হি স্থং সমুদ্রনেমিং সমুদ্রপর্যান্তাং পৃথিবীং প্রাপ্ত মুর্হসি ॥>•॥

বৃহদিতি। ততঃ, সংস্থাট বিবাটঃ, তাং বৃহত্মলাম, অভিবীক্ষ্য লক্ষণাদিনা শ্লীবত্যা পরীক্ষ্য,
অস্ত অৰ্জুনস্থাপি মৃথাৎ, স্থিবং নিশ্চিতম্, অপুংস্বং শ্লীবন্ধক নিশম্য, কলাস্থ গীতাদিয়ু নৃত্যেয়্
তথৈব বাদিতে বিষয়ে তত্তবিষয়শিক্ষণার্থমিতার্থঃ, কুমারীপুরে কল্পান্তঃপুবে তাং বৃহন্ধলাম,
উৎসম্বন্ধ প্রেরমামাস ১১১।

তবে, যে কারণে আমার এই ক্লীবছ জন্মিয়াছে, অত্যন্ত শোকবর্দ্ধক সেই বৃত্তান্ত আমি অবসরক্রমে আপনার নিকট বলিব; কিন্তু এখন আপনি ইহাই জানিয়া রাখুন যে, আমাব নাম—'বৃহন্নলা' এবং পিতৃমাতৃহীন আমি আপনার পুত্র বা কন্যা" ॥১॥

বিরাটরাজা বলিলেন—"ভাল, বৃহন্নলা। আমি ভোমাকে ভোমার অভীষ্ট কার্য্যই দিলাম; তুমি—আমার কন্যা উত্তরাকে এবং বাহারা ভাহার তুল্য—সেই কন্যাদিগকে নৃত্যগীভাদি শিক্ষা করাও। তবে, এই কার্য্য ভোমাব যোগ্য নহে, তুমি সমুত্রপর্যান্ত সমগ্র পৃথিবীই পাইবার যোগ্য ইহা আমি মনে করি" ॥১০॥

^{(&}gt;) -- কিং তব প্রকীর্ত্তরিছা—বা ব রা ম। (১১) প্রথমার্দ্ধাৎ প্রম্ 'সংমন্ত্র্য রাজা বিবিধৈঃ' স্বমন্ত্রিভিঃ পরীক্ষ্য চৈনং প্রমদ্ভিরান্ত বৈ' ইত্যব্ধং—বা ব রা ম, -- কুমারীপুরম্ৎসক্ষ্র তম্—ভা।

স শিক্ষরামাস চ গীতবাদিতং স্থতাং বিরাটস্থ ধনঞ্জয়ঃ প্রভুঃ।
সথীশ্চ তম্মাঃ পরিচারিকাঃ শুভাঃ প্রিয়শ্চ তাসাং স বভূব পাগুবঃ॥১২॥
তথা স সত্রেন ধনঞ্জয়োহবসৎ প্রিয়াণি কুর্বন্ সহ তা.ভিরাত্মবান্।
তথা চ তং তত্র ন জ্বজ্জিবে জনা বহিশ্চবা বাপ্যথবাস্তরেচরাঃ॥১৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াদিক্যাং বিবাটপর্বাণি
পাগুবপ্রবেশে অর্জ্বনপ্রবেশো নাম দশমোহধ্যায়ঃ॥০॥ #

ভাবতকৌমুদী

দ ইতি। প্রভূ ধৈর্যপ্রভাববান্ দ ধনম্বয়দ্চ, বিরাটক্ত স্থতামূত্রবাম্, তক্তাঃ পবিচারিকাঃ
দমস্বাচ্চাবিণীঃ দথীদ্চ, গীতবাদিতং শিক্ষয়মাদ ; দ পাগুবো ধনম্বয়ং ক্রমেণ তাদাং প্রিয়দ্চ বভূব।
অর্জুনঃ থলু স্বর্গে চিত্রদেনাদ্গীতাদিকং শিশিকে ইত্যাদিপর্কণি স্তইব্যম্ ॥১২॥

তথেতি। আত্মবান্ ধৈর্যান্ স ধনঞ্জয়, তথা তাদুশেন, সত্তেণ ক্লীবতযা স্ত্রীশিক্ষককৈতবেন "সত্তমাচ্ছাদনে যজ্ঞে সদাদানে চ কৈতবে" ইতি বিশ্বঃ, তাসাং প্রিয়াণি কুর্বন্, তাভিঃ কল্লাভিঃ সহ অবসং। তত্ত্ব চ, বহিশ্চবা অথবা অন্তবেচবা অপি জনাঃ, তমর্জ্জ্নম্, তথা অর্জ্জ্নত্বেন, ন জাজবেষ্ট ন জাতবন্তঃ ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকায়াং ভারতকৌমূদীসমাখ্যায়াং বিরাটপর্কণি পাগুবপ্রবেশে দুশমোহধ্যায়ঃ ॥০॥

-:*:-

ভারতভাবদীপঃ

শবিহারকাম: অমাত্যেষ্ রাজ্যভারং ক্যপ্তকাম: ॥१॥ দেব্যা উত্তবায়া: ॥৮॥ যেন হেভুনা ইদং রূপং মম জাতং তৎকীর্দ্তনং তব নিকটে বার্থং শোককরং চেত্যর্থ: ॥>॥ তে দমং ফাক্তা মৃক্তং ন ইতি মে মম মতম্ ॥>०॥ অপুংজ্বং ক্লীবছম, নিশম্য আলোচ্য ॥>>—>>॥

বৈশম্পায়ন বলিলেন—ভাহার পর বিরাটরাজা সেই বৃহন্নলাকে নপুংসকভাবে বিশেষ পরীক্ষা করিয়া এবং তাঁহাব নিকটে নিশ্চিতভাবে তাঁহাব নপুংসকত শুনিযা, মৃত্য, গীত ও বাল্য শিক্ষা দিবাব জন্ম কন্যান্তঃপুরে পাঠাইয়া দিলেন ॥১১॥

থৈর্যাশালী অর্জ্জনও বিরাটরাব্ধার কন্সা উত্তরাকে এবং তাঁহাব সহচরী স্থলকণা স্থীদিগকে নৃত্যুগীতাদি শিক্ষা করাইতে লাগিলেন; ক্রমে তাহাতেই তিনি তাঁহাদেব প্রিয় হইয়া উঠিলেন ॥১২॥

⁽১২)···পরিচারকান্তথা তথোচিতাক্তানপি তত্র পাণ্ডবং—ভা। (১০)···ধনগ্রয়োহবসন্—বা ব রা ম। * '···একাদশোহধ্যায়ঃ'—প্র বা ব রা ম।

একাদশোহধ্যায়ঃ।

~-;#;---

বৈশম্পায়ন উবাচ।

অথাপরোহদৃশ্যত পাগুবঃ প্রভূর্বিরাটরাজ্ঞা বিবুধোপমাক্তিঃ।
তমাপতন্তং দদৃশুঃ পৃথগ জুনা বিমুক্তমভাদিব সূর্য্যমণ্ডলম্ ॥>॥
স বৈ হয়ানৈক্ষত তাংস্ততন্ততঃ সমীক্ষমাণঞ্চ দদর্শ মৎস্থরাটু।
ততোহব্রবীক্তাননুগানমিত্রহা কুতোহয়মায়াতি নরোহমরপ্রভঃ ॥২॥

ভারতকোমূদী

ইদানীং পারিশেয়ারকুলপ্রবেশমাহ—অথেতি। অথ বিরাটরাজ্ঞা, অদস্তবাভাব আর্থং, বিবুধোপমাকৃতিঃ দেবতুল্যাকারঃ, প্রভুন্তেজ্যপ্রভাববান্, অপরঃ পাওবো নকুলঃ অদৃখত। পরক পৃথক্ অল্পে জনাঃ, আপতন্তমাগচ্ছস্তম্, তং নকুলম্, অল্পং আকাশাৎ, বিমৃত্তং খলিতং প্র্যান্তর্ভনিব দদৃশুঃ ॥১॥

স ইতি। স নকুলং, ততন্তত: স্থিতান্, তান্ তত্ততান্, হয়ান্ স্থান্ ঐক্ষত স্থাপথ।
মংশ্বরাট্ বিরাটশ্চ হয়ান্ সমীক্ষমাণং তং দদর্শ। ততঃ স্থামিত্রহা শক্তহন্তা মংশ্বরাট্, তান্
তত্ততান্, সন্থান্ স্বান্তরানত্তবীং। স্বায়প্রভাবদীপঃ

সত্ত্বেপ কৈতবেন। "সত্ত্রমাচ্ছাদনে যজে সদাদানে চ কৈতবে" ইতি বিশ্ব:। ন জ্বজ্ঞিয়ে ন জ্বাতবন্তঃ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্কণি নৈলক্ষীয়ে ভারতভাবদীপে দশমোহধ্যায়ঃ ॥>•॥

এইভাবে ধৈর্য্যশালী অর্জুন কক্সাগণেব প্রিয়কার্য্য করিতে থাকিয়া তাহাদেরই সহিত বাস করিতে লাগিলেন। তৎকালে কি বাহিরের লোক, কি ভিতরেব লোক, কেহই তাঁহাকে অর্জুন বলিয়া জানিতে পারে নাই ॥১৩॥

--:#:---

বৈশস্পায়ন বলিলেন—তাহার পর বিরাটরাজা—দেবতুল্যাকৃতি ও তেজ্বী অপব পাণ্ডব নকুলকে দেখিতে পাইলেন; অন্ত লোকেরাও আকাশভ্রষ্ট সূর্য্যমণ্ডলের স্থায় তাঁহাকে আসিতে দেখিল ॥১॥

তিনি আসিবার সময়ে ইতস্ততঃ অশ্বগণের প্রতি দৃষ্টিপাত কবিতে লাগিলেন;

(১) - বিরাটরাজ্ঞস্তরগান্ নিরীক্ষয়ন্—প্র, - বিরাটরাজং তরসা সমেযিবান্ - দদৃশে পৃথগ্ জন:—বা ব রা ম ভা। (২) - তাংস্কভস্ত তম্ —প্র, স বৈ হয়ানীক্ষত তানিতস্ততঃ - নরো গতব্যথঃ—ভা।

আয়ং হয়ানীক্ষতি মামকান্ দৃঢ়ং ধ্রুবং হয়জ্ঞো ভবিতা বিচক্ষণঃ।
প্রবেশ্যতামেষ সমীপমাশু মে বিভাতি বীরো হি যথামরস্তথা ॥৩॥
সোহভ্যেতা রাজানমমিত্রহাহত্রবীক্ষয়োহস্ত তে পার্থিব! ভদ্রমস্ত বঃ।
হয়েষু যুক্তো নৃপদন্মতঃ দদা তবাশ্বসূতো নিপুণো ভবাম্যহম্ ॥৪॥
-বিরাট উবাচ।

দদানি যানানি ধনং নিবেশনং মমাশ্বসূতো ভবিতুং ত্বমর্হসি। কুতোহসি কম্মাসি কথং ত্বমাগতঃ প্রক্রহি শিল্পং তব বিঘতে চ যৎ ॥৫॥

ভারতকোমূদী

অয়মিতি। অষং নব:, মামকান্ মদীষান্, হ্যানশান্, দৃচং সাগ্রহম্, ঈক্ষতি পশ্যতি। অতএবায়ম্, ধ্রুবং নিশ্চিতমেব, হ্যজ্ঞোহশ্ববিশেষজ্ঞো বিচক্ষণো ভবিতা। তেন চৈষঃ, আন্ত সত্ত্বম্, মে সমীপং প্রবেশ্যতাম্। হি যশ্মাৎ, যথা অমবস্তথা এয় বীবো বিভাতি ।।

স ইতি। অমিত্রহা শক্রহন্তা স নকুলঃ অভ্যেত্য রাজানমত্রবীং। হে পার্থিব! তে জযোহন্ত, হে সদস্যাঃ! বো ধুমাকঞ্চ, ভদ্রং মঙ্গলমন্ত্ত। হে রাজন্! অহং হযের অপকার্য্যের, বুজো ব্যাপাবিতঃ সন্, সদৈব নৃপদমতো রাজপ্রিয় আসম্। অতএবাধকার্য্যের নিপুণোহহ্ম, তব, অধানাং স্তঃ কাঙ্কঃ, ভবামি ভবিতুমিচ্ছামি ॥॥

দদানীতি। হে ভন্ত ! অহং তে, যানানি রথান্, ধনম, নিবেশনং বাসগৃহঞ্চ, দদানি। ত্বং মম অত্থানাং স্তঃ কারু: সাব্ধিবা ভবিতৃমুহসি। সামায়তঃ শ্রুতবানপি বিশেষতো জিম্লাসতে কৃত ইতি। কৃতঃ কন্মাদেশাদাগতোহসি, কশু লোকোহসি, কথং কিমর্থং বা আগতঃ, যক্ত তব শিল্প তিবিতা বিভাতে, তক্ত প্রক্রহি ৪৫॥

তাহাও বিবাটরাজা দেখিলেন। তাহার পব শত্রুহস্তা বিরাট অনুচবদিগকে বলিলেন
—"দেবতুল্য এই লোকটা কি জন্ম আসিতেছে ? ॥২॥

এই লোকটা আগ্রহের সহিত আমার অশ্বগুলিকে দেখিতেছে; অতএব নিশ্চয়ই এই লোকটা অশ্বশাস্ত্রে বিচক্ষণ হইবে; স্থৃতরাং ইহাকে সম্বৰ আমার নিকট প্রবেশ কবাও। কারণ, এই বীর দেবতার স্থায় শোভা পাইতেছে"॥৩॥

এই সময় শত্রুহন্তা নকুল রাজার নিকট উপস্থিত হইয়া বলিলেন—"নবনাথ। আপনাব জ্য হউক, সদস্যগণ। আপনাদেরও মঙ্গল হউক। আমি একবাজাব অশ্বকার্য্যে নিযুক্ত হইয়া সর্ববদাই তার প্রিয় ছিলাম, স্মৃতবাং আমি অশ্বকার্য্যে নিপুণ বলিয়া আপনার অশ্বশিল্পী হইতে ইচ্ছা কবি''॥৪॥

⁽৩) কামগান্ দৃঢ়ম্—ভা। (৪) অভেত্য—বা ব রা ম ভা, দিতীয়াইং ভা নাস্তি। (৫) শ্লামি—বা ব রা ম, পূর্বাহ্ম ভা নাস্তি।

नकून छेवाह।

পঞ্চানাং পাণ্ডুপুত্রাণাং জ্যেচো ভ্রাতা যুধিন্ঠিরঃ। তেনাহমথের পুরা নিযুক্তঃ শত্রুকর্ষণ! ॥৬॥ অশ্বানাং প্রকৃতিং বেদ্মি বিনয়ঞ্চাপি সর্বশিঃ। ঘূষ্টানাং প্রতিপত্তিঞ্চ কুংস্মকৈব চিকিৎসিত্রম্॥৭॥

ন কাতরং স্থান্মম জাতু বাহনং ন মেহস্তি চুফী বড়বা কুতো হয়াঃ। জনস্ত মামাহ স চাপি পাগুবো যুধিষ্ঠিরো গ্রন্থিকমেব নামতঃ॥,॥

ভাবতকৌমূদী

পঞ্চানামিতি। হে শত্রুকর্ষণ । পঞ্চানাং পাণ্ডুপুত্রাণাং মধ্যে যুধিষ্টিরো জ্যেষ্ঠো ভ্রাতা। তেন যুধিষ্টিরেণ পুবা পূর্বমহম, অব্যেয়ু অখকার্য্যেয়ু নিযুক্ত আসম্ ।৬॥

অবানামিতি। অহম্, অবানাম্, প্রকৃতিং ব্ভাবম্, সর্বশঃ সর্বপ্রকারম্, বিনয়ং শিকাম্, ছুষ্টানাম্বানাং প্রতিপত্তিং দোষনিবৃত্ত্যুপায়ম্, কুংলং চিকিৎসিতঞ্চ, বেদ্মি । ।।

নেতি। জাতৃ কদাচিদিপি মম হন্তে, বাহনম্ অশ্বঃ, কাতবং ফুর্বলং ন তাৎ। মে মম হন্তে, বডবা অশ্বী, তুষ্টা নাস্তি ন ভবতি; হয়া অশান্ত, কুতো তুষ্টা ভবিতৃমইন্তি, কুতোহিপি নেতার্থঃ। জনস্তত্ততো লোকঃ, স পাণ্ডবো মুধিষ্টিরোহিপি চ, নামতো মাম্, গ্রন্থিকমেব আহ শ্ব, গ্রাথ ডি অশ্বানিতি বৃংপত্তেরিতি ভাবঃ ॥৮॥

ভারতভাবদীপঃ

অথেতি ॥১—৬॥ প্রকৃতিং জাতিম্। বিনশং শিক্ষাম্। প্রতিপৃত্তিং দোবনিরাকরণ-প্রকাবম্। চিকিৎসিতং ব্যাধ্যুপশমোপাষম্॥৭॥ কাতরং ভীক্ন, বডবা অখা ,অতএব গ্রন্থিকসম্পাস্তম্॥৮—১৩॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্বাণি নৈলক্ষীবে ভারতভাবদীপে একাদশোহধ্যায়: ॥>>॥

বিরাটরাজা বলিলেন—"আমি তোমাকে যান, ধন ও বাসগৃহ দান করিব এবং তুমি আমাব অখুশিল্পী হইতে পাবিবে; কিন্তু তুমি কোথা হইতে আসিয়াছ? কিন্তু আসিয়াছ? কাহাব লোক? এবং যে শিল্পবিভা ভোমার আছে, তাহা বল" ॥৫॥

নকুল বলিলেন—'শক্রবিজয়ী বাজা। পঞ্চ পাগুবের মধ্যে জ্যেষ্ঠপ্রতাতা যুগিষ্ঠিব; তিনি পূর্বেব আমাকে অশ্বকার্য্যে নিযুক্ত করিয়াছিলেন ॥৬॥

কারণ, আমি—অশ্বগণেব স্বভাব ও সর্বব্যকার শিক্ষা জানি এবং ছষ্ট অশ্বগণেব দোষনিবৃত্তিব উপায় ও সর্বব্যকার চিকিৎসা অবগত আছি ॥৭॥

আব, আমাব হাতে অশ্ব কখনও তুর্বল হয় না, কিংবা আমার নিকট অশ্বী

⁽b) ··গ্ৰন্থিক এব নামতঃ—বা ব রা, ম ছা।

বিরাট উবাচ।

যদন্তি কিঞ্চিন্মম বাজিবাহনং তদন্ত দৰ্ববং স্বদধীনমত বৈ।

যে চাপি কেচিন্মম বাজিযোজকাস্ত্বদাশ্রমাঃ সারথয়শ্চ সন্ত মে ॥৯॥

ইদং তবেষ্টং যদি বৈ স্থরোপম! প্রক্রহি যতে প্রসমীক্ষিতং বহু।

ন তেথকুরূপং হয়কর্ম বিভাতে প্রভাসি রাজেব হি সন্মতো মম ॥>০॥

যুধিষ্ঠিরস্ভৈব হি দর্শনেন মে সমং তবেদং প্রিয়মত্র দর্শনম্।

কথং মু ভূত্যৈঃ স বিনাকুতো বনে বসত্যনিন্দ্যো বমতে চ পাগুবঃ ॥>>॥

ভারতকৌমুদী

যদিতি। যৎ কিঞ্চিন্মম, বাজী অশ্বস্তজ্ঞপং বাহনং বাজিবাহনমন্তি, তৎ সর্বমেব অগ্ত স্বদধীনমন্ত্র। কিঞ্চ যে কেচিন্মম বাজিঘোজকা বথাদো অশ্বযোজকা ভৃত্যাঃ, মে সাবথ্যশ্চ সন্তি, তে সর্ব্ব এব, স্বদাশ্রযাম্বদধীনাঃ সম্ভ ।>।

ইদমিতি। হে স্বোপম ! যদি ইদম্ অশ্বকর্ম তব ইষ্টম্, তর্হি তে দ্বাযাৎ বস্থ বেতনধনম্, প্রসমীক্ষিতং মনসা পর্য্যালোচিতম্, তৎ প্রব্রহি। হয়কর্ম অশ্বকার্য্যম্, তে তব অফ্রপং ন, বিছতে। হি যন্মাৎ, দ্বং মম ব্যান্তেব সন্মতঃ প্রভাসি ॥১০॥

যুখীতি। অত ইদং তব দর্শনম্, যুধিষ্ঠিবস্ত দর্শনেনৈব সমং তুলাং মে মম প্রিয়ম, তবং সৌম্যপ্রভাবাদিশালিম্বাদিত্যাশয়ঃ। অনুশোচতি—কথমিতি। অনিন্দাঃ প্রশক্তঃ স পাণ্ডবো রুধিষ্টিরঃ, ভূত্যৈর্ম্মাভিঃ, বিনাক্বতো বিরহিতঃ সন্, ইদানীং কথং কেন প্রকারেণ বনে বসতি, বমতে চিত্তবিনোদনং ক্রতে চ, কত্ব-বল্লব-বৃহত্তলা-তন্তিপালানাং তব চাত্রাগমনাদিতি ভাবঃ ॥১১॥

ছাই হয় না; স্থতরাং অশ্ব আর ছাই হইবে কি প্রকারে ? সেই পাণ্ড্নন্দন যুধিষ্ঠির এবং তত্রত্য লোকেরা আমাকে 'গ্রন্থিক' বলিতেন" ॥৮॥

বিবাটরাজা বলিলেন—"আমার যে কিছু অশ্ব আছে, সে সমস্তই আজ হইতে তোমার অধীন হউক; আর আমার যে কেহ অশ্বযোজক ভৃত্য বা সার্থি আছে, তাহাবাও তোমাব অধীন হউক ॥৯॥

হে দেবতুল্য। এই কার্য্যই যদি তোমাব অভীষ্ট হয়, তবে তুমি যে বেতন নিবে বিলিয়া মনে মনে পর্য্যালোচনা কবিয়াছ, তাহা বল , কিন্তু অশ্বকার্য্য তোমাব যোগ্য নহে। কারণ, তুমি রাজাবই তুল্য বলিয়া আমার অভিপ্রেত ॥১০॥

তোমাব এই দর্শন, যুধিষ্ঠিরেব দর্শনের তুল্যই আমাব প্রিয়। হাষ! প্রশংসনীয পাণ্ড্নন্দন যুধিষ্ঠির এখন ভূত্যব্যতীত কি কবিয়া বনে বাস কবিতেছেন, কি করিয়াই বা আবাম পাইতেছেন" ॥১১॥

⁽२)···বাজিবাহকাঃ—ভা, ···সার্থয়স্ত্ব—প্র। (১১) ·· প্রিয়দর্শ। দর্শনম্--- কথং তৃ ইত্যৈক বিনা ধনেন চ বস্তানিন্দ্যো হি বনে স গাওবঃ—ভা।

বৈশম্পায়ন উবাচ।

তথা স গন্ধর্ববরোপমো যুবা বিরাটরাজ্ঞা মুদিতেন পূজিতঃ।
ন চৈনমন্মেহপি বিহুঃ কথঞ্চন জ্রিয়াভিরামং বিচরন্তমন্তরা ॥>২॥
এবং হি মৎস্থে শ্যবসন্ত পাশুবা যথাপ্রতিজ্ঞাভিরমোঘদর্শনাঃ।
অজ্ঞাতচর্য্যাং ব্যচরন্ সমাহিতাঃ সমুদ্রনেমীপতয়োহতিত্বঃখিতাঃ॥>৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্বানি
পাশুবপ্রবেশে নকুলপ্রবেশো নামৈকাদশোহধ্যায়ঃ॥০॥ #

ভারতকৌমূদী

তথেতি। গদ্ধর্কবিবোপনা যুবা স নকুলা, মৃদিতেন তদাকুত্যাদিদর্শনাৎ সম্ভটেন বিরাটরাজ্ঞা, তথা তাদৃশন্, পূজিতঃ সম্মানিতোহভূৎ। কিঞ্চ অক্তে জনাা, প্রিয়া কান্ত্যা অভিরামং স্থানরম্, অন্তরা বিবাটনগ্যমধ্যে বিচরস্তম্, এনং নকুলম্, কথঞ্চনাপি ন বিত্রবিদন্তি শ্ব ৪১২৪

পাগুবপ্রবেশপর্কোপদংহবতি—এবমিতি। সম্ভ্রনেস্যাঃ সম্ভ্রপর্যন্তাবাঃ পৃথিব্যাঃ পতয়ঃ, অন্যাবদর্শনা দানাদিনা অব্যর্বদর্শনাঃ পাগুবাঃ, অজ্ঞাতবাসাদেবাতিকুঃখিতাঃ সন্তঃ, এবং হি অনেনৈব প্রকারেণ, যথাপ্রতিজ্ঞাভিঃ পূর্বপ্রতিজ্ঞাত্মসারেণ, মংস্থে মংস্থারাজ্যে ক্রবসন্ত, সমাহিতা অক্যৈরজ্ঞানে ক্রতমনোযোগাঃ সন্তুক্ত, অজ্ঞাতচর্যাং ব্যচরন্ অকুর্বন্। অত্ত পঞ্চানাং পাগুবানাং ক্রোপত্তাক্ত ক্রমিকপ্রবেশেহপি প্রাধিতকর্মবিসদৃশাকারেহপি চ বনপর্ব্বোজ্ঞধর্মবরেণ মোহোপন্থিতেবের বিরাটশ্র তৎসদন্তানাঞ্চ তান্ প্রতি ন সন্দেহ ইতি দিক্ ॥১৩॥

ইতি মহামহোপাধ্যার-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূবণ-শ্রীহরিদাদসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতারাং মহাভারতটীকাষাং ভাবতকে মৃদীসমাধ্যাষাং বিরাটপর্কণি পাগুবপ্রবেশে

একাদশোহখ্যায়: 1•1

বৈশম্পায়ন বলিলেন—বিরাটরাজা সন্তুষ্ট হইয়া গদ্ধর্বশ্রেষ্ঠতুল্য যুবক নকুলকে সেইভাবে সম্মানিত করিয়া রাখিলেন। তখন মনোহরমূর্ত্তি নকুল নগরমধ্যে বিচবণ কবিতে থাাকলেও অন্ত লোকে তাঁহাকে কোন প্রকারেই চিনিতে পারে নাই ॥১২॥
সমুদ্রপর্যাস্ত সমগ্র পৃথিবীর অধিপতি ও অব্যর্থদর্শন পাগুবেরা অতি কষ্টে এই-ভাবে পূর্বপ্রতিজ্ঞা অনুসাবে মংস্তবাজ্যে বাস করিতে থাকিলেন এবং মনোযোগী হইয়া সকলেব অজ্ঞাতভাবে থাকিতে লাগিলেন ॥১৩॥

1

⁽১২) -- প্রিয়াভিরামন্—প্র বা ব রা ম। (১২) -- নিবসন্ত পাণ্ডবাঃ -- অঞ্চাতচর্ব্যাং চরিত্রং
সমাহিতাঃ—ভা। + '···ছাদশোহধ্যায়ঃ'—প্র বা ব রা ম।

(२। मगत्रशाननशर्व।)

বাদশোহধ্যায়ঃ।

___0%0___

জনমেজয় উবাচ।

এবং তে মৎস্থানগবে বদন্তস্তত্র পাগুবাঃ।
অত উদ্ধিং মহাবীর্য্যাঃ কিমকুর্বত বৈ দ্বিজ । ॥১॥
বৈশস্পায়ন উবাচ।

এবং তে মৎস্যনগরে প্রচ্ছন্নাঃ কুরুনন্দনাঃ।
আরাধয়ন্তো রাজানং যদকুর্বত তচ্চূণু॥২॥
তৃণবিন্দোঃ প্রসাদাচ্চ ধর্মস্য চ মহাত্মনঃ।
অজ্ঞাতবাসমেবস্তু বিরাটনগরেহবসন্॥৩॥

ভারতকৌমুদী

মণীনফৌ চ বৈদূর্য্যান্ হেমবদ্ধান্ মহাপ্রভান্ ॥৪১॥
হেমদগুর্পতিচ্ছন্নং বথং যুক্তং হয়ব্রজৈঃ ।
মত্তাংশ্চ দশ মাতঙ্গান্ মুঞ্চ মাং ত্বং বৃহন্নলে ! ॥৪২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

ন ইতি। তদা স বিরাটক্ত স্থতঃ, অর্জ্নেন পরায়টো ধৃতঃ সন্, আর্ছবদেব, বছলং রূপণঞ্চৈব দীনক, পর্যাদেবয়ং ব্যলপং ॥৩২॥

শূণুয়া ইতি। হে কল্যাণি ! স্থমধ্যমে ! বৃহন্নলে ! জং শূণুয়া:, ক্ষিপ্ৰং রথং নিবর্ত্তর । যেন হি মানুষো জীবন্ সন্, ভল্লাণি মঙ্গলানি পশুতি ; মৃতস্ত ন । তেন চ পলাযনাভাবে মন্মবণ-মেবাবগ্যস্তাবীতি ভাবং ॥৪০॥

শতেতি। হে বৃহন্নলে! তে তৃত্যম, গুজন্ত নির্দোষন্ত, শাতকুক্তন্ত বর্ণন্ত, শতং নির্দাদীনারান্, হেমবদ্ধান্ বর্ণস্ত্রগ্রথিতান্ মহাপ্রভাংশ্চ, অষ্টো বৈদ্ধ্যান্ মণীন্, হেমদণ্ডেন বর্ণধ্বজেন প্রতিক্তরম্ আর্তম্, হ্যবজৈঃ অখসমূহৈষ্ঠিক একং রথম্, মন্তান্ দশ মাতক্ষান্ হস্তিনশ্চ দদামি; ত্বং মাং মুঞ্চ ॥৪১—৪২॥

এদিকে কিন্তু অর্জুন পশ্চাং ধাবিত হইয়া, ক্রত একশত পদ যাইয়া, ধাবনব্যাপৃত অবস্থাতেই উত্তবেব কেশাকর্ষণ করিলেন ॥৩৮॥

অর্জুন কেশাকর্ষণ করিলে, তখন বিরাটনন্দন উত্তর পীড়িত লোকের তুলাই কাতবভাবে বহুতর বিলাপ করিলেন ॥৩৯॥

উত্তব বলিলেন—"কল্যাণী সুমধ্যমা বৃহন্নলা। তুমি আমাব কথা শোন, সত্ব রথ ফিবাও। কারণ, মানুষ জীবিত থাকিয়াই মঙ্গল দেখিয়া থাকে ॥৪০॥

বৃহন্নলা! আমি তোমাকে বিশুদ্ধ সোনাব একশত মুজা, স্থানসূত্রগ্রথিত মহোজ্জন আটটী বৈদ্র্য্যমণি, স্বর্ণপ্রজ্ঞসমন্বিত ও অশ্বচত্ত্বয়যুক্ত একখনি বথ এবং দশটা মত্ত হস্তী দান কবিব , তুমি আমাকে ছাজিয়া দাও গা৪১—৪২॥

⁽৪•) অনমংশ: ভা নাস্থি।---রথং শীদ্রম্—প্র। (৪১)---হেমনদ্ধান্---ভা। (৪২)--- মুক্তঞ্চ ত্রতি:---না ব হা ম, হেমদত্তিঃ প্রতিক্রম্---- র্রতি:----বচমাতসান্ --ভা।

বৈশস্পায়ন উবাচ।

এবমাদীনি বাক্যানি বিলপস্তমচেতসম্।
প্রহস্ত পুরুষব্যান্তো রথস্থান্তিকমানরং।
অধৈনমন্ত্রবীৎ পার্পো ভষার্ত্তং নফচেতসম্ ॥৪৩॥
যদি নোৎসহসে যোদ্ধুং কুরুভিঃ শত্রুকর্ষণ।।
এহি মে ত্বং হয়ান্ যচ্ছ যুধ্যমানস্ত শত্রুভিঃ ॥৪৪॥
প্রমাহ্যেতদ্রথানীকং মদাহুবলরক্ষিতঃ।
অপ্রধ্যতমং যোরং গুপ্তং বীবৈর্মহাবথৈঃ।
যন্তা ভব নরশ্রেষ্ঠ। যোৎস্তেহহং কুরুভিঃ সহ ॥৪৫॥

ভাবতকৌমুদী

এবমিতি। অথ পুরুষব্যান্ত্রঃ পার্থোহর্জুনঃ, প্রহন্ত, প্রচুবোৎকোচদানাঙ্গীকাবাদিতি ভাবঃ, এবমাদীনি বাক্যানি বিলপন্তং বিলাপভাবেন ব্রুবস্তম, অচেতসং তুর্বলচিত্তম্, অতএব ভ্যার্ডম্, নষ্টচেতসম্ অচেতনপ্রায়ঞ্চ, এনম্ত্রম্, বথস্ত অস্তিকমানয়ৎ অব্রবীচ্চ। ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৪৩॥

যদীতি। হে শক্রকর্ষণ। যদি ছং কুঞ্জি: সহ যোদ্ধুং ন উৎসহসে শক্লোষি, তদা এহি, শক্রজি: সহ যুধ্যমানশু মে, হ্যানখান্, যচ্ছ চাল্য ॥৪৪॥

প্রেতি। মঘাত্বলবক্ষিতশ্চ অম্, মহারথৈবিরিঃ, গুপ্তং রক্ষিতম্, ঘোবম্, অপ্রধৃষ্ণতমঞ্চ, এতং, রথানামনীকং নৈয়াং প্রযাহি বথমাদায় গচ্ছ। হে নবশ্রেষ্ঠ। স্থং মম যস্তা সাবথির্ভব, অচ্ছ কুক্ষভিঃ সহ যোৎত্যে। অয়মণি বটুপাদঃ ক্লোকঃ ॥৪৫॥

বৈশম্পায়ন বলিলেন—ছুর্বলিচন্ত উত্তব বিলাপেব স্বরে এইরপ বাক্য সকল বলিতেছিলেন, এমন অবস্থাতেই পুক্ষভ্রেষ্ঠ অর্জুন হাস্ত কবিষা ভয়ার্ত্ত ও মুগ্ধপ্রায় উত্তবকে রথেব নিকট আনিলেন এবং বলিলেন—॥৪৩॥

"শক্রদমন। আপনি যদি কৌববদেব সহিত যুদ্ধ কবিতে সমর্থ না হন, তবে আসুন, আমিই শক্রদেব সহিত যুদ্ধ কবিব; আপনি আমাব অশ্বগুলিকে সঞ্চালন ককন ॥৪৪॥

এবং আপনি আমাব বাহুবলে বক্ষিত থাকিষা, মহাবথ বীবগণকর্ত্ত্বক বক্ষিত,

(৪০) এবমাদীনি চান্তানি • অচেতনম্। প্রসন্থ—ভা। (৪৪) শক্রভি: শক্রকর্শন।—বা ব বা ম ভা। (৪৫) • ম্বাহপবিবক্ষিত:—ভা। দিতীয়াদ্ধাৎ পবম্ 'মা ভৈত্বং বাদপুত্রাগ্রা! ক্ষজিবোহদি পরস্কপ।। কথা পুরুষশাদিল। শক্রমধ্যে বিষীদদি॥ অহা বৈ কুরুভির্বোৎক্রে বিজেয়ামি চ তে পশ্ন্। প্রবিশ্বৈতক্রধানীক্ষপ্রধৃন্ধাং দ্রাদদম্॥' ইতি প্নক্ষক্রং শ্লোক্ষ্মমধিকা প্র বা ব রা ম। যতো ভূখা নবশ্রেষ্ঠ।—প্র ভা। এবং ব্রুবাণো বীভৎস্থরিরাটিমপরাজিতঃ।

সমাশ্বাস্থ মুহূর্ত্তং তমুত্তরং ভরতর্বভ!॥৪৬॥

তত এনং বিচেকন্তমকামং ভয়পীড়িতম্।

রথমারোপয়ামাদ পার্থঃ প্রহরতাং বরঃ॥৪৭॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্বাণি গোহরণে উত্তরগোগ্রহে উত্তরাশ্বাসনে পঞ্চত্রিংশোহধ্যায়ঃ ॥০॥ *

ষট্ত্রিংশোহধ্যায়ঃ।

--:#:---

বৈশম্পায়ন উবাচ। তং দৃষ্ট্বা ক্লীববৈষেণ রথস্থং নরপুঙ্গবম্। শমীমভিমুধং যান্তং রথমারোপ্য চোত্তরম্॥১॥

ভারতকৌমুদী

এবমিতি। হে ভবতর্বভ ! প্রহ্বতাং যোদ্ধ্যাং ববং, অতএব অপবাজিতঃ পার্থঃ পৃথাপুত্রো বীভৎস্বর্জ্জ্না, এবং ক্রবাণঃ সন্, মৃহুর্জম্, তং বৈবাটিম্ব্রম্, সমাখাশু, ততো ভূতলাৎ, বিচেষ্টত্তং রথাবোহণবিক্লছে চেষ্টমানম্, অকামং রথাবোহণে অনিচ্ছুং ভয়পীডিভঞ্চ এনম্ব্রম, রথমারো-প্যামাস 18৬—8 গা

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-পশ্বভূষণ-শ্রীহবিদানসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিবচিতাঘাং মহাভাবতটীকায়াং ভারতকেম্দুদীনসাখ্যাযাং বিরাটপর্বণি গোহবণে

পঞ্চজিংশোহধ্যায়: ॥•॥

-:*:--

তমিতি। তত্ত্ব তদানীষ, ভীম্মশ্রোণম্থাঃ কুরুণাং সর্ব্বে রথিসত্তমাং, উত্তরং রথমাবোপ্য, শনীং যদ্মিন্ পূর্বাং পাওবানামন্ত্রাণি বদ্ধানি তং শনীবৃক্ষম্, অভি লক্ষ্যীকৃত্য মৃথং যদ্মিন্ ভয়ন্কব ও তুর্জ্জয় এই রথিসৈক্সের মধ্যে গমন করুন এবং আপনি আমার সার্থি হউন; আমি কৌববদের সহিত যুদ্ধ করিব" ॥৪৫॥

ভবতশ্রেষ্ঠ। অপবাজিত যোদ্ধশ্রেষ্ঠ গৃথানন্দন অর্জুন এইনপ বলিতে থাকিয়া, বিবাটপুত্র উত্তরকে কিয়ৎকাল আশ্বস্ত করিয়া ভূতল হইতে ঐ উত্তবকে রথে আরোহণ করাইলেন; ভয়ার্ত্ত উত্তর কিন্তু সে বথাবোহণের বিকদ্ধে চেষ্টা করিতে-ছিলেন এবং তাহাতে অনিচ্ছুও ছিলেন ॥৪৬—৪ ৭॥

⁽৪৬)--- সুহর্জং তু উত্তরম্—ভা। (৪৭)--- তমদা ভয়পীডিতম্—ভা। * '--- সপ্তজিংশোহধ্যায়:'
—প্র, '--- অইতিংশোহধ্যায়:'—বা ব রা ম। (১)--- ক্লীববেশেন চরস্তং পার্থমর্জুনম্—প্র।

ভীপ্মজোণমুখান্তত্র কুরূণাং বথিসত্তমাঃ।
বিত্রন্তমনসঃ সর্বের ধনঞ্জয়কুতাদ্ভয়াৎ ॥২॥ (যুগ্মকম্)
তানবেক্ষ্য হতোৎসাহানুৎপাতানপি চাদ্ভুতান্।
শুরুর্ধ নুর্ভূ তাং শ্রেণ্ডো ভাবদ্বাজ্বোহভ্যভাষত ॥৩॥
চণ্ডাশ্চ বাতাঃ সংবান্তি রক্ষাঃ শর্কববর্ষিণঃ।
ভন্মবর্ণপ্রকাশেন তমসা সংবৃতং নভঃ॥৪॥
রক্ষবর্ণাশ্চ জলদা দৃশ্যন্তেহদুতদর্শনাঃ।
নিঃসরন্তি চ কোশেভ্যঃ শস্ত্রাণি বিবিধানি চ॥৫॥

ভাবতকোমুদী

কর্মনি তদ্যথা তথা যাস্তম্, বণস্থম্, ক্লীববেষেণ বিশিষ্টম্, তং নবপুঙ্গবং দৃষ্ট্রা, ধনঞ্জযক্ষতান্তযাৎ বিজ্ঞস্বনসঃ অস্থিবচিত্তা আসন্নিতি শেষঃ ॥১—২॥

তানিতি। ধহুভূতিাং শ্রেষ্ঠো ভাববাজো গুকর্জোণঃ, তান্ ভীমাদীন্, হতোৎসাহান্, অভুতান্, উৎপাতানপি চ অবেক্যু অভ্যভাবত । ।

চণ্ডা ইতি। চণ্ডাঃ প্রবলাঃ, রুক্ষাঃ কর্কশাঃ, শর্কববর্ষিণঃ পাবাণবেণুবাহিনশ্চ, বাতাঃ সংবাস্তি। তথা নম্ভ আকাশঞ্চ, জন্মনো বর্ণস্তেব প্রকাশো যক্ত তেন জন্মবদ্ধ, স্ববর্ণেনেত্যর্থঃ, তমসা অন্ধকাবেণ সংবৃত্তং ব্যাপ্তম্ ॥৪॥

রক্ষেতি। জলদা মেঘাং, অভুতদর্শনা রক্ষবর্ণাশ্চ দৃশ্যস্তে। মেঘানাং ন্নিয়বর্ণ এব স্বাভাবিক ইতি ভাবং। বিবিধানি শস্ত্রাণি চ স্বয়মেব কোশেভ্যো নিংসবস্থি ॥৫॥

বৈশস্পায়ন বলিলেন—তথন নপুংসকবেষধাবী সেই নবশ্রেষ্ঠ, উত্তবকে বথে উঠাইয়া নিজেও বথে উঠিয়া সেই শমীবৃক্ষের অভিমুখে গমন কবিতে লাগিলেন, ইহা দেখিয়া ভীম্ম-জোণপ্রভৃতি কৌববপক্ষেব বথিশ্রেষ্ঠেবা সকলে অর্জুনেব ভয়ে অন্থির হইয়া পড়িলেন ॥১—২॥

তখন ধনুর্দ্ধবশ্রেষ্ঠ ভবদাজগোত্র জোণাচার্য্য তাহাদিগকে হতোৎসাহ দেখিয়া এবং অস্তৃত উৎপাত সকল লক্ষ্য করিয়া বলিলেন—॥৩॥

"প্রচণ্ড, বক্ষ পাষাণবেণুবাহী বাযু বহিত হইতেছে এবং আকাশটা ভক্ষেব স্থায ধূসববর্ণ অন্ধকাবে ব্যাপ্ত হইয়া পড়িয়াছে ॥৪॥

মেঘগুলিকে অন্ত্তাকৃতি ও নক্ষবর্ণ দেখা যাইতেছে এবং নানাবিধ সন্ত্র আপনাআপনিই কোষ হইতে পড়িযা যাইতেছে ॥৫॥

⁽২) --রথসন্তমা: — প্র ভা, ---বথিনাং বরা:—বাব। (৩) গুরু: শস্তভূতাং শ্রেষ্ঠ:—প্র। (৪)---শর্কবকর্ষিণ:—ভা। (৫) পূর্বাধ্বং প্র নাস্তি।

শিবাশ্চ নিনদন্ত্যেতা দীপ্তায়াং দিশি দারুণাঃ।
হয়াশ্চাশ্রাণি মুঞ্জি ধ্বজাঃ কম্পন্ত্যকম্পিতাঃ॥৬॥
যাদৃশান্তব্র রূপাণি সংদৃশ্যন্তে বহুনি চ।
যত্তা ভবন্তব্যিষ্ঠন্ত সাধ্বসং সমুপন্থিতম্॥৭॥
রক্ষধ্বমপি চাজানং ব্যুহধ্বং বাহিনীমপি।
বৈশসঞ্চ প্রতীক্ষধ্বং রক্ষধ্বঞ্চাপি গোধনম্॥৮॥
এম বীরো মহেম্বাসঃ সর্বশন্ত্রভূতাং বরঃ।
আগতঃ ক্লীববেশেন পার্থো নাস্ত্যব্র সংশয়ঃ॥৯॥
নদীজ! লক্ষেশবনারিকেতুর্নগাহ্বয়ো নাম নগারিসূকুঃ।
এয়োহঙ্গনাবেষধরঃ কিরীটা জিত্বা বয়ং নেয়তি চাত্য গা বঃ॥১০॥

ভারতকোমুদী

শিবা ইভি। এতা দারুণাঃ শিবাঃ শৃগালাশ্চ, দীপ্তাষাং দাহোজ্জ্বলাষাং দিশি নিনদন্তি। হযা অখাশ্চ অশ্রাণি মুঞ্চন্তি; ধ্বন্ধাশ্চ অকম্পিতা অসঞ্চালিতাঃ সম্ভোহপি কম্পস্তি কম্পন্তে এতা

যাদৃশানীতি। অত্ত যাদৃশানি বহুনি রূপাণি তুর্গক্ষণানি সংদৃশ্যন্তে, তেরু চ ভবস্তঃ, যতা ভর্মনিবাবণায় যত্বকাঃ সম্ভন্তিষ্ঠন্ত । যেন হি সাধ্বসং ভয়মুপন্থিতম্ ॥ ৭॥

বক্ষধ্যমিতি। হে বীবা: ! যুয়মাত্মানমণি চ বক্ষধ্যম, বাহিনীমণি ব্যুহধ্যম্। বৈশসং মহা-মারীঞ্চ প্রতীক্ষধ্যম্, অপস্থতং গোধনঞাণি বক্ষধ্যম্॥৮॥

সর্বেষাং হেতৃমাহ—এষ ইতি। মহেষাসো মহাধম্প্রবং সর্বেশস্ত্রভূতাং বরুষ্চ, এব পার্থোহর্জুনং, ক্লীববেশেনাগতং; অত সংশ্যো নাস্তি, তম্বদাকৃতিসাহস্যোদর্শনাদিতি ভাবং ॥>॥

এই ভয়ন্বর শৃগালগণ প্রজ্বলিত দিকে রব করিতেছে; অশ্বগণ অশ্রু মোচন করিতেছে এবং ধ্বজগুলি সঞ্চালিত না হইয়াও কাঁপিতেছে ॥৬॥

এক্ষণে যেরূপ বহুতর তুর্লক্ষণ দেখা যাইতেছে, তাহাতে আপনারা ভয়নিবারণের জন্ম যত্নবান হইয়া থাকুন ; ভয় উপস্থিত হইয়াছে ॥৭॥

বীরগণ! আপনারা আত্মকা করুন, সৈন্সের ব্যুহ রচনা ককন, মহামারীর প্রতীক্ষা করুন এবং অপক্ষত গোধন রক্ষা করুন ॥৮॥

কারণ, মহাধনুদ্ধিব ও সকল অস্ত্রধারি-শ্রেষ্ঠ মহাবীর অর্জ্জুনই এই নপুংসকবেশে আসিয়াছেন ; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১॥

⁽৬)…নিনদন্ত্যতে—ভা, দীপ্তাক্তা দিশি—বা। (१) অদৃখ্যান্তত্ত্ব-শহর্থপি। যত্নান্তবন্ত-ন্তিইধ্বং মহদ্যুদ্ধমূপস্থিতমূ—ভা। (৮)…বাহিনীমিত:। বৈশসং বা পরীক্ষধ্বম্—প্র, —ক্সন্দনক প্রতীক্ষধ্বম্—ভা। (১০) এষ শ্লোক: প্র ভা নান্তি।

স এষ পার্থো-বিক্রান্তঃ সব্যসাচী পরন্তপঃ।
নাযুদ্ধেন নিবর্ত্তেত সর্বৈবিপি স্থবাস্থবৈঃ॥>>॥
ক্লেশিতশ্চ বনে শূরো বাসবেন চ শিক্ষিতঃ।
অমর্ধবশমাপন্নো বাসবপ্রতিমো যুধি।
নেহাস্য প্রতিযোদ্ধাবমহং পশ্যামি কৌববাঃ!॥>২॥

ভাৰতকৌমুদী

প্রাধান্তাম্ভীক্ষ সম্বোধ্য ব্রবীতি—নদীব্দেতি। নন্তা গঙ্গাধা জাখত ইতি নদীজো ভীক্ষ:। উ অ্যমিতি সন্ধো ব্যম্। তেন চ, উ হে নদীজ। ভীন্ম। লকেশো বাবণস্তত্ম বনং তত্ম অবিৰ্হনুমান্ কেতো ধ্বজে যন্ত সং, নগভ অর্জুনাখ্যবৃক্ষ্য আহ্বয ইব আহ্বযো নাম যন্ত সং, নগানাং পর্ববিতানামরিঃ পক্ষচ্ছেদকতথা শক্রবিদ্রস্তেশ্র স্থয়ং পুত্রঃ, অঙ্গনাবেষধরঃ স্ত্রীনপুংসকবেশধাবী, এষঃ অবং সং, কিবীটী তৃতীয়পাণ্ডবং, অভ বো বুখানু দিখা চ, গা নেয়তি, নাম ইতি সম্ভাবয়ামি, অদ্বিতীযবীবস্থাদিতি ভাব:। হন্মতো বাবণবননাশনন্ত বামায়ণে স্তইবাম্। "বিজয়ত ধ্বদ্রুত নাদানু মোক্যামি দারুণান্। শত্রুণাং তে প্রাণহবানু স্থাং যেন হনিষ্যাপ ॥" ইতি বনপর্ব্বোজ-হনুমৰচনাদৰ্জ্বত্ত কপিধবদ্বস্থা "শৈলবুকো নগাবগো" ইত্যুভয়ত্তাপ্যায়বঃ। "উ সম্বুদ্ধৌ ৰুষোক্ষো চ শম্ভুবাচী স্বনব্যয়ম্" ইতি বিশ্বঃ। নমু উ অধমিতি শ্বিতো "ওদস্তা—" ইত্যাদিনা প্রকৃতিনিয়মাৎ বয়মিতি ন আদিতি চেন্ন সমানশ্বর এব তৎপ্রকৃতিনিযমাৎ কাতম্বপরিশিষ্টটীকাষাং গোপীনাথেন তথৈবোক্তথাৎ। অথ তথাপি অযম এব ইতি একার্থযোরিদমেতচ্ছস্বয়োঃ প্রযোগাৎ পুনক্ষজিবিতাপি ন বাচ্যম, "ইদমেতদদঃশব্দাক্তচ্ছৰদমানাৰ্থতবা বিধেষা এব ভবিতৃং যুক্তাঃ" ইতি সাহিত্যদর্শনে বিশ্বনাথোক্তেঃ অত্র ইদংশবস্থ তচ্ছবার্থতাৎ। তথা চোত্তববামচরিতেহপি "অবমর্সো জনস্থানপশ্চিমতঃ" ইত্যাদি । এতেন "যং জিম্বা বো যুশ্মাকং গা ধেনুর্নেয়তি, তং ফুর্ব্যোধনম্ অব পালয" ইতি নীলক্ষাদীনাং প্রাচাং ব্যাখ্যানং হেষম্, বহুপদাধ্যাহাবাৎ তুর্ব্যোধনস্থাপ্রাকবণিকছাৎ তনাত্রবন্ধণোক্তেবযুক্তথাচ্চেতি স্থীভিভাব্যম 🕪 🗈

দ ইতি। বিক্রান্তা বিক্রমী, সব্যসাচী পূর্ববিদ্যাখ্যানাত্ভাভ্যামেব হস্তাভ্যাং বাণক্ষেপী পরস্তপন্চ, স এব পার্থঃ, সর্বৈরঃ স্থবাস্থবৈরপি সহ অযুদ্ধেন ন নিবর্ত্তে ৪১১॥

গঙ্গানন্দন! কপিধ্বজ, বৃক্ষবিশেবতুল্যনামা, ইন্দ্রপুত্র ও নপুংসকবেষধারী এই সেই অর্জুন আজ আপনাদিগকে জয় কবিয়া গক লইয়া যাইবেন—ইহাই আমি ধারণা করি ॥১০॥

বিক্রমশালী, সব্যসাচী ও পবস্তপ এই সেই অর্জুন সকল দেবাসুরগণের সহিতও যুদ্ধ না কবিয়া নিবৃত্ত হইবেন্ না ॥১১॥

⁽১১)---সব্যসাচী ধনময়:। যুদ্ধে নিবর্ততে নাষং সর্বৈধ্যপি মকুদ্গণৈ:—ভা। (১২) হতীয়ান্ধি ভা নাম্ভি।

বিবাট-৪২ (১২)

মহাদেবোহপি পার্থেন জান্ততে বৃধি তোষিতঃ।
কিরাতবেশপ্রচহনো গিরৌ হিমর্বত প্রভুঃ ॥১০॥
কর্ণ উবাচ।
সদা ভবান্ ফাল্ডনস্থ গুণৈরস্মান্ বিকথতে।
ন চার্জ্জ্নঃ কলা পূর্ণা মম তুর্য্যোধনস্থ বা ॥১৪॥

ভারতকৌমুদী

দেশিত ইতি। কিঞ্চ ত্র্যোধনেন বনে দেশিতা, অতএব অমর্থশমাপন্ন অতীবকু ছ ইত্যর্থা,
থর্গে বাসবেন ইক্রেণ শিক্ষিতান, অতএব যুধি বাসবপ্রতিম এব শৃহঃ সংবৃত্তা। অতএব হে কোরবাঃ! অহন, ইহ সেনালান, অন্ত অভিনেত প্রতিযোহারং ন প্রভামি। হট্পাদোহবং দ্বোকঃ ।১২ঃ

মহেতি। পার্থেন অর্জুনেন, হিমবতি গিরে, বৃধি, কিবাতবেশেন প্রক্তর আবৃত্তরপঃ, প্রভূর্জগিয়য়তা মহাদেবাহিপি তোষিতঃ ক্রমতে। তংপাত্তপতাত্তলাভাদনাবছ্যা এবেতি ভারঃ ।১৩ঃ সদেতি। ভবান, বাছনভার্জুনভ তবৈং, অমান্ সদৈব বিকথতে স্লাঘাবৈপরীত্যেন নিন্দতি। কিয় অর্জুন, মম হুর্ঘ্যোধনভ বা, পূর্ণা একা কলা বোড়শভাগৈকভাগোহিপি ন ১১৪।

ভারতভাবদীপঃ

তমিতি ।> । বৈশনং বৈরং যুদ্ধে বদনং বা ।০ — ।। নদীছেতি। তে নদীছ । গালের । তে ভীম । লঙ্কেন্ড রাবণড বনং ততারিনীশকো হনুমানু সং কেতুপ্র জা যত সং লঙ্কেশবনারিকেতুং, নগো বৃক্তপালের বৃদ্ধনামা, নামেতি বিতর্কে নিশ্চিতং বা অর্জুন ইতার্থং। "শৈলহুক্ষে নগাবগো" ইতামর:। নগারিরিক্ততত হুহুং, এবং অন্ধনাবেরধর: কিরীটা এতরামা মং জিছা বো মুমাকং গাং ধেনুং নেছাতি তং তুর্বোধনম্ অব পালয় ।> — ১০া কলা বোড়শোহংশং পূর্ণঃ রুম্মান ১১৪ — ১৭া

ইতি শ্রমহাভারতে বিরাটপর্বারি নৈল্কয়ীষে ভারতভাবদীপে ফুরিংশোহধ্যায়: ১০৬ঃ

ইনি বনে কট পাইয়াছেন; স্থতরাং অত্যন্ত কুক হইয়াছেন এবং স্বর্গে ইন্দ্র ইহাকে শিক্ষা দিয়াছেন; অতএব ইনি যুদ্ধে ইন্দ্রের তুলাই বীব হইয়াছেন; অতএব হে কৌরবগণ! আমি এই সৈন্তমধ্যে ইহার প্রতিযোদ্ধা দেখিতে পাইতেছি না ॥১২॥

গুনিতে পাই—অর্জুন নাকি হিমালয়পর্বতে কিরাতবেশধারী জগংপ্রভূ মহাদেবকেও যুক্তে সন্তুষ্ট করিয়াছেন" ॥১১॥

কর্ণ বলিলেন—"আপনি অর্জুনেব গুণ বলিয়া দুর্বদাই আমাদের নির্ন্দা করিয়া থাকেন; কিন্তু অর্জুন—আমার বা ছুর্য্যোধনেব বোল ভাগের এক ভাগও পূবা নহে" ॥১৪॥

⁽১৪)---दिक्धरम---दा डा---क्नार्थ्य---श्र दा द डा २, --- कृर्धाधनक छ---वा द डा २।

তুর্য্যোধন উবাচ।

যভেষ পার্থো বাধেয়। কৃতং কার্য্য; ভবেম্মম।
জ্ঞাতাঃ পুনশ্চবিষ্যন্তি দ্বাদশান্তান্ হি বৎসরান্॥১৫॥
ভাথেষ কশ্চিদেবান্তঃ ক্লীগবেষেন মানবঃ।
শরৈবেনং স্থনিশিতৈঃ পাত্যিষ্যামি ভূতলে॥১ ৮॥

বৈশম্পায়ন উবাচ।

তিম্মন্ ব্রুবতি তদ্বাক্যং ধার্ত্তবাষ্ট্রে পবন্তপ। ।
ভীম্মো দ্রোণঃ কুপো দ্রোণিঃ পৌরুষং তদপূজ্মন্ ॥>৭॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্ব্বিদি
গোহরণে উত্তবগোত্রহে অর্জ্জ্নপ্রশংসায়াং ষট্ত্রিংশোহধ্যায়ঃ ॥০॥ #

ভাবতকোমুদী

যদীতি। ১০ রাধেষ ! কর্ণ। এব যদি পার্থোহর্জন এব ভবেৎ, তদা সম কার্যামূদেশ্রুং ক্বতং ভবেৎ। হি যন্মাৎ, ইথং জ্ঞাতাঃ পাগুবাঃ, পুনবস্তান্ ঘাদশ বৎনবান্, চবিক্সন্তি বন ইতি শেবঃ, ইদানীমশি ক্ষজ্ঞাতবাসাসমাপ্তেবিতি ভাবঃ ॥১৫॥

অথেতি। অথ পক্ষান্তবে, এষ যদি ক্লীববেষেণ বিশিষ্টঃ অন্তঃ কশ্চিম্মানবো ভবেৎ, তদা এনং স্থানিশিতঃ শবৈঃ ভূতলে পাত্যিক্সামি ॥১৬॥

তশ্বিমিতি। হে প্ৰস্তপ ! জনমেম্বৰ। তশ্বিন্ ধার্ত্তরাষ্ট্রে ত্র্যোধনে, তৎ বাক্যন্, ক্রবতি সতি, ভীমো জোণঃ রূপে। ক্রোণিরখখাসা চ, তৎ পৌরুষং পুক্ষকাবসম্বন্ধিবাক্যন্, অপুন্তবন্ প্রাশংসন্ ॥১ १॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদার্সাসদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাষাং মহাভাবতটীকাষাং ভারতকোমুদীসমাখ্যাযাং বিরাটপর্ব্বণি গোহরণে

वऐकिः শारशायः ॥०॥

তুর্য্যোধন বলিলেন—"কর্ণ! এই ব্যক্তি বদি অর্জুন হয়, তবে আমাব কার্য্য সিদ্ধ হইয়াছে। কাবণ, পাণ্ডবগণকে জানিতে পাবায় উহারা আবাবও অপব বাব বংসব বনে বিচৰণ কবিবে ॥১৫॥

পক্ষান্তবে এ ব্যক্তি যদি নপুংসকবেশধাৰী অস্ত কোন লোক হয়, ভবে আমি নিশিত বাণদ্বাৰা উহাকে ভূতলে পাতিত কৰিব" ॥১৬॥

বৈশস্পায়ন বলিলেন—পবন্তপ বাজা! তুর্য্যোধন তথন সেইবাপ বাক্য বলিলে, ভীম্ম, জ্রোণ, বুপ ও অর্থামা তাঁহাব সেই পৌক্ষবাক্যের প্রশংসা করিলেন ॥১৭॥

⁽১৭)--ক্রবতি কৌরব্যে-- পরস্থপে—ভা। ► '--- মইটিংশোহধ্যার:'—প্র, '---এরেনচন্তা-বি শোহধ্যায়:'—বা ব রা ম।

সপ্ততিংশোহধ্যায়ঃ।

----0#0----

বৈশম্পায়ন উবাচ।
তাং শমীমুপদংগম্য পার্থো বৈরাটিমত্রবীৎ।
ত্বকুমারং সমাজ্ঞায় সংগ্রামে নাতিকোবিদম্॥>॥
সমাদিকৌ ময়া ক্ষিপ্রং জং ধনুংম্যবতাবয়।
নেমানি হি ছদীয়ানি সোঢ়ুং শক্ষ্যন্তি মে বলম্॥।॥
ভাবং বাপি গুরুং বোঢ়ুং কুঞ্জরং বা প্রমন্দিতুম্।
মম বা বাহুবিক্ষেপং শক্রনিহ বিজেম্বতঃ॥৩॥ (মুগ্যকম্)

ভারতকৌমুদী

অস্তাং হি পাণ্ডুপুত্রাণাং ধনুংধি নিহিতাম্যুত ॥৪॥

তশ্মান্ত্মিঞ্জয়ারোহ শমীমেতাং পলাশিনীম্।

ভামিতি। পার্থোহর্জুন:, তাং শমীং শমীকৃষ্ণমূপসংগম্য, বৈরাটিম্ত্রবম্, স্বকুমাবং কোমলম্, সংগ্রামে নাতিকোবিদং নাতিবিচক্ষণঞ্চ, সমাজ্ঞায় দেহদর্শনাৎ তৎকাতরোক্তেবেব চ বিজ্ঞায় অব্রবীৎ ॥১॥

সমিতি। হে উত্তব। সয়া সমাদিইত্বম, ক্ষিপ্তাং শীপ্তমেব ধন্বি অবতাবয়। হি ষশ্বাং, ত্বদীয়ানি ইমানি ধন্বি মে বাহ্বোর্বলং সোচ্ম, গুরুং ভারং বিশালনারাচাদিক্ষেপযোগ্যতাং বাপি বোচ্ম, কুঞ্জবং হস্তিনম, প্রমন্দিতুং বাণানাং সাতিশ্যবেগসম্পাদনেন বিদাব্যিতুম, ইহ সংগ্রীমে, শক্রন্ বিজেক্সতো মম, বাছবিক্ষেপং বাছভ্যাং বিশেষাকর্ষণং বা সোচ্ছং ন শক্ষ্যন্তি, অদৃচত্বাদিতি সর্বজ্ঞাশয়ঃ ॥২—৩॥

বৈশপ্পায়ন কহিলেন—এদিকে অর্জুন সেই শমীবৃক্ষের নিকটে যাইয়া উত্তবকে কোমলদেহ এবং যুদ্ধে অনতিবিচক্ষণ বৃঝিয়া তাঁহাকে বলিলেন—॥১॥

"রাজপুত্র। আপনি আমার আদেশে সম্বব এই ধনুগুলিকে নামান। কাবণ, আপনার এই ধনুগুলি আমার বাহুবল সহ্য করিতে পরিবে না, কিংবা গুরুতর ভাব বহন কবিতে বা বিপক্ষের হস্তী বিদাবণ করিতে সমর্থ হইবে না এবং আমি যখন যুদ্ধে শত্রুদিগকে জয় কবিতে থাকিব, তখন আমাব বাহুবিক্ষেপও সহ্য কবিতে পাবিবে না ॥২—০॥

⁽১) স্কুমারং সমাজ্ঞাতম্—প্র ভা। (২) স্কুমারার্থরোক্তর |—বা ব রা ম, স্ধন্ব্যাহর চোক্তর । সভা, স্কেনামান্ প্রমান্তিক । (৩) স্কুমারান্ প্রমান্তিক লা। (৪) স্বাবহিতাপ্তত—ভা।

যুধিষ্ঠিরস্থ ভীমস্থ বীভৎসোর্যময়োস্তথা।
ধ্বজাঃ শবাশ্চ শ্রাণাং দিব্যানি কবচানি চ ॥৫॥ (রুশ্মকম্)
অত্র চৈব মহাবীর্য্যং ধনুঃ পার্থস্থ গাণ্ডিবম্।
একং শতসহত্রেণ সন্মিতং রাষ্ট্রবর্দ্ধন্ম্॥৬॥
ব্যাযামসহমত্যুগ্রং তৃণরাজসমং মহৎ।
সর্ব্বায়ুধমহামাত্রং শত্রুসংবাধকারকম্॥৭॥
স্থবর্ণবিক্বতং দিব্যং শ্লক্ষমায়াতমত্রণম্।
অলং ভাবং গুরুং বোঢ়ুং দারুণং চারুদর্শনম্॥৮॥ (বিশেষকম্)

ভারতকোমুদী

তন্মাদিতি। তন্মাৎ, হে ভূমিঞ্চয়! উত্তব! ব্যাসিং পলাশিনীং নিবিডপাত্রাং শমীম্ আবোহ। হি যন্মাৎ, অক্তাং শম্যাম, পাণ্ডপুত্রাণাং ধন্ংবি, উত্তশবং পাদপুরণে, যুধিষ্টিরন্ত, ভীমন্ত, বীভৎনোবর্জ্জনন্ত, তথা যমযোর্নকুলসহদেবযোল্চ, এতেয়াং শ্রাণাম্, ধ্বজাং, শবাশ্চ, দিয়ানি কবচানি চ নিহিতানি তৈরেব স্থাপিতানি ॥৪—৫॥

অত্তেতি। একমপি, শতসহত্ত্বেণ ধন্ধবাং লক্ষেণ দিখিতং তুলান্, তৎকার্যাকারিঅধিতি ভাবং, বাষ্ট্রবর্ধনং বিপক্ষবিজ্ঞবিশ্বাৎ বাজ্যবর্ধকন্য, বাায়ামসহন্ অবিবতাকর্ষণসহন্য, অত্যুগ্রন্ অতিভয়ন্ধর্ম, তুণরাজ্যমং তালবৃক্ষতুলান্, মহৎ বিশালন্, ''তুণরাজ্ঞাহরয়ন্তালঃ" ইত্যমবঃ, সর্কেষাযুগ্রেষ্ মধ্যে মহামাত্রং প্রধানন্য, "মহামাত্রং প্রধানে স্থালারোহকসমুদ্ধরোঃ" ইতি হেমচন্ত্রঃ, শত্রণাং সংবাধশু সম্পীত্তনন্ত্র কারকন্, অবর্গৈনিবেশিভক্ষবিন্ত্তিবিক্তেন্ অক্তর্কশীঞ্জন্য, দিব্যমলোকিকন্, স্বাক্ষণম্পন্য, আয়তং দীর্ঘন্ অব্রণং কীটক্ষতাদিরহিত্যে, গুরুং ভাবং বোচুন্ অব্যং সমর্থন্, দার্মণং দৃচমপি চার্মদর্পনিন্য, মহাবীর্ঘাং সাববচ্চ, গান্তিবং নাম পার্থশু অর্জ্বনশু ধন্থঃ, অত্ত্ব শমীবৃক্ষে বর্ভত ইতি শেষঃ ॥৬—৮॥

অতএব বাজপুত্র। আপনি এই নিবিডপত্রযুক্ত শমীবৃক্ষে আবোহণ করুন। কাবণ, এই বৃক্ষে পাণ্ডবগণেব ধনুগুলি স্থাপিত রহিয়াছে এবং যুখিন্ঠিব, ভীম, অর্জুন, নকুল ও সহদেব—এই সকল মহাবীবেব ধ্বজ, বাণ ও দিব্য কবচ সকল রক্ষিত আছে ॥৪—৫॥

অর্জুনের সাববান্ গাণ্ডীবধমু এই বৃক্ষে রহিয়াছে; উহা একখানি হইলেও শত-সহস্র ধমুব তুল্য বাজ্যবৃদ্ধিকাবী, অত্যন্ত আকর্ষণসহ, অভিভীষণ, তালবৃক্ষেব স্থায় বিশাল, সমস্ত অস্ত্রের মধ্যে শ্রেষ্ঠ, শক্রেগণের উৎপীডক, স্বর্ণবিন্দৃ্থচিত, দিব্য, মস্থ, দীর্ঘ, অক্ষত, গুরুতর ভাব বহন করিতে সমর্থ, দৃঢ় ও স্কুন্দব ॥৬—৮॥

⁽৬) জত্ত চৈতন্মহাবীর্য্যম্—প্র বা ব রাম। (१) ব্যাঘামসহমত্যর্থম্—বা ব রা ম, ···
সংবাধহারকম্—প্র।

তাদৃশান্মেব সর্ব্বাণি বলবন্তি দৃঢানি চ। যুধিষ্ঠিরস্থ ভীমস্থ যময়োশ্চ তথোত্তব ! ॥৯॥

উত্তর উবাচ।

অস্মিন্ রক্ষে কিলোদদ্ধং শরীরমিতি নঃ শ্রুতম্।
তদহং রাজপুত্রঃ সন্ স্পৃশেষং পাণিনা কথম্॥>০॥
নৈবংবিধং মযা যুক্তমালব্ধুং ক্ষত্রযোনিনা।
মহতা বাজপুত্রেণ মন্ত্রত্রতিদা সদা॥>>॥
স্পৃষ্টবন্তং শবীবং মাং শাবং ব্যাধমিবাশুচিম্।
কথমব্যবহার্য্যং বৈ কুবর্বীথাস্ত্রং বৃহন্নলে।॥>২॥

ভাবতকোমৃদী

তাদৃশানীতি। তথা, হে উত্তর। যুখিষ্ঠিবস্ত, ভীমস্ত, ষমযোর্নকুলসহদেবযোশ্চ, সর্বাণি ধন্ংবি, তাদৃশান্তেব গাঞ্ডীবতুল্যান্তেব, বলবস্থি দৃঢানি চ। তানি চাত্র বর্ত্তস্তে ।>॥

অমিদ্লিতি। অন্দিন্ বৃক্ষে, একং শবীবং কিল উৎদ্ধান্তীতি নঃ অস্মাকং প্রতমাসীৎ। অহং বাজপুত্রঃ সন্ পাণিনা তৎ কথং স্পূশেষম্ ।>।

নেতি। ক্ষত্রযোনিনা ক্ষত্রিয়ন্তাতেন, সদা মন্ত্রতবিদা, অতএব মহতা প্রশন্তেন বাজপুত্রেণ মযা, এবংবিধমপবিত্রং বস্তু, আলব্ধুং স্পৃষ্টুং ন যুক্তম্ ॥১১॥

স্পৃষ্টিতি। হে বৃহন্নলে। ত্ম, শাবং শবসম্বন্ধি শবীবং স্পৃষ্টবস্তম, অতএব ব্যাধমিব অশুচিং মাম, কথম, অব্যবহার্য্যম্ অস্পৃতাং কুর্বীধাঃ ॥১২॥

. ভারতভাবদীপঃ

তামিতি ॥>॥ অবহব অবতাবয় ॥২॥ বাছবিক্ষেপং সোচুং ন শক্ষ্যন্তীতি সম্বন্ধ:। ভূমিঞ্চয় ! হে উত্তব । পলাশিনীং বহুপত্ৰবতীম্ ॥৩—৩॥ তৃণবাজন্তালম্ভৎসমম্। মহা-

বাজপুত্র । আব যুধিষ্ঠিব, ভীম নকুল ও সহদেবের ধনুগুলিও এই বৃক্ষে রহিযাছে ; সে সকল ধনুও গাঙীবধমুব তুল্যই সাববান্ ও দৃঢ়"॥১॥

উত্তব বলিলেন—"এই বৃক্ষে একটা মৃতশবীৰ বদ্ধ বহিষাছে; ইহা আমাদেৰ শুনা আছে; স্থতবাং আমি রাজপুত্র হইয়া হস্তবাবা ভাহা কি কবিষা স্পর্শ করিব ? ॥১০॥

আমি ক্ষত্রিযজাতি, সর্ব্বদা মন্ত্র ও ব্রত জানি, বিশেষতঃ রাজপুত্র ; স্থুতবাং প্রেশস্ত লোক : অতএব এইবূপ বস্তু স্পর্শ কবা উচিত নহে ॥১১॥

⁽৯ ···বীভংদোর্থমযোত্তথা—বা ব রা মা। ইতঃ পরম্ অধ্যাযসমাপ্তিঃ প্র বা ব রা ম। (১১)···মৃক্রমারর মৃ—ভা, ···মন্ত্রমন্তরিধা—বা ব রা ম। (১২)···শববাহমিবাত্তিম্। কথং বা ব্যবহার্থ্যং বৈ—বা ব রা ম।

বৃহন্নলোবাচ।

ব্যবহার্য্যশ্চ বাজেন্দ্র ! শুচিশ্চৈব ভবিশ্বসি। ধনুংশ্যেতানি মা ভৈস্তং শরীরং নাত্র বিশ্বতে ॥>১॥ দায়াদং মংস্থাবাজস্থ কুলে জাতং মনস্থিনম্। কথং ত্বাং নিশ্দিতং কর্ম কাব্যেবং নৃপাত্মজ ! ॥>৪॥

বৈশস্পায়ন উবাচ।

এবমুক্তঃ স পার্থেন রথাৎ প্রস্কন্য কুণ্ডলী।
আরুবোহ শমীরক্ষং বৈবাটিববশস্তদা ॥>৫॥
তমস্বশাসচ্ছক্রেয়ো রথে তিষ্ঠন্ ধনপ্রয়ঃ।
অববোপয রক্ষাগ্রাদ্ধনৃংয্যেতানি মা চিরম্।
পবিবেষ্টনমেতেষাং ক্ষিপ্রবিঞ্চব ব্যপাকুদ ॥>১॥

ভাৰতকৌমূদী

ব্যবেতি। হে বাজেন্দ্র। জং মা ভৈ:, ষেন হি এতানি ধন্ংষি, অত্ত শবীবং ন বিছাতে। অতএবৈতৎস্পর্শাদপি সং ব্যবহার্ব্যঃ স্পৃষ্ঠঃ শুচিশ্চ ভবিষ্যদি স্বাস্থ্যদি ॥১৩॥

দাযাদমিতি। হে নৃপাত্মন্ত। মংশ্ররাজশু দাযাদং বংশধবস্, কুলে সন্থংশে জাতং মনস্বিনঞ্ছ। ক্থমহং নিন্দিতং কর্ম কার্যেয়ন্ ॥১৪॥

এবমিতি। পার্থেনার্জ্জনেন এবম্কা, অবশং পুন্বপি বলপ্রযোগসন্তবাৎ পরাধীনা, কুণ্ডলী কর্ণকুণ্ডল্যাবী, স বৈবাটিকত্তবা, তদৈব ব্যাৎ, প্রস্কলা অবপ্ল,তা, শমীবৃক্ষমাকরোহ ॥১৫॥

তমিতি। শক্রম: শক্রহন্তা ধনম্বস্থ বথে তিষ্ঠন্নেব, তম্ত্রম্, অরশাসং উপাদিশং। হে রাজপুত্র। বৃক্ষাগ্রাৎ এতানি ধন্ংবি অববোপষ, মা চিরং ন বিলম্বয়। ক্ষিপ্রাঞ্চ এতেষাং পরি-বেষ্টন্ম, ব্যপাত্ম অপসাবয়। বটুপাদোহ্যং শ্লোক: ॥১৬॥

এই মৃতদেহ স্পর্শ কবিলে, আমি ব্যাধেব স্থায় অপবিত্র হইয়া যাইব ; স্কুতবাং বৃহন্নলা। তুমি আমাকে কি কবিয়া অস্পৃষ্ঠ কবিতে পাব ?" ॥১২॥

বৃহন্নলা বলিলেন—"রাজশ্রেষ্ঠ। আপনি ভয় করিবেন না; এ গুলি ধমু; এ বৃক্ষে মৃতদেহ নাই; সুতবাং আপনি এ গুলি স্পর্শ কবিলে স্পৃষ্য ও পবিত্রই থাকিবেন ॥১৬॥

বাজপুত্র ! আপনি মংস্থবাজেব পুত্র, সংকুলে জন্মিয়াছেন, বিশেষতঃ উদারচেতা , অভএব আপনাকে আমি কেন নিন্দিত কর্ম করাইব ?" ॥১৪॥

বৈশম্পায়ন বলিলেন—অর্জ্জুন এইবাপ বলিলে, পরাধীন ও কুণ্ডলধাবী উত্তর তথনই রথ হইতে লাফাইয়া পডিযা শমীবৃক্ষে আবোহণ কবিলেন ॥১৭॥

⁽১৬) নিতীয়াৰ্ক্ক ভা নান্তি।

সোহপহাত্য মহার্হাণি ধন্ংষি পৃথুবক্ষসাম্।
পরিবেন্টনপত্রাণি বিমুচ্য সমুপানয়ৎ ॥১৭॥
তথা সমহনান্মেষাং পরিমুচ্য সমন্ততঃ।
অপশ্যদ্গাণ্ডিবং তত্র চতুর্ভিরপরৈঃ সহ ॥১৮॥
তেষাং বিমুচ্যমানানাং ধনুষামর্কবর্চসাম্।
বিনিশ্চেক্লঃ প্রভা দিব্যা গ্রহাণামুদয়েষ্বিব ॥১৯॥
স তেষাং রূপমালক্ষ্য ভোগিনামিব জ্ব্ভতাম্।
হাইরোমা ভয়োদ্বিয়ঃ ক্ষণেন সমপ্ততে ॥২০॥

ভারতকৌমূদী

স ইতি। স উত্তরঃ, পৃথ্বক্ষসাং বিশালবক্ষসাং পাগুবানাম্, মহার্ছাণি মহামূল্যানি ধন্ংবি; অপহত্য অবতার্য্য, পরিবেটনপত্তাণি বিমূচ্য, অর্জুনান্তিকং সমূপানয়ৎ ॥১ ৭॥

তথেতি। তথা, সমস্ততঃ সর্বতঃ, এবাং ধহুষাম্, সমহনানি বন্ধনানি পরিমূচ্য, তত্ত্ব সমবায়ে অপবৈশ্চতুতিধ হ'তিঃ সহ গাণ্ডিবমপশ্যৎ ॥১৮॥

তেবামিতি। বিম্চামানানাম, অর্কবর্চসাং ত্র্যাতুল্যতেজ্পাং তেবাং ধন্নবাম্, দিব্যাঃ প্রভাং, উদয়েষু উদযকালেষু গ্রহাণাং প্রভা ইব বিনিশ্চেকঃ ॥১৯॥

ন ইতি। স উত্তবঃ, জ্মভাং জ্মাণানাং জ্মাকালে গাত্রাণি প্রসারয়তামিতার্থঃ, ভারতভাবদীপঃ

মাত্রম্ অতিপ্রমাণম্ ॥৭— ' •॥ আলক্ং স্প্রুম্ ॥১১—১৩॥ দায়াদং পুত্রম্ ॥১৪—১৬॥ অপজ্জ বৃক্ষাদধ আনীয় ॥১৭॥ সরহনানি ধহুবাং বন্ধনানি ॥১৮—২১॥

ইতি শ্রীমহাভাবতে বিরাটপর্বাণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে সপ্তত্তিংশোহধ্যীয়: ॥৬৭॥,

আব শক্রহন্তা অর্জ্জুন বথে থাকিয়াই তাঁহাকে আদেশ করিলেন—"রাজপুত্র। আপনি বিলম্ব কবিবেন না, সম্বর বৃক্ষাগ্র হইতে এই ধনুগুলি নামান এবং শীত্রই এ গুলিব পবিবেষ্টন খুলিয়া ফেলুন" ॥১৬॥

উত্তব তখন বিশালবক্ষা পাণ্ডবগণেব সেই মহামূল্য ধনুগুলি নামাইয়া, পরিবেষ্টন-পত্র সকল খুলিয়া সেগুলিকে অর্জ্জুনেব নিকটে আনয়ন করিলেন ॥১৭॥

এবং তিনি ধনুগুলিব সকলদিকেব বন্ধন খুলিয়া, তাহার মধ্যে আরও চারিখানা ধন্তব সহিত গাণ্ডীবধনু দর্শন কবিলেন ॥১৮॥

উত্তব যখন ধনুগুলিব বন্ধন খুলিলেন, তখন সূর্য্যেব স্থায় তেজস্বী সেই ধনুগুলিব অলৌকিক দীপ্রিবাশি, উদযকালীন গ্রহগণেব দীপ্রিবাশির স্থায় সকল দিকে বিস্তৃত হইয়া পড়িল ॥১৯॥

⁽১৮) ততः मन्नर्नात्त्रवाम्-- छ। (১३)--- व्यर्करजङ्गाम्--- छ।

সংস্পৃশ্য তানি চাপানি ভানুমন্তি দৃঢ়ানি চ। বৈবাটিরর্জ্জুনং রার্জান্নদং বচনমত্রবীৎ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতদাহস্র্যাং দংহিতাযাং বৈয়াদিক্যাং বিরাটপ র্বিণি গোহরণে উত্তরগোগ্রহে সম্ভাববোপণে সপ্তত্তিংশোহধ্যায়ঃ ॥ ।॥ *

ভাষ্টত্রিংলোহধ্যায়ঃ।

উত্তব উবাচ।

বিন্দবো জাতরূপস্থ শতং যগ্মিন্ নিপাতিতাঃ। সহস্রগোধাঃ সৌবর্ণাঃ কম্মৈতদ্ধনুরুত্তমন্ ॥>॥

ভারতকৌমুদী

ভোগিনাং স্পাণামিব, তেবাং ধহুবাং রূপম্, আলক্য দৃইা, কণেনৈব, স্থারোমা রোমাঞ্চিতদেহঃ, ভবেন উদ্বিয়ঃ অন্থিরচিত্রত, সমপ্রত সঞ্চাতঃ I২০।

সমিতি। হে বাজন্ । জনমেজব । বৈবাটিঃ উত্তবঃ, ভাত্মন্তি দীপ্তিমন্তি দৃঢ়ানি চ তানি চাপানি সংস্পৃত্য বর্জুনমিদং বচনমত্রবীৎ, পহিচবলাভার্থমিত্যাশবঃ ॥২১॥
ইতি মহামহোপাধ্যাব-ভারতাচার্য্য-মহাকবি-পত্মভূবণ-শ্রীহবিদাসসিকান্তবাগীণভট্টাচার্য্যবিবচিতায়াং

মহাভারতটী হাযাং ভারতকো মুনীসমাখ্যায়াং বিহাটপর্বাণি গোহরণে

সপ্তত্তিংশোহধ্যায়: 1•1

--:*:--

বিন্দব ইতি। যদ্দিন্ ধয়বি, জাতরপত স্বর্ণত শতং বিন্দবং, সৌবর্ণাঃ স্বর্ণক্রভাঃ সহস্রগোধা বহুতরনিহাকান্চ, নিপাতিতা নিবেশিতাঃ, এতছত্তমং ধরুঃ কন্ত ৪১৪

হাই তুলিবাব সমযে সর্পগণের শবীবের স্থায় সেই ধনুগুলিব আকৃতি দেখিয়া উত্তব ক্ষণকালমধ্যেই ভয়ে বোমাঞ্চিত ও অন্তিরচিত্ত হইয়া পড়িলেন ॥২০॥

বাজা। তৎপবে উত্তর সেই তেজস্বী ও দৃঢ় ধনুগুলি স্পর্শ করিয়া করিয়া অর্জুনকে এই সকল কথা বলিতে লাগিলেন ॥২১॥

উত্তৰ বলিলেন—"যাহাতে শতসংখ্যক স্বৰ্ণবিন্দু এবং সহস্ৰসংখ্যক স্বৰ্ণগোধা (সোণাৰ গোসাপ বা গুইল) নিৰেশিত রহিয়াছে, এই উত্তম ধনুখানা কাহার ? ॥১॥

^{* &#}x27;...চন্দ্রারিংশোহধ্যায়:'—প্র, ' ...একচন্বাবিংশোহধ্যায়:'—বা ব রা ম। (১)...সহস্রকোট্য: সৌবর্ণা:—প্র,...সহস্রকোটিসোবর্ণা:—বা ব রা ম। বিরাট-৪৬ (১২)

বারণা যন্ত সৌবর্ণাঃ পৃষ্ঠে ভাসন্তি দংশিতাঃ।
ন্থপার্যং ন্ত্রগ্রহঞ্চব কন্ত্রৈতদ্ধসুরুত্তমন্ ॥२॥
তপনীয়ন্ত শুদ্ধন্ত ষপ্তির্যন্তেন্ত্রেপোপকাঃ।
পৃষ্ঠে বিভক্তাঃ শোভন্তে কন্ত্রৈতদ্ধসুরুত্তমন্ ॥৩॥
সূর্য্যা যত্র চ সৌবর্ণান্ত্রয়ো ভাসন্তি দংশিতাঃ।
তেজসা প্রজ্বন্তো বৈ কন্ত্রৈতদ্ধসুরুত্তমন্ ॥৪॥
শলভা যত্র সৌবর্ণান্তপনীয়বিভূষিতাঃ।
ন্থবর্ণমণিচিত্রঞ্চ কন্ত্রৈতদ্ধসুরুত্তমন্ ॥३॥

ভারতকোমুদী

বারণা ইতি। যক্ত ধন্থয়ং পৃষ্ঠে, দংশিতাং সমন্ধাং, সৌবর্ণাং স্থবর্ণময়াং, বারণা হস্তিনং, ভাসন্তি ভাসন্তে, এতং, শোভনে পার্বে যক্ত তং, শোভনো গ্রহো মধ্যদেশো যক্ত তচ্চ, উত্তমং ধন্থং কল্প। গৃহুতে প্রিয়ত ইতি গ্রহ ইতি বৃংপক্তিঃ ।২।

তপেতি। যশু ধন্থা পৃষ্ঠে, বিভক্তা: প্রস্পাবস্থানিষ্টো:, গুদ্ধশু নির্দ্ধোরশু তপ্রনীযশু স্বর্ণশু, ষষ্টি: ষষ্টিসংখ্যকা:, ইন্দ্রগোপকা রক্তবর্ণা: কীটবিশেষা: শোভস্কে, এতত্ত্তমং ধন্থ: কশু ॥৩॥

স্থ্যা ইতি। যত্র ধন্থবি চ, দংশিতাং, নিবেশিতাং সৌবর্ণাঃ স্থবর্ণময়াং, অতএব তেজ্পা প্রজনম্ভঃ, ত্রয়ং স্থ্যা ভাসন্তি, এতহুত্তমং ধন্থং কন্স ॥৪॥

ভারতভাবদীপঃ

বিন্দব ইতি। কশু জাতবপশু জাতবণির । "রূপং স্বভাবে সৌন্দর্য্যে নালোক-পশুবৃন্দবোঃ। গ্রন্থার্ত্তা নাটকাদাবাকারশ্লোকষোবপি ॥" ইতি মেদিনী। বিন্দবঃ সৌবর্ণা ইতি সম্বন্ধঃ। সহত্রে সহম্বত্যো বলবত্যো দীপ্তিমত্যো বা কোটাপ্রান্তো যশু তৎ সহস্রকোটি। "সহো বলে জ্যোতিষি চ" ইতি মেদিনী। সহস্শবাক্রত্বর্থীযো রপ্রত্যয়ঃ ॥১॥ দংশিতাঃ ভাসমানাঃ, স্থগ্রহং গৃহ্ততেহশিল্লিতি গ্রহো মধ্যম্ ॥২॥ তপনীয়শু স্বর্ণশু, ইন্দ্রগোপকাঃ কীটবিশেবাঃ বক্তপীতভাস্ববর্ণাঃ ॥৩—3॥ সৌবর্ণাঃ শল্ভাঃ স্বর্ণঃ কৃষণগুক্রবর্ণং দ্রব্যং মীনা

যাহার পৃষ্ঠে স্বর্ণময় সুসজ্জিত হস্তী সকল শোভা পাইতেছে, স্থুন্দর-পার্শ্ব ও স্থুন্দর-মধ্য এই উত্তম ধনুখানা কাহাব ? ॥২॥

যাহার পৃষ্ঠে বিশ্লিষ্ট ও শুদ্ধবর্ণনির্দ্মিত ষষ্টিসংখ্যক ইন্দ্রগোপ (মথমলীপোকা) শোভা পাইতেছে, এই উত্তম ধরুখানা কাহাব ? ॥৩॥

যাহাব উপবে স্বর্ণময়, সুসজ্জিত ও আপন তেজে উজ্জ্ব তিনটী সূর্য্য প্রকাশ পাইতেছে, এই উত্তম ধনুখানা কাহার ? ॥৪॥

⁽২) বারণা যত্র—বা ব রা ম, ···ভাসন্তি দন্তিন: —ভা। (৩) ···যত্তেরগোপকা:—ভা।
(৪) ···সোবর্ণা: প্রভাসতে প্রভাসিন:—প্র। (৫) ···মণিচিত্রং যৎ—ভা।

ইমে কস্ত চ নারাচাঃ সহস্রং লোমবাহিনঃ।
সমস্তাৎ কলধোতাগ্রা উপাসঙ্গে হিরণ্ময়ে॥৬॥
বিপাঠাঃ পৃথবঃ কস্ত গার্দ্ধ পত্রাঃ শিলাশিতাঃ।
হারিদ্রবর্ণাঃ স্বয়ুখাঃ শীতাঃ সর্বায়সাঃ শরাঃ॥৭॥
কস্তায়মসিতাবাপঃ পঞ্চশার্দ্দ ললক্ষণঃ।
বরাহকর্ণব্যামিশ্রান্ শরান্ ধাবয়তে দশ ॥৮॥

ভারতকোমূদী

শলভা ইতি। যত্ত্র, তপনীয়েঃ স্বর্ণেরেব বিভূষিতাঃ, সৌবর্ণাঃ শলভাঃ পতকা বর্ণস্তে; এতং, শোভনো বর্ণো যেবাং তৈঃ স্বর্ণের্যবিভিশ্চিত্রস্, উত্তর্মং ধহন্দ কন্ত ॥ ।

ইম ইতি। সমস্তাৎ পুচ্ছদেশে সর্বেষেবাবয়বেষু লোমবাহিনঃ, কলধেতিং স্বর্ণম্ অগ্রে যেষাং তে তাদৃশান্চ, ইমে সহত্রং কন্ত নারাচান্চ, হিরণায়ে স্বর্ণমযে, উপাসঙ্গে তুণে বর্দ্ধস্তে। নারাচান্দ্রস্তদানীং প্রসিদ্ধা অন্তবিশেষা জ্ঞেয়াঃ । ৬।

বিপাঠা ইতি। পূথবো বিশালা:, গার্দ্ধানি গৃদ্ধ সম্বানি পত্তানি পক্ষা যেষু তে, শিলায়াং শিতা ম্বিতা:, হারিত্রবর্ণা অতএব পীতা:, স্থা:, সর্বেষেবাবয়বেষু আয়সা লোহময়া:, বিপাঠা-স্তান্থ্যান্চ শরা: ক্ষ্ম ॥ ।॥

কশ্রেতি। পঞ্চ শাদি, ললকণানি ব্যাঘ্রচিহ্নানি যত্ত সং, কল্ড অয়ম্ অসিতাবাপ: রুফবর্ণভূণঃ, ববাহকবৈত্তদাকারচিকৈব্যাবিশ্রান্ দশ শরান্ ধাবযতে ।৮।

ভাৰতভাবদীপঃ

ইতি সংক্রিক্ত তন্মাঃ, তেরু হি নীলবর্ণেয়ু তপনীয়াখ্যন্থৰ্কভূষণানি শোভন্তে। "স্থবর্ণন্চ স্থবর্ণা চ কৃষ্ণাগুক্ষমথাস্তরে" ইতি বিশ্বঃ। স্থবর্ণময়ঃ স্বর্ণবিদ্দবঃ শোভনবর্ণমণিথচিতথাদা স্থবর্ণ-মণিচিত্রত্বমু ॥৫॥ সাহস্রাঃ সহস্রশঃ সংখ্যাতাঃ লোমবাহিনঃ পত্রবন্তঃ লোমচ্ছেদিন ইত্যন্তে। উপাসঙ্গে নিবঙ্গে ॥৬॥ বিপাঠাঃ স্থুলদণ্ডা বাণবিশেষাঃ। "বিপাঠঃ স্থুলদণ্ডঃ তাৎ" ইতি কল্পন্তঃ। গার্দ্ধ পত্রাঃ গৃঙ্গপত্রবাহিনঃ। শিলাশিতাঃ শিলায়াং তীক্ষীকৃতাঃ। পীতাঃ ক্র্যারেণ তেজনজন্যং পারিতাঃ। স্বর্বায়সাঃ কেবলং লোহ্ময়াঃ, কার্চ্চদণ্ডরহিতা ইত্যর্থঃ। মার্বাহ্বর্কণিকারঃ শলোঃ ব্যামিশ্রান্ যুক্তান্ ধ্যেয়তে শ্রান্ চিত্রক্নপানেবেতি ভাবঃ॥৮॥

আর যাহাব উপবে স্বর্ণময় এবং স্বর্ণভূষণেই ভূষিত পভঙ্গ (ফড়িং) সকল রহিয়াছে, সেই মনোহর মণিসমূহে বিচিত্র এই উত্তম ধনুখানা কাহার ? ॥৫॥

নিম্নে সকলদিকে লোমযুক্ত এবং উপবে স্বর্ণবিন্দুসমন্বিত কাহার এই সহস্র নাবাচ স্বর্ণময় তৃণীরে বহিয়াছে ? ॥৬॥

গৃদ্ধ পত্রসমন্বিত, শিলাশাণিত, স্থুন্দবমূখ, লোহনির্দ্মিত, হরিদ্রারঞ্জিত ও পীতবর্ণ 'বিপাঠ'-নামক এই বিশাল বাণগুলি কাহাব ? ॥ ॥

⁽৬)---সাহন্রা: —বা ব বা ম,---সমেতা: কল—ভা। (৭)---স্থনসা: পীতা:—ভা। (৮)
---অসিত-চাপ: —বা ব ভা।

কন্তেমে পৃথবো দীর্ঘাশ্চন্তবিশ্বার্দ্ধদর্শনাঃ।
শতানি সপ্ত তিষ্ঠন্তি নারাচা রুধিবাশনাঃ॥ ।।
কন্তেমে শুকপত্রাভৈঃ পূর্বৈরের্দ্ধিঃ স্থবাসসঃ।
উত্তরেরায়সৈঃ পীতৈর্হেমপুষ্ণেঃ শিলাশিতাঃ॥ > ০॥
কন্তায়ং সায়কো দীর্ঘঃ শিলীপৃষ্ঠঃ শিলীমুখঃ।
বৈয়ান্তকোশনিহিতো হেমচিত্রত্সরুর্মহান্॥ > >॥
স্ফলন্চিত্রকোষশ্চ কিন্ধিণীসায়কো মহান্।
কন্ত হেমত্সরুর্দিব্যঃ খড়গঃ পরমনির্মলঃ॥ > ২॥

ভারতকোমুদী

কন্মেতি। পৃথবং স্থুলাঃ, দীর্ঘাঃ, চন্দ্রবিম্বার্দ্ধবৎ দর্শনং যেবাং তে অন্ধচন্দ্রাকারমূখা ইত্যর্থঃ, ক্ষধিরাশনা বক্তপাযিনশ্চ, কম্ম ইমে সপ্ত শতানি নারাচান্তিষ্ঠন্তি ।>।

কশ্রেতি। শুকপত্রাতৈ: শুকপক্ষিতুলাহবিদ্বর্ণো:, পূর্ব্বেরর্জিঃ সন্মুখভাগৈ:, তথা আয়সৈ-র্লোহমবৈশ্চ উত্তবৈর্হন্ধিঃ পশ্চান্তাগৈঃ, পীতৈর্হেমপুর্টেশ্বন্দ বিশিষ্টা ইত্যর্থঃ, স্থবাসসঃ শোভনকঙ্কপক্ষাঃ, শিলাশিতাশ্চ কন্ম ইমে শবা ইতি শেবঃ ॥>৽॥

কভেতি। শিলী গগুপদীব পৃষ্ঠং যশু সং, শিলী গগুপদীব মৃথং যশু সং, হেয়া স্বর্ণেন চিজঃ ভ্সকুম্পিদেশা যশু সং, দীর্ঘং, মহান্ উত্তয়ক্ষ, অষং কশু সাযকঃ খডগঃ, বৈয়াদ্ধকোশে বাাদ্রচর্মনিন্দিতকোশে নিহিতঃ স্থাপিতো বর্ত্ততে। "শিলী গগুপদী" "শরে থড়েগ চ সায়কঃ" "ত্সকঃ থডগাদিম্প্রে শ্রাৎ" ইতি চামরঃ ৪১১।

ভাবতভাবদীপঃ

চন্দ্রবিষার্চবন্দর্শনং যেষাম্ অর্দ্ধচন্দ্রাকারা ইতার্থ: ।>। পূর্ব্বেরুপবিস্থৈরব্রৈ: উপলক্ষিতা: হ্রবাসস: হুপূঝা বাণা এব উত্তরৈবগ্রভাগৈর্হেমপূর্ব্যে: হুবর্ণধারাচিত্রিতৈ: ।>। শিলী ভেকী পূর্চে চিত্রব্বপেণ যক্ত পবিচর্ষ্যার্থ্য শিলীমুখো ভেক্যা মুখমিব মুখ্য যক্ত, সায়ক: থজা:।

পাঁচটা ব্যাছচিক্তে চিহ্নিত ও কৃষ্ণবৰ্ণ কাহাব এই তৃণীব শৃকবকৰ্ণচিক্তে চিহ্নিত দশটা বাণ ধাবণ করিতেছে ? ॥৮॥

স্থুল, দীর্ঘ, রক্তপায়ী ও অন্ধচন্দ্রাকৃতি কাহাব এই সাত শত নারাচ রহিয়াছে । ॥১॥

সন্মুখভাগ শুকপক্ষীব পক্ষেব :ক্যায় সব্জবর্ণ, নিম্নভাগ লোহময় এবং পুঋদেশ স্বর্ণময় বলিয়া পীতবর্ণ, অথচ স্থন্দবলোমযুক্ত ও শিলাশাণিত এই বাণগুলিই বা কাহাব ? ॥১০॥

দার্ঘ, শিলীপৃষ্ঠ, শিলীমৃথ (শিলী-কেঁচো, কেচুয়া) এক স্বর্ণবিচিত্রমৃষ্টিদেশ এই কাহার থজা ব্যাঘ্রচর্মেব কোশে স্থাপিত রহিয়াছে ? ॥১১॥

⁽১১)…হেমপত্র: ত্দক:—ভা। (১২)…চিত্রবঙ্গক-জপরমনির প্: —ভা।

কজায়ং বিপুষা: এতেনা গব্যে কোনে সম্পিতঃ।
ক্ষেত্ৰকান্ধলো নৈনদো ভাৰদাবনঃ ॥>০॥
কল্প প্ৰন্থে নোনে সামকো কেমবিগ্ৰহঃ।
গ্ৰমাণ্ডপ্ৰদান নিভশ্চাকাশ্যমিতঃ ॥>৪॥
কল্প কেমবা কোনে সভগুপানকগ্ৰতে।
নিজিংলোহয়ং গুৱা গাড়া শৈকাঃ প্রমনির্ভাঃ ॥>৫॥

अंग्लिश

विदि। लाक्यर काम जदार का का, किए लाइन कर का, एक्क वर्षक क्ष्यूबर्य है-लाखा पर का, प्रदान विद्याल, किए केंद्रार, प्रक्रिक एए, विकि. भाग्रदा नीय प्रदेश करा 1941

কলেতি। প্রোগোরিকি নিজে গোটে, সম্পিতা অপিতা, হেছা ত্রুক্ত্রিরেশা যত সং, অন্ত্রের অন্ত্রা, বৈষ্ট্রের নিষ্ট্রেন তিন, ভাল্যাধনা পাধান্তেদনাধিকত্রবিপাদকা, বিশ্বের বিশান্ত আন্মান্ত্রের হল ১১০০

ষ্টেতি। প্রদানে রাশ্যমের কোনে নিভিত হতি শেষা, চেমারিটার প্রিটিটা, প্রমানের বৃহধাকারের কাপের সৌন্ধানের সম্পান, নিহা নিত গাঁ, মাকাশসভিত আকাশভুলো। নির্মিলন্ড, সাল্ডের অব্যাহকত ২১৪৪

ভারতভারদীপ:

শৈরে পাঞ্চা চ সাচসং" ইতানতঃ ১১১। বৈয়াগ্রাকাশে বাজচর্বকোশে। "ত্রকঃ থজাদিদুটো লাং" ইতানতঃ। স্করঃ শোভনভচিকঃ। "কলং শরাগ্রোর্টিলাভনোং" ইতি বিশ্বঃ।
কিন্ধিনিযুক্তঃ সামকঃ ১১২১ গাবে গোচর্বছে ৪১০০ নৈধ্যো নিষ্ধদেশজঃ, গ্রাকথে অজচর্মজে
"পর্বনাথেছে কুমে 'ইতি বিশ্বঃ। ত্মেবিগ্রহঃ স্বর্গনালকত্বেহঃ। আকাশসন্তিঃ কৃষ্ণভাষরঃ
১১৪। নিস্থিনঃ বিংশতোহস্থিতো৷ নির্গতঃ, বিংশগস্থাধিকঃ সামকঃ থজাঃ। পরেষাং শত্রেণ
নির্গতো রণো যক্ত প্রানভিত্তঃ শিক্য ইতি পাঠে পুরুষ্বয়েনোক্যানা সাঙ্গীতি প্রসিদ্ধা
তন্যোগ্যঃ ৪.৫—১৬ঃ

ইতি শ্রীনহাভারতে বিরাটপর্কবি নৈলক্ষীয়ে ভারতভাবদীণে অইজিংশোহধ্যায়: ১০৮১

স্থান ফলকযুক্ত, বিচিত্র কোষে স্থাপিত, স্বর্ণমৃষ্টি, বিশাল ও অতিনির্মাল এই উত্তম 'কিঙ্কিণীসায়ক'-নামক থডাগোনা কাহাব ? ॥১২॥

গোচর্মনির্দ্মিত কোষে স্থাপিত, স্বর্ণমৃষ্টি, ছর্দ্মর্য, নিষধদেশীয় ও ছন্দরকার্য্যসাধক এই বিশাল খড়গধানা,কাহার ? ॥১৩॥

হস্তিচর্মনির্মিত কোষে স্থাপিত, স্বর্ণখচিত, বুহদাকাব ও সৌন্দর্য্যসম্পন্ন, পীতবর্ণ ও আকাশের স্থায় নির্মল এই খড়াধানা কাহাব ? ॥১৪॥

⁽১৩) কন্সারং বিমলঃ···কোশে ব্যবস্থিত:—ভা। (১৫)···স্কৃতপ্তে পাবকপ্রভে—রা ম, ···
স্বতপ্তে পাবকে ভভে—বা ব, ·· সন্তপ্তে পাবকোপমে··· দৈকাঃ—ভা।

নির্দ্দিশ ত্বং যথাতত্বং ময়া পৃষ্টা বৃহন্নলে !।
বিশ্বয়ো মে পরো জাতো দৃষ্টা নর্বমিদং মহৎ ॥১৬॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিয়াটপর্বাণি
গোহরণে উত্তরগোগ্রহ আয়ুধপ্রমো নাম অফাব্রিংশোহধ্যায়ঃ॥০॥ **

উনচত্বারিংশোহধ্যায়ঃ।

___05%0___

বৃহন্দলোবাচ।

যন্মাং পূর্ব্বমিহাপৃচ্ছঃ শক্রসেনানিবর্হণম্। গাণ্ডীবমেতৎ পার্থস্য লোকেরু বিদিতং ধনুঃ॥১॥

ভারতকোমূদী

করেতি। হেমময়ে, অতএব স্বতপ্তপাবকপ্তভে প্রজনিতায়িবর্ণে, কোবে স্থিত ইতি শেষঃ, শৈক্যঃ শিক্যাথ্যনোহনিমিতঃ, ওর্ক্ষহান্ পরমনিত্র গশ্চ, অবং নিস্তিশ্যে থড়াশ্চ কন্ত। নির্গতন্তিংশতঃ অস্থৃনিতা ইতি নিস্তিংশনস্বয়ুৎপত্তিঃ ১১৫।

নিবিতি। তে বৃহন্নলে ! ময়। পৃষ্টা তম্, যথাতত্তং যথাযথং নির্দিশ ক্রহি। মহৎ প্রশস্তং দর্কমিদং দৃষ্ট্রা মে পরো মহান্ বিশ্বয়ো জাতঃ ৪১৬৪

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্ঘ্য-মহাকবি-পল্লভূষণ-শ্রীহরিদানসিহান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীনমাখ্যাযাং বিরাটপর্ব্বণি গোহরণে

অষ্টবিংশোহধ্যায়ঃ ।।।

--:*:---

উত্তরত প্রশ্নাহসারের প্রথমন্টাভিঃ শ্লোকৈর্যাঙীবং বর্ণযতি—যদিতি। হে উত্তর ! ত্বন্ ইহ অন্তর্নাহরের, পূর্ব্ধ প্রথমন, নান, বং ধহুবপূচ্ছা, তদেওৎ, শক্রসেনায়া নিবর্হণং দমনকরন, লোকের জগৎস্থ বিদিতন, গাঙীবং নান, পার্যন্ত অর্জ্জনতা ধলং। মহিষাহ্মরত গণ্ডাহিতো জাতমিতি গাঙীবন্। দ্রুবেকারমধ্যোহপারং শন্ধা। হথাত্তিব পূর্বমূজন্— "অপতন্যান্ডিবং তত্র"। অমরোহিনি—"ক্ষিধ্বজন্ত গাঙীবং গাঙিবং প্রনপ্রসকন।" তত্তভরমণি প্রোদ্যাদিত্বাৎ নাধ্। মহিষাহ্মরত শুলাজাতং শার্সং ধহুর্নারাধণনা, তত্তিব

এবং স্বর্ণময় ও প্রজ্বলিত অগ্নিবর্ণ কোবের ভিতবে রক্ষিত, শিক্যনামক-লৌহনির্মিত পীতবর্ণ, অত্যস্ত মস্থণ ও বিশাল এই খড়গখানাই বা কাহার ? ॥১৫॥

বৃহন্নলা। আমি ভোমাকে জিজ্ঞাসা করিলাম; স্থৃতরাং তুমি যথাযথভাবে বল। কারণ, এই সকল গুরুতর অস্ত্র দেখিয়া আমার অত্যস্ত বিশ্বয় জন্মিয়াছে" ॥১৬॥

⁽১৬) निर्फिरव—वा व दा म्,...विद्याग्रधम्—था = '...वक्ठवादिः(गार्थागः'—ख,

সর্বায়ধমহামাত্রং শাতকুম্পরিক্ষতম্।

এততদর্জ্বন্যাসীদ্গাণ্ডীবং প্রমায়ধুম্ ॥২॥

যতচ্ছতসহত্রেণ সন্মিতং বাষ্ট্রবর্জনম্।

যেন দেবান্ মনুষ্যাংশ্চ পার্থো বিষহতে মুধে ॥৩॥

চিত্রেমুচ্চাবটের্বর্বেঃ প্রজ্জিতং শাশ্বতীঃ সমাঃ ॥৪॥

এতদ্বর্ষদহ্রাণি ব্রহ্মা পূর্বেমধারয়ৎ।

ততোহনন্তব্যেবাথ প্রজ্ঞাপতিরধাব্যৎ ॥৫॥

ভাবতকোমুদী

নাসিকান্থিতো জাতং পিনাকং ধন্তঃ শিবক্ত। তথা চ কলপুবাণে—"নবোহপি চ ধহপু হ মহিষাস্থ্যগণ্ডজম্। গাণ্ডীবং লোকবিখ্যাতং ববাহমিব পর্বতম্।" পুনন্তত্ত্ত্বে—"মহিষাস্থ্যক্ত শৃসাক্তাতং শাঙ্গং হরের্ধহঃ। পিনাকমপিনদ্ধত্বাৎ সর্বশন্তমহত্ত্বম্।" তান্ত্রেতানি ত্রীণি স্ট্যাদৌ স্ট্রানি। তত্ত্ব গাণ্ডীবং ব্রহ্মাধাবয়ং। তক্ত বক্ষাতি ॥১॥

সর্বেতি। সর্বেষায়্ধেষু মহামাত্রং প্রধানম্ "মহামাত্রং প্রধানে ভাদাবোহকসমৃদ্ধযোঃ" ইতি হেমচন্দ্রঃ, শাতকুজ্ঞৈঃ স্বর্ণবিন্দৃতিঃ পবিদ্ধৃতং শোভিতম্, অতএব প্রাপ্তক্রম্—"বিন্দবো জাতরূপশ্র শতং যদ্মিন্ নিপাতিতাঃ", তদেতৎ গাণ্ডীবং নাম পবমায়ুধম্ অর্জুনন্তাসীৎ ॥২॥

যদিতি। তৎপ্রসিদ্ধং যদ্গাণ্ডীবন্, ধহুবাং শতসহত্রেণ দশ্মিতং তুল্যন্, রাষ্ট্রবর্দ্ধনং রাজ্যবর্দ্ধকন্, ঘেন চ পার্থোহর্জ্কনঃ, মুধে মুদ্ধে, দেবান্ মহস্তাংশ্চ, বিষহতে সোচুং শক্লোতি ।৩।

চিত্রমিতি। উচ্চাবচৈর্নানাবিধৈবলৈ চিত্রম্, শ্লক্ষং মস্থণম্, আযতং দীর্ঘম্, অবণং কীটক্ষতাদিরহিতঞ্চ, যদ্ধসং, শাখতীঃ সমাশ্চিরম্, দেবদানবগদ্ধব্যৈঃ পৃঞ্জিতম্ ॥৪॥

এতদিতি। অথেতি ইতিহাদান্তরারভে। পূর্বং প্রথমম্, ব্রহ্মা, এতদ্গাণ্ডীবম্, বর্ষ-সহস্রাণি অধারয়ং। ততোহনস্তবমেব প্রস্লাপতির্মহঃ, জীণি বর্ষাণি বর্ষাণাং পঞ্চশতঞ্চ

বৃহন্নলা বলিলেন—"রাজপুত্র! আপনি এই অস্তগুলিব মধ্যে প্রথমে আমার নিকট যে ধন্থব কথা জিজ্ঞাসা কবিয়াছেন, ইহা শক্রসৈক্সনাশক ও জগদ্বিদিত অর্জুনের গাণ্ডীবধন্ন ॥১॥

সমস্ত অস্ত্রেব মধ্যে প্রধান এবং স্বর্ণবিন্দুবিভূষিত এই সেই পরমান্ত গাণ্ডীবধন্ন অর্জুনেব ছিল ॥২॥

সেই যে ধনু অন্ত লক্ষ ধনুব তুলা বাজ্ঞাবৰ্দ্ধিক এবং যে ধনুদ্ধারা অর্জ্জুন যুদ্ধে দেবগণ ও মনুয়াগণকে সহা করিয়া থাকেন ॥৩॥

নানাবর্ণে বিচিত্র, মন্থণ, দীর্ঘ ও অক্ষত যে ধনুখানাকে চিরকাল দেব, দানব ও গন্ধর্ববিগণ পূজা কবিয়াছেন ॥ও॥

⁽২)---বরমার্থম্—ম। (৩)---সম্বভম্—ভা,---বিজয়তে মৃথে—বা ব বা ম।

ত্রীপি পঞ্চশতঞ্চিব শক্রোহশীতিঞ্চ পঞ্চ চ।
সোমঃ পঞ্চশতং রাজা তথৈব বরুণঃ শতম্ ॥৬॥
পার্থঃ পঞ্চ চ ষষ্টিঞ্চ বর্ষাণি শেতবাহনঃ।
মহাবীর্যাং মহাদিব্যমেতদ্ধসুরস্কুত্তমম্ ॥৭॥ (বিশেষকম্)

ভাৰতকৌমুদী

অধারয়ং। শক্র ইন্দ্রং, অনীতিঞ্চ পঞ্চ চ বর্ষানি অধারয়ং। সোমশ্চন্দ্রং বর্ষাণাং পঞ্চশতমধারয়ং। বৃদ্ধণো বাজা তথৈব শতং বর্ষানি অধারমং। খেতা অখা বাহনানি যতা স
খেতবাহনঃ পার্থোহজুনঃ, পঞ্চ বর্ষানি বংসবাশ্চ, ষষ্টিং বর্ষানি বর্ষঘটকান্ ঋতুংশ্চ, গাণ্ডীবমধারয়ং।
তথা চ একৈকমিন্ বংসবে ষট্ ষট্ ঋতব ইতি ষষ্টিসংখ্যকৈ ঋতুভিদশ বংসরা ভবস্তি। এবঞ্চ
আর্জুন এতছজিকালপর্যাস্তং পঞ্চদশ বংসবান্ গাণ্ডীবমধারয়দিতি ফলিতং ভবতি। বর্ষপদত্ত এতছজ্বপরস্ক্রোপনাভিপ্রায়েণিব ম্নিনা "পঞ্চ চ ষষ্টিঞ্চ" ইত্যসমন্তং পদ্ধয়মভিহিতম্; অক্তথা
"পঞ্চষ্টিম" ইত্যেবাভিধীয়েত।

অত্র চানিপর্কনি বিংশতাধিকশততমাধ্যাযে—"পাগুবানামিহাযুগ্যং শৃণু কোরবনন্দন।।

কাম হান্তিনপুবং বোড়শান্দো যুধিপ্রিরঃ। ভীমনেনঃ পঞ্চদশো বীভংক্বি চতুর্দ্ধণঃ।"

ইত্যাদিবচননিচ্যার্থপর্য্যালোচনয়া তত্রতাটীকাষামন্মহক্তযুক্তিদর্শনেন চ বিভিন্নদশায়ামর্ভ্রনজেদৃশং বয়ঃ সমুয়েয়য়। য়থা শতশৃঙ্গপর্কতাদর্ভ্রন্ত হন্তিনাষামাগমনকালে চতুর্দশবংসরং বয়ঃ, ততোহত্রশিক্ষাদিনা হন্তিনায়াং অয়োদশ বংসয়াঃ হিতিকালঃ, জতুগৃহে বয়াসাঃ, একচক্রায়াং বয়াসাঃ, ক্রণদভবনে একো বংসয়ঃ, গুনুর্হন্তিনায়াং পঞ্চ বংসয়াঃ। ততশ্চ তদানীমর্ভ্রন্ত চত্ত্রিংশবংসয়ং বয়ঃ। তত ইল্লপ্রত্বে বে অয়োবিংশতিবংসয়ান্তর চ সপ্তবংসয়ানতর কেবলার্ভ্রন্ত ঘাদশ বংসয়া বনবাসকালঃ, তদন্তিমভাগে স্ভ্রাহরণম, তংপয়বংসয়ে অর্ভ্রন্ত চত্ত্রংপঞ্চশবংসয়বয়ঃসময়ে অভিমত্যোর্জয়, তংপয়বংসয়ে থাগুব-দাহকালে গাগ্রীবলাভঃ, ততো বংসয়য়য়াৎ পবং সর্কেয়ামের পাগুবানাং ছাদশ বর্বাদি বনবাস একং বর্বঞ্চান্তবাস ইতি। এবকৈতত্তিকালে অর্ভ্রন্ত সপ্ততিবংসয়ং বয়ঃ, অভিমত্যোঃ বোড়শবংসয়ম্, গাগ্রীবধারণঞ্চ পঞ্চদশবংসয়মিত্যেতং সর্কমের অন্ত্র্যুক্ত । এতবংসর এব ক্রম্পেয়য়ুয়্ম, ততশ্চ বট্তিংশবংসয়ান্ যাবদ্যুধিপ্রিরাজ্যম, ততশ্চ বর্গান্রেরণম্। ইথঞ্চ স্বর্গারোহণকালে অর্জ্রন্ত বড্রিকশতবংসয়ং বয় আদীদিতি ভয়্রলাজেন রিদি শৃক্ষতি।। তথা "ততঃ বোডশ বর্বাণি স্থাত্যতামরসক্রমাঃ।। অত্য বোডশবর্বত্র স

প্রথমে ব্রহ্মা বহুসহস্র বংসব এই গাণ্ডীবধন্ম ধারণ কবিয়াছিলেন; ভাহার পবেই প্রস্তাপতি পাঁচণত তিন বংসব, ইস্ত্র পাঁচাশী বংসব, চন্ত্র পাঁচণত বংসর এবং ক্লাধিপতি বকণ একশত বংসব ধারণ কবেন; ভংপরে শ্বেতবাহন অর্জুন পনর বংসব ধারণ করিয়াছেন; অভএব এই গাণ্ডীবধন্ম অত্যন্ত সারবান্, অত্যন্ত অলৌকিক এবং সমস্ত ধন্ম অপেকা উত্তম ॥৫—৭॥

⁽१) পঞ্চষ্টিঞ বর্ষাণি তং পার্থ: স্বেতবাহন:—গ্র ।

ভাবতকোমুদী

সংগ্রামো ভবিশ্বতি ॥" ইত্যাদিপর্বাণি বিষষ্টিতমাধ্যায়ে অভিমন্তোঃ বোডশবর্ষবযদি কুরুক্ষেত্রমুদ্ধোজিরণি ত্পপত্তে, ইতঃ কতিপয়মাদানস্তরমেব কুরুক্ষেত্রমূদ্ধাবন্তাৎ তত্ত্বৈব চাভিমন্তাবধেন
তক্ষ বোডশবর্ষত্বস্থাব্যাহতত্বাৎ। ন চৈতত্বজিকালে অর্জ্জনন্ত সপ্ততিবর্ষবযদ্ধতে "দোহয়ং রাজ্ঞো
বিরাটন্ত ক্ত্যানাং নর্জকো যুবা" ইত্যাদে যুবপদপ্রযোগো নোপপত্তত ইতি বাচ্যম, "যে যুবান
আসপ্ততেঃ" ইতি প্রাদ্ধবিবেকটীকায়াং প্রীকৃষ্ণধৃতত্মতেঃ, "আষোডশান্তবেধালস্তরুণস্তত উচ্যতে। বৃদ্ধঃ
ত্যাৎ সপ্ততেয়র্দ্ধং বর্ষীয়ান্ নবতেঃ পরম্ ॥" ইতি স্বত্যস্তরাৎ পথ্যাশিনো ধার্ম্মিকত্ত বডিবিকশতবর্ষজীবিনন্ত সপ্ততিবর্ষবয়দি যোবনস্থিতেঃ সর্বাণ সম্ভবাদিদানীমপি তথা দর্শনাচ্চ। ইতি সর্বমেব
স্বসমঞ্জদমিতি স্থীভিবিবেচনীয়ম্।

এতেনাত্র বর্ষণদশ্য অয়নপরতাভিপ্রাযেণ "সাধ্বরাত্রিংশতা সংবৎসরৈঃ পঞ্চষষ্টির্বর্ষাণি ভবস্তীতি যুক্তম্কুম্" ইতি নীলকণ্ঠব্যাখ্যানং ভক্ষিতেহণি লহনে ন শাস্তো ব্যাধিরিতি স্থাযবিষয়ত্বা সর্ববৈধব হেয়ম্, তথাত্বে গাণ্ডীবলাভাৎ পূর্বং জাতশ্য অভিমন্তোরণি সাধ্বয়ত্তিংশবর্ষয়স্কতাপত্ত্যা মূলগত-বিরোধাপত্তেঃ অভিমন্থার্বালো মৃত ইতি জগৎপ্রবাদবিবোধাপত্তেশ্চ। অর্জুনমিশ্রম্বত্ত নীরবঃ সংবৃত্তঃ। অপরে প্রাঞ্চন্ত ভবিয়নারণকালসপ্যুপাদায় পঞ্চষ্টিং বর্ষাণ্যুপপাদমিতৃমীহস্তে শ্ব। তদিপি হেয়ম্, বক্তঃ পার্যস্ক ভবিয়ৎকালাবগমাসম্ভবাৎ মৃত্যুকালে উক্তাধিকব্যঃসম্ভবেন মূশবিরোধাপাতাৎ অধারষদিত্যতীতনির্দ্ধেশান্থপণত্তেশ্চ।

ভারতভাবদীপঃ

যদিতি। অপহরতীত্যপহারী কালঃ সোহস্তামিরিত্যপহাবিণম্। পামাদিত্বামুত্তীযো নপ্রত্যর:। কালরূপীত্যর্থ:॥১—২॥ ধনুষাং শতসহত্রেণ লক্ষেণ সন্মিতম্ ॥২—৬॥ জীণি বর্ষাণি, পঞ্চশতং বর্ষাণি প্রাঞ্চাপতিরধাবয়দিতি সম্কः। অত্ত বন্ধাদীনাং বর্ষাণি দেবমানেনৈব জ্ঞেয়ানি, যো অ্যাকং সৌর: সংবৎসর: স তেবামেকং দিনমিতি শাস্তপ্রসিদ্ধন্। পার্য: পঞ্চ চ বষ্টিং চেত্যত্ত তু বর্ষশব্দো বৃষ্টিপর:। তথা চ সংবংসরে বর্ষদ্বয়ং জাযতে। তথাহি একেন বর্ষেণ ভৃপ্তঃ শবদি ৰীহাগ্রয়ণং করোতি অপরেণ হুপ্তো বসম্ভে ঘবাগ্রয়ণং কবোতি। তথা চাগ্রয়ণং প্রকৃত্য আখলায়ন: শ্রুতিমূদাহরতি — "অপি হি দেবা আহুস্থপ্তো নূনং বর্ষস্রাগ্রবণেন হি যদ্ধতে" ইতি। তথান্তত্তাপি তদেব প্রক্নত্য শ্রুতং "বীহিভিরিষ্টা বীহিভিরেব যজেতাগ যবেভ্যো যবৈরিষ্টা যবৈরেব যজেতাগ ব্রীহিভ্যঃ" ইতি। এবং চৈকশ্বিন্ সংবৎসরে কর্কায়নাত্মেকং বর্ষমপরং মকরায়নাদীতি দে বর্ষে, ততক সাৰ্দ্ধবাত্তিংশতা সংবৎসবৈ: পঞ্চৰষ্টিবৰ্ষাণি ভবন্তীতি যুক্তযুক্তং পাৰ্থ: পঞ্চ চ ৰষ্টিঞ্চ বৰ্ষাণি ঐতদ্বস্থারেতি। অন্তে তু অভীতমনাগতঞ্চ কালমেকীকৃত্য পঞ্চষষ্টিসংবৎসরং ধহুদ্ধারণং বর্ণয়স্তি। "বর্ষোহন্ত্রী ভারতাদোঁ তু জমুমীপানবৃষ্টিযু" ইতি মেদিনী। "বৃষ্টির্বর্ধন্" ইত্যমরশ্চ। তত্র প্রাচাং ভূতকালামুণপত্তি:। বক্তু: কদাচিদাযুদ্র্যানবল্পনেংপি মতেহধারযদিতি পারোন্দ্যেণার্জ্বনবয়োবিদোহপ্রতীতিশ্চেতি বিচারণীয়ম্। অশাকস্ত গতেষ্ সার্দ্ধবাতিংশঘর্ষেষ্ তয়োদশ বর্ধাণি বনবাসে। ব্রাহ্ণকার্যার্থাগারং প্রবিষ্ট-বিরাট-৪৪ (১২)

এতৎ পার্থমন্ত্রাপ্তং বরুণাচ্চারুদর্শনম্।
পূজিতং অরমর্ত্তােয়ু বিভর্তি পরমং বপুঃ॥৮॥
অপার্শং ভীমদেনস্থ জাতরূপগ্রহং ধনুঃ।
যেন পার্থােহজয়ৎ কুৎসাং দিশং প্রাচীং পরস্তপঃ॥৯॥
ইন্দ্রগোপকচিত্রঞ্চ যদেতচ্চারুবিগ্রহম্।
রাজ্যে যুধিষ্ঠিরস্থৈতদৈরাটে! ধনুরুতমম্॥১০॥
সূর্য্যা যশ্মিংস্ত সৌবর্ণাঃ প্রভাসন্তে প্রভাসিনঃ।
তেজসা প্রজ্বান্তাে বৈ নকুলস্থৈতদায়ুধম্॥১১॥
শলভা যত্র সৌবর্ণাস্তপনীয়বিচিত্রতাঃ।
এতনাট্রীস্থতস্থাপি সহদেবস্থ কান্মুকম্॥১২॥

ভাবতকৌমূদী

এতদিতি। চামদর্শনং স্বমর্জ্যেষ্ প্জিতঞ্চ এতদ্গান্তীবং ধহঃ, বঞ্গাৎ, পার্থমর্জ্নম্, অন্তপ্রাপ্তং থাণ্ডবদাহকালে আগতং প্রমং বপুর্বিভত্তি চ ॥৮॥

খিতি। শোভনে পার্থে পার্ধবয়ং ষশ্র তৎ, গৃহত ইতি গ্রহো মধ্যদেশঃ জাতরূপশ্র খর্ণশ্র গ্রহো যশ্র তৎ তাদৃশম্, এতদ্বসূতীমদেনশ্র। যেন ধরুষা, পবস্তপঃ পার্থো ভীমদেনঃ, রাজস্যাৎ পূর্বং রুৎস্নাং প্রাচীং দিশমঙ্কয়ৎ ॥>॥

ইদ্রেভি। হে বৈরাটে। ইন্রগোপকৈন্তনাখ্যকীটবিশেষচিকৈন্চিত্রম, চারুবিগ্রহং ক্ষমবারুভি চ যদেতদ্বর্মবর্ত্তভে, তদেতত্ত্রমং ধহুঃ, রাজ্ঞো যুধিষ্ঠিবস্ত ॥১০॥

স্থ্যা ইতি। যশ্মিন্ ধন্নবি, সৌবর্ণা: স্বর্ণমধা:, প্রভাসিন: শোভমানা:, তেজনা প্রজ্ঞান্ত, স্থ্যা: স্থ্যচিহ্নানি প্রভাসত্তে, এতদায়্ধং ধন্নবিক্লক্ত ॥১১॥

স্থন্দবাকৃতি এবং দেবলোক ও মন্মুন্তালোকে সমাদৃত এই গাণ্ডীবধনু বকণের নিকট হইতে খাণ্ডবদাহেব কালে অর্জ্জুনেব নিকট আসিয়াছিল এবং এ ধনু চিরদিনই স্থন্দর আকৃতি ধাবণ কবিতেছে॥।॥

আব সুন্দবপার্শ্বরযুক্ত এবং স্বর্ণময়মধ্যস্থানসমন্বিত এই ধরুখানা ভীমসেনের; যে ধরুদ্বাবা পরস্তপ ভীমসেন বাজস্থ্যযক্তেব পূর্বের সমস্ত পূর্ববিদক্ জয় করিয়াছিলেন ॥১॥

রাজপুত্র। ইন্দ্রগোপচিফে (মথমলীপোকাব চিফে) বিচিত্র এবং স্থন্দরাকৃতি এই যে ধনু বহিয়াছে, এই উত্তম ধনুখানা বাজা যুধিষ্ঠিবের ॥১০॥

যাহাতে স্বর্ণময়, সুন্দব ও আপন তেজে উজ্জ্বল সূর্য্যচিক্ত সকল প্রকাশ পাইতেছে, এই ধনুথানা নকুলের ॥১১॥

⁽৮) এতনাহ্যসংপ্রাপ্তম্—প্র, এতনামহসংপ্রাপ্তম্—ভা। (১১) অবণশস্তে প্রকাশিনঃ — বাব রাম।

যে ছিমে ক্ষুবসকাশাঃ সহত্রং লোমবাহিনঃ।
এতেহর্জন্ম বৈবাটে! শবাঃ সর্পবিষোপমাঃ॥>৩॥
এতে জ্বলন্তঃ সংগ্রামে তেজদা শীস্ত্রগামিনঃ।
ভবন্তি বীরস্থাক্ষয়া বৃহতঃ সমরে রিপূন্॥>৪॥
যে চেমে পৃথবো দীর্ঘাক্চক্রবিমার্দ্ধদর্শনাঃ।
এতে ভীমস্থ নিশিতা রিপুক্ষরকরাঃ শরাঃ॥>৫॥
হাবিদ্রবর্ণা যে ছেতে হেমপুন্থাঃ শিতাঃ শরাঃ।
নকুলস্থ কলাপোহযং পঞ্চশার্দ্দ্রলক্ষণঃ॥>৬॥

ভারতকৌমুদী

শলভা ইতি। যত্ৰ ধন্থবি, তপনীবৈঃ স্বৰ্ণভূষণৈবিচিত্ৰিতাঃ, সৌবৰ্ণাঃ স্থবৰ্ণমযাঃ, শলভাঃ পতঙ্গা বৰ্দ্ধন্তে, এতৎ কান্মুকমপি মাদ্ৰীস্থতত্ত সহদেবতা ॥১২॥

য ইতি। তে বৈরাটে । ইমে যে তু ক্বসকাশাঃ ক্রধারাঃ লোমবাহিনক সহস্রং শবান্তিষ্ঠন্তি, শত্তবধে সর্পবিবোপনা এতে শবা অর্জনশু ।১৩॥

এত ইতি। তেজদা সংগ্রামে জনস্তঃ শীদ্রগামিনশ্চ এতে শরাং, সমরে রিপূন্ বৃাহতো বিনাশযতঃ, বীরতা অর্জুনতা, অক্ষয়া ভবস্তি ॥১৪॥

য ইতি। ইমে যে চ, পৃথবঃ স্থূলাঃ, দীর্ঘাঃ, চন্দ্রবিষার্দ্ধদর্শনা অর্জচন্দ্রাকাবাঃ শবাঃ, এতে নিশিতা রিপুক্ষযকরাশ্চ শরা ভীমশু ॥১৫॥

ভারতভাবদীপঃ

ভাৰ্জ্নভ জোপদীধর্মরাদ্ধয়েঃ সহাসনকালেথয়প্রবেশনিমিত্তে ছাদশবর্ষাণি ইতি পঞ্চ-বিংশতির্গতানি। জ্ঞান্তপি দিখিজ্যরাদ্ধস্থরাজ্যকরণাদিকালে প্রাণেব সার্দ্ধসপ্তবর্ষাণি গতানীতি সমুন্নেয়ম্ ১৬—১২॥ সহস্রাঃ তেজস্বিনো দৃঢ়াঃ সহস্রশঃ সন্মিতা বা ১১৩॥ বৃহতঃ

ষে ধন্থতে স্বৰ্ণভূষণে বিচিত্ৰীকৃত ও স্বৰ্ণময় পতঙ্গ (ফড়িং) সকল বহিয়াছে, এই ধন্থও মাজীপুত্ৰ সহদেবেৰ ॥১২॥

রাজপুত্র ৷ এই যে ক্লুরধার ও লোমবাহী সহস্রসংখ্যক বাণ রহিয়াছে, শত্রু-সংহারে সর্পবিষতুল্য এই বাণগুলি অর্জুনেব ॥১৩॥

অর্জুন যখন যুদ্ধে শক্ত সংহাব কবেন, তথন যুদ্ধে আপন তেজে উজ্জ্বল ও শীঘ্রগামী এই বাণগুলি তাঁহার পক্ষে অক্ষয় হইয়া থাকে ॥১৪॥

এই যে স্থূল, দীর্ঘ ও অর্দ্ধচন্দ্রাকাব বাণ বহিয়াছে, এই নিশিত শক্রনাশক বাণগুলি ভীমসেনেব ॥১৫॥

⁽১৩)---সহত্রা:--বা ব রা ম, --সাহত্রা:---খরা আনীবিবোপমা:--ভা। (১৬)---হেমপূচ্না: শিলাশিতা:--বা ব রা ম ভা,---কলাপো নকুলন্তৈয়:--ভা।

যেনাসাবজয়ৎ কৃৎস্নাং প্রতীচীং দিশমাহবে।
কলাপো ছেষ তন্তাসীমান্ত্রীপুত্রন্থ ধীমতঃ ॥১৭॥
যে দ্বিনে ভাস্করাকারাঃ সর্ববপারশবাঃ শরাঃ।
এতে চিত্রক্রিয়োপেতাঃ সহদেবস্থ ধীমতঃ ॥১৮॥
যে দ্বিমে নিশিতাঃ পীতাঃ পৃথবো দীর্ঘবাসসঃ।
হেমপুঝাস্ত্রিপর্বাণো রাজ্ঞ এতে মহাশরাঃ ॥১৯॥
যন্ত্রয়ং সায়কো দীর্ঘঃ শিলীপৃষ্ঠঃ শিলীমুখঃ।
অর্জ্জ্নসৈত্রষ সংগ্রামে গুরুভারসহো দৃঢ়ঃ ॥২০॥

ভারতকৌমূদী

হারিত্রেতি। এতে যে তু, হারিত্রবর্ণাং, হেমপুঝাং শিতাশ্চ শরাং, এভিং পূর্ণং, পঞ্চ শার্দ্ধ্ব-লক্ষণানি ব্যাদ্রচিহ্নানি যত্র স তাদৃশং, অয়ং কলাপভূণো নকুলন্ত ॥১৬॥

যেনেতি। অসো নকুলঃ, যেন কলাপেন, আহবে মৃদ্ধে, রাজস্থাৎ পূর্বাং রুৎস্নাং প্রতীচীং পশ্চিমাং দিশমন্ত্রত্বং, এব কলাপন্ত, গ:, তন্য ধীমতো মান্ত্রীপুত্রম্যানীৎ ॥১৭॥

য ইতি। ইমে যে তু, সর্বেষেবাবয়বেষু পারশবাং লোহময়াং, "পারশবোহযদি। শৃদ্ধারাং বিপ্রতন্মে তনয়ে চ পরস্ত্রিষাম্" ইতি হেমচন্দ্রঃ, অতএব ভাস্করাকারাং শিলাশিতত্বাং ত্র্যাত্ত্ল্যাক্ষ্মলাঃ শরা বর্ত্তন্তে, এতে, চিত্রান্তির্নানারূপান্তিঃ ক্রিয়ান্তির্গমনাদিব্যাপারেরুপেতাঃ শরাঃ ধীমতঃ সহদেবতা ॥১৮।

য ইতি। ইমে যে তু, নিশিতাং, গীতাং, গৃথবো বিশালাং, দীর্ঘবাসলো দীঘলোমান্বিতাশ্চ বর্ত্তম্বে, এতে হেমপুন্দাং, ত্রিবু অগ্রমধ্যপশ্চান্তাগেরু পর্কাণি গোলবেষ্টনানি যেবাং তে ত্রিপর্কাণো মহাশরাং, রাজ্যে যুধিপ্রিরশু ॥১>॥

য ইতি। শিলী গগুপদীব পৃষ্ঠং ষশু সং, শিলী গগুপদীব মৃথং মশু সং, দীর্ঘন্চ, অরং যং সায়কঃ থডোগা বর্ত্ততে, দৃঢ়ং, অতএব সংগ্রামে গুরুভারসহঃ ত্ত্রকার্য্যকরঃ, এয সায়কঃ অর্জুনশু। "শরে থডো চ সায়কঃ" ইত্যমরঃ ॥২০॥

এই যে হরিজাবর্ণ, স্বর্ণপুষ্ধ ও নিশিত বাণসমূহ বহিয়াছে, ইহাতে পরিপূর্ণ এবং পাঁচটী ব্যাঘটিকে চিহ্নিত এই তৃণীরটা নকুলের ॥১৬॥

রাজস্য়যজ্ঞের পূর্বের নকুল যে:তৃণীরদ্বাবা যুদ্ধে সমগ্র পশ্চিমদিক্ জয় করিয়া-ছিলেন, এই তৃণীব সেই বুদ্ধিমান্ নকুলের ছিল ॥১৭॥

সর্বাংশে লোহময় ও সূর্য্যের তুল্য উজ্জ্বল এই যে সকল বাণ রহিয়াছে, বিচিত্র-কার্য্যকারী এই বাণগুলি বৃদ্ধিমান্ সহদেবের ॥১৮॥

নিশিত, পীতবর্ণ, বৃহৎ, দীর্ঘলোমযুক্ত, স্বর্ণপুষ্ম এবং তিন স্থানে বেষ্টনযুক্ত এই যেগুলি রহিয়াছে, এই মহাবাণগুলি রাজা যুধিষ্টিরের ॥১৯॥

⁽১৭) যেনাসোঁ ব্যঙ্গয়ৎ—বা ব বা ম ভা। (১৮)---এতে চিত্রা: ক্রিয়োগেভাঃ—ভা।

বৈয়ান্ত্রকোশে স্থমহান্ ভীমসেনস্য সায়কঃ।
গুরুভারসহো দিব্যঃ শাত্রবাণাং ভয়ঙ্করঃ॥২১॥
স্থফলশ্চিত্রকোশশ্চ হেমত্ সরুরমুত্তমঃ।
নিস্ত্রিংশঃ কৌরবস্যৈষ ধর্মরাজম্ম ধীমতঃ॥২২॥
যস্ত পাঞ্চনথে কোশে নিহিতশ্চিত্রযোধনে।
নকুলস্যৈষ নিস্ত্রিংশো গুরুভারসহো দৃঢ়ঃ॥২০॥

ভারতকোমুদী

বৈয়াছেতি। স্থমহান্ অতিবিশালং, গুরুভাবসহো হুম্বকার্য্যসাধকং, দিব উত্তমং, অতএব শাত্রবাণাং ভয়ম্বরুচ, বৈরাদ্রকোশে ব্যাদ্রচর্মময়কোশে স্থিতঃ, এব সায়কঃ থড়্গাং, ভীমসেনস্য ॥২১॥

বিতি। শোভনং ফলং ম্থভাগো যস্য সং, চিত্র আশ্চর্য্য কোশো যস্য সং, হেয়ং বর্ণস্য ভ্সক্ষর্ষ্টিদেশো যস্য সং, ন বিছতে উত্তমো ষম্মাৎ সং অমৃত্তমশ্চ, এব নিজ্ঞিংশং থড্গাং, কোরবস্য ধীমতো ধর্মবাজস্য সম্বন্ধী ॥২২॥

য ইতি। যা, পাঞ্চনথে গল্পচর্ম্মযে, "পঞ্চনথো গল্পে কৃর্দ্ধে" ইতি বিশ্বা, কোশে, নিহিতঃ ছাপিতঃ, চিত্রযোধনে বিচিত্রযুদ্ধে গুরুভারসহো তৃত্তরকার্য্যসাধকঃ, দৃচন্চ, এব নিত্রিংশঃ থড়েগ। নকুল্স্য সম্বন্ধী ॥২৩॥

ভাৰতভাবদীপঃ

ক্ষিপত: ॥১৪—১৭॥ সর্বপারসবাঃ সর্বঞ্চ তৎপারং প্রসমূহং স্থবতে হিংসন্তি তে সর্ব্ধ-় পারসবাঃ সর্বশক্তসমূহনাশকরাঃ ॥১৮—২২॥ চিত্রযোধনে বিচিত্রযুদ্ধনিমিত্তম্, নিহিতঃ পালিতঃ ॥২৩—২৪॥

ইতি শ্রীমহাভাবতে বিরাটপর্বাণি নৈলকটায়ে ভারতভাবদীপে উনচম্বারিংশোহধ্যান: ১০১১

দীর্ঘ, শিলীব ন্থায় (কেঁচো বা কেচুযার মত) পৃষ্ঠযুক্ত এবং শিলীব তুলা (কেঁচো বা কেচুয়াব মত) মুখনমন্থিত এই যে থজা বহিষাছে, যুদ্ধে তৃত্বকার্য্যকারী এই দৃচ থজাখানা অর্জ্জনেব ॥২০॥

ব্যাম্বচর্মের কোশে স্থাপিত, ত্রুবকার্য্যসাধক, শক্রগণের ভযজনক ৫ ইয়েন এই বিশাল খডাগোনা ভানসেনের ॥২১॥

ফুন্দব ফলক, বিচিত্র কোশ ও বর্ণমৃষ্টিযুক্ত সর্কোন্তন এই ২জাগান। পৌরব-নন্দন বুজিমান ধর্মরাজেব ॥২২॥

বিচিত্র যুক্তে ভ্রুবকার্যাসাধক ও নৃত যে মজামানা হাজিসমায়ে কোশে তাপিও আছে, ইহা নবালেব হেংল

⁽२५) देरहायाज्ञास-द्धा रा र हा मा (२२) न्यान्तियाज्ञान्य । १३०, न्यान्तियाज्ञान्य । १३०, न्यान्तियाज्ञान्य ।

যস্ত্র্যং বিপুলঃ থড়েগা গব্যে কোশে সমর্পিতঃ।
সহদেবস্থ বিদ্ধোনং সর্ববভারসহং দৃঢ়ম্ ॥২৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটপর্বাণি
গোহবণে উত্তরগোগ্রহে আয়ুধবর্ণনং নাম উনচত্বারিংশোহধ্যায়ঃ॥।॥ *

চত্বারিংশোহধ্যারঃ।

----:*:----

উত্তর উবাচ।

ন্থবর্ণবিক্তানীমান্তায়ুধানি মহাত্মনাম্। ক্রচিরাণি প্রকাশন্তে পার্থানামাশুকারিণাম্॥>॥ ক মু স্থাদর্জ্জ্নঃ পার্থঃ কৌরব্যাে বা যুধিষ্ঠিরঃ। নকুলঃ সহদেবশ্চ ভীমসেনশ্চ পাগুবঃ॥২॥

ভারতকৌমূদী

য ইতি। অবং বিপুলো বিশালো যন্ত থকাং, গব্যে গোচর্মনিন্মিতে কোশে সম্পিতঃ স্থাপিতঃ, দৃঢ়ং দর্বভারসহং দকলত্বকরকার্য্যসাধকঞ্চ, এনং থডগং দহদেবস্থ দমন্দিনম্, বিদ্ধি জানীহি ॥২৪॥

ইতি মহামহোপাধ্যায-ভাবতাচার্য্য মহাকবি-পদ্মভূষণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাদীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকাষাং ভারতকোমূদীসমাখ্যায়াং বিবাটপর্ব্বণি গোহরণে উনচন্তাবিংশোহধ্যায়ঃ I•I

---:-:--

স্বর্ণেতি। আন্তকারিণাং দ্বব। কার্যসাধকানাম্, মহাদ্মনাং পার্থানাং পাওবানাম্, ইমানি, স্বর্ণৈবিকৃতানি অন্তরূপীকৃতানি থচিতানীত্যর্থ:, অভএব কচিয়াণি মনোহরাণি, আযুধ্ননি অস্ত্রাণি প্রকাশস্তে ॥১॥

কেতি। পার্থ: পৃথাপুত্র: আর্জুন:, কৌরব্যো যুধিষ্টিবো বা, পাওবো নকুল: সহদেবক ভীম-সেনক, বনাৎ ক মু গতঃ স্থাৎ । ২ ।

আর এই যে বিশাল খজা গোচর্ম্মনিম্মিত কোশে স্থাপিত রহিয়াছে, দৃঢ় ও তৃত্বকার্য্যসাধক এই খজাথানাকে সহদেবেব বলিয়া জানুন" ॥২৪॥

-----(#å-----

উত্তব বলিলেন—"শীঘ্রকার্য্যকাবী ও মহাত্মা পাণ্ডবগণেব এই সকল স্বর্ণখচিত মনোহর অন্ত্র প্রকাশ পাইতেছে ॥১॥

^{• &#}x27; · দ্বিচতারিংশোহধ্যায়:' -প্র, '…ি ত্রিচছারিংশোহধ্যায়.'—বা ব রা ম। ১) স্বর্ণ -বিক্বতান্তেবাম্—অপ্রকারিণাম্—প্র ভা। (২) ক্ ম বিং—বা ব রা ম।

দর্ব্ব এব মহাত্মানঃ দর্ব্বেংমিত্রবিনাশনাঃ।
রাজ্যমক্ষৈঃ পরাকীর্য্য ন শ্রমহন্ত কথঞ্চন ॥৩॥
তথ্বে প্রত্যাগধৈশ্চ নহ নান্দীকবাজাঃ, স্তাদ্যঃ স্ততিপাঠকবিশেষাঃ, পণবা বাজবিশেষাশ্চ,
অক্তবাজ্ঞা, এতানি, পুরাৎ, মহাবলশ্র বিবাটশ্র জনস্তবার্থাং পুত্রমূত্ত্বং প্রত্যুদ্যযুঃ ॥২৭—২৮॥

প্রস্থাপ্যেতি। মহাপ্রাজ্ঞো মংস্থবাজ্ঞ: প্রয়ষ্টঃ সন্, সেনাম্, স্থলক্বতাঃ কল্পান্চ গণিকান্চ প্রস্থাপ্য, ইন্মন্তবীৎ ॥২э॥

ভারতভাবদীপঃ

নাট্যে" ইতি মেদিনী ।২৬। স্বস্তিকং মঙ্গলাবার্ত্তিকাদি দধিদ্ব্বাদি চ পাণোঁ যশু তৎ স্বস্তিক-পাণিভূতম্ ঋদ্ধিমৎ, বাবিজাঃ শঝাঃ ।২৭। নান্দীবাভাঃ মঙ্গলবাভানি, তুর্ব্যবাভা জয়বাভানি

আব উত্তরাও শৃঙ্গাবস্চক বেব ও ভূষণ ধাবণ কবিয়া বহুতর কুমাবীগণে পবিবেষ্টিত হইয়া বুহুন্লাব প্রত্যুদ্গমন ককক" ॥২৬॥

তখন বিবাটরাজাব সেই কথা শুনিয়াই মাঙ্গলিকজব্যহস্ত সকল লোক, ভেরী, তুর্যা, শচ্খ, উত্তমবেষধারিণী সুলক্ষণা মহিলাবা, স্তুত ও মাগধগণেব সহিত নান্দীকবপ্রভৃতিরা এবং পণব ও অ্তান্থ বাছ বাজধানী হইতে মহাবল বিবাটবাজাব মহাবীব পুত্রের প্রভ্যুদ্গমন করিল ॥২৭—২৮॥

মহাপ্রাজ্ঞ বিবাটবাজা আনন্দিত হইয়া সেনা, স্থুন্দর অলঙ্কৃত কন্সাগণ ও - বেশ্যাগণকে প্রেবণ কবিয়া এই কথা বলিলেন—॥২৯॥

⁽২৭) শ্রহা চেদং বচনং পার্থিবস্ত দর্জং পুরং স্বস্তিকপাণিভূতম্—বা ব বা ম, শ্রহা বৈ তবচনং পার্থিবস্ত পুবঃসবাং স্বস্তিকপাণয়ক—ভা। (২৮)…নান্দীবাভাঃ পণবাত্র্য্যবাভাঃ—বা ব রা ম, নবাণাবাভাঃ পণবাত্র্য্যবাভ্যম্—ভা। ইতঃ পরম্ বৈশস্পায়ন উবাচ'—প্র। (২২)…মংশুরাঞ্জা মহাতেঞ্জাঃ—ভা। (৩০) নকম্বো দ্যুতে প্রবর্ত্তরাম্—প্র। ইতঃ পরম্ 'যুধিষ্ঠির উবাচ'—ম।

ন দেবিতব্যং হুফৌন কিতবেনেতি নঃ প্রুতম্ ।
স ত্বমন্ত মুদা যুক্তো নাহং দেবিতুমুৎসহে ।
প্রিয়ন্ত তে চিকীর্যামি বর্ত্ততাং যদি মন্যুসে ॥৩১॥
বিরাট উবাচ ।

ন্ত্রিযো গাবো হিরণ্যঞ্চ যচ্চান্সদ্বস্ত কিঞ্চন।
ন মে কিঞ্চিত্ত্বয়া রক্ষ্যমন্তরেণাপি দেবিতম্ ॥৩২॥
কঙ্ক উবাচ।

কিং তে দ্যুতেন রাজেন্দ্র ! বহুদোষেণ মানদ !। দেবনে বহুবো⁷দোষাস্তম্মাত্তৎ পরিবর্জ্জযেৎ ॥৩৩॥

ভারতকৌমুদী

অকানিতি। হে সৈরিঞ্জি। অকান্ পাশকান্, আহব আনয়। হে কয়। দ্যুতং প্রবর্ততাম্। তং বিরাটং তথাবাদিনং দৃষ্টা পাগুবো যুধিষ্ঠিবং প্রত্যভাষত ।৩০।

নেতি। ষ্বাট্টন কিতবেন দ্যতকারেণ, ন দেবিতব্যং দ্যতক্রীড়া ন কর্ছব্যা, ইডি নঃ
অন্মাকং প্রতমান্তে। স তমগু মূদা আনন্দেন মৃক্তঃ। অভএবাহং দেবিতৃং ন উৎসহে।
তেন চ তে অক্সৎ যং কিমপি প্রিয়ং কার্য্যম, চিকীর্যামি কর্ছ্,মিচ্ছামি। যদি মক্সসে অহ্মস্থাসে,
তর্হি তৎ বর্ত্তাম্। ষ্ট্পাদোহয়ং শ্লোকঃ ১৩১।

ইদানীং দ্যুতারক্তে নিরতিশরানন্দাকুলত্যা মম বহুধনব্যযসম্ভব ইত্যাশহ্বা চেমিবার্যসি তত্তাহ—স্তিম ইতি। দেবিতং দ্যুতক্রীডাম্, অন্তবেণ বিনাপি, স্তিযো গাবং, হিরণ্যং ধনম্, অন্তং যক্ত কিঞ্চন বস্তু অন্তি, তেয়াং মধ্যে মে মম কিঞ্চিদ্পি ত্য়া না বক্ষ্যং রক্ষিত্থ ন শক্যম্, আনন্দেন মম দানসম্ভবাদিতি ভাবং ॥৩২॥

"সৈরিক্সি! তুমি পাশক আনয়ন কর, কঙ্ক। দ্যুতক্রীড়া আবস্ত হউক"। বিরাটরাজা সেইবাপ বলিলেন দেখিয়া যুধিষ্ঠিব বলিলেন—॥৩০॥

"মহারাজ! আমাদের শুনা আছে যে, দ্যুতকারী অত্যন্ত আনন্দিত অবস্থায় দ্যুতক্রীড়া করিবে না; স্থুতরাং আপনি আজ অত্যন্ত আনন্দিত বলিয়া আপনার সহিত দ্যুতক্রীড়া করিতে ইচ্ছা করি না; কিন্তু আপনাব অন্ত যে কোন প্রিয়কার্য্য করিতে ইচ্ছা করি; আপনি যদি অনুমতি করেন, তবে তাহাই হউক" ॥৩১॥

- বিরাটরাজা বলিলেন—"কয়! দ্যুতক্রীড়া না করিলেও, স্ত্রী, গক, ধন, কিবো আমার অক্স যে কোন বস্তু, আছে, তাহার কোনটাই ভূমি বাখিতে পারিবে না" ॥০২॥

⁽৩১ ···তং খাম্ভ ম্দা, ষ্ঠাম্—বা ব রা ম, ···ন খাঞ্চ প্রম্দা যুক্তম্—ভা, তৃতীযার্জং ভা নাস্তি। (৩২) বহু কিঞ্চন ···বক্ষাং তে ···দেবিতুম্—বা ব বা ম, ···দেবিতুম্—ভা। (৩৩) ···দেবিতে বহুবঃ ···পরিবর্জ্জ্য—প্র, ···ভন্মান্তং পরিবর্জ্জ্য়ে—ভা।

শ্রুতন্তে যদি বা দৃষ্টঃ পাগুবো বৈ যুখিন্ঠিরঃ।

স রাজ্যং স্থমহৎ স্ফীতং জাত ংশ্চ ত্রিদশোপমান্ ॥৩৪॥

দূতে হারিতবান্ পূর্বাং ত্ম্মাদ্দূতং ন রোচয়ে।

অথবা মন্সসে রাজন্! দীব্যাম যদি রোচতে ॥৩৫॥ (যুগ্মকম্)

বৈশস্পায়ন উবাচ।

প্রবর্ত্তমানে দ্যুতে তু মৎস্তঃ পাগুবমব্রবীৎ। পশ্য পুত্রেণ মে যুদ্ধে তাদৃশাঃ কুরবো জ্বিতাঃ॥৩৬॥

ভারতকৌমুদী

কিমিডি। হে মানদ। সম্মানকাবিন্। রাজেন্দ্র। বছদোবেণ দ্যুতেন কিং তে প্রয়োজনম্। দেবনে বহব এব দোষা: সন্ধি, তশ্মাৎ প্রাক্তন্তদেদনং পবিবর্জ্জবেৎ ॥৩৩॥

শ্রুত ইতি। হে বাজন্! তে দ্বয়া পাওবো যুধিষ্টিবং, দৃষ্টো যদি বা শ্রুতঃ। দ যুধিষ্টিরং, পূর্বিন, স্থাহৎ অতিবিশালম, স্ফীতং সমৃদ্ধক বাজ্যম, ত্রিদশোপমান্ দেবতুল্যান্, প্রাতঃশ্চ দ্যুতে হাবিতবান্। তন্মাদহং দ্যুতং ন রোচয়ে। অথবা দং যদি মক্সদে অন্থ্যজ্ঞানে যদি চ তত্তে রোচতে, তদা দীব্যাম দ্যুতক্রীড়াং করবাম ॥৩৪—৩৫॥

প্রেতি। দ্যুতে প্রবর্ত্তমানে তু, মৎত্যো বিবাটঃ, পাওবং বৃষিষ্টিরমন্ত্রবীৎ। হে করা। প্রাণ্ড, মে পুরো উত্তবেণ মুদ্ধে, তাদৃশা মহাবীবাঃ কুরবো জিতাঃ ১৬৬।

কন্ধ (যুধিষ্ঠিব) বলিলেন—"মানদাতা রাজশ্রেষ্ঠ। বহু দোবেব আকর দ্যুত-ক্রীড়াদ্বাবা আপনার কি ফল হইবে ? দ্যুতক্রীড়ায় বহুতব দোব আছে ; অতএব বৃদ্ধিমান্ লোক তাহা ত্যাগ করিবেন ॥৩৩॥

রাজা। আপনি পাণ্ডর পুত্র যুথিষ্ঠিরকে দেখিয়া থাকিবেন, কিংবা ভাঁহাব বিষয় শুনিয়া থাকিবেন। তিনি পূর্বের অতিবিশাল ও সমূজিশালী রাজ্য এবং দেবতার তুল্য আত্গণকে পর্যাস্ত দ্যুতক্রীড়ায় হারিয়াছিলেন; অতএব আমি দ্যুতক্রীড়া করিতে ইচ্ছা কবি না; অথবা আপনি যদি অনুমতি করেন, কিংবা দ্যুতক্রীড়াতেই আপনার একাস্ত ইচ্ছা হইয়া থাকে, তবে অগত্যা তাহাই করিব" ॥৩৪—৩৫॥

বৈশপায়ন বলিলেন—দৃতেক্রীড়া চলিতে থাকিলে, বিবাটরাজা যুধিষ্টিরকে বলিলেন—"কন্ধ। দেখ, আমাব পুত্র যুদ্ধে তাদৃশ কৌববগণকে জয় কবিয়াছে!" ॥৩৬॥

⁽৩৪) পাণ্ডবেয়ো ষ্ধিষ্টির:। স রাষ্ট্রম্—বা ব বা ম। (৩৫)--- হারিতবান্ সর্বম্—বা ব বা ম। তম্মাদ্দ্তেং ন দেববেং--- দীব্যাব—ভা। (৩৬)--- কুরবো হতা:—ভা।

ততোহত্তবীশ্বংশ্বরাজং ধর্মপুত্রো বুর্বিন্ঠিরঃ।
বুহন্নলা যস্ত যন্তা কথং স ন বিজেয়তে ॥৩৭॥
ইত্যুক্তঃ কুপিতো রাজা মৎস্তঃ পাণ্ডবমত্তবীৎ।
সমং পুত্রেণ মে ষণ্ডং ব্রহ্মবন্ধো! প্রশংসসি॥৩৮॥
বাচ্যাবাচ্যং ন জানীষে নৃনং মামবমন্তসে।
ভীম্মদ্রোণমুখান্ সর্বান্ কথং যথো বিজেয়তে ॥৩৯॥
বয়স্তত্ত্বাত্ত্ তে ব্রহ্মন্পরাধ্যিমং ক্ষমে।
নেদৃশং তে পুনর্বাচ্যং যদি জীবিতুমিচ্ছসি॥৪০॥

ভারতকৌসুদী

তত ইতি। ততোধর্মপুত্রো যুধিষ্টিরঃ সংস্থবান্ধমরবীং। বৃহরলা যক্ষা যস্তা সারথিং, স কথং ন বিজেয়তে ।৩৭।

ইতীতি। ইত্যুক্ত কুপিতো রাজা মংস্যো বিবাটা, পাওবং যুধিষ্ঠিরমত্রবীং। হে কন্ধ-বদ্ধো! ব্রাহ্মণাধম! ঘং মে পুত্রেণ সমং তুল্যমেব, বতং নপুংসকং প্রশংসদি। ইদস্ভ মহদক্রায্যমিত্যাশর:। "বন্ধবন্ধুবধিক্ষেপে" ইত্যমবা। "পশুকঞ্ কিনো বর্ণো" ইতি ত্রিকাও-শেবা। পণ্ডো নপুংসকমেব। ১৮৮।

বাচ্যেতি। জং বাচ্যাবাচ্যং ন জানীবে। জথবা নৃনং নিশ্চিতমেব মামবম্মাসে। যঞ্জো নপুংসকরপা বৃহন্ন কথং ভীন্মশ্রোবমুখান্ সর্বান্ কুরুন্ বিজেয়তে ।৩১।

ব্যস্তোতি। হে ব্রহ্মন্ ! বাহ্মণ। ব্যস্তবাৎ তে তব ইমমপ্রাধমহং ক্ষমে। অতএব যদি জীবিভূমিচ্ছসি, তদা তে তব, দিদৃশং পুনর্ন বাচ্যম্ ॥৪ •॥

তাহার পর ধর্মপুত্র যুধিষ্ঠির বিরাটরাজাকে বলিলেন—"বৃহন্নলা যাঁহার সারথি হইয়াছিলেন, তিনি কেন জয় কবিতে পারিবেন না ?" ॥৩৭॥

এই কথা বলিবামাত্রই বিবাটরাজা ক্রুদ্ধ হইয়া যুধিষ্ঠিরকে বলিলেন— "ব্রাহ্মণাধম! তুমি আমাব পুত্রের সমানই একটা নপুংসকের প্রশংসা করিতেছ। ॥৩৮॥

কোন্ কথা বক্তব্য, কিংবা কোন্ কথা অবক্তব্য, তাহা তুমি জান না; অথবা নিশ্চয়ই তুমি আমাকে অবজ্ঞা করিতেছ। (আমি জিজ্ঞাসা কবি—) একটা নপুংসক কি করিয়া ভীশ্ম-জোণপ্রভৃতি সকল বীবকে জয় করিবে ? ॥৩৯॥

ব্রাহ্মণ ৷ তুমি আমার স্থা বলিয়া ভোমার এই অপরাধ আমি ক্ষমা

(৩৭) ততোহববীন্মহাত্মা দ এনং বাজা য্থিষ্টিবং—বা ব রা ম, ··· দ কথং ন বিজেয়তি— বা ব, ···কথং দ ন জমেদ্য্ধি—রা ম। (৩৮)···মে বভ্ম—বা ব রা ম ভা। (৩৯)··· দর্ধান্ কমান্ন দ বিজেয়তি—বা ব রা ম, ···শ্বান্ কমান্ন দ বিজেয়তি—ভা। (৪০) বন্নস্থাত, তং বন্ধন্।—ভা।

যুধিন্তির উবাচ।

যত্র দ্রোণস্তথা ভীম্মো দ্রোণিবৈকর্ত্তনঃ কৃপঃ।
ছর্য্যেধনশ্চ রাজেন্দ্র ! তথৈবান্তে মহারথাঃ ॥৪১॥
মরুদ্গণৈঃ পরিবৃতঃ সাক্ষাদপি শতক্রতুঃ ।
কোহন্তো বৃহন্নলায়ান্তান্ প্রতিষুধ্যেত সঙ্গতান্ ॥৪২॥ (যুগ্মকম্)
যক্ত বাহুবলে তুল্যো ন ভূতো ন ভবিদ্যতি ।
অতীব সমরং দৃষ্ট্রী হর্ষো যক্তোপজায়তে ॥৪৩॥
যোহজয়ৎ সহিতান্ সর্বান্ স্থরাস্থরমহোরগান্ ।
তাদৃশেন সহায়েন কন্মান্ম স বিজেশ্যতে ॥৪৪॥ (যুগ্মকম্)

ভারতকোমূদী

যত্রেতি। হে বাজেন্দ্র। যত্র সমবে, দ্রোণঃ, তথা ভীমঃ, দ্রোণিরমখানা, বৈকর্তনঃ কর্ণঃ, ক্লপঃ, হর্বোধনশ্চ, তথৈব অক্তে বিকর্ণাদমো মহাবথাশ্চ আগতাঃ; তত্র সমবে, বৃহয়লায়া অন্তঃ কো জনঃ, সক্ষতান্ সমিলিতান্, তান্ দ্রোণাদীন্, প্রতিষুধ্যেত, কিঞ্চ মক্ষতাং দেবানাং গগৈঃ পবিবৃতঃ সাক্ষাৎ শতক্রত্বিদ্রোহণি কিং প্রতিষুধ্যেতেতি কাকুঃ, অপি তু নেতার্থঃ 185—8২1

যতেতি। বাহবলে যত তুল্যো বীবোন ভূতোন ভবিশ্বতি চ, অতীব মহান্তং সমরং দৃষ্টা যত চ হর্ব উপদায়তে, কিঞ্চ যঃ খাগুবদাহাদৌ, সহিতান্ মিলিতান্ সর্বান্ত্ব-ভারতভাবদীপঃ

।২৮—৩০। স্বটেন থ্যা সহ কিতবেন মধা ন দেবিতব্যস্ ।৩১। অন্তবেণ বিনাপি দ্যুতম্ ।৩২—১৭। ব্যস্বধ্যা। ব্যক্ষণাধ্য।।৩৮—৩০। ব্যস্তবাৎ স্থ্যাৎ ।৪০—৪৪। নিয়চ্ছদি

কবিলাম; কিন্তু তুমি যদি জীবিত থাকিতে ইচ্ছা কব, তবে পুনবায় একপ বলিও না" ॥৪০॥

যুখিষ্ঠির বলিলেন—"বাজগ্রেষ্ঠ। যে যুদ্ধে ভীম্ম, জোণ, কুপ, কর্ণ, অশ্বখামা ও ছর্য্যোধন এবং সেইবপই অস্তাক্ত মহারথেবা আসিযাছিলেন, সেই যুদ্ধে বৃহন্নলা ভিন্ন অস্ত কোন্ লোক সেই সম্মিলিত বীবগণেব বিকদ্ধে যুদ্ধ করিতে পাবে ? এমন কি, দেবগণে পবিবেষ্টিত স্বয়ং দেববাজও পাবেন না ॥৪১—৪২॥

বাহুবলে যাহার তুল্য বীর হয় নাই বা হইবে না একং গুৰুতব যুদ্ধ দেখিয়া

বিরাট-গ্ (১২)

⁽৪১) · তথান্তে চ মহারথা:—বা ব রা ম, ···তথৈব চ মহারথা:—ভা। (৪২) ··· সাক্ষাদিপি
মক্ষপ্তি:—বা ব বা ম। (৪৪) ·· সঙ্গতান্ সর্বান্ত্রমানবান্—বা ব রা ম, ···
বিশেষতি—ভা।

বিরাট উবাচ।

বহুশঃ প্রতিষিদ্ধোহদি ন চ বাচং নিয়চ্ছদি। নিয়স্তা চেন্ন বিদ্যেত ন কশ্চিদ্ধর্মমাচরেৎ ॥৪৫॥

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রকৃপিতো বাজা তমক্ষেণাহনদৃদৃদ্ম।
মুখে যুধিষ্ঠিরং কোপান্মেবমিত্যেব ভর্ৎ সয়ন্ ॥৪৬॥
বলবং প্রতিবিদ্ধস্ত নস্তঃ শোণিতমাগতম।
তদপ্রাপ্তং মহীং পার্যঃ পাণিভ্যামগ্রহীত্তদা ॥৪৭॥

ভারতকোমুদী

মহোরগান্ অজ্যৎ, তাদৃশেন বৃহয়্লারপেণ বীবেণ সহাবেন, কক্ষাৎ, স উত্তবঃ, কৌরবান্ ন বিজেয়তে, অপি তু বিজেয়ত এবেতার্থঃ। তত্ত্ব ন চিত্রমিত্যাশয়ঃ। অত্যার্জ্বনশু বীর্ঘ্যোৎকর্ষ-সম্ভাবনানন্দাকুলতয়া রাজ্ঞঃ কোপং জানতাপি যুধিষ্টিরেণেদমভিহিতমিতি বোধাম্ ॥৪৩—৪৪॥

বহুশ ইতি। ঈদুশোক্তো অং সয়া বহুশ: প্রতিষিদ্ধোহসি তথাপি চেদৃশীং বাচং ন নিয়চ্ছনি নিরুণংনি। তত্ত্ব নিয়ন্ত। শাসিতা চেন্ন বিভেত, তদা কশ্চিদপি জনো ধর্মং নাচরেং। অতস্থামহং নিয়চ্ছামীতি ভাব: ॥৪৫॥

তত ইতি। ততঃ প্রথমোক্তেরেব প্রকৃপিতো রান্ধা, যত্রেত্যাদ্যক্ষেং পুনঃ কোপাৎ, মৈবং পুনব্রাহীত্যের ভং স্থন্ সন্, অক্ষেণ পাশকেন, মুখে মুখৈকদেশে নাদিকায়াম্, তং যুধিষ্টিরম্, দূচম্, আহনৎ আহতবান্। বিকরণলোপাভাব আর্যঃ ॥৪৬॥

বলবদিতি। তদা বলবৎ প্রতিবিদ্ধশু সাভিশয়ং তাড়িতশু যুথিষ্টিরশু, নস্তো নাসিকায়াঃ, শোণিতমাগতম্। পার্থো যুথিষ্টিরঃ পাণিভ্যাম্, মহীমপ্রাপ্তং তদগ্রহীৎ ॥৪ গা

বাঁহার আনন্দ জন্মে; আর যিনি সম্মিলিত সমস্ত দেবতা, অসুর ও মহানাগ-দিগকে জয় করিয়াছেন, সেইরূপ সহায়দারা উত্তর কৌরবগণকে কেন জয় করিতে পারিবেন না" ॥৪৩—৪৪॥

বিরাট বলিলেন—"কম্ব! আমি তোমাকে বছবার নিষেধ করিয়াছি, তথাপি ভূমি বাক্য সংঘত করিতেছ না। দেখ—যদি নিয়ন্তা না থাকে, তবে কেহই ধর্মাচরণ কবে না" ॥৪৫॥

বৈশশ্পায়ন বলিলেন—যুখিষ্ঠিরের প্রথম বাক্য শুনিয়াই বিরাটরাজা অত্যন্ত কুদ্ধ হইয়াছিলেন, আবারও তিনি সেই জাতীয় বাক্য বলায় নিরতিশয় কুদ্ধ হইয়া 'আর এরূপ বলিও না' এইরূপ তিরস্কার করিয়া বিরাটরাজা পাশকদারা যুখিষ্ঠিরের নাসিকার উপরে গুক্তর আঘাত করিলেন ॥৪৬॥

⁽৪৬) -- সাক্ষেণাভ্যহনদ্দৃদৃষ্ —ভা, -- অহনদ্ভূশম্—বা ব রা ম। (৪৭) বলেন প্রতিবিদ্ধত্ত —বা, বলবং প্রতিক্ষত্ত—ভা, -- শোণিতমাবহুৎ -- পাণিভ্যাং প্রত্যগৃহ্নত—বা ব রা ম

495

অবৈক্ষত স ধর্মাত্মা দ্রোপদীং পার্বতঃ স্থিতাম্।
সা বেদ তমভিপ্রায়ং ভর্ত্ত্বশিক্তবশানুগা ॥৪৮॥
পাত্রং গৃহীত্মা সৌবর্ণং জলপূর্ণমনিন্দিতা।
তচ্ছোণিতং প্রত্যগৃহ্লাদ্যৎ প্রস্কুস্রাব পাগুবাৎ ॥৪৯॥
অথোত্তরঃ শুভৈর্গ ক্রৈর্মাল্যেশ্চ বিবিধৈন্তথা।
আকীর্য্যমাণঃ সংস্কৃটো নগরং স্বৈর্মাগ্যৎ ॥৫০॥

ভাবতকৌমুদী

অবেতি। ধর্মাত্মা স যুধিষ্টিরঃ, পার্যতঃ পার্মে স্থিতাং ক্রোপদীমবৈকত। ভর্ত্তুক্তিত-বশাহগা সা ক্রোপদী চ, তং যুধিষ্টিরসমন্ধিনমভিপ্রাযম, বেদ বেত্তি শ্ব ॥৪৮॥

পাত্রমিতি। তদা অনিন্দিতা শ্রোপদী তু, জলপূর্ণং সৌবর্ণং পাত্রং গৃহীস্বা, পাগুবাদ্-যুধিষ্টিরাৎ তম্ম নাসিকাত ইতার্থ:, যং প্রস্কুমাব, তচ্ছোণিতং তত্র পাত্রে প্রত্যগৃত্বাৎ ।৪৯।

অথেতি। অথ উত্তরঃ, শুঠভ: গরৈঃ অগুরুপ্রভৃতিভির্গন্ধরুব্যৈ: তথা বিবিধৈর্মাল্যেল, আকীর্বামাণো বিক্ষিণ্যমাণঃ, অতএব সংস্কৃষ্টঃ সন্, বৈরং শর্টনর্নগরমাগমৎ ৪৫০।

অত্যন্ত আহত হওয়ায় যুখিষ্ঠিবেব নাসিকা হইতে বক্ত নির্গত হইল এবং তাহা ভূতলে পড়িবার পূর্ব্বেই যুখিষ্ঠিব হস্তযুগলদ্বারা তাহা গ্রহণ কবিলেন 18৭॥

এবং ধর্মাত্মা যুখিষ্ঠিব পার্যস্থিতা জৌপদীব প্রতি দৃষ্টিপাত কবিলেন। তখন স্বামীব মনেব বশান্নবর্ত্তিনী জৌপদী যুখিষ্ঠিবেব সেই অভিপ্রায় বুঝিলেন ॥৪৮॥

তৎক্ষণাৎ ভৌপদী একখানি জলপূর্ণ স্থবর্ণপাত্র গ্রহণ কবিযা—যুথিষ্ঠিবেব নাসিকা হইতে যে রক্ত পড়িতেছিল, সেই রক্ত সেই পাত্রে গ্রহণ করিলেন ॥৪৯॥

তাহাব পৰ উত্তৰ অত্যন্ত আনন্দিত হইয়া ধীরে ধীরে নগরে আসিতে লাগিলেন; সেই সময়ে তাঁহাৰ উপবে নানাবিধ মান্দলিক গন্ধন্দব্য ও মাল্য নিক্ষিপ্ত হইতে লাগিল ॥২০॥

⁽৪৮) না জাছা—বা ব বা ম। (৪২) সা গৃহীছা তু সৌবর্গং পানকাংশ্রমনিন্দিতা
নেয়তং ক্ষাব নন্তত:—ভা, নেয়তং প্রস্থাব নন্ততঃ। ইতঃ পবম্ 'বিরাটন্থববীত্তর কিমেতৎ ক্রিয়তে হয়। দৈরিন্ধি। ব্রহি তত্ত্বন মম প্রশ্নমশেষতঃ। দৈরিন্ধ্য বাচ। যদিদং
শোণিতং রাজন্। করুপ্ত পততি ক্ষিতো। ইদক রাষ্ট্রং তে ক্ষিপ্রং বিনপ্তেত ন সংশয়ঃ।
ম চ বাদশ বর্ষাণি বর্ষয়েচে পুরন্দরঃ। কত্মশ্চ প্রবর্তত্তে ন শস্তং জায়তে কচিং। অভভং
স্থাচ্চ রাজেক্স। নুপস্ত চ পরস্থ চ। বৈশস্থায়ন উবাচ।' ইতি শ্লোক্ত্রয়মধিকম্—প্র।
(৫০) বিকীর্যমাণঃ—বৈর্মাগতঃ—বা ব রা ম।

সভাজ্যমানঃ পোরিশ্চ ন্ত্রীভির্জানপদৈন্তথা।
আসাত্য ভবনদারং পিত্রে সংপ্রত্যবেদয়ৎ ॥৫১॥
ততো দাস্থঃ প্রবিশ্যেব বিরাটমিদমত্রবীৎ।
বৃহন্নলাসহায়তে পুত্রো দার্যুত্তরঃ স্থিতঃ ॥৫২॥
ততো হাফো মৎস্থরাজঃ ক্ষত্তারমিদমত্রবীৎ।
প্রবেশ্যেতামুভৌ তুর্বং দর্শনেক্ষ্রহং তয়োঃ॥৫০॥
ক্ষতারং কুরুরাজস্ত শনৈঃ কর্ণ উপাজপৎ।
উত্তরঃ প্রবিশত্বেকো ন প্রবেশ্যা বৃহন্মলা॥৫৪॥

ভারতকৌমুদী

সভাদ্যোতি। পৌৰ্বৈধ্বানপদৈশ্চ পুক্ৰৈং, তথা স্থীভিশ্চ, সভাদ্যমানঃ অভিনন্দ্যমানঃ উত্তরঃ ভবনদাৰ্মাসাদ্য পিত্রে তথাৰ্ডাং সংপ্রত্যবেদ্যৎ 1৫১।

তত ইতি। ততো দাস্থো দৌবাবিক:, ভবনাভ্যন্তবে প্রবিশ্যেব বিবাটমিদমব্রবীৎ। হে বাজন্। বুহুন্নলাসহায: তে পুত্র উত্তব: দারি স্থিত: ।৫২॥

তত ইতি। ততো মৎশ্রবাজ্য হাই: সন্, ক্ষত্তাবং বাবপালমিদমব্রবীৎ। হে বারপাল। উভাবেব বহনলোত্তবো তুর্ণৎ প্রবেশ্রেতাম্। অহং তযোদর্শনেপার্থ। "ক্ষত্তা ভাৎ সাবধো ধান্তে ক্ষত্রিয়াযাঞ্চ শুক্তজে" ইতামবং ১৫৩।

ভাৰতভাবদীপঃ

নিগৃহাসি ॥৪৫। মৈবং বাচ্যমিতি ॥৪৬। নন্তঃ নাসিকাতঃ ॥৪৭—৪৮। নন্ততঃ নাসিকানাজীতঃ, তনোতি দেহং প্রথয়তীতি তচ্ছকো নাডীবচনঃ, পুবীততি শেতে ইত্যাদিপ্রযোগদর্শনাং ॥৪৯—৫৩। কুকবাজো যুধিষ্টিবঃ, কর্ণং কর্ণে উপাজপং উপাংশু উক্তবান্ ॥৫৪—৫৬।
ইতি শ্রীমহাভাবতে বিবাটপর্কণি নৈলক্ষীয়ে ভাবতভাবদীপে ত্রিষষ্টিতমোহধ্যায়ঃ ॥৬৩।

এবং পুববাসী ও দেশবাসী পুরুষেরা ও স্ত্রীলোকেরা অভিনন্দন করিতে থাকিল; এই অবস্থায় উত্তর বাজভবনদাবে আসিয়া সেই সংবাদ পিতাকে জানাইলেন ॥৫১॥

তাহার পর দারপাল ভিতবে প্রবেশ করিয়াই বিরাটরাজাকে এই কথা বলিল

"মহাবাজ! আপনার পুত্র উত্তর বৃহন্নলার সহিত দারে আসিয়া অবস্থান
করিতেছেন" ॥৫২॥

তদনন্তব সংস্থারজ আনন্দিত হইয়া দ্বারপালকে এই কথা বলিলেন—"তুই জনকেই সন্থর প্রবেশ কবাও; আমি তাহাদের দর্শনাকাজ্ফী" ॥৫০॥

(৫১) সংভাষ্যমাণঃ পৌবৈদ্ধ -- পিত্রে স প্রত্যহারমৎ—প্র, -- পিত্রে সংপ্রত্যপাদমৎ—ভা।
(৫২) -- বৃহরলাসহায়শ্চ—বা ব বা ম, -- বৃহরলাসহাযম্ভ—ভা। (৫৩) প্রবিশেতামৃভে তুর্বং
দর্শনেচ্ছ্যু:—প্র, -- প্রবেগ্যভামৃভে — বা ব রা ম। (৫৪) -- কর্ণমূপাঞ্চপৎ—বা ব রা ম ভা,
-- উত্তরঃ প্রবিশেকৈকঃ —ভা।

এতস্থ হি মহাবাহোত্রতিমেতৎ সমাহিতম্।

যো মমাঙ্গে ত্রণং কুর্য্যাচেছাণিতং বা প্রদর্শয়েৎ।

অন্তর্ত্ত চাপি সংগ্রামান্ন স জীবেদসংশয়ম্ ॥৫৫॥

ন মুয়াদ্ভূশসংক্রুদ্ধো মাং দৃষ্টের সশোণিতম্।

বিরাটমিহ সামাত্যং হল্যাৎ সবলবাহনম্ ॥৫৬॥

ইতি প্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাটণপ্রবিণি গোহরণে উত্তরগোগ্রহে উত্তররহন্মলানগরপ্রবেশো

নাম ত্রিষষ্টিতমোহধ্যায়ঃ॥।॥ #

ভারতকৌমূদী

ক্ষতাবমিতি । কুরুবাজো বুখির্চিবন্ধ, ক্ষতাবং দাবপালম, কর্ণে শনৈর্যন্ধং মনদুম, উপাঞ্চপৎ অবদৎ। উত্তব এক এব প্রবিশতু, কিন্ধ দ্বা বৃহয়লা ন প্রবেখা 1৫৪॥

বৃহয়লাযা অপ্রবেশে হেতৃং স্বগতমাহ—এতত্মেতি। হি যন্ত্রাৎ, এতত্ম মহাবাহোরজ্র্রত্ত এতৎ ব্রতং ব্রতবদলভ্যনীয়ো নিষমঃ, সমাহিতং প্রণিধানপূর্বক্ষাত্মনৈব নিদিট্র। যোজনঃ, সংগ্রামাদ্যাত্রাপি চ, মমান্ধে বৃণং ক্ষতং কুর্যাৎ, শোণিতং বৃদ্ধং বা বহিন্ধতা প্রদর্শ-বেৎ, সঃ অসংশযং নিশ্চিতমেব ন জীবেৎ তমহং হ্মীতার্থঃ। ষ্ট্পাদোহয়ং শ্লোকঃ 100 বা

তৎফলমাহ—নেতি। সশোণিতং বক্তযুক্ত মাং দৃষ্ট্বৈ, ভূশসংক্ৰুক্ষ সন্, ন মুক্তাৎ ন সহেত। অমৰ্বণে কি কুৰ্য্যাদিত্যাহ—ইহ ইদানীমেব, অমাত্যৈঃ সহেতি সামাত্যম্, বলৈবাহনৈশ্চ সহেতি সবলবাহনঞ্চ বিবাটং হক্তাৎ, উভন্নজাপি অৰ্জুন ইতি শেবঃ। অভএব বৃহন্নলা ন প্ৰবেশ্যেত্যুক্তমিতি ভাবঃ।৫৬।

ইতি মহামহোপাধ্যায়-ভাবতাচার্য্য-মহাকবি-প শ্বভূষণ-শ্রীহবিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবত কৌম্দীসমাখ্যায়াং বিরাটপর্কণি গোহরণে ত্রিষষ্টিতমোহধ্যায়ঃ ॥•॥

কিন্তু বুধিষ্ঠিব যাইয়া ধীরে ধীরে কাণে কাণে দাবপালকে বলিলেন—"একমাত্র উত্তরই প্রবেশ ককন; কিন্তু বুহন্নলাকে প্রবেশ কবাইও না ॥৫৪॥

কারণ, এই মহাবাহু বিশেষ পর্যালোচনাপূর্বক নিয়ম অবলম্বন কবিয়াছেন যে, যে লোক যুদ্ধ ভিন্ন অন্তত্ত আমাব অঙ্গে ক্ষত বা বক্ত নিঃসারণ কবিবে, সে নিশ্চয়ই জীবিত থাকিবে না ॥৫৫॥

অতএব অর্জুন আর্মাব নাসিকা হইতে রক্ত নির্গত হইতেছে—ইহা দেখিয়াই অত্যন্ত ক্রুদ্ধ হইয়া সহ্য কবিবেন না, এখনই মন্ত্রী, সৈত্য ও বাহনেব সহিত বিবাটরাজাকে বিনাশ করিবেন" ॥৫৬॥

⁽৫৫) এতক্স হি মহাবাহো !—বা ব রা ম, প্রথমার্চ্য ভা নান্তি, শোণিতফাপি ...
সংগ্রামগতাং—প্র, শোণিতং বাপি সংগ্রামগতাং জীবেৎ কথকন—বা ব রা ম। (৫৬) ...
দৃষ্টা ভূ—বা ব রা ম, ... দৃষ্ট্রবম্—ভা, ... দহেৎ সবল—প্র। দ ' ন সপ্তব্িতনোহধ্যায়: —প্র। বা ব বা ম অজাধ্যায়সমান্তিনান্তি।

চতুঃষঠিতমো২ধ্যায়ঃ।

বৈশস্পায়ন উবাচ।

ততো রাজ্ঞঃ হৃতো জ্যেষ্ঠঃ প্রাবিশৎ পৃথিবিঞ্জয়ঃ। সোহভিবান্ত পিতুঃ পাদৌ ধর্মরাজমপশ্যত ॥১॥ তথা রুধিরসংসিক্তমনেকাগ্রমনাগসম্। ভূমাবাদীনমেকান্তে দৈরিজ্ঞ্যা প্রত্যুপস্থিতম্ ॥২॥ (যুগাকম্) ততঃ পপ্রচছ পিতরং ত্বরমাণ ইবোতরঃ। কেনায়ং তাড়িতো রাজন্! কেন পাপমিদং কৃতম্ ॥৩॥ বিরাট উবাচ। ময়ায়ং তাড়িতো জিল্মো ন চাপ্যেতাবদর্হতি।

প্রশস্তমানে যঃ শূরে ছয়ি ষণ্ডং প্রশংসতি॥৪॥

ভারতকোমুদী

তত ইতি। ততো বাজ্ঞো জ্যেষ্ঠ: স্থতঃ পৃথিবিঙ্কর উত্তরঃ প্রাবিশৎ। সং, পিতৃঃ পাদৌ অভিবান্ত, তথা রুধিবসংসিক্তম্, অনেকাগ্রম্ অন্থিবচিত্তম্, অনাগসং নিরপরাধং নিরপরাধন্দেন সম্ভাব্যমানমিত্যৰ্থঃ, একাল্ডে ভূমো আসীনম্পবিষ্টম্, সৈবিদ্ধ্যা প্ৰভূগন্থিতং পরিচর্য্যমাণঞ্চ ধর্মরাজমপশ্রত ।১—২।

ওত ইতি। তত উত্তবঃ, ছবমাণো ব্যস্তচিত্ত ইব পিতবং পপ্সছ। হে রাজন্! অয়ং কঙ্ক: কেন তাডিত:, কেন ইদং পাপং কুতম্।৩।

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর বিবাটরাজার জ্যেষ্ঠপুত্র উত্তর আসিয়া প্রবেশ করিলেন। ভৎপরে তিনি পিতার চরণে নমস্কার করিয়া দর্শন করিলেন-যুধিষ্ঠির একপ্রান্তে ভূতলে বসিয়া আছেন, ভাঁহার নাসিকা হইতে সেইরূপ রক্ত নির্গত হইতেছে; সৈরিষ্ক্রী তাঁহার পরিচর্য্যা করিতেছে, তাঁহার মন ব্যস্ত একং তাঁহাকে অপরাধী বলিয়া উত্তরের মনে হইল না ॥১—২॥

তাহার পর উত্তর ব্যস্ত হইয়া পিতার নিকট জিজ্ঞাসা করিলেন—"মহারাজ। কে ইহাকে প্রহার করিল ? কে এই পাপকার্য্য করিল ?" ॥০॥

⁽১) --- পृथिवीक्षयः — वा व वा मः --- व्यविश्व পृथिवीक्षयः — छ। (৪) --- यक्त्र्र व वश्व वन्त्रम् —বা ব বা ম, ··· বন্দম্ ···ভা।

উত্তর উবাচ।

অকার্য্যং তে কুতং রাজন্! ক্ষিপ্রমেষ প্রসান্ততাম্।

মা ত্বাং ব্রহ্মবিষং ঘোরং সমূলমপি নির্দ্দিহেৎ ॥৫॥

বৈশম্পায়ন উবাচ।

স পুত্রেস্তা বচঃ শ্রেড়া বিরাটো রাষ্ট্রবর্ধনঃ।
ক্ষময়ামাস কোন্তেয়ং ভক্ষচহম্মিবানলম্॥৬॥
ক্ষময়স্তস্ত রাজানং পাশুবঃ প্রত্যভাষত।
চিরং ক্ষান্তং ময়া রাজন্! ন মন্ত্রবিভাতে মম ॥৭॥

ভারতকোমুদী

ময়েতি। ময়া অয়ং জিন্ধঃ কুটিলস্তাভিতঃ। কিঞ্চ অথম্ এতাবদেব তাডনং নার্হতি প্রাপ্তঃ যোগ্যো ভবতি , কিন্তু এতদ্বিকমেবেত্যাশয়ঃ। যেন ছি, যোহয়ম্, শ্রে ছয়ি প্রশাস্তমানে সতি, বঙং নপুংসকং বৃহত্মলামিত্যর্থঃ প্রশংসতি ।ঃ।

অকার্য্যমিতি। হে রাজন্। তে ত্বয়া অকার্য্য কতম্। অতএব এব শিপ্তাং প্রসায়তাম্। কৃত ইত্যাহ—দোরং ব্রহ্মবিষং ব্রাহ্মণকোপবিষং কর্ভ্, সম্লমণি সংবশসেব তাং মা নির্দ্দহেও। কছন্ত ব্রাহ্মণতায়া বিরাটবিদিতত্তেনেদৃশম্ভাম্ 1৫।

ন ইতি। রাষ্ট্রবর্জনো বাজ্যবৃদ্ধিকরা ন বিরাটা প্রেক্ত বচা শ্রুদা, ভাষ্টভ্রম্ অনলমিব স্থিতম্, কৌন্তেরং মৃথিপ্রিম্, ক্ষময়ামান ।৬।

ক্ষমেতি। পাণ্ডবো বুধিষ্টিরম্ভ, ক্ষময়স্তং রাজানং বিরাটং প্রত্যভাষত। হে রাজন্! ময়া চিরং বছপূর্বমেব ক্ষান্তম্। অভএবেদানীং মম মহ্যাঃ ক্রোধো ন বিভতে ॥৭॥

বিরাটরাজা বলিলেন—"আমিই এই কৃটিলকে প্রহার করিয়াছি; এ কৃটিল এইটুকুমাত্র প্রহার পাইবার যোগ্য নহে। কারণ, তুমি বীর, তোমাব প্রশংসা করিতে থাকিলে, যে কুটিল একটা নপুংসকেব প্রশংসা করিয়াছে।" ॥৪॥

উত্তব বলিলেন—"মহারাজ! আপনি অকার্য্য কবিয়াছেন, অতএব সম্বর ইহাকে প্রসন্ন করুন। ভয়ন্তর ব্রহ্মকোপবিষ যেন বংশের সহিতই আপনাকে দগ্ধ করে না" ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজ্যবর্দ্ধন বিরাট পুত্রের কথা শুনিয়া, ভস্মাচ্ছাদিত অগ্নিব স্থায় অবস্থিত যুধিষ্ঠিবকে ক্ষমা করাইতে লাগিলেন ॥৬॥

বিরাটবাজা ক্ষমা কবাইতে লাগিলে, যুধিষ্ঠির বলিলেন—"রাজা! আমি বহু পূর্বেই ক্ষমা কবিয়াছি; এখন আব আমার ক্রোধ নাই ॥৭॥

⁽e)--ক্ষিপ্রমেব—বা ব রা ম, এব প্রশাস্তাম্—ভা। (৬)---কাম্যামাস—ভা। (৭)---বিভাতে ময়ি—ভা।

যদি ছেতৎ পতেদ্ভূমো রুধিরং মম নস্ততঃ।
সরাষ্ট্রস্ত্রং মহারাজ! বিনশ্যেণা ন সংশয়ঃ ॥৮॥
ন দূযয়ামি তে রাজন্! ফশ্চ হন্যাদদূষকম্।
বলবৎ স মহারাজ! ক্ষিপ্রং দারুণমাপ্লুয়াৎ ॥৯॥
শোণিতে তু ব্যতিক্রান্তে প্রবিবেশ রহমলা।
অভিবাত্য বিরাটিঞ্চ কক্ষঞাপ্যুপতিষ্ঠত ॥১০॥
ক্ষময়িত্বা তু কোরব্যং রণাত্রতরমাগতম্।
প্রশশংস ততো মৎস্তঃ শৃগ্বতঃ সব্যসাচিনঃ ॥১১॥

ভাৰতকৌমূদী

কুতশ্চিবং কান্তমিত্যাহ—যদীতি। হে মহাবাজ। যদি হি এতং কধিরম, মম নম্ভতো নাসিকাতঃ, ভূমো পতেৎ, তদা বং নবাট্রো বাজ্যসহিত এব বিনশ্রেপাঃ। অত সংশযো নাস্তি। অতো কধিবক্ত ভূমিপতননিবারণাদেব সাস্তমিতি ভাবঃ ।৮।

নেতি। হে বাজন্! তে তব মতাজনরপং কর্ম ন দ্বযামি লোকান্তিকে চ্টতবা ন ঘোৰবামি। এতদপি মে ক্ষমাচিহ্মিত্যাশবং। কিন্তু হে মহাবাজ। যশ্চ জনং, অদ্বকং নির্দোবং জনম্, হয়াৎ প্রহবেৎ, স ক্ষিপ্রমেব, বলবৎ অত্যন্তম্, দারুণং ভবম্ আপ্নুষাৎ। ভরিবৃত্তিমপি আশিবা কবোমীতাভিপ্রাবং ১০।

শোণিত ইতি। শোণিতে যুধিষ্ঠিরশু শোণিত্সাবে, ব্যতিক্রান্তে বিবতে সতি, রুহমলা প্রবিবেশ। বিরাটমভিবান্ত চ, কন্ধণাপি উপতিষ্ঠত অভিবাদনেনোপান্ত। বৃহম্পেতি শেষঃ। অড়াগমাভাব আর্ধঃ॥১০॥

ভারতভাবদীপঃ

তত ইতি। অনেকাগ্রং ব্যগ্রম্ ।২—৮। হে বাজন্। তে তব তৎ কর্ম ন দ্ববামি যৎ অদ্বকং পবাপবাদহীনং হক্তাদক্তাযি তৎ দ্ব্যমপি ন দ্ববামি যতঃ বলবন্তং প্রভুং ক্ষিপ্রং নীজং দারুণং নৃশংসং কর্ম প্রাপ্নু য়াদেব। "হৃষ্টো দৃপ্যতি দৃপ্তো ধর্মমতিক্রামতি" ইতি শ্বতেঃ। কলয়স্তমিতি

মহারাজ! আমার এই রক্ত যদি নাসিকা হইতে ভূতলে পতিত হইত, তাহা হইলে নিশ্চয়ই আপনি রাজ্যের সহিত বিনষ্ট হইতেন মানা

আর রাজা। আমি আপনার এ কার্য্যের দোষও প্রকাশ করি নাই; কিন্তু মহারাজ। যে লোক নির্দোষ লোককে প্রহার করে, সে লোক সম্বরই গুরুতর ভয় প্রাপ্ত হয়"॥১॥

যুখিষ্ঠিরের রক্তপ্রাব বিরত হইলে, বৃহন্নলা প্রবেশ করিলেন এবং তিনি প্রথমে বিরাটবাজাকে অভিবাদন করিয়া, পরে যাইয়া যুখিষ্ঠিরের সেবা করিতে লাগিলেন ॥১০॥

⁽२)... यरेब र्गार...वनवर थण्र प्राप्त !-वां व वां म, ...वनवर मरावां !-वां ।

ষয়া দায়াদবানিম্ম কৈকেয়ীনন্দিবৰ্দ্ধন!।

ষয়া মে সদৃশঃ পুত্ৰো ন ভূতো ন ভবিয়তি ॥১২॥
পদং পদসহত্ৰেণ ষশ্চরন্ নাপরাধুয়াং।
তেন কর্নেন তে তাত! কথমাসীং সমাগমঃ॥১৩॥

যমুগ্রলোকে সকলে যস্ত ভূল্যো ন বিহাতে।
যঃ সমুদ্র ইবাক্ষোভ্যঃ কালাগ্রিবিব হঃসহঃ।
তেন ভীম্মেণ তে তাত! কথমাসীং সমাগমঃ॥১৪॥

ভারতকৌমুদী

ক্ষমেতি। ততো মংজো বিরাটঃ, কৌরবাং যুধিষ্টিরং ক্ষমযিতা তু, শৃষতঃ সব্যসাচিনঃ ক্লীবত্বাবক্তবা শৃষম্ভমূজ্নমনাদৃত্য, রণাদাগতমূত্ববং প্রশশংস ॥>১॥

পরেতি। কৈবেয়ী বেবহবাজনদিনী নিজমহিবী হাদেকা তন্তা নন্দিবর্দ্ধন। আনন্দ-বর্দ্ধক! হে উত্তব। অহং স্বয়া দায়াদবান্ উত্তবাধিকারিমান্ পুত্রবানিত্যর্থঃ অন্মি। স্বয়া সদুশোমে পুত্রোন ভূতো ন ভবিয়তি। পূর্ব্বত্রে স্বয়েত্যভেদে ভূতীয়া ॥১২॥

পদমিতি। তে তাত। বংস। যা বর্ণ:, পদসহত্রেণ লক্ষ্যসহল্রভেদোদেশেন, সমরান্ধনে চবন্ সন্, পদম্ একমপি লক্ষ্যম্, ন অপরাধ্মাৎ একস্বাদপি লক্ষ্যাৎ চ্যুভসাযকো ন ভবেৎ, অপি তু সর্বমেব লক্ষ্যং বিধ্যেদিতার্থঃ। সর্ক্তিবোবার্থসন্ধান ইত্যাশন্ধঃ। তেন কর্ণেন সহ, তে তব, কর্থং কেন প্রকারেণ, সমাগ্যো যুদ্ধান্ন সংমালনমালীৎ। "পদং ব্যবসিভিত্তাণশ্বান-লক্ষ্যান্তিব বস্তুম্বু" "অপরান্ধপূর্বকোহ্যো লক্ষ্যান্যক্ষ্যুত্সায়ক্য" ইতি চামরঃ ॥১৩॥

মহত্তেতি। হে তাত। সকলে মহস্তলোকে হস্ত তুল্যো বীরো ন বিছতে, যশ্চ সম্ভট্ট ইব অন্দোভ্যঃ অচালনীয়ঃ, কালাগ্লিরিব ফুংসংশ্চ, তেন ভীমেণ নহ তে তব কথং সমাগমঃ আসীৎ। বটুপাদোহবং শ্লোকঃ ॥১৪॥

তৎপরে বিবাটবাজা যুথিষ্ঠিরকে ক্ষমা করাইয়া, শ্রবণকারী অর্জুনকে অবজ্ঞা করিয়া, যুদ্ধ হইতে আগত উত্তরের প্রশংসা করিতে লাগিলেন—॥১১॥

"বংস। স্থদেফানন্দবৰ্জক। তোমাদাবাই আমি পুত্ৰবান্ হইয়াছি। কেন না, তোমাৰ তুল্য পুত্ৰ আমার হয় নাই, হইবেও না ॥১২॥

বংস! যে কর্ণ সহস্র লক্ষ্য ভেদ করিবার উদ্দেশে সমবাঙ্গনে বিচৰণ কবিতে থাকিয়া ভাহার একটী চক্ষ্যও অবিদ্ধ রাখেন না, সেই কর্ণেব সহিত ভোমার কিভাবে যুদ্ধ হইল ? ॥১৩॥

বংস! সমগ্র মর্ত্তালোকে যাঁহাব ভুল্য বীর নাই, যিনি দমুজেব স্থায়

⁽১২)··· কৈকেয়ীনন্দবৰ্দ্ধন ।—ভা। (১৩)··· যশ্চরস্তমবাপ্নুয়াৎ—ভা। (১৪) দিতীয়াৰ্দ্ধং বা ব রা ম নান্তি।

বিশ্বাট-৭৩ (১২)

আচার্য্যো বৃষ্ণিবীরাণাং পাণ্ডবানাঞ্চ যো ছিজঃ।
সর্ববন্দত্রস্থ চাচার্য্যঃ সর্ববন্দত্রভৃতাং বরঃ।
তেন দ্রোণেন তে তাত ! কথমাসীৎ সমাগমঃ॥১৫॥
আচার্য্যপুর্রো যঃ শৃরঃ সর্ববন্দত্রভৃতাং বরঃ।
অশৃত্যামেতি বিধ্যাতঃ কথং তেন সমাগমঃ॥১৬॥
রণে যং প্রেক্ষ্য সীদন্তি হৃতত্বা বণিজো যথা।
কৃপেণ তেন তে তাত ! কথমাসীৎ সমাগমঃ॥১৭॥

ভারতকৌসুদী

আচার্য্য ইভি। হে তাভ! যো দিলো ত্রাদণঃ, রুক্ষিবীরাণাং যত্বংশীরানাং পাওবানাঞ্চ আচার্য্য অন্তশিক্ষকঃ; বিং বছনা দর্ককত্তিত চাচার্য্যঃ, দর্কশক্তভূতাং বরদ্য, তেন ত্রোপেন নহু তে কথং সমাগ্য আসীও। অনুমণি বটুপান্য ক্লোকঃ 1>৫1

আচার্য্যেতি। অধ্যামেতি বিধ্যাতঃ যা আচার্যপুত্রং, দর্কশহভূতাং বরঃ শৃরঃ, তেন অধ্যায়া সহ তব কথং সমাগ্য আদীৎ ।১৬।

সং ইতি। হে তাত। বিপক্ষা রণে যং প্রেক্ষা, দত্মতির্হতানি স্থানি ধনানি ঘেবাং তে হতথা বণিজো যথা, তথা শীদন্তি অবসমা ভবন্তি, তেন রূপেণ সহ, তে কথং সমাগ্য আসীং ৪১৭৪

ভারতভাবদীপঃ

পাঠে জানতমপি । ২—১১। দায়াদবান্ প্রবান্ । ১২। পদমিতি। পদ্ধ বাণনিপাতছানং পদসহত্রেণ লক্ষ্যনহ্রার্থন্, হেডর্থে তৃতীয়। বহুত্রলক্ষ্যাণি বেছ ্মিডার্থ্য চরন্ বাণৈঃ প্রচরদ্ধেক্ষ্যমিতি পার্বার নাপরায় ্রাৎ ন বিজৎ কুর্যাৎ। হ্গপদক্ষ্যসহ্রাহ্ছিট বাণেম্বরদ্ধেক্ষ্যপি লক্ষ্যমে কছাদিতার্থ্য। পদক্ষদমিতি পাঠে কর্ক্ষ্য পদ্ধ নাপরায় হাৎ বহুত্রেণ চবদ্ধিতার্থাৎ পদক্ষ্যত্রাদ্দেশেনেতি বোধ্যন্। সমাগমঃ বংগ্রামঃ । ১৬—১৬। হুড্থাঃ হুড্ধনাঃ, বণিজ ইব

অক্ষোভ্য এবং প্রলয়গ্নির ক্যায় ত্ংসহ, সেই ভীম্মের সহিত ভোমার কিভাবে যুদ্ধ হইল ? ॥১৪॥

বংস! যে ব্রাহ্মণ বৃষ্ণিবীরগণ ও পাওবগণের অস্ত্রশিক্ষক, এমন কি প্রায় সকল ক্ষত্রিয়েরই অস্ত্রশিক্ষক এবং সমস্ত অস্ত্রধারীর মধ্যে ভোষ্ঠ, সেই ভোণের সহিত তোমার কিভাবে যুদ্ধ হুইল ? ॥১৫॥

'অশ্বত্থামা'-নামে বিখ্যাত যে আচার্য্যপুত্র সকল অন্ত্রধারীর মধ্যে শ্রেষ্ঠ বীর, তাঁহার সহিত তোমার কিভাবে যুদ্ধ হইল ॥১৬॥

⁽১৫)---কেরিবাণাঞ্চ যো বিজ্ঞ:-----শৃরঃ নর্ক্রবহুমতাম্—ভা। (১৬) আচার্যপুত্রো-থতিবলঃ— ভা,-- নর্কশত্রভূতামপি---তেনাদীৎ সঙ্গুরঃ কথম্—বা ব রা ম।

পর্বতং যোহভিভিন্দেত রাজপুত্রো মহেযুভিঃ।
ছর্য্যোধনেন তে তাত! কথমাসীৎ সমাগমঃ॥১৮॥
অবগাঢ়া বিষত্তো মে স্থধো বাতোহভিবাতি মাম্।
যক্তং ধনমথাজৈবীঃ কুরুভিগ্র স্তমাহবে॥১৯॥
তেষাং ভয়াভিভূতানাং সর্বেষাং বাহুশালিনাম্।
নূনং প্রকাল্য তান্ সর্ববান্ ত্বয়্রা যুদ্ধে নরর্বভান্।
আছিয়ং গোধনং সর্ববং শার্দ্ধ্ লানামিবামিষম্॥২০॥

ভারতকৌমূদী

পর্বতমিতি। হে তাত। যো রাজপুত্র:, মহেবৃভির্মহাবাণৈঃ, পর্বতমিপ, অভিভিন্দেত সর্বধা ভিন্দ্যাৎ, তেন ফুর্য্যোধনেন সহ তে কথং সমাগম আসীৎ ॥১৮॥

অবেতি। অথ বং ষৎ আহবে যুদ্ধে, কুফভিপ্রতিম্ আয়তীকৃতং ধনমজৈবী:, তথা ক্যা যৎ মে বিষম্ভঃ শত্রবঃ, অবগাঢ়া আলোড়িতাঃ, তৎ, মুখঃ স্থখজনবঃ, বাড়ো বাযুর্মামভিবাতি। তবায়ং জয়ো নিদায়ে শীতলবায়ুশর্শ ইব স্থখকর ইতি ভাবঃ ৪১০।

তেবামিতি। স্বয়া য়ুদ্ধে, ভয়াভিভূতানাং বাছশালিনাং সর্কেষামেব তেবাং কেরিবলৈঞানাং মধ্যে, তান্ কর্ণাদীন্ সর্কানেব নর্বভান্, প্রকাল্য নির্জ্জিতা, শার্দ্ধ্লানামায়তীভূতম্ আমিবং মাংসমিব, সর্কাং গোধনম্, নূনং নিশ্চিতমেব, আছিয়ং বলাদানীতম্। ইত্যহো নির্ভিশয় এবায়মানন্দ ইত্যাশয়ঃ। ভয়মপি বটুপাদঃ শ্লোকঃ ৪২০৪

বংস। বিপক্ষ যোদ্ধাবা বাঁহাকে দেখিয়া, হতসর্ববন্ধ বণিক্দিগের স্থায় অবসন্ন হইয়া পড়ে, সেই কুপের সহিত তোমাব কিভাবে যুদ্ধ হইল ? #১৭#

এবং বংস। যে বাজপুত্র মহাবাণসমূহদাবা পর্ব্বতও বিদাবণ করিতে পারেন, সেই তুর্যোধনেব সহিত ভোমার কিভাবে যুদ্ধ হ'ইল ? ॥১৮॥

বংস! তুমি যুদ্ধে যে কৌরবগণের হস্তগত ধন জয় করিতে পাবিয়াছ এবং আমাব শত্রুগণকে যে আলোড়ন কবিডে সমর্থ হইয়াছ, তাহা আমার নিকট গ্রীয়ে সুখন্তনক বাযুস্পর্শ বলিয়াই বোধ হইতেছে ॥১৯॥

বংস! ভয়াভিভূত ও বাহুবলশালী সেই সকল কৌববসৈত্যের মধ্যে কর্ণ-প্রভৃতি সমস্ত নবশ্রেষ্ঠকে জ্বয় কবিয়া, নিশ্চয়ই তুমি—ব্যাহ্রগণেব আযন্তীভূত মাংসের স্থায় সমস্ত গোধন বলপূর্বক আনয়ন করিয়াছ" ॥২০॥

⁽১৮) स्था विशिष्ण चा व द्वा य, - त्या विशिष्ण चा । (১२) स्था वाणः यदा त्य धनमार्थिक वीः च्या, स्था वालाश्विमानवान् । यदा धनमविश्वि । (२०) त्यार प्रवाशिक वानाम् वालाम् वालाम वालाम वालाम् वालाम वालाम

উত্তর উবাচ।

ন ময়া বিজ্ঞিতা গাবো ন ময়া বিজ্ঞিতাঃ পরে।
কৃতস্কু কর্ম্ম তৎ সর্ববং দেবপুত্রেণ কেনচিৎ ॥২১॥
স হি ভীতং দ্রবন্তং মাং দেবপুত্রো শুবারয়ৎ।
স চাতিষ্ঠদ্রথোপন্থে বক্রদংহননো যুবা ॥২২॥
তেন তা নির্ভিল্পতা গাবস্থেন তে কুরবো জিতাঃ।
তম্ম তৎ কর্ম্ম বীরস্থা,ন ময়া তাত! তৎ কৃতম্ ॥২০॥
স হি শার্মতং দ্রোণং দ্রোণপুত্রঞ্চ বীর্য্যবান্।
সূতপুত্রঞ্চ ভীম্মঞ্চ চকার বিমুখান্ শরৈঃ ॥২৪॥

ভারতকোমুদী

ত্বয়া ত্ৎপিত্সমীপন্থা: পাওবা ইদানীমেব পিত্রে ন জ্ঞাপনীয়া ইত্যর্জ্নোপদেশানন্তরম্
"ন তাং প্রবন্ধ্যামি পিতৃ: সবাশে যাবর বৈ বন্ধ্যাসি স্বাসাচিন্!" ইত্যাত্মন: প্রতিশ্রুতিং
সংশ্বরন্ অর্জুনং গোপ্যন্ যথার্থমেবোত্তর উবাচ নেতি। ম্যা গাবো ন বিজিতা:, ম্যা প্রে
শূত্রবৃদ্ধ ন বিজিতা:। বিস্তু বেনিহিন্দ্রপুত্রেণ তৎ দর্জং কর্ম ক্কুত্ম !২১।

স ইতি। হি তথাহি, স দেবপুত্র:, ভীতং ত্রবন্তং প্রদায়মানং মাং শুবার্যৎ। প্রক বজ্রমিব দৃঢ়ং সংহননং শবীরং যশু স তাদৃশঃ স মুবা, বথোপদ্থে মম রথোপরিদেশে অতিহৎ। "গাজং বপুঃ সংহননম্" ইত্যমবঃ ১২১।

- তেনেতি। তেন দেবপুত্রেণ তা গাবো নিৰ্ভিছোঃ, তেন দেবপুত্রেণৈব তে বুবৰক জিতাঃ। অতএবৈতদিজয়রপং কর্ম তশু বীবস্তৈব। কিন্তু হে তাত। ময়া তৎ কর্ম ন কুতম্বংখা

উত্তর বলিলেন—"আমি গকগুলিকে জয় কবি নাই, কিংবা আমি শত্রু-দিগকেও জয় করি নাই; বিল্প কোন দেবপুত্রই সে সকল কার্য্য করিয়াছেন ॥২১॥

পামি ভীত ইইয়া প্লায়ন করিতেছিলাম, এই অবস্থায় সেই দেবপুত্রই আমাকে বারণ করিয়াছিলেন এবং বজেব স্থায় দৃঢ়শরীর সেই যুবাই আমার রথের উপরে অবস্থান করিয়াছিলেন ॥২২॥

তিনিই সেই গৰগুলিকে জয় করিয়াছেন এবং তিনিই সেই কৌরবগণকে পরাভূত করিয়াছেন; স্থতরাং সেই বিজয়কার্য্য সেই বীরেরই বটে; কিন্তু পিতঃ! আমি সে কার্য্য করি নাই ॥২৩॥

⁽২১) - নিৰ্জিতা গাবঃ - নিজিতা: পরে। ক্বতং তৎ সকলং তেন—বা ব রা ম। (২২)

- বিজ্ঞানিভো যুবা—ভা। (২৩) - তাত। যৎ ক্বতম্—ভা। (২৪) - ব্রোণপুত্রক

যড়্রথান্—বা ব রা ম, - ব্রোণপুত্রক পার্থিব !—ভা।

ছুর্য্যোধনঞ্চ সমরে স নাগমিব যুথপম্।
প্রভাগমন্ত্রবীদ্রীতং দেবপুত্রো মহাবলঃ ॥২৫॥
ন হান্তিনপুরে ত্রাণং তব পশ্যামি কিঞ্চন।
ব্যায়ামেন পরীক্ষম্ব জীবিতং কৌরবাত্মজ্ব! ॥২৬॥
ন মোক্ষ্যসে পলায়ংস্তং রাজন্! যুদ্ধে মনঃ কুরু।
পৃথিবীং ভোক্ষ্যসে জিত্বা হতো বা স্বর্গমাক্ষ্যসি ॥২৭॥
স নিরত্তো নরব্যান্ত্রো মুঞ্চন্ বজ্রনিভান্ শরান্।
সচিবৈঃ সংরত্যে রাজা রথে নাগ ইব শ্বসন্ ॥২৮॥

ভারতকৌমূদী

স ইতি। বীর্যবান্ স হি দেবপুত্র এব শরিঃ, শাব্দতং রূপম্; ত্রোণম্, ত্রোণপুত্রমশ্ব-খামানক, ত্তপুত্রং কর্ণক, ভীম্মক, বিম্থান্ চকার ॥২৪।

দুর্য্যোধনমিতি। মহাবলঃ দ দেবপুত্তঃ, সমরে প্রভাগং পরাজিতং ভীতঞ্চ, ষুণপং ষ্ণপতিম্, নাগং হন্তিনমিব প্লাযমানং দুর্যোধনমত্রবীচ্চ ।২৫।

নেতি। হে কৌববাত্মজ। হান্তিনপুরে কিঞ্নাপি তব জাণং জাণোপাবং ন পশ্চামি, তজাপি মণ্গমনসম্ভবাদিত্যাশবং। অতএব ব্যাধামেন ব্রশ্ননৈব, জীবিতবা মুদ্ধাবনম্, পরীক্ষম বক্ষিত্মিছে ।২৬॥

নেতি। হে বাজন্। স্বং পলাষন্ পলাষমানোহপি ন মোক্ষ্যদে মত্তো মৃক্তিং ন প্রাক্ষ্যদি। স্বাতো যুদ্ধ এব মনঃ কুক। তত্ত্ব চ জিদ্বা পৃথিবীং ভোক্ষ্যদে হতো বা স্বর্গমাক্ষ্যদি ॥২৭॥

সেই বলবান্ দেবপুত্ৰই বাণদ্বাবা কুপ, জোণ, অশ্বত্থামা, কৰ্ণ ও ভীদ্মকে বিমুখ কৰিয়াছেন ॥২৪॥

তা'ব পব, তুর্য্যোধন যুদ্ধে পবান্ধিত হইয়া ভীত অবস্থায় যুথপতি হস্তীর স্থায় পলায়ন কবিতেছিলেন; তখন সেই মহাবল দেবপুত্র তাঁহাকে এই কথা বলিয়াছিলেন—॥২৫॥

"কৌববনন্দন! হস্তিনাপুবেও তোমাব কোন প্রকাবই বক্ষাব উপায় দেখি না; অতএব যুদ্ধ করিয়াই নিজের জীবন বক্ষাব চেষ্টা কব॥২৬॥

রাজা। তুমি পলায়ন করিয়াও আমাব নিকট হইতে মুক্তি পাইবে না; অতএব যুদ্ধেই মনোনিবেশ কর। তাহা হইলে, জ্ব্য কবিতে পাবিলে পৃথিবী ভোগ করিবে, আর নিহত হইলে স্বর্গ লাভ কবিবে" ॥২৭॥

⁽২৫) ত্র্যোধনং বিকর্ণঞ্চ স নাগমিব ধূণপম্। নরাজপুত্রং মহাবলঃ—বা ব রা ম, নাগানামিব ধূণপাঃ। প্রমান্তমত্রবীৎ—ভা। (২৭) ন মোক্ষাসি—প্রা। (২৮) নাগানিবিনাশ্বসন্—ভা।

তত্ত্ব মে রোমহর্ষোহভূদুরুন্তন্তশ্রুণ্ট মারিষ !।
তত্ত্ব সাগরসঙ্কাশমনীকং ব্যধমচ্ছরৈঃ ॥২৯॥
তৎ প্রণুত্ত রথানীকং সিংহসংহননো যুবা।
কুরুংস্তান্ প্রহসন্ রাজন্ ! বাসাংস্থপহরদলী ॥৩০॥
একেন তেন বীরেণ বড়্রথাঃ পরিনির্ভিক্তাঃ।
শার্দ্দুলেনেব মত্তেন মুগাস্ত্রণচরা বনে ॥৩১॥

ভারতকোমুদী

শ ইতি। ততঃ সচিবৈঃ সংর্তঃ নবব্যাব্রঃ স রাজা, রথে তিষ্ঠন্, নাগঃ সর্প ইব খসন্, বছানিভান্ শরান্ মুখন্ নিক্ষিপংশ্চ নির্তঃ ॥২৮॥

ভত্তেতি। মা রেষতি ন হিনন্তি সদ্বত্তমিতি মারিষ:। "রিষ রুষ হিংসায়াম্" ইতি রিষধাতোর্নামূপধতাৎ ক:। "আর্যন্ত মারিষ:" ইত্যমর:। হে মারিষ! আর্যা! ভত্ত মে বোমহর্ষ উরুম্ভক্তশাভূৎ, তয়োরলোকিকযুদ্ধদর্শনাদিতি ভাব:। ভত্ত চ বৃদ্ধে স দেবপুত্তঃ শরৈঃ, সাগরসন্থাশম অনীকং তুর্য্যোধনসৈক্তম, ব্যধমৎ, অতাডবৎ ।২০।

তদিতি। হে বাজন্। সিংহত্যেব সংহননং দৃঢ়ং শরীরং ষশু স তাদৃশঃ, বলী স যুবা দেবপুত্তঃ, তং-রথানীকং রথিনৈত্তম, প্রণ্ড পরাজিত্য, তান্ কুরন্ প্রহসন্, তেবাং বাসাংসি অপহরং, মদ্বারেতি শেষঃ। অড়াগমাভাব আর্বঃ।৩০।

একেনেতি। মন্তেন শার্দ্ধ্বেন বনে তৃণচবা মৃগা ইব. একেনৈব তেন বীরেণ, বট্ রুখাঃ ভীশ্ব-ভ্রোণ-কর্ণ-কুপাশ্বখাম-তুর্ব্যোধনাঃ পরিনির্জ্জিতাঃ ॥৩১॥

তাহার পর সেই নরশ্রেষ্ঠ রাজা তুর্য্যোধন অমাত্যগণে পরিবেষ্টিত হইয়া, রথে থাকিয়া, সর্পের স্থায় শ্বাস ত্যাগ করতঃ, বজ্রতুল্য বাণ সকল নিক্ষেপ করিতে করিতে প্রতিনিবৃত্ত হইলেন ॥২৮॥

্আর্যা। তথন তাঁহাদের যুদ্ধ দেখিয়া আমার রোমাঞ্চ ও উক্লক্ত হইল। ক্রমে সেই দেবপুত্র বাণবাবা সাগবত্লা সেই কৌরবসৈক্তকে পীড়ন করিতে লাগিলেন॥২৯॥

রাজা! তাহার পর সিংহের স্থায় দৃঢ়শরীর ও বলবান্ সেই যুবা দেবপুত্র সেই রথিসৈম্যকে পবাভূত করিয়া এবং সেই, কৌরবগণকে উপহাস করিতে থাকিয়া তাঁহাদের বস্ত্র সকল অপহরণ করিলেন ॥৩.০॥

বনমধ্যে মন্ত ব্যান্ত ষেমন তৃণচারী হরিণগণকে জয় করে, সেইরূপ একাকী সেই বীরই ভীম্মপ্রভৃতি ছয় জন রখীকে জয় করিয়াছেন গৈ৩১॥

(২৯) তং দৃষ্টা এই কম্পশ্চ এন তিত্ৰ সিংহ্দকাশুন্না ব রা ম, এই ক্তন্ত জ্বল মেহ্ভবং। যদৰ্ঘনসভাশননীক মধ্য চ্ছবৈঃ—ভা। (৩০) এরাজন্। সংস্থিতান্ স্থাতবাসসঃ— বাব রাম। (৩১) এড় রেখাঃ পরিবারিতাঃ—প্র ভা।

চতুঃষষ্টিতযোহধ্যায়ঃ।

বিরাট উবাচ।

ক স বীরো মহাবাহুর্দেবপুত্রো মহারথঃ।
যো মে ধনমবাজৈষীৎ কুরুভিগ্রাস্তমাহবে ॥৩২॥
ইচ্ছামি তমহং দ্রেফী মর্চিচতুঞ্চ মহাবলম্।
যেন মে ত্বঞ্চ গাবশ্চ রক্ষিতা দেবসূত্রনা ॥৩৩॥
উত্তর উবাচ।

অন্তর্দ্ধানং গতন্তাত। দেবপুত্রঃ প্রতাপবান্। স তু খো বা পরখো বা মন্মে প্রাত্মভবিষ্যতি ॥৩৪॥ বৈশম্পায়ন উবাচ।

এবমাখ্যায়মানস্ক চ্ছন্নং সত্ত্রেণ পাগুবম্। বসন্তং তত্ত্র নাজ্ঞাসীদ্বিরাটঃ পার্থমর্জ্জ্নম্'॥৩৫॥

ভারতকৌমুদী

কেতি। মহাবাহুৰ্মহারথক দেবপুত্ত ল বীবঃ ক কুত্র বর্ততে। যঃ কুরুভিগ্রস্তিম্ আয়ন্তীকৃতং মে ধনম্, আহবে যুদ্ধে অবাজৈষীৎ ।৩২।

ইচ্ছামীতি। অহং তং মহাবলং শ্রষ্ট্রমর্চিতৃঞ্চ ইচ্ছামি, যেন দেবস্থ্যনা, ত্বঞ্চ মে গাবশ্চ বক্ষিতাঃ ১৩৩।

অন্তবিতি। হে তাত ! প্রতাপবান্ দ দেবপুত্রং, অন্তর্জানমদৃষ্ঠতাং গতঃ। কিন্তু সং, শঃ পরদিনে বা তৎপরখো বা প্রাহর্ভবিশ্বতীতি মক্তে ।৩৪।

এবমিতি। বিবাটস্থ, এবমাধ্যাষমানম্ উত্তবেণ বর্ণামানম্, সত্তেণ ছদ্মবেশেন ছন্নমাবৃত-স্বরূপম্, তত্ত্বৈব বসস্তঞ্চ, পাওবং পার্থমর্জুন্ং নাজ্ঞাসীৎ ১৩৫॥

ভাৰতভাৰদীপঃ

শীদন্তি শ্রা ইতি শেষ: I) ৭—১৮। অবগাঢ়া: পবাভ্তা: I) ন প্রকাল্য নির্জ্জিতা I২০—২৫। ব্যামামেন নিত্যং দেশান্তরদক্ষাবেণ। এতেন স দেবপুত্তেষামগ্রেহণি নাশং করিয়তীতি স্ফিতম্ II২৬—২৭। বোমহর্ষোহভূমমেতি শেষ: II২০—৩৪। সত্তেণ ব্যাজেন I৩৫—৩৭।

বিবাটবাজা বলিলেন—"যিনি কৌরবগণেব হস্তগত আমাব ধন সকল যুদ্ধে জয় কবিয়াছেন, সেই মহাবাহু ও মহারথ দেবপুত্র কোথায় বহিলেন ? ॥৩২॥

ষে দেবপুত্র তোমাকে এবং আমাব গৰুগুলিকে বক্ষা কবিয়াছেন, আমি সেই মহাবীব দেবপুত্রকে দেখিতে ও পূজা কবিতে ইচ্ছা কবি" ॥৩৩॥

উদ্ভব বলিলেন—"পিতঃ। প্রভাপশালী সেই দেবপুত্র অন্তর্নান পাইযাছেন। আমি মনে কবি—তিনি কল্য বা পবশ্ব আবিভূতি হইবেন" ॥৩৪॥

(৩২) কোহসৌ বাব:···মহাযশাঃ—ভা। (৩৩)···অচিত্ং বা—দা। (৩৪)···গতন্তত্ত্ব —বাব রাম। (৩৫) এবমাখ্যায়মানং তম্—প্র। ততঃ পার্থোহভ্যনুজ্ঞাতো বিরাটেন মহাত্মনা।
প্রদর্দো তানি বাসাংসি বিরাটন্থহিত্বঃ স্বয়ন্ ॥৩৬॥
উত্তরা তু মহার্হাণি বিচিত্রাণি তন্নি চ।
প্রত্যগৃত্মান্ততঃ প্রীতা তানি বাসাংসি ভাবিনী ॥৩৭॥
মন্ত্রাম্বা তু কোন্ডেয় উত্তরেণ রহস্তদা।
ইতিকর্ত্বগ্রতাং দর্ববাং রাজ্ম্যথ যুর্বিচিরে ॥৩৮॥
ততন্তথা তদ্যদ্যাদ্যথাবৎ পুরুষর্বভঃ।
সহ পুত্রেণ মৎস্থস্থ সংপ্রহান্তৌ নর্ববভ! ॥৩৯॥ (যুগাক্ম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বিরাট-পর্বণি গোহরণে উত্তরগোগ্রহে বিরাটোভ্রসংবাদো
নাম চতুঃবৃষ্টিতমোহধ্যায়ঃ ॥০॥ **

ভারতকৌসুদী

তত ইতি। ততঃ পার্ধো বৃহন্নলাকণ এবার্জ্জ্ন্য, মহাত্মনা বিরাটেন অভ্যন্মজ্ঞাতঃ সন্, স্বয়মেব, তানি বাসাংসি, বিরাটগ্রহিতুঃ উত্তবাষাঃ সমীপে প্রদর্দো ॥৩৬॥

উত্তরেতি। ভাবিনী থেলা মুরাগবতী উত্তবা তু, প্রীতা সতী, ততঃ পার্ধাৎ, মহার্হাণি মহামূল্যানি, তন্নি অক্সাণি, বিচিত্রাণি চ, ভানি বাসাংসি প্রত্যগৃহ্বাৎ ॥৩৭॥

মদ্রেতি। হে নবর্ষভ । জনমেজর । অথ তদা সম্প্রহাটঃ পুরুষর্ষভঃ কোন্তেয়ঃ অর্জুনঃ,

বৈশস্পায়ন বলিলেন—পাণ্ড্নন্দন অর্জুন ছন্মবেশে আবৃত থাকিয়া সেই-খানেই বাস করিতেছিলেন এবং উত্তবও এইভাবে তাঁহাব বর্ণনা করিতে-ছিলেন; কিন্তু (ছন্মবেশে আবৃত থাকায়) বিরাট তাঁহাকে জানিতে পারিলেন না ॥৩৫॥

তাহাব পর বৃহন্নলারূপী অর্জুন, মহাত্মা বিরাটরাজাব অনুমতি অনুসাবে নিজেই যাইয়া সেই সকল বস্ত্র উত্তবাকে সমর্পণ করিলেন ॥৩৬॥

খেলামুরক্তা উত্তরাও সম্ভষ্ট হইয়া বৃহন্নলাকণী অর্জুনের নিকট হইতে মহামূল্য, সুক্ষা ও বিচিত্র সেই সকল বস্ত্র গ্রহণ করিলেন ॥৩৭॥

নরশ্রেষ্ঠ জনমেজয়! তাহার পর তখনই আনন্দিত পুক্ষশ্রেষ্ঠ অর্জুন

(৩৬) ততঃ পার্ঘোহপ্যমুজ্জাতঃ—প্র। (৩৭) -- বিবিধানি নবানি চ। প্রতিগৃষ্খাতবং
---ভামিনী—বা ব রা ম, --- বিবিধানি তন্নি চ---ভামিনী—ভা। (৩৮)-- বাজন্! পার্ঘে
মুখিটিবে—বা ব রা ম। (৩৯)--- মথাবং পুক্ষর্বভঃ--- প্রস্তর্বভ!—বা ব, --- মথাবং
পুক্ষর্বভ!---প্রস্তুই। ভবতর্বভাঃ—বা ম, -- নর্বভঃ--- হা। * '--- অইষ্টিতমোহ্ধ্যায়:'--প্র,
'--- একোনসপ্রতিতমোহধ্যায়:'—বা ব রা ম।

(৫। বৈবাহিকণর্ক।) প্রশ্বষটিত্রযোহধ্যায়ঃ।

বৈশম্পায়ন উবাচ।
ততন্ত্তীয়ে দিবসে ভাতবঃ পঞ্চ পাগুবাঃ।
স্নাতাঃ শুক্লাম্বরধরাঃ সময়ে চরিতব্রতাঃ॥>॥
যুর্ধিচিরং পুরস্কৃত্য রাজাভরণভূষিতাঃ।
অভিপন্না যথা নাগা ভাজ্যানা মহারথাঃ॥২॥

ভারতকোমুদী

মংখ্রপ্ত বিরাটপ্ত পুত্রেণ উত্তরেণ সহ, রহো নির্জ্জনে, রাজনি যুখিষ্টিবে তক্ত প্রকাশবিষয়ে, দর্বামিতিকর্জব্যতাং মন্ত্রয়িষা, ততো যথাবদেব তৎ নর্বাম্, তথা ব্যদধাৎ অকবোৎ ১০৮—০০। ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মন্থবণ-শ্রীহরিদাসনিদ্ধান্তবাগীশভট্টাচার্য্য-বিরচিতায়াং মহাভাবতটীকাষাং ভারতকৌমূদীসমাখ্যায়াং বিবাটপর্বাণি গোহরণে চতুঃষ্টিতমোহধ্যায়ঃ 1০।

---;4;---

তত ইতি। ততঃ প্রাপ্তকদিবসাৎ, তৃতীবে দিবসে। দিতীযদিবসন্থ বাজাভরণাভাষো-দনেনৈব গভমিত্যাশয:। সমরে ফ্রাকালম্, চরিতব্রতা অমুষ্ঠিতবনবাসাদিনিয়মাঃ, মহারথাঃ, ভারতভাবদীপঃ

মন্ত্রমিষ্টেতি। যুথিষ্ঠিবে যুথিষ্ঠিরবিষয়ে ইতিকর্তব্যতাম্ অগ্রে কর্ত্ত্রমিষ্টাং ভদ্রাসনে বাজ্ঞ উপবেশনাদিরপাং ক্রিযামূত্তরেণ সহ মন্ত্রমিষা তথা যথামন্ত্রং তৎ তাং ব্যদধাদিত্যভযোবন্ধং। হে রাজন্। জনমেজয়। ১০৮॥ প্রস্তুর্তা অভূবন্নিতি শেষঃ ১০১॥

ইতি শ্রীমহাভারতে বিরাটপর্বাণি নৈলকষ্ঠায়ে ভাবতভাবদীপে চতুংবাইতমোহধ্যায়ঃ ॥৬৪।
বিবাটরাজ্ঞার পুত্র উত্তবেব সহিত নির্জ্জনে যাইয়া, রাজা যুর্ধিষ্টিবের প্রকাশবিষয়ে সমস্ত ইতিকর্তব্যতা পর্য্যালোচনা কবিয়া, তৎপবে সেইভাবে যথাযথক্মপে
সেই কার্য্য সকল সম্পাদন করিলেন ॥৩৮—৩৯॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পব তৃতীয় দিনে যথাকালে ব্রতচাবী, মহাবথ ও অগ্নিব তুল্য তেজস্বী পাগুবেরা পাঁচ ভাই স্নান ও শুক্লবর্ণ বস্ত্র পরিধান

(১)--- সমং যে চরিতব্রতা:—ভা। (২) শ্লোকাৎ পবম্ 'বিরাটস্ত সভাং জগা, নিউার্ণা বতমৃত্যম্। স্থাসনং জগৃহত্বীবো ধর্মস্তস্ত বৈ। যমর্জো তো স্থসংঘটাবংহ্ নিছত্রমাদধে।
চামরং ভীমসেনশ্চ থেতং জগ্রাহ ভ্রুষং। বরতাধ্বসংপূর্ণং প্রোপদা পর্বভালনন্।' ইতি
সার্দ্ধনাক্ষয়মধিকম্—প্র।

বিশ্বাট-৭৪ (১২)

বিরাটস্থ সভাং গত্বা ভূমিপালাসনেষথ।
নিষেত্রঃ পাবকপ্রধ্যাঃ সর্বের ধিষ্ণ্যেষিবায়য়ঃ ॥৩॥ (বিশেষকম্)
তেয়ু তত্ত্রোপবিষ্টেয়ু বিরাটঃ পৃথিবীপতিঃ।
আজগাম সভাং কর্ত্ত্রং রাজকার্য্যাণি সর্বরশঃ ॥৪॥
শ্রীমন্তং পাগুবং দৃষ্ট্রা জলন্তমিব পাবকম্।
মুহুর্তমিব চ ব্যাত্মা সরোষঃ পৃথিবীপতিঃ ॥৫॥
অথ মৎস্থোহত্তবীৎ কঙ্কং দেবরূপমবস্থিতম্।
মরুদ্গণৈরুপাদীনং ত্রিদশানামিবেশ্বরম্ ॥৬॥ (য়ুয়াকম্)

ভারতকোমুদী

পাবকপ্রথ্যা অন্নিতুল্যান্তেজখিনং, পাণ্ডবাং পঞ্চ লাতবং, দ্বাতাং, শুক্লাম্বরধরাং, রাজাভরণ-ভূষিতাং, অতএব অভিপন্না অলম্বরণং প্রাপ্তাং, নাগা হস্তিনো যথা, তথা লাজমানাং শোভ-মানাং সন্ত, মুখিষ্টিবং পুষস্কৃত্য অগ্রেসবীক্বতা, বিবাটশু সভাং গন্ধা, অথ থিক্যেষ্ বেদিস্থানেষ্, সর্বে দক্ষিণান্ত্রি-গার্হপত্যাহবনীয-সভ্যাবস্থাখ্যাং পঞ্চ অন্নয় ইব, ভূমিপালাসনেষ্ রাজযোগ্যা-সনেষ্, নিবেছং উপবিবিশ্তঃ। "ধিষ্যাং স্থানে গৃহে ভেহন্নো" ইত্যমরং ।> —৩।

তেষিতি। তেষু পাণ্ডবেষু তত্ত্রোপবিষ্টেষ্ দৎস্থ, পৃথিবীপতির্বিরাটঃ, দর্জণঃ দর্জাণি রাজকার্য্যানি কর্ত্ব্যু, সভামাজগাম ।৪।

প্রীত। অথ পৃথিবীপতির্মৎক্ষো বিবাট:, জলস্তং পাবকময়িমিব, পাওবং যুথিটিরম্, প্রীমন্তম্ অপবপাওবাপেক্ষয়া অধিককান্তিমন্তং দৃষ্টা, মুহূর্তমিব চ, ধ্যাত্মা কর্তব্যং বিচিন্ত্য, দরোষং দন্, মন্দদ্গণৈর্দেবগণৈ:, উপাদীনম্পাক্তমানম্, জিদশানামীশ্ববম্ ইন্দ্রমিবাবন্থিতম্, দেবরূপং কন্ধমন্ত্রীং ৪৫—৬।

করিয়া, রাজার যোগ্য অলঙ্কারে অলঙ্কৃত হইয়া, অলঙ্কৃত হস্তীর স্থায় শোভা পাইতে থাকিয়া, যুখিষ্ঠিবকে অগ্রবর্তী করিবা, বিরাটরাজার সভায় যাইয়া, বিভিন্ন বেদির উপরে পাঁচটা অগ্নিব স্থায় পাঁচখানি রাজাসনে উপবেশন করিলেন ॥১—৩॥

তাঁহারা সেই সকল আসনে উপবেশন করিলে, বিরাটরাজা সর্বপ্রকাব রাজকার্য্য করিবাব জন্ম সেই সভায় আগমন করিলেন ॥৪॥

তাহার পর বিরাটরাজা প্রজ্ঞলিত অগ্নির স্থায় যুধিষ্ঠিরকে অধিক কান্তিশালী দেখিয়া, কিয়ংকাল চিন্তা করিয়া, ক্রুদ্ধ হইয়া, দেবগণসেবিত দেবরাজের স্থায় দেবমূর্ত্তিতে অবস্থিত কঙ্ককে বলিলেন—॥৫—৬॥

⁽৩) -- ভূমিপালাসনে স্থেম্—প্র। (৫) শ্রীমতঃ পাগুবান্ দৃষ্টা জনতঃ পাবকানিব—বা ব রা ম, --- সমূষ্ট্মিব ধ্যাতা—প্র, -- মূষ্ট্মিব সংখ্যাতা—ভা। (৬) -- দেবরুপমিব স্থিতম্—প্র বা ব রা ম।

আহং লক্ষ্মীনিবাসন্ত্বং সভাস্তারো ময়া কৃতঃ।
আথ রাজাসনে কন্মাতুপবিফোহস্যলক্ষতঃ॥৭॥
বৈশম্পায়ন উবাচ।
পরিহাসেক্ষয়া বাক্যং বিরাটস্থ নিশম্য তৎ।
স্ময়মানোহর্জুনো রাজনিদং বচনমন্ত্রবীৎ॥৮॥
আর্জুন উবাচ। গ
ইস্তেস্থাপ্যাসনং রাজন্ময়মারোচু মইতি।
ব্রহ্মগাঃ শ্রুতবাংস্ত্যাগী ষক্ত্রনীলো দৃঢ়ব্রতঃ॥৯॥
এয় বিগ্রহবান ধর্ম এয় বীর্য্যবতাং বরঃ।

ভারতকোমুদী

এব বুদ্ধ্যাধিকো লোকে তপদাঞ্চ পরায়ণম্ ॥১০॥

আহমিতি। অহং লক্ষ্মীনিবাসঃ রাজনক্ষ্যা আশ্রয়ং বাজেত্যর্থং, স্বস্তু নরা সভাস্তাবং সভাঃ ক্ষতঃ। অথ স্বং বাজবদেবালকতঃ সন্, কন্মাদ্ধেতোং, রাজাসনে উপবিটোহসি। "সভাসদঃ সভাস্তারাং সভ্যাঃ সামাজিকাশ্চ তে" ইত্যামরং ॥ ।।

পরীতি। হে রাজন্। জনমেজয়। অর্জ্জ্নঃ বিরাটশু তথাক্যং নিশম্য, স্বাদান ঈব-জ্বান্, পরিহাসেজায়া পরিহাসকবণেচ্ছ্যা ইদং বচনমত্রবীং গ্রাচা

ইক্রন্থেতি। হে রাজন্। বিবাট। বন্ধণ্যো বেদহিতঃ, প্রতবান্ শাস্ত্রজ্ঞঃ, ত্যাগী দাতা, যক্ষণীলো দৃদ্রতক্ত অয়ং জনঃ, ইক্রন্থাপি আসনমাবোদু, মুহতি । ১।

ভারতভাবদীপঃ

তত ইতি ।১—২। ধিফ্যেরু আযতনেরু ।৩—৬। অক্ষাতিবাপ: অক্ষান্ অতিবণতীতি তথা দ্যুতকারী ।৭। পবিহাসেক্ষা সনিন্দোপাশ্রমপেক্য যদিবটিশ্ব বাক্যং তরিশম্য

"কন্ধ। আমি বাজা; আব তোমাকে আমিই সভাসদ্ কবিয়াছি। এ অবস্থায় তুমি রাজাব স্থায় অলঙ্কত হইয়া কেন রাজাসনে উপবেশন কবিযাছ ?" ॥৭॥

বৈশস্পায়ন বলিলেন—বাজা জনমেজয় ৷ অর্জুন বিবাটের সেই কথা শুনিয়া ঈষৎ হাস্ত কবিয়া পবিহাস কবিবাব ইচ্ছায় এই সকল কথা বলিতে লাগিলেন ॥৮॥

অর্জুন বলিলেন—"বাজা। বেদহিতকাবী, শান্ত্রজ্ঞ, দাতা, যজ্ঞপরাফা ও দূঢ়বতশালা এই ব্যক্তি ইন্দ্রেব আসনেও সাবোহণ কবিতে পাবেন ॥>॥

⁽१) त्र किनाक्तिवाशयम्—वा व, त्र किनाकार्रिवाशयम्—वा म। १ सहर १११३ ७। नार्षि। (১०) - श्रवाह्मशः—श्र छ।।

এষোহন্ত্রং বিবিধং বেক্তি ত্রৈলোক্যে সচরাচরে।
ন চৈবান্তঃ পুমান্ বেক্তি ন বেৎস্তুতি কদাচন ॥>>॥
ন দেবা নাস্থরাঃ কেচিন্ন মনুষ্মা ন রাক্ষসাঃ।
গন্ধর্বা যক্ষপ্রবরাঃ কিমরা ন মহোরগাঃ ॥>২॥
দীর্ঘদর্শী মহাতেজাঃ পৌরজ্ঞানপদপ্রিয়ঃ।
পাগুবানামতিরথো রাজা ধর্মপরো বন্দী ॥>৩॥
মহর্ষিকল্পো রাজ্যধিন্তিয়ু লোকেয়ু বিশ্রুতঃ।
বলবান্ ধৃতিমান্ সৌম্যঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
ধনশ্চ সঞ্চয়ৈশ্চৈব শক্রবৈশ্রবণোপ্রমঃ ॥>৪॥

ভারতকোমুদী

এষ ইতি। এষ জনঃ, বিগ্রহ্বান্ মৃর্তিমান্ ধর্মঃ, এষ বীর্য্যবতাং ববঃ, লোকে এষ বৃদ্ধা অধিকঃ সর্বশ্রেষ্ঠাঃ, তপসাং প্রায়ণং প্রমাশ্রয়শ্য ॥> •॥

এষ ইতি। সচন্নাচবে জ্রৈলোক্যে এষ এব বিবিধমন্তং বেতি; অন্তঃ পুমাংশ্চ ঈদৃশং নৈব বেত্তি, কদাচন ন বেৎশুতি চ ।>>।

নেতি। দেবা ন, অস্থ্রা ন, কেচিন্মহন্তা ন, রাক্ষ্পা ন, গদ্ধবা যক্ষপ্রবরাঃ কিন্নরা মহো-বগা মহানাগাশ্চ ন ঈদৃশং বিবিধমন্তং বিদন্তীতার্থঃ ॥১২॥

দীর্ঘেতি। এব দীর্ঘদর্শী পণ্ডিতঃ, মহাতেজাঃ, পৌরদানপদপ্রিবঃ, অতিরথঃ, ধর্মপরঃ, বশী বিজিতচিত্তশ্চ, পাণ্ডবানাং মধ্যে বাজা মুধিষ্টিরঃ ।১৩।

মহর্বীতি। এব ত্রিষু লোকেষু বিশ্রতো বিখ্যাতঃ, মহর্ষিকল্পো বাজর্বিঃ। তথা এব বলবান্, ধ্রতিমান্ ধৈর্যাবান্, সৌমাঃ কোমলঃ, সত্যবাদী, জিতেক্রিযো বশীক্বতজ্ঞানকর্মে-

ইনি মূর্ত্তিমান্ ধর্মা, ইনি বলবান্দিগের মধ্যে শ্রেষ্ঠ, ইনি বৃদ্ধিতে জগতের মধ্যে প্রধান এবং ইনি পরম তপস্বী ॥১০॥

সচরাচর ত্রিভূবনমধ্যে ইনিই নানাবিধ অস্ত্র জানেন; অস্ত কোন পুরুষই ইহার তুল্য অস্ত্র জানে না বা কখনও জানিবেও না ॥১১॥

দেবগণ, অস্থ্রগণ, মনুস্তাগণ, রাক্ষসগণ, গন্ধর্বগণ, যক্ষগণ, কিন্নরগণ এবং মহানাগগণও ইহার তুল্য নানাবিধ অস্ত্র জানেন না ॥১২॥

ইনি পণ্ডিত, মহাতেজা, পুরবাসী ও দেশবাসীদিগের প্রিয়, অতিরথ, ধর্ম-পরায়ণ ও বিজিতচিত্ত পাণ্ডবগণের মধ্যে রাজা ॥১৪॥

⁽১১) এবোহন্তবিদান্ সংগ্রামে—প্র, এবোহন্তবোদ্ধা সংগ্রামে—ভা। (১২) গদ্ধর্বযক্ষপ্রবরাঃ সকিন্নরমহোরগাঃ—বা ব রা ম, …গদ্ধর্বযক্ষপ্রবরাঃ—ভা। (১৬) … যজ্ঞধর্মপ্রবা
বনী—বা ব রা ম, … যদ্ধা ধর্মপরো বনী—ভা। (১৪) … সত্যবাদী যতে ক্রিয়ঃ—ভা।
ফৃতীয়ার্বং ভা নান্তি।

যথা মনুর্মহাতেজা লোকানাং পরিরক্ষিতা।
এবমের মহাতেজাঃ প্রজানুগ্রহকারকঃ ॥>৫॥
অযং কুরূণামূষভঃ কুন্তীপুত্রো যুধিন্ঠিরঃ।
অস্ত্য লোকে স্থিতা কীর্ত্তিঃ সূর্য্যস্তেব দিবা প্রভা ॥>৬॥
সংসরন্তি দিশঃ সর্ব্বা যশসোহস্ত গভস্তয়ঃ।
উদিতস্থেব সূর্য্যস্ত তেজসোহনু গভস্তয়ঃ॥>৭॥
এবং দশ সহলাণি কুঞ্জরাণাং তরন্থিনাম্।
অস্তয়ঃ পৃষ্ঠতো রাজন্। যাবদধ্যাবসৎ কুরূন্॥>৮॥

ভারতকৌমুদী

জিয়া। কিঞ্চ এব ধনৈং, দ্ধয়ৈগুণসমূহৈক, শক্তবিশ্বেণোপম ইক্তব্বেরত্লাঃ। বটুপাদো-হয়ং শ্লোকঃ ।>৪।

যথেতি। মহাতেজা মহুর্যথা লোকানাং পরিরন্ধিতা, এবং তথা এব মহাতেজা অপি শুজান্তগ্রহকারকঃ অহুগ্রহেণ লোকানাং পরিবন্ধিতেতার্থ: ।১৫।

অ্যামতি। অয়ং বুরণাম্ ঝম্ভ: শ্রেষ্ঠ: কুষ্টীপুরো মুধিষ্টিব:। তথা দিবা দিবসে স্ব্যুক্ত প্রভা ইব অতা মুধিষ্টিবতা কীর্তির্লোকে ছিতা ॥১৬॥

সমিতি। উদিতত পূর্যাতা তেমন:, মহু ৭শ্চাৎ গভন্তয়ঃ কিরণা ইব, অভাযশনশন্ত-তুলাত্তেতার্থ: গভন্তয়ং, নর্কা দিশ:, সংসরস্থি গছস্থি।১৭

এনমিতি। তে রাজন্। অয়ং যাবৎ বুবন্ বুরুদেশমধ্যাবসৎ, তাবৎ তবছিনাং বল-বভাং কুরবাণাং দশ সহস্রাণি, পৃঠত এনময়্র্গতবস্তঃ ॥১৮॥

ইনি ত্রিভ্বন-বিখ্যাত মহর্ষিত্ল্য বার্জ্বি, বলবান্, ধৈর্যাশীল, কোমলস্বভাব, সত্যবাদী ও জিতেন্দ্রিয়; আব ইনি ধনে ও গুণসমূহে ইন্দ্র ও কুবেবেব তুল্য ॥১৪॥

মহাতেজা ময়ু বেমন অন্তগ্রহপূর্বক লোকবক্ষা করেন, এই মহাতেজাও তেমনই অনুগ্রহপূর্বক লোকবক্ষা করিয়া থাকেন ॥১৫॥

ইনি কৌরবভোষ্ঠ কুন্তীনন্দন যুধিষ্টির। ইহাব কীর্তি, দিনেব বেলায় সূর্য্যের আলোকেব স্থায় জগৎ ব্যাপিয়া রহিয়াছে ॥১৬॥

উদিত স্থা্রের কিবণের স্থায় ইহার যশেব কিরণও সকল দিকেই প্রস্ত হইতেছে ॥১৭॥

বান্ধা। ইনি যে পর্যান্ত বুকদেশে অবস্থান কবিয়াছেন, সে পর্যান্ত বলবান্ দশসহস্র হন্তী ইহাব পিছনে গমন কবিত ॥১৮॥

^{(&}gt;६)--- व्यकास्थर्क्त्रदः--थ। (>१) मक्ष्वयि मिनः मसी--छ।

ত্রিংশদেনং সহলাণি রথাঃ কাঞ্চনমালিনঃ।
সদব্যৈরুপসম্পন্নাঃ পৃষ্ঠতোহসুযয়ঃ সদা ॥১৯॥
এনমন্টশতাঃ সূতাঃ স্থম্মন্টমণিকুগুলাঃ।
অস্তবন্ মাগবাঃ সার্দ্ধং পুরা শক্রমিবর্ষয়ঃ॥২০॥
ইমং নিত্যমুপাতিষ্ঠন্ কুরবঃ কিন্ধরা যথা।
সর্বের চ রাজন্! রাজানো ধনেশ্বরমিবামরাঃ॥২১॥
এষ সর্বান্ মহীপালান্ কর্মাহারয়ত্তদা।
বৈশ্যানিব মহারাজো বিবশান্ স্ববশানপি॥২২॥
অন্টাশীতিসহলাণি স্নাতকানাং মহাত্মনাম্।
উপজীবন্তি রাজানমেনং স্থচরিতত্ত্রতম্॥২৩॥

ভারতকৌমুদী

জিংশদিতি। কাঞ্চনমালিনঃ স্বৰ্ণমালাভূষিতাঃ, সদ্ধৈরুপসম্পন্না যুক্তাক, তিংশৎ সহস্রাণি রুথাঃ, সদৈব পৃষ্ঠত এনমন্ত্যযুঃ ॥>৯।

এনমিতি। স্বয়ন্তানি স্বষ্ট মার্জনেন উজ্জ্বীরুতানি মণিকুণ্ডলানি যেবাং তে, স্বষ্টশতাঃ স্থাঃ স্থাতিপাঠকাঃ, মাগধৈরপরবিধৈঃ স্থাতিপাঠকৈঃ নার্জন, শক্তমিশ্রম্, খবয় ইব, পুবা এনং ধিটিরমস্থবন ৪২০।

ইমমিতি। হে রাজন্। বিস্করা যথা, তথা কুরবঃ দর্বে রাজানন্চ, অমরা ধনেশবং কুবেরমিব, নিত্যমেব, ইমং যুধিষ্টিরম, উপাতিষ্ঠিন্ উপাসত ৪২১৪

এব ইতি। এব মহারাজ্য, বিবশান্ আত্মনোহনধীনান্, ববশান্, স্বায়ত্তানপি চ, সর্বানেব মহীপালান্, বৈচ্যানিব, তদা কুরুরাজ্যবাসকালে, কবম্, আহার্যৎ আদাপয়ৎ ॥২২।

স্বর্ণমালাশোভিত এবং উৎকৃষ্ট ঘোটকযুক্ত ত্রিংশৎ সহস্র বথ সর্ব্বদাই ইহার পিছনে যাইত ॥১৯॥

ঋষিরা যেমন ইন্দ্রের স্তব করেন, সেইরাপ উচ্চল মণিকুগুলধারী অষ্ট্রশত স্তুতিপাঠক অন্তবিধ স্তুতিপাঠকদের সহিত মিলিত ইইয়া পূর্বের ইহার স্তব করিত॥২০॥

রাজা ! দেবগণ যেমন কুবেরের উপাসনা কবেন, সেইরূপ ভ্ত্যের স্থায় কৌরবেরা ও রাজারা সকলে সর্ববদাই ইহার উপাসনা করিতেন ॥২১॥

বৈশ্যগণেবই তুল্য অনধীন ও অধীন সমস্ত রাজার নিকট হইতেই এই মহারাজ কর্মচাবিগণদারা কর আদায় করাইতেন ॥২২॥

⁽২০) -- অক্রবন্ মাগধৈঃ সার্দ্ধন্—বা ব বা ম। (২১) এনং নিত্যমূপাসন্ত—বা ব বা ম। (২২) -- করদান্ সমকারমৎ। বৈশ্বানিব মহাভাগঃ—বা ব রা ম, -- বৈশ্বানিব মহারাজ।—ভা।

এষ বৃদ্ধাননাথাংশ্চ ব্যঙ্গান্ পঙ্গৃংশ্চ মানবান্।
পুত্ৰবং পালয়ামাস প্ৰজাধৰ্মেণ বীৰ্য্যবান্ ॥২৪॥
এষ ধৰ্ম্মে দমে চৈব ক্ৰোধে চাপি যতঃ সদা।
মহাপ্ৰসাদো ব্ৰহ্মণ্যঃ সত্যবাদী চ পাৰ্থিবঃ ॥২৫॥
শ্ৰীপ্ৰতাপেন চৈবাস্থ তপ্যতে স হ্নযোধনঃ।
সগণঃ সহ কৰ্নেন সৌবলেয়েন বা বিভো! ॥২৬॥

ভাবতকৌমুদী

অষ্টেতি। মহাত্মনাং শ্বাতকানাং গৃহস্থানাম্ অষ্টাশীতিসহম্রাণি, এনং স্কচবিতব্রতং বাজানম্, উপজীবস্তি শ্ব। "প্রাতকা গৃহমেধিনং" ইত্যমরঃ ।২৩।

